ZOYA SHURAR KATHA

Bengali Translation of The Story of Zoya and Shura By L. Kosmodemyanskaya

व्यक्तान: त्यकानि नमी

প্রথম প্রকাশ: সেপ্টেম্বর ১৯৫৪

প্রকাশক:
বিজ্ঞা রার
বিপাল্ন বুক সোনাইটি
১২, বহিম চ্যাটার্জি ট্রিট্
কলকাতা-৭০০ ০৭৩

মুজক: জীয়ামগোণাল মাইভি ১৭লি পঞ্চানন ঘোব লেল কলকাডা-৭০০ ০০৯

প্ৰচছদ—গৌডন ৰঞ্

প্রকাশকের কথা

৬০-এর দশকে 'বিপ্লবের গানে'র ওয়াং হাই ও ৫০-এর দশকে 'হিরোলিমার মেরে'র সুমিকোরই চল্লিশের দশকের পূর্বসূরী জয়া শুরা। দেশ আলাদা, কালও সামান্য আলাদা। অথচ মানুষের মধ্যে যা কিছু শ্রেষ্ঠ ও সুন্দর তার সবট্ কু নিরে বড় হয়ে ওঠার মহৎ কাহিনী হিসেবে এ উপন্যাস-দ্রনীর মধ্যে কী অপূর্ব এক সাধারণ সূত্র খুজে পাওয়া যায়! হয় তে৷ আজকের বুগটাই খানিক পালটে গেছে। তাই আজকের সাহিত্যে এধরণের প্রেরণাদায়ী চরিত্র দেখতে পাই না। সেই জন্য হারানো রতনই খুজে নিতে হয়। আলির দশকের এই দমবদ্ধকরা আবহাওয়ায় 'জয়া শুরার কথা' হয়তো দক্ষিণের দরজা খানিকটা খুলে দেবে এই আশা নিরেই বইটি তিরিশ বছর পরে প্রনঃ-প্রকাশ করছি। মানুষের মনের উপর শিশপ সাহিত্যের প্রভাব অনিবার্য। সুন্দ্র সংস্কৃতির চচণ প্রতিকৃত্য পার্রবেশও বিপরীত স্থাতর প্রভাবই ফেলবে। এটি বদি আজকের কিশোরকিশোরী বুবক্ষুবতীদের মনকে কিছুটাও নাড়া দিয়ে যায় তবেই এই প্রকাশনাকে সার্থক মনে করবো।

সেই সঙ্গে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি প্ররাতা অনুবাদিকার স্বামী প্রীযুদ্ধ অথিক নন্দী মহাশয়কে, যার অনুমতি ও উৎসাহ ব্যতিরেকে এই গ্রন্থ প্রকাশ সম্ভব হতো না।

ভুষিকা

"জন্মা শ্রুরার কথা" বিশ্ব সাহিত্যের এক স্মরণীয় ক্ল্যাসিক। একাধারে জীবনী, ইতিহাসের এক ট্কুরো, আর উপন্যাসের মত স্থপাঠ্য। যেন সহজ্ঞ, সরল ভাষায় ঘরের কথা বলা হয়েছে।

জয়া কসমোদেমিয়ান কায়া ও শ্রা কসমোদেমিয়ান কি দ্ই সোভিরেট তর্প তর্ণী। ভাই বোন। বিতীয় মহায্তের আরো কোটি কোটি র্শ নাগরিকের মত তারা প্রাণ হারায়। জয়া গেরিলা বাহিনীতে যোগ দিয়ে জার্মান হানাদারদের বির্ত্থে লড়াই করেছিল। জার্মানরা তাকে বন্দী করে, প্রচুর নির্যাতনের পর ফাঁসি দেয়। শ্রা সাঁজোয়া বাহিনীতে যোগ দিয়ে নিহত হয় জার্মান মাটিতে। তাদের বিধবা মা লিউবোভ কসমোদেময়ান কায়া লিখেছেন তার ছেলে-মেয়ের সংক্ষিপ্ত জীবনের মর্মান্সপাশী বিবরণ।

রাশিরার দিতীর মহাযুদ্ধ ছিল প্রকৃত অথে জনযুদ্ধ। কেবল সংগঠিত সেনা-বাহিনী নর, অসংখ্য সাধারণ মানুষ, গেরিলা, দেবচছাযোদ্ধা প্রতিরোধে সক্রির অংশগ্রহণ করেছিল। তাদের মধ্যে অনেকে জাবিত অবস্হার বা মৃত্যুর পর কিংবলন্তাতে পরিগত হরেছিল। সারা দেশ তাদের প্রায় দেবতার আসনে বসিরেছিল। জরা তাদের মধ্যে একজন। রাশিরা বিশেষজ্ঞ মার্কিন লেখক ও সাংবাদিক Maurice Hindus যুদ্ধকালীন রুশ দেশ নিয়ে লিখেছেন তার বিখ্যাত বই Mother Russia। তাতে জরা সন্বন্ধে এক গোটা পরিভেন্ন আছে। লেখকের ভাষার, "এই মেয়েটিকে নিয়ে অসংখ্য বই লেখা হবে—জাবনী, উপন্যাস, নাটক, কবিতা। এর মধ্যেই চিত্রকরেরা তার ছবি আকছে যাদ্বেরে সাজিরে রাখবার জন্য। রাশিরার এক প্রধান নাট্যকার কনন্তান্তিন সিমোনজ—তাকে নিয়ে নাটক লিখছেন। সঙ্গীত রচিয়তা কোভালেভাচ্ক তাকে নিয়ে তৈরী করছেন অপেরা। ভাষ্ণকর জেলিনান্দক ও লেবেদেভা তার ম্বির্টে বানাতে বাঙ্গত। রাশিরার হলিউড আলমা আটার এক প্রধান পরিচালক জয়ার বিষয়ে এক চলচ্চিত্র করবেন। এ ত' কেবল স্বেন্। যুগো ব্লেক ও শিলপীরা তাকে দেবে প্রশাধ্রাল।"

ব্যুতে অস্থাবিধা হয় না, জয়া পরিণত হয়েছিল ম্ভিষ্ণের এক প্রতীকে। অন্য অনেক প্রতীকের মত, তবে অনুন্যতায় উচ্চল।

শ্রীমতী কসমোণেমিরানস্কারা জরার আঠারো বছরের জীবনের অনেক
খ্রিনাটি বর্ণনা দিরেছেন। জরা খ্র ছোট বেলা থেকে দ্রুচরির ও দারিছ-বোধের পরিচর দিরেছিল। সে ভোর চারটে পর্যন্ত জেগে অত্ক কষত, তব্ কারোর সাহাযা নিত না। একবার রসায়নের পরীক্ষার নিজের প্রাণ্য নন্বরের চেরে বেলি পেরে সে খ্রিল হওরার বদলে অখ্রিণ হরেছিল। কন্সোমলের (তর্ণ কম্যনিশ্ট সংগঠন) সে ছিল এক সক্তির ও উৎসাহী সদস্যা। বন্দ্রক ছে'ড়ো শেখা থেকে নিরক্ষরতা দ্রে করার অভিযান, সব কিছুতে জয়া এগিয়ে আসত। তার প্রিয় কনসার্টের প্রলোভন অবহেলা করে অন্যদের পড়াতে যেত।

শ্রীমতী কসমোদেমিরানশ্বারার ভাষার, "জরা আর শ্রা দেশের উল্লভির সঙ্গে সঙ্গে বড় হয়েছে—শৃংধ্ দশ্কের মত এরা চেয়ে থাকে নি, প্রত্যেকটি কাজে নিজেরাও যোগ দিয়েছে।" তারা ছিল বিশ্লবোত্তর রাশিয়ার প্রথম প্রজ্ঞানেমির প্রতিনিধি। বিশের দশকে অতি দ্রুত শিল্পায়ন, দেশের আম্ল পরিবর্তন, প্রথম পরিকলিপত অর্থনীতির বিকাশ, জাতীয় ও আশ্তর্জাতিক ঘটনা, য়েমন স্পেনের গ্রহ্মুশ্থ—এ সবেরই মধ্যে তারা বড় হয়েছিল, তাদের চেতনা গড়ে উঠেছিল। সোভিয়েত ইতিহাসের এই পর্বে কিছ্বু নেতিবাচক দিকও যে ছিল না, তা নয়, হয়ত' প্রাক্-বিশ্লব প্রজশ্মকে, এমন কি অনেক প্রান্তন বিশ্লবীদের তা কিছ্বুটা হতাশ ও বিক্ষ্বুশ্ব করেছিল। কিশ্তু নবীনদের কোনো মালিন্য স্পর্শ করে নি। Hindus-এর ভাষায়,

" ের্শ তর্ণ তর্ণীরা জয়া কসমোদেমিয়ানস্কায়া েও অন্যান্য বীরদের প্রজন্ম। এরা জার বা সোভিয়েত আমলের অন্যান্য র্শ প্রজন্মের মত নয়। এরা ইতিহাস গড়ছে, কেবল নিজেদের জন্য নয়, রাশিয়ার জন্য। তারা উৎসাহী, সংগ্রামী, জীবন-প্রেমিক, জীবনযান্তার মান খ্ব উ চ্ব না হলেও, তারা নানা ভাবে স্বাধী হতে জানে। য্দের সময় তারা ফ্রেণ্ট যাওয়ার জন্য বাস্ত হয়ে পড়ল। হাজার হাজার ছেলেমেয়ে বিভিন্ন কাজ নিয়ে গেলেও, আয়ো হাজার হাজার যোগ দিল গোরলা বাহিনীতে। যারা পিছনে পড়ে রইল, তারা যাত্ত হল উৎপাদনের সঞ্গে।"

আরো এক শক্তি কিশোরী জরাকে বিশেষভাবে প্রভাবিত করেছিল। খ্ব ছোটবেলা থেকে সে প্রচন্থর বই পড়তে ভালবাসত। স্বদেশের সংস্কৃতি ও ঐতিহা ছিল তার বিশেষ প্রির। রুশ ক্যাসিকাল সাহিত্য, ইতিহাস ও কিংবদস্তীর সন্পরিচিত ম্তিগ্রিল ছিল জরার জীবনের সংশ্য ওতপ্রোতভাবে জড়িত। কেবল তার কল্পলোকের মান্য নয়, জীবনের আদর্শ। জরার মা তার কন্যার এই প্রবণতার অসংখ্য উদাহরণ দিরেছেন। যেমন, গেরিলা বাহিনীতে যোগ দেবার পর জরা তানিয়া ছম্মনামে নিজের পরিচর দিত। তানিয়া সালো-মাখা ছিল অক্টোবর বিশ্ববের এক সংগ্রামী নারিকা। ছেলেবেলার জরা তার জীবনী পড়ে মোহিত হয়েছিল। তাছাড়া বিখ্যাত রুশ কবি প্রশক্তিনের "ইউজিন অনেজিন" কাব্যের নারিকার নামও ছিল তানিয়া। কল্পনা ও বাস্তবের এই দ্বই তানিয়া জয়াকে প্রেরণা জনুগিরেছিল। কেবল নিজের দেশের নয়, বিদেশী সাহিত্যেও জরা ছিল পারদার্শনী। তার আঠারো বছরের জীবনের দীর্ঘ ও বিচিত্র পাঠ্যতালিকা ছিল সতি্যই বিস্মরকর। শ্রীমতী কস্মোদেমিয়ানস্কায়ার মতে, "তালের মনে নিজের দেশের প্রতি এক তাঁব, জলন্ত ভালবাসার বিকাশের সংগে সংগে অন্য লোকের প্রতি শ্রন্থা, প্রথিবীর অন্য সব জাতির বেখানে যা কিছ্ স্বন্দর, যা কিছ্ ভাল তার প্রতিও ওদের জাগ্রত সম্মানবোধের বিকাশ হচ্ছে।"

তা বলে জয়া শ্রা নীতিপ্সতকের আদশ বালক বালিকা ছিল না। তাদের ছোটথাটো দ্ভৌ্মি, সথ-সাধ, আশা-আকাত্দা তাদের মায়ের কলমের মাধ্যমে ফ্টে উঠেছে। বিশেষত শ্রা ছিল বেশ দ্রুত ও চণ্ডল। জয়া অনেক সময় তাকে দিদির মত শাসন করত। বইয়ের এই অংশ পাঠককে নির্মাল কোত্রক দেবে।

জন্না শ্রোর ইন্ছা ছিল জীবনে, কাজে, দেশগঠনে অংশ নেওরা। তা হল না। সাহিত্য প্রেমিকা জন্না চেন্নেছিল লেখিকা, হরত বা সমালোচক হতে। শ্রোর আশা ছিল এজিনিয়ার হবার। প্রেবিয়স্ক হরে ওঠার আগেই তারা ঝরে পড়ল। তাদের মার মন্তব্য,

"আর কথনও আমার সন্তানরা নীল আকাশ দেখনে না। আর তারা বসন্তের ফ্লেকে অভিনন্দন জানাবে না। তারা অন্য ছেলেমেরের জন্য জীবন দিয়েছে, যারা এই বহু প্রতীক্ষিত মূহুত টিতে বিজ্ঞরোৎসব করছে।" বইরের শেষ কিল্ডু হতাশাব্যঞ্জক নর। শ্রীমতী কসমোদেমিরানুস্কারা শেষ পাতার প্যারিসে ১৯৪৯ সালে এক শান্তি সন্মেলনে অংশ গ্রহণ করার কথা লিখেছেন। যুন্ধ যাদের স্বচেরে ক্ষতি করেছে তারাই শান্তি আন্দোলনে প্রথম সারিতে। এ দিক দিয়ে "জরা শ্রুরার কথা" "হিরোশিমার মেরের" সাথে ত্রুলনীর।

শ্বিতীয় বিশ্বয় শেষর সব কিছাই কি রাশিয়ার পক্ষে ইতিবাচক ও কল্যাণকর ছিল ? এখানে অবশ্যই মতাদর্শ ও সংগঠনের প্রশ্ন উঠছে, বাস্তব ক্ষমক্ষতির কথা নয়। অভিজ্ঞতার আলোয় বলা যেতে পারে, সমস্ত বীরত্ব ও আত্মত্যাগ সত্ত্বেও যুন্থ সোভিয়েত সমাজ ও চিম্তাধারায় অনেক বেনো জল ঢাকিয়েছিল। রাষ্ট্র, সেনাফাহিনী ও সামারক উৎপাদনের উপর অত্যাধিক গ্রেছ্বদান সমাজতাশ্বিক রাজনীত ও অর্থনীতি থেকে দেশকে দ্রে সারিয়ে নিরেছিল। অনেক প্রাচীন ধ্যান-ধারণা, যেমন প্যান-লাভবাদ, সেনা বাহিনীতে জ্বার আমলের প্রতীক ব্যবহার, গোঁড়া জাতীয়তাবাদ মাথা চাড়া দিয়ে উঠেছিল। রুশ ইতিহাসের অনেক বীরকে গৌরবের আসনে বসানো হয়েছিল, তাদের সামাজিক ভ্রিকার বিশ্লেণ ছাড়াই।

কিন্ত জন্ম শারা কেবল মাজিয়দেশর মহান ও শাভ দিকের প্রতীক। আলোর অগ্রন্ত। আজ প্রথিবী আবার তীবা সংকট ও সম্ভাব্য তৃতীর বিশ্ব-যামের সম্মান। আমরা কি অতীতের আলো ও অস্কার, দানদিক থেকেই প্রয়োজনীয় শিকা গ্রহণ করব না?



জার্মান ঘাতকেরা জয়াকে ফাঁসার মঞ্চে নিয়ে যাচ্ছে। সেই পাঁচটি আলোকচিত্রের একটি যেগুলি রুশসৈন্টের গুলিতে নিহত এক জার্মান হানাদারের পকেটে পাওয়া গিয়েছিল।



জয়া ও শুরা

মুখবন্ধ

এপ্রিল ১৯৪৯। প্যারিসের প্রকাণ্ড প্লেয়েল হলবর। শান্তি সংরক্ষকদের কংগ্রেস অনুষ্ঠিত হচ্ছে। সমস্ত দেশের পতাকা দিয়ে মণ্ড আচ্ছাদিত। প্রত্যেক পতাকার পেছনে রয়েছে দেশ ও জাতিসমূহ, মানুষের আশাভরসা ও ভাগ্য।

আমাদের দেশের লাল পতাকাও রয়েছে—কমিউনিজমের দিকে এগিরে চলেছে আমাদের দেশ। হাতুড়ি কান্তে অ'কা,—শান্তিপূর্ণ প্রমের প্রতীক এ চিহ্ন,—বারা খাটে, গড়ে, সৃষ্টি করে তাদেরই স্থায়ী ঐকোর চিহ্ন। কতো অসংখ্য চোখ আজ তাকিয়ে আছে সোভিয়েত ইউনিয়নের দিকে, কতো অসংখ্য হদয় আজ একান্ত আস্থানিয়ে উন্মৃত্ব হয়ে আছে সোভিয়েত ইউনিয়নের দিকে—মেহনতী দুনিয়ায় আশা ও ভরসার স্থল এই সোভিয়েত ইউনিয়ন।

কংগ্রেসের অন্যান্য সভাদের অনিব'ণি ভালবাসার পরিচয় আমরা, সোভিয়েতের প্রতিনিধিদল, সব সমরই অনুভব করেছি। কতাে আন্তরিকতা নিয়ে, কতে। আনন্দ নিয়েই না তণরা সাক্ষাং করেছেন আমাদের সঙ্গে, স্বাগত জানিয়েছেন আমাদের ঃ প্রত্যেকটি দৃষ্টি, প্রত্যেকটি করমর্দন বেন মুখর হয়ে উঠেছে এই বলেঃ ''তােমাদের আমরা বিশ্বাস করি। তােমাদের ওপর আমরা ভরসা রাথছি। তােমরা যা করেছ তা আমরা কখনাে ভূলব না।"

দুনিরাটা কী বিরাট! এই প্রকাণ্ড হলবরটায় বসে যথন তাকিরে দেখি অসংখ্য শেবত, পীত, বাদামী রঙের মুখ, যথন দেখি দুদ্ধ-ধবল থেকে শুরু করে নিকষ-কালো সমঙ্গত রকম মুখই জড়ো হরেছে এখানে, তখন আর কিছুতেই মা ভেবে পারা যায় না যে দুনিরাটা কতো বড়ো। পৃথিবীর প্রত্যেকটি কোণ থেকে দু হাজার নরনারী সমবেত হরেছেন এখানে শান্তির সপক্ষে কথা বলবার জন্য, গণতম্ব ও সুথের স্বপক্ষে কথা বলবার জন্য।

হলখরের চারিদিকে তাকিয়ে দেখি। অনেক নারীও আছেন। ঐকান্তিক মনোযোগে উজ্জল হয়ে উঠেছে তাঁদের মুখ। অবাক হবার তো কিছু নেই,—শান্তির আহ্বান এসেছে আছা পৃথিবীর প্রতিটি কোণ থেকে আর এই আহ্বানের মধ্যেই নিহিত আছে প্রতিটি বধু, প্রতিটি মায়ের আশান্তরসা।

ফ্যাশিজমকে পরাশ্ত করবার জন্য জীবন বলি দেবার কতে। কাহিনীই না শুনেছি; অন্ধকারের ওপর আলোর জরে, হীনতার ওপর মহন্তের জরে, অমানুষি-কতার ওপর মনুষ্টের জরে বিগত যুদ্ধের সফল পরিণতি ঘটুক এই কামনা করে কতে। প্রাণ বিসর্জনের কাহিনীই না শুনেছি!

আমাদের সন্তানদের এই রঙ্গাত বৃথা হতে পারে না। আমাদের সন্তানদের

রস্ক, আর আমাদের বিধবা-অনাথ-মারেদের চোথের জলের মূল্য দিয়ে যে শান্তি আমরা অর্জন করেছি তা কখনো অন্যায়ের ঘৃণ্য শক্তি দ্বারা ধ্বংসূহতে পারে না।

আমাদের প্রতিনিধি, সোভিয়েত ইউনিয়নের বীর আলেক্সি মারেসিয়েভ, মঞ্চের দিকে এগিয়ে যাচ্ছেন। বিপুল হর্ষধানি অভিনন্দিত করছে তাকে। সমবেত সকলের কাছেই আজ আলেক্সি মারেসিয়েভ সোভিয়েত জনগণের জীবন্ত প্রতিম্তি, ভাদের সাহস ও সংকম্প, নিঃস্বার্থ শোর্য ও সহনশীলতার প্রতাক। সবাই আজ অনুভব করছে যে তার বীরম্বের কাজ নোভিয়েত জনগণেরই মহৎ গুণের প্রকাশমান, যে সোভিয়েত জনগণ একদিন পৃথিবী ও সভ্যতাকে ফ্যাশিস্ট বর্বরতার হাত থেকে বাঁচিয়েছিল।

আলেক্সি মারেসিরেডের গলা গম্গম্ করে উঠছে হলঘরটার মধ্যে : ''আমাদের প্রত্যেকেরই উচিত নিজেকে প্রশ্ন করা—'শান্তির স্বপক্ষে আমি কী করছি ?' আজকের দিনে শান্তির জন্য সংগ্রামের চেয়ে মহত্তর, সন্মানজনক, ও বিরাট কাজ আর কিছুই নেই। প্রত্যেকের কর্তব্য এই কাজ সম্পাদন করা।"

ওঁর কথা শুনে আমি নিজেকে প্রশ্ন করিঃ শান্তির জন্য আমি আজ কী করতে পারি? জবাবও পাই আমার মনের থেকেইঃ হাঁ।, আমিও আমার যথাযোগ্য অংশ নিতে পারি। আমি আমার ছেলেনেয়েদের কাহিনী শোনাব। হাঁ।, আমার সন্তানরা তো জন্মেছিল সুথ, আনন্দ আর শান্তিপূর্ণ শ্রমের জন্যই, ওরা তো ফ্যাশিজনের বিরুদ্ধে লড়তে গিয়েই প্রাণ দিয়েছিল, জনগণের স্বাধীনতা, মুক্তি আর সুথের জন্যই জীবন দিয়েছিল ওরা। হাঁ। আমি ওদের কথাই বলব...

আম্পেন ৰন

তামবোভ্ অণ্ডলের উত্তরে একটা গ্রাম, তার নাম "ওসিনোভিয়েগায়"—্বে কথাটার মানে হল আস্পেন বন। বুড়োবুড়ীরা বলে, অনেক অনেক আনে নাকি ওখানে গভীর জঙ্গল ছিল। কিন্তু আমাদের ছোটবেলায় দেখেছি চারিদিকে মাইলের পর মাইল ধরে বনের চিহ্নমাত্র ছিল না। তার বদলে বতদূর চোখ যায়, খালি রাই, যব আর জনারের থেত। গাঁরের পাশের জমিটা নালায় ফালি ফালি হয়ে ছিল। প্রত্যেক বছর নালাগুলো চওড়ায় বড়ো হত এবং সংখ্যায়ও বেড়ে যেত, আর মনে হত গাঁয়ের সীমানার বাড়ীগুলি যেন নালার উ'চুনীচু খাড়া পাড় বেয়ে এখনই পড়ে যাবে নীচে। শীতকালে সক্ষ্যাবেলা বাড়ী থেকে বের হতে ভয় করত আমার, সবক্ছ জমাট ঠাণ্ডা আর চুপচাপ; চারদিকে কেবল তুষার আর তুষার; অনেকদ্রে নেকড়ের ভাক, সত্তিও হতে পারে অথবা মনের ভুল।

কিন্তু বসন্তকালে কী আশ্চর্যভাবেই না গ্রামের চেহারা বদলে যেত। ফুলভরা মাঠগুলো কোমল, ঝলমলে, সবুজে মোড়া; চারিদিকে টকটকে লাল নীল সোনালী ফুল ঝকমক করছে, দু'হাত ভবে যতো খুশি ডেইজী, কর্মজাওয়ার, আর ব্লুবেল বাড়ী নিয়ে আসা যার।

আমাদের প্রামটা ছিল বেশ বড়, হাজার পাঁচেকের মত বাসিন্দ। ছিল তাতে। একফালি জমি থেকে তো আর গরীব চাষী পরিবারের খাওয়া চলে না, তাই প্রায় প্রত্যেক বাড়ী থেকেই কেউ না কেউ উপায়ের চেন্টায় চলে যেত বিদেশে, তামবোজ্, পেন্সা কিংবা মস্ক্ষোতে।

আমি জন্মেছিলাম বেশ বড় এক সহদ র পরিবারে। আমার বাবা তিমোফি সেমিওনোভিচ্ চুরিকভ ছিলেন একজন গ্রাম্য কেরানী। তেমন কিছু বাঁধাধরা লেখা-. পড়া তাঁর হয়নি, কিন্তু তাঁর লেখার হাত ছিল, আর পড়াশোনাও ছিল বেশ। বই ভালবাসতেন তিনি, যে-সব বই তিনি পড়েছিলেন তার থেকে উদাহরণ দিতেন সর্বদাই কোন কিছুর আলোচনায়। তিনি বলতেন, "তবে আমি একখানা বই পড়েছিলাম যাতে গ্রহনক্ষরদের বিষয়ে অন্য ধরনে আলোচনা করা হয়েছে।"

তিনবছর প্রামের স্কুলে যাবার পর ১৯১০ সালের হেমন্তকালে বাবা আমাকে নিরে গেলেন ছোট্ট কিরসানভ শহরের মেরেদের হাইন্কুলে। তারপর যদিও চল্লিশ বছর কেটে গিয়েছে তবু আমার এত পরিক্লার মনে আছে যে মনে হয় কালই এগুলো ঘটেছিল।

অবাক হয়ে চেরে রইলাম দোতলা বাড়ীটার দিকে। আমাদের দেশের আস্পেন বনের সংগে এর কোথাও মিল নেই। বাবার হাতথানা কেশ শক্ত করে চেপে ধরে এগিরে গেলাম হলঘরে, তারপর কেমন বেন হতবুদ্ধি হয়ে থেমে গেলাম। সব কিছুই এত অন্ধৃত আর অপরিচিত লাগছিল। বিরাট দরজা, পাথরের মেঝে, চওড়া লোহার রেলিং-দেওরা সি'ড়ি। অনেক মেয়ে তাদের মা-বাবার সংগে পড়তে এসেছিল, ভাদের জনাই আমি সবচেরে বেশী হতভার হয়েছিলাম, চারদিকের বকমকে সাজানো

ভাব দেখেও আমি এত খাবড়ে যাইনি। কিরসানভ হল মফদব্লের ব্যবসাদারদের শহর, কাজেই আমার মত কৃষক-পরিবারের আর কোন ছেলে-মেয়েই হরত পরীক্ষা দিতে আসেনি। একটি মেয়ের কথা বেশ মনে আছে। সত্যিকারের ব্যবসাদারের মেয়ের মতই দেখতে, গোলগাল, লাল টুকটুকে, বেণীতে গাঢ় লাল রঙ-এর সিজ্জের ফিতে ব'াধা, আমার দিকে কেমন তাচ্ছিল্য করে তাকাল, একবার ঠোট উল্টিয়ে চলে গেল। আমি বাবাকে আরও জােরে চেপে ধরলাম, তিনি আমার মাথায় হাত বুলিয়ে বললেন, ''লজ্জা করিসনি মা, সব ঠিক হয়ে যাবে।''

আমরা সি'ড়ি দিয়ে উপরে উঠে যেতে আমাদের ওর। সবাই ডেকে নিয়ে গেক একটা বড় ঘরে, সেখানে একটা টেবিকের পিছনে তিনজন পরীক্ষক বসেছিলে। আমার মনে পড়ছে, আমি সব প্রশ্নের জবাব দিয়েছিলাম, আর তার পর ভয় ভেগে গেলে আমি পুশকিন-এর "দি রোঞ্জ হস'ম্যান" থেকে খানিকটা আব্তি করলাম।

বাবা আমার জন্য নীচের তলায় অপেক্ষ। করছিলেন। আমি ত আনন্দে ভগমগ হয়ে ছুটে ওঁর কাছে গেলাম, তিনিও খুসিতে উজ্জলমুখে লাফিয়ে উঠে আমাকে কোলে নিলেন।

এমন করে আমার ছাত্রীজীবন শরে হল। সেইসব দিনগ্লোর কথা মনে করলে আমার হদর কৃতজ্ঞতার ভরে যায়। আকাদি আনিসিমোভিচ্ বেলুসভ-এর কাছ থেকে আমরা অংক শিখতাম, তিনি খুব পরিষ্কার করে বুবিয়ে বিষয়টার আমাদের উৎসাহ জাগাতেন। আর তাঁর স্ত্রী এলিজাবেতা আফানাসিয়েভ্না শেখাতেন রুশভাষা আর সাহিত্য।

সবসময় হাসিমুখে তিনি ক্লাসে আসতেন, সেই হাসি সকলের মন জন্ধ না করে ছাড়তো না, এত সুন্দর, তরুণ প্রাণভরা ছিল সে-হাসি। এলিজাবেতা আফানাসিয়েন্ডনা টেবিলে বসে আমাদের দিকে একবার গভীর দ্ভিতে তাকিয়েই ভূমিকা না করেই আরম্ভ করে দিতেন—

অরণ্য খসিরে ফেলছে তার বেগুনী পরিচ্ছদ...

সারাজীবন ধরে তার আবৃত্তি আমরা শ্নে যেতে পারতাম। গশপ বলার তার একটি বিশেষ ধরন ছিল, নিজের কথা আর সে-কথার মাধ্র্যে তিনি আছাহার। হরে যেতেন। রুশসাহিত্যের মর্মবাণী, তার শব্দসম্পদ, ভাবধারা আর প্রেরণা আমাদের কাছে মেলে ধরবার কোশল তিনি জানতেন। তার কথা শূনতে শূনতে আমার মনে হত পড়ানোর কাছটা একটা মহান আট'। স্তিকারের ভাল শিক্ষক হতে হলে চাই দরদী হদর, শ্বছ মন আর শিশুর জন্য ভালবাসা। এলিজাবেতঃ আফানাসিয়েভ্না আমাদের খ্বই ভালবাসতেন। তিনি আমাদের কথনও বলেননি, কিন্তু তিনি যথন আমাদের দিকে তাকাতেন, সংযত লেহে তিনি যথন কোনো ছান্তীর কাথে হাত রাখতেন, আমরা কেউ অকৃতকার্য হলে তিনি যেরকম করে দুংথ কংতেন তাতেই আমরা আমাদের জন্য তার ভালবাসা অনুভব করতাম। আর আমরা তার ভারুণা, তার স্কুম্বর ভাবগছার মুখ্লী, তার খোলাখুলি ব্যবহার আর কম্মনিন্টা স্বই ভালবাসতাম। আনেক পরে আমার নিজের সন্ধান মানুষ করার সময় আমার প্রিয়

শিক্ষরিতীর কথা খুব মনে পড়ত, কোনো মুণ্কিলের সমর তিনি কিরকম পরামশ দিতেন, কি বলতেন এ সব ভাবতাম।

আরও এক কারণে কিরসানভ স্ক্লের কথ। মনে পড়ে। আমাদের জুরিং শিক্ষয়িনী বুঝতে পারলেন যে আমার অ'কোর হাত আছে। আঁকতে আমি থুব ভালবাসতাম, কিন্তু আমি আর্টিস্ট হতে চাই একথা নিব্দের কাছে স্বীকার করতেও আমার ভর করত। সাজি সেমিওনোভিচ্ পোমাংসভ একদিন আমাকে বললেন—তোমাকে শিখতেই হবে—এর আর কিন্তু নেই…তোমার বেশ ক্ষমতা আছে…

র্এলিঙ্গাবেত। আফানাসিয়েভ্নার মত তিনিও তার পড়ানোর বিষয় খুব ভালবাসতেন, তার কাছে আমরা কেবল রং, আঁকজোক আর মান্র। হিসাব করতেই
শিথিনি। আট-এর যা মৃলমন্ত্র, প্রাণ, কি করে মানুষ জীবনেক ভালবাসতে পারে,
কি করে সর্বর্গই এর প্রতিফলন দেখতে পাওয়া যায়, জীবনের প্রতিক্ষেত্রেই শিম্পের
সদ্ভাবনা যে দেখা দিতে পারে তাও আমরা তার কাছেই শিখি। সাজি সেমিওনোভিচই প্রথম আমাদের বাস্তববাদী শিম্পী রেপিন, সুগীকভ আর লেভিতান-এর
অপ্র শিম্পের সংগ্রে পরিচয় করিয়ে দেন। তার ছবির সংগ্রহে অনেক ছবির
অনুকৃতি ছিল, সেগুলো দেখেই আমার মনে আর একটা আশা কুণ্ড মেলতে থাকে,
জীবনে একবার মন্কো গিয়ে ত্রেতিয়াকভ পিকচার গ্যালারী দেখব।

হাইস্কুল শেষ করে আমার আরও পড়ার ইচ্ছা ছিল, কিন্তু আমাদের পরিবারের আর তেমন না থাকার আর সম্ভব হল না। বাধ্য হয়ে বাবার সাহায্যের জন্য স্কুলের পড়া শেষ করে আমি আম্পেন বন-এ ফিরে এলাম।

नजून जीवन

কিরসানভ-এ থাকতে থাকতেই আমি অক্টোবর বিপ্লবের খবর পেয়েছিলাম।
স্বীকার করছি তথন ব্যাপারটা সহস্কে আমার বিশেষ কোন ধারণা ছিল না। শুধু
মনে আছে আমাদের সবারই বেশ আনন্দ হয়েছিল, সবাই ছুটিঃ দিনটাকে বেশ
উপভোগ করলাম। গোটা শহরটা আনন্দে উচ্ছদ হয়ে উঠল, হাওয়াতে লাল
নিশানগুলো উড়তে লাগল। সাধারণ মানুষ, সৈনা, মজুর সবাই মিটিং-এ বন্তা
দিতে লাগল। দৃঢ়বিশ্বাসের সঙ্গে উচ্চারিত ন্তন ন্তন কথা —বলশেভিক পার্টিং,
সোভিয়েত, কমিউনিজম, ইত্যাদি শোনা ষেতে লাগল।

আমাদের গাঁরে যথন ফিরে এলাম, আমার ছেলেবেলার বন্ধু আর সাথী আমার দাদা সান্ধি এসে বলল—লিউবা, এক আশ্চর্য নৃতন জীবুল শ্বর হচ্ছে; আমি লালফোজে যোগ দিতে যাচ্ছি, এসময় এরকম চুপ করে বসে ঞ্চিন যার না।

সাজি ত' আমার চেরে মোটে দু'বছরের বড়, কিন্তু জ্ঞানে আমি তার কাছে শিশুমার। কি হতের না হচ্ছে তার সমধে ওর ধারণা ছিল অনেক বেশী। আমার এনে হল ও যে শ্বির সংকম্প নিরেছে, তার আর নড়চড় হবে না।

আমি জিজ্ঞাসা করলাম—"আচ্ছা সাঞ্জি' আমি কি করব ?"

দাদ। একমুহূর্তও না ভেবে বলল—"কেন লেখাপড়া শেখানোর ঝজে লেগে যা। এখন ত ব্যাঙের ছাতার মত যেখানে সেখানে স্থল গজিরে উঠবে। তুই কি ভেবেছিস আমাদের এই আস্পোন বনের পাঁচ হাজার বাসিন্দার জন্যে এখন দুটো স্কুলেই চলবে? লোকে আর না পড়ে থাকতে চাইবে?"

আমার আসার দু'দিন পরই দাদা লালফোজে চলে গেল, আমিও আর কালবিলয় না করে গণশিক্ষাবিভাগে এসে হাজির হলাম কাজের সন্ধানে। তক্ষ্নি সোলোভিরেংকা গ্রামের প্রাথমিক শিক্ষিকা হিসাবে আমি কাজে নিযুক্ত হয়ে গেলাম।

আস্পেন বন থেকে তিন রশি দ্রেই হল সোলোভিয়েংকা গ্রাম। খুব নেংরা আর কুলী, থড়োখরের অঞ্চল সেটা। তবে স্থুলবাড়ীটা দেখে কিছু সাস্থনা পেলাম। গ্রামের একপাশে এককালের জমিদারবাড়ী ঘনগাছের আড়ালে দাঁড়িয়ে আছে, গাছের পাতাগুলা হলদে হয়ে গিয়েছে, তবুও দ্র থেকে স্কুলবাড়ীর জানালার উপর ঝুলেন্ড্রা আমলকীগাছের ভালগুলা। হাতছানি দিয়ে আমাকে ভাকছিল। মনটা প্রসম্ম হয়ে উঠল। বাড়ীটায় বেশ জায়গা ছিল আর বেশ ভাল অবস্থার ছিল। একটা রাম্নাথর, দালান, আর দুটো ঘর। ভার মধ্যে লোহার খড়খড়িওয়ালা ছোটটা হল আমার। আসবার সময় আমি সঙ্গে করে নোটবই, প্রথমভাগ, খাতা, পেন্সিল, কলম, নিব সবই এনেছিলাম, সেগুলো টেবিলের উপর রেথে গ্রামের স্কুলে পড়ার যোগ্য ছেলেমেয়েদের নামধামগুলো জোগাড় করার জন্য বেরিয়ে পড়লাম।

এক এক করে সবগুলো বাড়ীতে গিয়েই থেশজ নিলাম। আমার আসার উদ্দেশ্য যথন জানতে পারল, তখন গ্রামবাসীর। সবাই বেশ আগ্রহের সঙ্গে এগিয়ে এল।

লয়া রোগা এক বুড়ী, ভুরুগুলো এত মোটা যে মনে হয় রাগে কু'চকে আছে। এগিয়ে এসে আমাকে বলল—"তুমি তাহলে মাস্টারনী? বেশ, বেশ—শিথিয়ে যাও, কিস্তু মেয়েগুলোর নাম লিথে সময় নঊ করছ কি জনো? খালি সময় নঊ করা ছাড়া আর কিছু হবে না, থাবে দাবে, তাঁত বুনবে, সৃতো কাটবে, তারপর বিয়ে হবে ওদের—লেখাপড়া শেখার দরকারটা কি?"

আমি কিম্তু বেশ শন্ত হয়ে রইলাম। আমার দাদা সাঞ্জির কথাগুলো আউড়ে বললাম—"আগেকার দিনকাল আর নেই। একেবারে ন্তন জীবন শারু হচ্ছে—সবাইকেই পড়াশোনা করতে হবে।"

পরের দিন ক্লাস্বরে আর তিল ধরবার জারগা নেই—আগের দিন বে তিরিশটা ছেলেমেরের নাম লিথে এনেছিলাম তারা স্বাই এসেছে ।

জানলার পাশে স্বার পেছনের সারিতে বসেছিল বাচ্চারা, মাঝের সারিতে বিতীয় শ্রেণীর ছাত্রীরা, দেয়ালের পাশে ছিল স্বার বড়রা—চোন্দ বছরের ওয়া, মোটে ওরা চারজন। আমার সামনে বেঞে বসেছিল দুটি ছোট মেরে, সোনালী চুল, নীল চোথ, গারে তিলের মতন দাগ, একই রক্মের জামা, ওরা হল স্বার থেকে ছোট, নাম ওদের লীদা আর মারুসিয়া গ্রেবোভা। দেয়ালের ধারের চারটি ছেলে

দাঁড়িয়ে আমাকে নমস্কার করতেই অন্যরাও দাঁড়াল। ''নমস্কার লিউবোভ তিমো-ফিরেভ[ু]না, সোলোভিয়েংকার স্বাগত !''—ওদের সমবেত গলার সুর শোনা গেল।

আমি বলগাম—''নমঙ্কার, ধন্যবাদ।''

এমনি করে আমার প্রথম দিনের পড়ানো শুরু হল। এমনি করে দিনও কেটে যেতে লাগল। তিনটি ক্লাস একসঙ্গে চালানে। আমার পক্ষে বেশ কভেঁর ব্যাপার হয়ে উঠেছিল। বাচারা পেন্সিল দিয়ে দাগ দিতে শিখত, বড়রা করত অঙ্ক, আমিত্রন মাঝারিদের বলতাম কি করে, কেন দিনরাত হয়। তারপর ওদের ব্যাকরণ লিখতে দিয়ে বড়দের অঙ্কগুলো মিলিয়ে দেখতাম। এর মধ্যে আবার বাচারা দাগ বুলিয়ে বুলিয়ে ক্লান্ড হয়ে পড়েছে, কাজেই ওদের দিকে চাইবার সময় হত, ওরা প্রাণপণে চেচিয়ে শব্দালো বানান করে করে পড়তে আরম্ভ করত।

কাজের মধ্যে আমি একেবারে ডুবে গেলাম, ছেলেমেয়েদের সঙ্গে থাকতে আমার বেশ আনন্দ আর তৃত্তি হত। দেখতে দেখতে দিনগুলাে কেটে যাছিল। পার্দৌর গ্রাম থেকে একজন শিক্ষক কয়েকবার আমার স্কুলে এসেছিলেন। আমার তখনকার জ্ঞানবুদ্ধিমত তাঁর অভিজ্ঞতা ছিল বিরাট। তিন বছরের অভিজ্ঞতা, বাপরে! তিনি আমার পড়ানাের সময়ে বসে শুনতেন, মাঝে মাঝে উপদেশ দিতেন আর যাবার সময় বলে যেতেন, "বেশ ভাল চলছে। আর তাছাড়া সবচেয়ে বড় কথা বাচ্চারা আপনাকে বেশ পছন্দ করে।"

প্রত্যাগমন

এক টার্ম ধরে আমি সোলোভিয়েংক। স্কুলে পড়ালাম, নত্ন বছরে আগেপন বনে আমাকে বদলী করা হল। ওথানকার বাচ্চাদের সঙ্গে বেশ ভাব হয়ে গিয়েছিল বলে ছাড়তে কন্ট হলেও আন্দেশন বনে এসে আমি বেশ খুসীই হয়েছিলাম। আবার বাড়ীতে, নিজের আত্মীয়দজনের মধ্যে ফিরে আসতে বেশ ভালই লাগল।

এবার আন্দেশন বন-এ ফিরে এসে তোলিয়া কসমোদেমিয়ানন্ধি নামে আমার ছেলেবেলার থেলার সাথীর সঙ্গে দেখা হল। ও আমার সমবয়সী হলেও বৃদ্ধিতে আমার থেকে অনেক বড়। আমার ত ওর তুলনায় সাংসারিক জ্ঞান আর ভারিক্সী ভাব অনেক কম। আনাতোলি পেন্যোভিচ্ এক বছর লালফৌজে কাজ করে এখন আম্পেন বনের লাইরেরী আর পাঠাগারের ভার পেয়েছে।

লাইরেরীখরে অভিনয়ের রিহার্সনিল দিতে সবাই জড়ে। হত। অস্ক্রভাল্পর নাটক "পারিদ্রা পাপ নয়" অভিনয় করার জনা এ গাঁ আর পাশের গাঁরের জোয়ান ছেলের। আর মাস্টাররা জড়ে। হত। আমি সাজলাম লিওবোভ গর্ণেইয়েভনা—আর আনাতোলি পেরোভিচ্ হল লিউবিম তর্ত্সব। ও ছিল আমাদের দলপতি আর ম্যানেজার, সব কিছু ভান্নী সূন্দর করে আর উৎসাহ নিয়ে ও বুঝিয়ে দিত। কেউ যদি তার পাট গুলিয়ে ফেলড বা হঠাৎ ভাবের উদ্ধানে চেচিয়ে হাত-পা ছুবড়ে চোখ ঘুরিয়ে অভিনয়

করত, আনাতোলি পেরোভিচ্রাগ না করে এমন মঙ্গার সঙ্গে তার অনুকরণ করত যে বেচারী অভিনেতার মধ্যের উপর দাঁড়িয়ে বাগাড়য়র করার রোগ সেরে যেত। ওর উচ্চ হাসি ছিল প্রাণখোলা, আর কারোকে এমন সরল আর সুখের হাসি হাসতে আমি জীবনে কোনদিন শুনিনি।

আনাভোলি পেরোভিচ্ আর আমি শীগগিরই বিবাহসুতে আবদ্ধ হরে কসমোপেমিয়ানিদ্ধি পরিবারে চলে এ নাম। আনাভোলি পেরোভিচ্ তার মা লিদিয়া ফিওপোরাজ্না আর ছোট ভাই ফেদিয়ার সঙ্গে থাকত। ওর বড় ভাই আলেক্সি লালফোজে
বোগ দিয়েছে। আনাভোলি পেরোভিচ্ আর আমি বেশ সুথেই ছিলাম। ও ছিল
বেশ শাস্ত প্রকৃতির, মিন্টি কথা খুব বেশী না বলনেও, ওর প্রত্যেক কথায়, চোথের
প্রতিটি ভঙ্গীতে, প্রতিটি কাজে আমার জন্য ওর স্বত্ন মনোযোগ প্রকাশ পেত, ইঙ্গিতমারেই আমরা দুজনের মনের কথা বুঝতে পারতাম। আমাদের প্রথম সম্ভানের
আগমনসম্ভাবনায় আমরা উৎফুল্ল হয়ে উঠলাম। আমরা ঠিক করলাম—নিশ্চয়ই
আমাদের প্রথম সম্ভান হবে ছেলে—এবার আমরা তার নামধাম ভবিষ্যত নিয়ে
গবেষণা শ্রের করলাম।

আনাতোলি পেরোভিচ্ কম্পনার দেখত—একটি শিশুকে প্রথম সূর্য, তারা, পশু-পাধীর সঙ্গে পরিচিত করান কি আক্রয় ব্যাপার। প্রথমবার তাকে গাছপালা দেখাব, নদীসাগর চেনাব, পাহাড়পর্বতে নিয়ে ঘুরে বেড়াব, কি চমৎকারই না হবে...

তারপর আমাদের শিশু হল।

আমার শুশুধাকারিনী বৃদ্ধা বলল —তোমার মেরে হয়েছে বলে অভিনন্দন জান।ছি—এ শোন সে নিজেই চেঁচিয়ে জানাছে।

কানার শব্দ ঘরের দেয়াল ভেদ করেও যেন শোনা যাচ্ছিল। আমি হাত বাড়াতেই একটি ছোট্ট ফরসা-রং, কালো চুল আর নীল চোখওরালা মেয়ে আমাকে দেখাল। সেই মুহূর্তে আমার ত মনেই পড়ল না যে আমি ছেলে চেয়েছিলাম, মনে হল সারাজীবন ধরে আমি এই বাচনা মেয়েটিরই আশাপথ চেয়েছিলাম।

আনাতোলি পেরোভিচ্ বলল—"ওর নাম রাখা যাক জয়া।" আমি সায় দিলাম। দেদিনটা ছিল ১৯২৩ সালের ১৩ই সেপ্টেম্বর।

বাদের কথনও ছেলেপুলে হর্নান, তারা মনে করে সব বাচ্চারাই বুঝি একই রক্ম; কিছে বোঝে না, থালি পারে কাঁদতে, ঠেচাতে আর বড়দের কাজে বাগড়া দিছে। আসলে কিন্তু তা নর। আমি তো ঠিক হাজারটা বাচ্চার মাঝখান থেকে আমার থুকুকে চিনে বার করতে পারতাম, ওর মুখের চেহারা অন্যদের থেকে অনেক অন্যরকম, ওর চোখের বিশেষ একটা ধরন, এমনকি গলার সরেও অন্যদের থেকে অনেক

তফাং। আমার যদি সময় থাকত, আমার ইচ্ছা করত ঘণ্টার পর ঘণ্টা বসে দেখি ও কি করে ঘুমোয়, কি করে ঘুমের মধ্যে কয়লে-মোড়া হাতখানা টেনে বার করে, কি করে কোগে উঠে লয়া লয়। চোখের পাতার ভেতর খেকে টানা চোখ দুটো খুলে সোজা তাকিয়ে দেখে।

আর কি চমংকার সেই অভিজ্ঞতা ! প্রত্যেকদিনই নৃতন নৃতন জিনিস আবিষ্কার করতাম, আর মনে হোত বাচা যেন ঘণ্টার ঘণ্টার বাড়ছে—দিনে দিনে ও বদলাছে। এখন ও প্রাণপণে চেণ্টাতে থাকলেও হঠাৎ কারোর গলা শূনলে থেমে যার। এমন কি খুব আত্তে আত্তে শব্দ করলেও বুঝতে পারে। ঘাড়টা ফিরিয়ে ঘড়ির টিকটিক শব্দ শোনে। থেকে থেকে ওর বাবার কাছ থেকে চোখ ফিরিয়ে নিয়ে তাকাবে ওর ঠাকুমার দিকে, না হর ফেদিরা কাকুর দিকে। (জয়া জন্মাবার পর থেকেই আনাতোলি পেরোভিচ-এর ৯২ বছরের ভাইকে আমরা কাকু বলে ভাকতে সুরু করেছি।) এবার সেইদিন এল যেদিন আমার খুকুমণি আমাকে প্রথম চিনতে পারল। সেদিনটা আমার চিরকাল মনে থাকবে। আমার সে এক স্মরণীয় দিন। আমি দোলনায় উপর ঝুকে পড়তেই জয়া আমার দিকে একটুখানি চেয়ে বেশ মন দিয়ে কি যেন ভাবল আর হঠাৎ হেসে ফেলল। সবাই মিলে আমাকে বোঝাল যে ঐটুকু বাচা বিনাকারণেই সবার দিকে তাকিরে অমনি হাসে, কিন্তু আমি ঠিক জানি সে-কথাটা সত্যি নর।

জয়া খুব ছোটু ছিল দেখতে। গ্রামের লোকেরা বলত বেশী করে স্নান করালে বাচ্চারা খুব ভাড়াতাড়ি বাড়ে, তাই আমি ওকে প্রায়ই দান করাতাম। বাইরের খোলা হাওয়ায় রেখে দিতাম অনেকক্ষণ ধরে, শীত এসে গেলেও ও মুখটা খোলা রেখে বাইরেই পুমোত। আমার মা আর শাশুড়ীর পরামর্শনত ওকে আমরা বিনাকারণে কখনও যখন তখন কোলে নিতাম না। আর এজনাই বোধ হয় রাত্রে একবারও না কেঁদে জয়া নিশ্চিন্তে বেশ ঘুমত। বেশ শান্তশিত আর লক্ষ্মী মেয়ে হয়ে গেল জয়া—মাঝে মাঝে অবশ্য ফেদিয়া কাক্র এসে ভাকত—জয়া, লক্ষ্মীসোনা—বলতো—কাকু, আছে৷ বল মা—মা, বাবা…ওর ছাব্রীটি কিন্তু মাড়ি দেখিয়ে মুখে গর্ব্ব্ব্ব্ করে দুর্বোধ্য ভাষায় কিছু বলতে চাইত, কিন্তু কিছুদিন পর ও সতিটে নকল করতে শিখল—আস্তে আন্তে ভাক ফুটল—বাবা, মা-মা—আর মনে পড়ছে তার পরই ও একটা অন্তৃত কথা বলত—সেটা হচ্ছে—অপ্—তেট্র সোনামণি মেঝের উপর ক্রিড়িরে হঠাৎ পায়ের আঙ্গুলে ভর দিয়ে দুইহাত উ'চু করে চেঁচিয়ে উঠত—অপ্—পরের অবিশিয় বুঝেছিলাম সেটার মানে হল—"এবার আমায় কোলে নাও"।

তুরস্ত শীত

বুড়ো লোকেরাও সেবার বলেছিল এমন দুরস্ত শীত তারাও দেখেনি কখনও। আর এর উপর যখন লেনিনের মৃত্যুর খবর পেলাম পৃথিবীর সেই শীতার্ড চেহারাটা বেন আমার কাছে বিষয় অন্ধকার হয়ে গেল। তিনি যে কেবলই একজন নেতা বা

অসাধারণ মানুষ ছিলেন তা নয়, আমাদের সবারই কাছে তিনি ছিলেন প্রিয় বয়ু আর উপদেন্টা। আমরা সবাই জানতাম—আমাদের গ্রামের, বা, বাড়ীর যা কিছু উর্নাত, যা কিছু অগ্রগতি সবই তার চেন্টার সম্ভব হয়েছে। আগে আমাদের ছিল মোটে দুটো দকুল, এখন হয়েছে দশটা—এর মূলে লেনিন। আগেকার দিনে সাধারণ লোকেরা ছিল দুর্বল, আর গরীব—আর এখন তারা সুস্থ সবল জীবন যাপন করছে—এর জন্যেও ধন্যবাদ লেনিনেরই প্রাপ্য। আজকাল আমরা ছবি দেখতে পাই, ডাক্তার, শিক্ষক, সমাজসেবী সবাই কৃষকদের শেখাতে বাদত, সাধারণ পাঠাগার আর লাইরেরী আজ জমজমাট, গ্রামাজীবন সম্প্রমারিত হছে, জীবনে এসেছে উজ্জলতা আর আনন্দের জোয়ার, নিরক্ষররা লেখাপড়া শিখছে, যারা হাইদ্কুল শেষ করেছে তারা উচ্চশিক্ষার স্বপ্ন দেখছে—এসব কার জন্য সম্ভব হোল? এ নবজীবনের আলোক আমরা পেলাম কোথায়—এ প্রশ্নের জবাব চাইলে এক্টিমার প্রিয় আর মহান নামই শুনবে—সে নাম হল লেনিন।

তারপর হঠাৎ তিনি নেই—মন কিছুতেই বিশ্বাস করতে চায় না। প্রতিটি সন্ধ্যায় আনাতোলি পেল্রোভিচের বৈঠকখানায় এসে কৃষকরা তাদের মহন্তম দুঃখের ভার কিছুটা লাঘব করতে চাইত।

বুড়ো স্থিপান কোরেতস্ বলল—''এমন লোকেরও মৃত্যু হয়? খুসী হতাম একশ বছর যদি বাঁচতেন—কিন্তু তিনি আর নেই।''

১৯২৪ সালের ফ্রের্য়ারী মাসে আম্পেন বনে সার। ইউনিয়ন সোভিয়েতের বিতীয় কংগ্রেসে কমরেড স্থালিনের বক্তাস্থালিত একখণ্ড 'প্রাভদা' এল। গ্রামের সাধারণ পাঠাগারে আনাতোলি পেগ্রোভিচ্ স্বাইকে সেটা পড়ে শোনাল। জনতায় ভরতি সেই পাঠাগারের প্রত্যেকটি লোকের হদয়ে স্থালিনের বক্তার প্রত্যেকটি কথা গভীর সাড়া জাগাল।

আনাতোলি পেরোভিচ্-এর পড়া শেষ হলে, হলের স্বাই সে কাগজখানা একবার নিজের চোথে দেখে ও স্পর্শ করে জেনে নিল লেনিনের প্রতিজ্ঞা আর আদর্শ কি করে রূপ পাবে সে সম্বন্ধে স্তালিনের বলিণ্ঠ আর নিভী ক বাণী।

ক্ষরেক্দিন পর এককালে গ্রামের রাখাল এবং এখন শ্রমিক স্তেপান জাবাব্রিন আম্পেন বনে এসে বিবৃত করল কি করে দলে দলে দেশের সব জারগা থেকে লোকে লোননকে তাদের শেষ শ্রন্ধা জানাতে এসেছিল—''তুষারপাতে নিঃশ্বাস পর্যন্ত জামিরে দেবার উপক্রন করে রাত্রি এল, তবুও লোকের আসার বিরাম নেই, তারা তাঁকে শেষ দেখা দেখবে বলে তাদের ছেলেমেয়েদেরও নিয়ে এসেছে।''

আনাতোলি শেরোভিচ্ বিষয়ভাবে বলল, ''কিন্তু আমরা ত তাঁকে দেখতে পাব না, জরাও পাবে না।'' সে সময় আমরা ত আর জানতাম না যে শাশ্বত ক্রেমালন দেরালের পাশে সমাধি তৈরী করা হবে আর সবাই তাঁকে সেখানে দেখতে পাবে।

ন্তালিনের প্রতিজ্ঞাপত্রটি আমি যত্ন করে রেখে দিলাম, মনে মনে ভাবলাম, ''আমাদের মেয়ে বড় হয়ে পড়বে।''

খোকন

আনাতোলি পেছে।ভিচ্ জয়াকে হাঁটুর উপর নিয়ে টেবিলে বসতে ভালবাসত। সাধারণত ও থাবার-টেবিলে পড়তে ভালবাসত, আর জয়াও ওর মাথাটি বাবার কাঁধে রেখে চুপচাপ বসে থাকত, একটুও বিরক্ত করত না।

জয়া কিন্তু এখনও বেশ হাল্ক। আর ছোট। কিন্তু ও হাঁটতে শিখল এগারো মাসেই। বেশ হাসিখ্সী এবং মিশ্ক বলে সবাই ওকে খ্ব ভালবাসত। বাড়ীর বাইরে গেলেই ও সবার দিকে তাকিয়ে হাসত, কেউ যদি ঠাট্টা করেও বলত, ''এস আমার সঙ্গে দেখা করে যাও,'' বেশ খ্সী হয়েই ও হাত বাড়িয়ে তার সঙ্গে চলে যেত।

দু'বছর বয়স হতেই জয়া বেশ কথা বলতে শিখল—বাইরে থেকে বেড়িয়ে এলে যা যা দেখেছে সব সে বলতে ভালবাসত।

'কোথার গিরেছিলাম জান? পেরোডনার বাড়ী। তুমি ওকে চেন? ওদের বাড়ীতে আছে গালিরা, সানিয়া, মিশা, কাসানিয়া আর আছে ব্ড়ো ঠাকুদ্ব। একটা গরুও আছে। আবার ভেড়াও আছে। আছো ভেড়ারা লাফার?'

ওর দু'বছর হবার আগেই ওর ভাই শুরা জন্মাল। প্রাণপণে চেঁচিয়ে সে তার আসার খবর ঘোষণা করল—সে চীংকার গান্ধীর গভীর গলার—জয়ার থেকে চেহারায় আর ওজন ওর অনেকথানি বেশী, কিন্তু উচ্জ্বল চোথ আর চুলের কালো রং জয়ারই মত।

শুরা জন্মাবার পর থেকেই আমরা জয়াকে বলতাম—এবার তুমি বেশ বড় হয়েছ, তুমি যে এখন দিদি। বড়দের সঙ্গে একটা বেশ উ°চু চেয়ারে ও খাবার টোবলে বসত। শুরার সঙ্গে জয়া বেশ মুরুব্বীর মত বাবহার করত। চুমি-কাঠিটা ডেলে দিলে তুলে দিত, জেগে গেলে ঘরে কেউ না থাকলে দোলনাটা দুলিয়ে দিত। আমিও এখন ওকে আমার অনেক কাজে সাহায্য করতে ডাকি।

'জরা একটা হাত মোছার রুমাল এনে দাও ত', 'একটা কাপ এনে দাও না'— 'ও জরা, আমার ধর গোছানোয় একটু সাহায্য কর না—বইটা সরিয়ে দাও, চেয়ারটা ঠিকমত রাখ তো…'

বেশ খুসী হয়েই ও সব করত, করা হয়ে গেলে আবার জিজ্ঞেস করত—"আর কিছু করার আছে ?"

ওর যথন মোটে তিনবছর বয়স, আর শুরা সবে দুই ২ছরে পা দিয়েছে তথন এক হাতে শুরার হাত ধরে আর একহাতে দুধের বোতল নিয়ে ঠাকুরমাকে দেখতে গিয়েছিল।

একদিন আমি গরু দোয়াচ্ছিলাম, শুরা কাছেই হামাগুড়ি দিয়ে খেল। করছে আর জয়। একহাতে কাপ নিয়ে টাটকা দুধ নেবে বলে দাঁড়িয়ে আছে, হঠাৎ গরুর গায়ে মাছি বসতেই লেকটা দুলিয়ে তাড়াতে গিয়ে আমার গায় লাগিয়ে দিল। জয়া ভাড়াতাড়ি কাপটা মাটিতে রেখে একহাতে ধরল গরুর লেকটা, আর এক হাতে একটাছোট ভাল নিয়ে মাছি তাড়াতে তাড়াতে বলল—"তুমি মাকে মায়ছ—আর কখনও

থেন মেরো না।" তারপর আমার দিকে চেরে বলল—"আমি তোমাকে সাহাব্য করছি।"

দুজনের মধ্যে কি তফাং—জয়া ছোট, আর ছিপছিপে, শুরা হল গোলগাল আর ভারী গড়ন।

সার। গ্রামে শুরার সম্বন্ধে আলোচন। হত—আমাদের দিদিমণির ছেলেটি বেমন লয়। তেমনি চওড়া। দাঁড়িয়ে থাকলে বতথানি উ'চু হয় শুয়ে থাকলেও প্রায় ততথানিই।

আর সন্তিয় বলতে শুরা বেশ ভারী, আঠার মাস বয়সেই ও গায়ের জােরে জয়াকে হারিয়ে দিত, অবশ্য তার জন্য শুরার খবরদারী করা বা দরকারমত তাকে ধমকানোতে জয়া মোটেই পিছপা হত না।

জরা ত প্রথম থেকেই কেশ পরিণ্কার কথা বলত, কিন্তু শুরা তিন বছর বরস পর্যন্ত "র" বলতে পারত না, জরা এর জন্যে খুব দুঃখ পেত।

জয়া বলত—"রেন"

শুরা বলত—"লেন"

"ওরকম নয়—বল 'রে'"

"লে"

"'লে' নয় 'রে'। কি বোকা ছেলেরে বাবা। আবার বল রান্"

"লানৃ"

"পরিজ"

"পলিজ্ঞ"

একবার জর। ধৈর্য হারিয়ে ভাইয়ের কপালে একটা চড় মেরেছিল। কিন্তু চার বছরের মাস্টারমশাইর চাইতে দু'বছরের ছাত্তের জোর অনেক বেশী। সে ধারা দিরে জরাকে ফেলে দিয়ে রেগেমেগে চেঁচিয়ে উঠল—"থামাও বলছি মারামারি।"

জয়। অবাক হয়ে ওর দিকে তাকিয়ে চোখের জল লুকিয়ে ফেলল। খানিক পরে আবার শুনলাম—"বল—চড়্ই"

শুরাও বাধ্য ছেলের মত জবাব দিল—"চলুই"

জানিনা শুরা কি করে বুঝল বে ও আমাদের ছোট ছেলে, কিন্তু প্রথম থেকেই এটা ও কাজে লাগাল, নিজের সাফাই-এর জন্য, ও বলতে শুরু করল—'আমি ছোট', 'আমি ছোট ।' বা চাইল তা না পেলেই ও চেঁচাতে থাকবে, "আমি ছোটু বে!" মনে হত ওর এই বিশেষ দাবীটার সম্বন্ধে ও বেশ ওয়াকিবহাল, আর সে দাবী খাটানো সম্বন্ধেও ও প্রোপুরি সম্বাণ । আমর। বে ওকে ভালবাসি তা বুঝতে পারও বলেই আমি, জয়া, বাবা আর ঠাকুরমা সবাই বাতে ওর কথা শুনি তাই ওর লক্ষাছিল।

কাদতে আরম্ভ করলেই শোন। যেত ঠাকুমার গলা, "কে আমার শুরা মণাকে কাদাছে? এস ত দাদু, তোমার জন্য কি এনেছি দেখবে এস"—বাস, শুরা এরই জন্য অপেক্ষা করেছিল—একদৌড়ে দ্বভাঁহাসি হেসে ও গিরে ঠাকুরমার হাঁটুর মধ্যে । মাথা গুব্দেল। কিছু না দিলে মাটিতে শুরে পড়ে চেটিরে কানে তালা তাগিরে দেবে, পা আছড়ে এমন কাণ্ড করবে যে দেখলেই মনে হবে ও বলতে চাইছে—"দেখ আমি ছোটু শুরা, আমার কেউ ভালবাসে না, আমার জন্য কারে। একটুও কন্ট নেই।"

একদিন খাবার সময় হবার আগেই শ্রে। জেলী খাবার জনো চেঁচাতে লাগল। আমি আর আনাতোলি পেরোভিচ্ ঘর থেকে বেরিয়ে গেলাম। প্রথমটায় ও বৃঝতে পারেনি ঘরে যে কেউ নেই, তাই থেকে থেকে বলতে লাগল—"জেলী চাই, জেলী দাও।" তারপরে বোধ হয় অনর্থক এত পরিশ্রম করা বৃদ্ধিমানের কাজ নয় মনে করে শুধু বলতে লাগল—"চাই", "দাও"।—ঘরটা চুপচাপ দেখে ওর কি মনে হতেই মাথা তুলে দেখল ঘরে কেউ নেই—ভেবে দেখল কেউ যদি নাই শুনল তবে চেঁচিয়ে কি হবে—তাই থেমে গেল, একট্খানি কি ভেবে নিয়ে গাছের ডালপাতা নিয়ে খেলা করতে বসল।

এবার আমি আর আনাতোলি পেরোভিচ্ খরে দ্বতেই ও আবার চেণ্চাতে শুরু করল, কিন্তু আনাতোলি পেরোভিচ্ বলল, 'আবার যদি কণদতে আরম্ভ কর, তাহলে আমর। তোমাকে একল। রেখে চলে যাব, তোমার সঙ্গে আমর। আর থাকব না। বুঝতে পেরেছ ?''

শুরা থেমে গেল।

আর একবার ও ক'াদতে আরম্ভ করে ওর আঙ্গুলের ফ'াক দিয়ে চুপি চুপি
দেখতে লাগল ওর জন্য আমরা ভার্বছি কিনা । কিন্তু আনাতোলি
পেরোভিচ্বই পড়তে বাজিলেন আর আমি নোটবইরে দাগ দেওয়া না থামিয়ে
ওকে বুঝিয়ে দিলাম, আমাদের কাজের কোনে ব্যাঘাত হয়নি । তখন ও আর কি
করে, চেণ্টাচরিত্র করে আমার কোলে এসে উঠল যেন কিছুই হয়নি । আমি
ওর চুলগুলো একটু টেনে দিয়ে কোল থেকে নামিয়ে দিলাম । আবার আমার
কাজ চলতে থাকল । শ্রা আর আমাকে বিরম্ভ করেনি । এই দ্টো ঘটনাতেই
ওর শ্বভাব বদলে গেল—আমরা ওকে প্রশ্রম দেওয়া থামাতেই ওর দ্ণ্টুমি আর
আর চেণ্টানি একদম বন্ধ হয়ে গেল।

জয়। শুরাকে খুব ভালবাসত। প্রায়ই ও ব্রড়োমানুষদের মত গছীর মর্থ করে বা শুনত তাই বলত—''ছেলেটার মাথাটা খেরে ত কোন লাভ নেই, কাঁদরে না, কাঁদলে আর এমন কি ক্ষতি হবে?'' ওর মর্থ থেকে শুনতে ভারী মজা লাগত। কিন্তু বখন ভাইকে আগলে রাখত, তখন ভারী আদর করত ওকে। শুরা যদি পড়ে গিরে কেঁদে ফেলত তাড়াতাড়ি দৌড়ে গিরে ওর মোটাসোটা ভাইটাকে হাত ধরে কোলে নিতে চাইত। জামার নীচ দিরে চোখের জল মুছিরে দিতে দিতে বলভ—''কেঁদো না, কেঁদো না লক্ষ্মীসোনা, ভাল ছেলে। এস আমরা ইণ্ট দিয়ে রেলগাড়ী তৈরী করি। এস এই বইটা থেকে ছবি দেখি। এই বে দেখ—''

মজার ব্যাপার কি জান—বদি এমন কোন কিছু থাকত বা জয়া জানে না, তাহকে সহজেই ছীকার করত, কিন্তু শুরা কিছুতেই মুখ দিরে উচ্চারণ করত না—"আমি জানি না"। পাছে ঘীকার করতে হয়—বে ও জানে না তাই নানা রকম চালাকী

করে রেহাই পাবার চেন্টা করত। মনে পড়ছে একবার আনাতোলি পেরোভিচ্ বেশ সুন্দর একথানা ছেলেদের ছবির বই এনেছিল। আমরা সবাই ওটার মধ্যে সুন্দর জন্তুজানোয়ার, জিনিসপত্র আর লোকজনদের ছবিগুলো দেখতে ভালবাসতাম। আমি ছবিগুলোর দিকে আঙ্গুলা দিয়ে শুরাকে জিজেস করতাম—বলো খোকন, এটা কি? ও যা জানত তার জবাব খুব চটপট দিত কিন্তু যেটা জানত না, সেটা জানি না বলতে হবে বলে কত ফন্দীই না আবিষ্কার করত! রেলের ইঞ্জিনের দিকে আঙ্গুলা দেখিয়ে আমি জিজেস করলাম—''ওটা কি ?''

শুরা একটুক্ষণ চিশু। করল—একটা নিঃশ্বাস ফেলল—তারপর হঠাৎ আমার দিকে চেয়ে বেশ ধ্তরি মত বলল—''তুমি আগে বল দেখি ?''

''আর এটা ?''

''মুরগীর বাচ্চা''—এবার খুব তাড়াতাড়ি জবীব দিল।

এটা কিন্তু ন'তুন ধরনের আশ্চর্য একটা জন্তু —একটা উট।

শ্রা বলল—"মা, পাতা উল্টিয়ে আমাকে আর কিছু দেখাও না—"

আরও কি ছল ও বের করতে পারে, দেখার জন্য আমি পাতা উল্টিয়ে বেশ ব্যক্ষিন ভাব করে একটা হিপোপটেমাস দেখিয়ে বললাম—''এটা কি ?''

মূখের চকোলেটটা চিবোতে চিবোতে শুর। বলল—"দাঁড়াও খেয়েনি, তারপর বলব"। বলে সে এম্নভাবে সেট। চিবোতে লাগল যেন কোনকালে আর সেটা শেষ হবেনা।

তারপর একটা নীল গাউন আর সাদা রাউজ পরা মেয়ের হাসিমুখ দেখিয়ে বললাম—"বল ত এই মেয়েটার নাম কি?"

মুথে চতুর হাসি ফুটিয়ে শুরা বলন — "তুমি জিজ্জেস কর না ওকে !"

क्लिमा

বাচ্চাদের দিদিমা মাদ্রা মিথাইলোস্ট্নার বাড়ী থেতে ওদের ভারী উৎসাহ। তিনি ভাদের ডেকে আদর করে দুধ আর পিঠে থেতে দিয়ে ওদের নিয়ে ''বীট্ ডোলা'' থেলা থেলতে লেগে থেতেন।

বেশ চিন্তিত সুরে দিদিমা বলে চলেছেন—'দাদু ত শালগম পুণতে তাকে বলছেন—খুব বড়, শক্ত আর মিন্টি হয়ে গোল হয়ে বেড়ে ওঠ। শালগমও খুব বড়, আর শক্ত, আর মিন্টি, আর গোল আর হল্দে হয়ে বড় হল। তারপর ত দিদিমা তাকে তুলতে গেলেন—টান্ছেন, টান্ছেন, আর টান্ছেন—কিন্তু তুলতে পারছেন না—(বেশ নাঁচু হয়ে দিদিমা অবধ্য শালগমটাকে জার করে তোলার ভাল করছেন), কি আর করেন, দিদিমা তখন নাতনী জয়াকে ভাললেন তাকে সাহাষ্য করতে (জয়া এসে দিদিমার স্কার্ট ধরে টানছে), জয়া টানছে

দিদিমাকে, আর দিদিমা টানছেন শালগমকে—টান্ছেন, টানছেন, আর টানছেন, তবুও পারছেন না। জয়া এবার শুরাকে ভাকল (শুরা এসে জয়াকে অশকড়ে ধরল), শুরা টানছে জয়াকে, জয়া টানছে দিদিমাকে, দিদিমা টানছেন শালগমকে—সবাই মিলে টান্ছেই আর টানছেই (এবার বাচ্চাদের মুখ আশার উজ্জল হয়ে উঠলো)...টানছেই—এবার...শালগম বাছা উঠে এল।"

তারপর দিদিম। যেন আকাশ থেকে পেড়ে আনতেন হয় আপেল, নয় মিঠাই, আর না হয় ত সত্যিকারের শালগম—আর যায় কোথায়—ছেলেমেয়েয়। চেঁচিয়ে, হেসে বাড়ী মাথায় করে দিদিমাকে অস্থির করে দিত।

শুরা ত বাড়ীর দরজার পা দিতে না দিতেই চেঁচিরে উঠত, "দিদিমা এস আমরা 'শালগম তোলা, শালগম তোলা' থোল।" বছর দুয়েক পর কেউ যদি গম্প বলার জন্য "দাদু বীট্ পুতলেন" বলে আরম্ভ করত তক্ষ্নি তারা বাধা দিয়ে চেঁচিয়ে উঠত, "দাদু নয় দিদিমা, দিদিমা পুতভিলেন।"

আমার মা সকাল থেকে সন্ধ্যা পর্যনে। বাড়ীর কাজকর্ম, মাঠের কাজ, ছয়িট ছেলেকে দেখাশোনা, জামা পরানো, হাতমুখ ধোয়ানো, খাওয়ানো. সবই ত তাঁকে একলা হাতে করতে হোত। ছেলেমেয়েই হোক নাতি-নাতনীই হোক সবারই উপর তিনি খুব ভাল বাবহার করতেন, খালি "বড়দের শ্রদ্ধা কোরো" বলেই তিনি আমাদের শেখাতেন না, উদাহরণ দিয়ে আমাদের মনের মধ্যে ঢোকানোর চেন্টা করতেন, হয়ত বললেন—"যেমন ধর এই বাড়ীটা, বুড়োরা তৈরী করেছে এটা; পেরোভিচ্ তৈরী করেছেন এই উনুনটা। তিনি গয়ীব হলে হবে কি, হাতদুটো যেন সোনা দিয়ে বাধান। তাঁকে ভাল্ক না করে কেউ পারে কি?" মায়ের মনটা ছিল বড় নরম। আমাদের ছেলেবেলায় অনেক ভিখারী আশ্রমহীন ভবদুরে ছিল, তাদের কারোকে দেখলেই মা তাদের বাড়ীতে এনে খাইয়ে দাইয়ে জামাকাপড় দিয়ে বিদায় করতেন।

একদিন বাবা তাঁর ট্রাক[্]খুলে অনেকক্ষণ ধরে কি খ'্জলেন তারপর জিজ্ঞাস। করলেন—''হাঁগো আমার নীল সাটটো কোথায় ?''

মা একটু অপ্রস্তুতের মত বললেন—''ওটা আমি স্তেপানিচকে দিয়েছি, তুমি যেন রাগ কোরো না।'' এক বুড়ো গরীব কৃষকের নাম ছিল স্তেপানিচ্, তিন-কুলে তার কেউ ছিল না, মা তাকে নানারকমে সাহায্য করতেন। বাবাও কিছু বলতেন না।

বহুদিন পরে আজ আমি বুঝতে পারছি আমার মা কি পরিশ্রমী, সহনশীলা আর ধৈর্যশীলাই না ছিলেন। কৃষক পরিবারের পক্ষে গরু হারানো যে কী সাংবাতিক তা কেবল ভুকভোগীমানই জানে। আমাদের গরুটা যখন চুরি যায়, মা একটি কথাও বলেননি বা এককেণটো চোখের জলও ফেলেননি। আর একবার আগুন লেগে গোটা বাড়ীটাই পুড়ে যায়, বাবার পক্ষে সেটা খুবই মর্মান্তিক হরেছিল, তিনি একটা পোড়া গাছের গোড়ার হাতদ্টো কোলের উপর নিয়ে মাটির

দিকে চেয়ে বসেছিলেন, মা তাঁর পাশে থানিকক্ষণ দাঁড়িয়ে থেকে বললেন—ভেবে। না তুমি, আমরা আবার সামলে উঠব। আবার আমরা সব দৃতন করে গড়ে তুলব।

মা একেবারেই নিরক্ষর ছিলেন, জীবনের শেষ দিন পর্যস্ত তিনি কিছুই শিখতে পারেননি, কিন্তু তাঁর কাছে পড়াশোনা আর বিদ্যার মূল্য ছিল অনেকখানি। তাঁরই চেন্টায় ও যত্নে আমরা শিক্ষা পেয়েছি। আমাদের পাঠশালা শেষ করে হাইস্কুলে ভতি করার জন্য তাঁর সে কি চেন্টা! আজ যে আমরা শিক্ষিত বলে পরিচয় দিতে পারছি সে কেবল তাঁরই দয়ায়।

আমাদের পরিবারের অভাব ছিল অনেক, তার উপর যথন জিনিসপত্রের দর সমানে চড়তে লাগল বাবা ঠিক করলেন আমার ভাই সাজিকে সপ্তমশ্রেণী থেকে ছাড়িয়ে নিয়ে আসবেন। মা তা কিছুতেই হতে দেবেন না, ছেলেকে পড়াশোনা শেখাবার জন্য প্রিন্সিপালের কাছে গিয়ে সরকারী খরচে পড়াবার কথা বললেন। দয়াভিক্ষ করে হীনতা স্বীকার করতেও পিছপা হননি।

বাবা গান্তীরভাবে বলগেন—"তুমি ত নিজে পড়তে পার না একবর্ণও, কিন্তু মানিয়ে নিচ্ছ ত বেশ।"

মা তক' না করলেও নিজের খ্রিক ছাড়লেন না। তিনি বারেবারে বলতে লাগলেন—"যারা বলে জ্ঞানই হল আলে। আর অজ্ঞানতাই অন্ধকার তারা ঠিক কথাই বলে।" তার নিজের অভিজ্ঞতাই তাঁকে বুঝিয়ে দিত জ্ঞানের অভাবে কিরকম অন্ধকার জীবন কাটাতে হয়।

জরা আর শুরাকে তিনি বলতেন—স্কুলে গিয়ে ভাল করে পড়াশোনা করবে, তাহলে তোমাদের বুদ্ধি বাড়বে, জ্ঞান বাড়বে—নিজের আর তোমার দেশের অনেক উপকারে আসবে তাহলে।

দিদিমা এত ভাল গশ্প বলতে পারতেন ষে কাজ থেকে মুখ না তুলেই তিনি বলে যেতেন। বুনতে বুনতে, আলু ছাড়াতে ছাড়াতে, ময়দা ঠাস্তে ঠাস্তে, ভাঙার উজাড় করে—আপন মনে বলে যেতেন—

একটা শেয়াল বনে গিয়ে গাছের উপর কাঠঠোক্রাকে দেখতে পেল। শেরাল বলল—কাঠঠোকরা ভাই, কাঠঠোকরা ভাই আমি যে গেছলাম শহরে।

চাক্ চাক্ চাক্ চাক্...তাত দেখতেই পেলাম।

কাঠঠোকর। ভাই, কাঠঠোকর। ভাই ভোমার শমন নিয়ে এসেছি।

हक् हक् हक् हक्...वर्षे वर्षे वर्षे ।

কাঠঠে।করার। আর গাছে বসতে পারবে না, মাঠে মাঠে লাফিয়ে বেড়াবে...

জরা আর শুরা নীচু বেণিততে বসে দিদিমার ওপর থেকে আর চোথ ফেরাত না, দিদিমাও তেমান একটার পর একটা গশ্প বলে থেতেন, প্রথমে ছাইরঙের নেকড়ে, ভারপর মিখি দাঁতওয়ালা ভালুক, ভীতু থরগোশ, তারপর আবার ধূর্ত শেরাল।

ভাইবোন

জয়া আর শুরাকে ভাইবোন বাড়ীর ভিতরেই খেলতে হোত, বেড়া ভিলিয়ে যেতে দিতাম না, মাঠে চরতে আসা গরুবোড়ার। শ্রোকে জখম করতে পারে, এই ভয়টা ত ছিলই। কিন্তু মানিয়া বা তাসিয়ার মত বড় মেয়েদের সঙ্গে জয়া অনেক দ্র অবধি বেড়াতে যেত, কখনও বা মাঠে. কখনও বা গাঁরের পাশের ছোট্ট নদাঁটিতে, সারাদিন ধরে স্নান করলেও তাতে ডুবে যাবার আশন্ধা ছিল না।

জরা একটা ছোট জাল নিয়ে সারাদিন প্রজাপতি ধরে আর ফুল তুলে বেড়াত, তারপর নদীতে স্থান করে মাত্র পাঁচ বংসর বয়সেই তার জামা ধুয়ে শ্বিকরে পরিক্রার পরিচ্ছল হয়ে বাড়ী ফিরে আসত। আমার চোথের দিকে তাকিয়ে বলে ফেলত—"দেখ ত মা, আমি কেমন সুন্দর করে ধুয়ে এনেছি, তুমি রাগ করনি ত মা?"

এখনও স্পষ্ট দেখতে পাছিছ পাঁচ বছরের ছোটু একখানি রোদেপোড়া কচি মুখ, চকচক করছে দুটি ধুসর কটা চোখের চাউনি। গ্রীব্যের এক পশলা বৃষ্টির পর আবার সুর্থের মুখ দেখা দিয়েছে, আকাশ থেকে শেষ মেঘের টুকরোটাকেও বাতাসে উড়িয়ে নিয়ে গিয়ে ঐ দৃরে দিকচক্রবালের ওপারে পার করে দিয়ে এসেছে, বড় বড় গাছ থেকে টুপটাপ করে দু এক ফেণ্টা বৃষ্টি ঝরে পড়ছে, অস্প অস্প গরম জল জমছে ছোটখাট গর্তে; জয়া তার মাঝ দিয়ে এগিয়ে এসে আমার কাছে হেসে হেসে দেখাছে তার জামাটা কি রকম ভিজে গিয়েছে।

চোখের সামনে ভেসে আসছে মাঠের ওপার থেকে কাঁচকাঁচ করা এক পুরনে। গরুর গাড়ী বোঝাই খড়ের উপর বসে জয়। গাঁরের দিকে আসছে। বড়দের সঙ্গেখড়গুলো নাড়াচাড়া করে বিছিয়ে মিফি গদ্ধওয়ালা খড়গুলোকে গোলাবাড়ীর পিছনে শ্কোভে দিত। ঢেউখেলানো সেই খড়ের উপর গড়াগড়ি দিয়ে খেলা করে করে কান্ত হয়ে পড়লে জয়। কুগুলী পাকিয়ে তারই উপর ঘূমিয়ে পড়ত।

আর গাছে চড়তেই বা কি মজা ছিল। এত উ'চুতে গিয়ে দাঁড়াবে যে নীচের দিকে তাকাতেও ভয় করবে। গাছের সরু মগডালে উঠে দাঁড়িয়ে ভয়ে তোমার বুকের কাঁপুনি বন্ধ হবার উপক্রম হয়; তারপর আন্তে আন্তে নেমে আসা, পায়ের আঙ্গুলে ভালগুলো চেপে ধরাও চাই, আবার জামাকাপড়ও যেন ছেঁড়েনা।

আর তারও চেয়ে মজার ব্যাপার হোল গোলাবাড়ীর ছাদ কিংবা খণ্টাখরের চূড়ায় উঠে চার দিকে নজর রাখা—গাঁরের ছেলেমেয়েদের মনের মত জায়গা এটা—গোটা গ্রামটাই যেন হাতের মুঠোর এসে যায়, ওপারে মাঠ, "মাঠের পরে মাঠ—মাঠের পরে শেষে, সুদ্র গ্রামখানি আকাশে গিরে মেশে—" আর তারপর ...তারপর ওদিকে কি ?

বাড়ী এসে জয়া জিল্ডেস করত, "মা, আমাদের এই আস্পেন বনের ওপারে কি আছে মা ?"

"শাস্তির বাড়ী নামে একটা গ্রাম।"

"গ্রামের পর কি আছে ?"

"সলোভিয়ায়া।"

''সলোভিয়াকার ওপারে ?''

"পাভলোভ্কা, আলেক্সান্তোভ্কা, প্রদ্কি।"

''তারপর? কিরমানভের ওপারে কি ? মঙ্গেকা কি তামবোভ-এর ওপারে ? এবেতে যে আমার কি ইচ্ছে করে !''

বাবার যখন হাতে কোন কাজ থাকত না, জয়া তার হঁটুর উপর চড়ে বসে যত রাজ্যের প্রশ্ন করতে থাকত। পৃথিবীর সব ব্যাপার-স্যাপার, যেমন, পাহাড়-পর্বত, সমূদ্র, অরণ্য, শহর, লোকজন এইসব সম্বন্ধ ও এরকম মন নিয়ে শ্নেও যেন রূপ-কথার রাজ্যে ঘুরে বেড়াচ্ছে। এরকম সময় জয়া আধ্যানা হাঁ করে, কান খাড়া করে, চকচকে চোখে তাকিয়ে থাকত, দেখলে মনে হত, ও যেন নিখাস নিতেও ভূলে গিয়েছে। অবশেষে বেশ সমূস্ট হয়ে ও বাবার কোলে ঘুমিয়ে পড়ত।

চার বছরের শন্রা সারাক্ষণই কিছু না কিছু ব্যাপারে ব্যস্তঃ জয়া হয়ত অবাক হয়ে ঠেচিয়ে উঠল—''শনুরার পকেটটা নড়ছে''—আর সত্যি নড়ছিলও।

"্যক আছে রে পকেটে ?''

আছে গোটাক্তক গুবরে পোকা, ওরা চড়বড় করে বেরিয়ে আসতে চাইছে, কিন্তু শর্রার হাতের চাপে ভবলীলা সাংগ বেচারাদের ।

ত্তর পকেট থেকে সন্ধোবেল। কি না বেরোত! গুলাত, টিন, না হয় কাঁচের টুকরো, হুক, পাথর, নিষিদ্ধ দেশলাইকাটি, আরও যে কত কি? সর্বদাই হয় ওয় কপালে বাথা, না হয় হাত-পা ছড়ে যাওয়া, না হয় হাঁটু কেটে গিয়েছে। চুপ করে বসে থাকার মত শাহ্নিত ওয় আর কিছুতে নয়। রায়ে থেয়ে ঘুমোবার আগে পর্যন্ত শাহ্রির ঝাঁপিয়ে দোড়ে বেড়াত। বৃষ্টির পরেপ্রায়ই দেখতে পেতাম, হাতে একটা লাফিয়ে ঝাঁপিয়ে দোড়ে বেড়াত। বৃষ্টির পরেপ্রায়ই দেখতে পেতাম, হাতে একটা লাফি নিয়ে খানাডোবাগুলোকে বাড়ি মায়তে মায়তে থেলছে। ঝরণা থেকে ছিটিয়ে পড়া ঝকুঝকে জলের কণার মত ওয় মাথায় জল ছিটকে উঠত, তাতে ওয় কোন ছাকেপ নেই। ও আরও জোরে ঘা দিয়ে হেসে গড়িয়ে পড়ত। নিজের য়চনা গানের দু'একটি কলি গুণ গুণ করে গাইত। সে গানের কোন কথা বুঝতে পায়তাম না, খালি শানতাম—তাইরে নাইরে নাইরে না...তার মানে ওয় মনে সূর্যের আলো, গাছপালা, বৃষ্টির ফে'টোয় যে আনন্দের ধারা বইছে তার ছোঁয়াচ দিতে হবে স্বাইকে।

জয়। ছিল শ্রার সারাক্ষণের থেলার সাথী, ওরই সঙ্গে চেঁচিরে, দৌড়ে, গান করে বাড়ী মাথার করে রাথত। কিন্তু জয়। চুপচাপ ব্যে থাকতে জানত, ও যথন চুপ করে বসে শ্নত, ওর চোথগুলো কেমন চকচক করত আর কালো ভুরু দুটো কুচকে আরও খন হয়ে উঠত। কখনও বা আমি হয়ত দেখতাম বাড়ীর কাছেই ভেকে পড়া একটা বার্চগাহের পাশে বসে এগালে হাত দিয়ে দুরে আকাশের দিকে দৃষ্টি রেখে গছীরভাবে কি ভাবছে। আমি জিজ্ঞেস করতাম—"কি করছ এখানে?"

জন্না জবাব দিত—''আমি ভাবছি।''

বিগতদিনের মূছে বাওয়া অনেক ঘটনার মধ্যে একটার কথা আমার বেশ মনে আছে। আনাতোলি পেরোভিচ আর আমি ছেলেমেরেদের নিরে আত্মীয়-শ্বজনের সঙ্গে দেখা করতে গিরেছিলাম। আমরা আসামাত্রই গুদের দাদু তিমোফি সেমিও-নোভিচ জরাকে নিয়ে পড়লেন—"তবে রে দুষ্ট্র মেরে—কালকে আমার ফ'াকি দিয়েছিলি কেন?"

"কিসের ফাকি ?"

"আমি তোকে জিজের করলমে না আমার চশমাজোড়া কোথার, আর তুই যে বললি জানি না, একটু পরে তো আমি বেঞের তলায়ই পেলাম, তুই না হলে কে লম্কিয়ে রাথবে ?"

জরা একটুখানি ভূরু কু'চকাল শুরু, কিছু বলল না, একটু পরে যখন থেতে ডাকল, জরা বলল, ''আমি আসব না, তোমরা যদি আমার কথা বিশ্বাস না কর, আমি খাব না।''

"হয়েছে হয়েছে, ও সব ভূলে গিয়ে খেতে বস দেখি।" "না আমি খাব না।"

আর সতি।ই সে খেলও না। বেশ দেখতে পেলাম পাঁচ বছরের নাতনীর সামনে বসে দাদু বেশ অস্কৃতিত বোধ করছেন। ফেরার পথে আমি জয়াকে খানিকটা বকলাম, কিন্তু ও কালাধরা গলায় শুরু বলল—"আমি কখনও দাদুর চশমায় হাতও দিইনি, এত করে বললাম তবু দাদু বিশ্বাস করলেন না।" বেশ বোঝা গেল ও খুব দুঃখিত হয়েছে।

জয়ার বাবার সংগে ছিল জয়ার বেজায় ভাব। তিনি ব্যস্ত থাকলেও জয়া তার পেছনে পেছনে ঘুর ঘুর করত। আর তিনি কি করছেন তার উপর নজর রাখত।

একদিন শুরাকে বলল—"দেখ, বাবা সব করতে পারে"। আর সাঁতাই তাই, যারা ধকে জানত তারাই স্থীকার করত যে আনাতোলি পেরোভিচ্ সব কাজই করতে পারে। বাড়ির বড়ছেলে, তার উপর ছেলেবেলার বাবাকে হারিয়ে জমির বত কাজ সবই তাকে করতে হত, কিন্তু তা সত্ত্বেও গ্রামের সাধারণ পাঠাগার আর লাইরেরীর সমস্ত ভার ছিল তার উপর। গ্রামের লোকদেরও ছিল ওর ওপর অথও শ্রদ্ধা আর বিশ্বাস। পারিবারিক বা সামাজিক সব ব্যাপারেই ওর সাহায্য না হলে চলত না, আর কোন বিচার বা কমিশন নিয়োগের ব্যাপারে ওরা বলত, আনাতোলি পেরোভিচই হল উপযুক্ত লোক। ব্যাপারটার একেবারে গোড়া পর্যস্ত গিয়ে তিনি বিষয়টির ঠিক মীমাংসা করে দেবেন।

আর তার অবিসংবাদিত সততার জন্যও লোকে তার প্রতি আকৃষ্ট হত। কোন অন্যায়কারী এলে বলে দিত স্পষ্টই—তুমি অন্যায় করেছ—তোমার পক্ষ আমি নিতে পারব না।

তার চেয়ে অনেক বড় এমনি পাকামাথা বৃদ্ধও তার কাছে পরামর্শ চাইতে আসত। নানারকম বহু লোককে বলতে শুনেছি, আনাতোলি পেয়োভিচ্ বিবেকের সঙ্গে কখনও ছলনা করে না। কিন্তু তা সত্ত্বেও তার কোনদিন গর্ব ছিল না। বিনরই ছিল তার অলম্বার।

ষে কোন ব্যাপারে ওর পরামর্শ চাইলে সঠিক জ্বাব পাওয়া বেত। পড়াশোনাও

ছিল তার প্রচুর আর পরিজ্কার করে তা বোঝানর ক্ষমতাও তার ছিল। সাধারণ পাঠাগারে বসে খবরের কাগজ পড়ে কৃষকদের শোনানো, দেখের নানা ঘটনাবলীর ব্যাখ্যা করা, গৃহ্যুদ্ধের ঘটনা, লেনিনের কথা ইত্যাদি নিয়ে আলোচনা করার সময় জয়া বসে বসে শ্নত। শ্রোতারা আনাতোলি পেরোভিচ্কে প্রশ্নের জালায় বাস্ত করে তুলত।

"আনাতোলি পেরোভিচ্, তুমি যা সব বলছ, শ্বনতে বেশ লাগল। ইলেকট্রিসিটির কথা তো বেশ, কিন্তু ট্রাকটরের কথা আরও ভাল। এতবড় একটা যস্ত্র আমাদের ছোট ছোট জমিতে কি করে ঘুরবে ফিরবে বল দেখি, ভাল কথা এমন কোন মেশিন কি সাতি।ই আছে যা দিয়ে ফসল কাটা, ঝাড়া, থালতে বোঝাই করা যায় ?"

একদিন জয়। আমাকে জিজ্ঞাস। করল, ''আচ্ছা মা, বাবাকে সবাই এত ভালোবাসে কেন ?''

"তুমি বল দেখি:?"

ও চুপ করে রইল, কিন্তু সন্ধায়ে যখন ওকে বিছানায় শৃইয়ে দিতে গেলাম, আমার কানে কানে বলল, "বাবা যে খুব চালাক, সব জানে, আর খুব দয়াল;...।"

তুনিয়া দেখা

জয়া তখন ছয় বছরের—আমি ও আমার শামী ঠিক করলাম সাইবেরিয়ার যাব। "পূথিবীটা একটু দেখার জন্য", আনাতোলি পেনোভিচ বলল।

গাড়ী করে স্টেশনে যেতে ছেলেমেরেদের কি উৎসাহ। ছীবনে প্রথম রেলগাড়ী চড়ে তার জানালায় বসে দেখা। বাড়ীঘর, মাঠ, গরুর পাল, গাছপালা সবাই ছুটে চলেছে পিছন দিকে। বনজঙ্গল নদীনালা আর তারপর বিস্তীর্ণ স্তেপভূমি চারদিকে ছড়িরে পাক খেতে খেতে ধাওয়। করেছে। আর গাড়ীর মেকের নীচে চাকার অবিপ্রান্ত ঘর্ষর শব্দ—বেন প্রমণ ও দুঃসাহসিক অভিযানের গান গেরে চলেছে উদ্দামভাবে।

সাইবেরিয়া পৌছতে আমাদের লেগেছিল সাত দিন, আর এই সাতদিনের ভিতর এক মুহ্তের জনাও ছেলেমেয়েদের প্রশের বিরাম ছিল না। "এটা কি ? ওটা কি ? ওটা কেন হল? ওটা কি জনা, কেন এমন হল, কি করে হল?" এইসব। সাধারণতঃ লোকে রাস্তায় বেশ ঘুমোয়, কিন্তু ছেলেমেয়ের মন ভরপুর ছিল যা কিছু দেখেছে ও দেখছে তাই দিয়ে; দিনের বেলায় ওদের ঘুমপাড়ানো একরকম অসম্ভব ছিল। শ্রো রাত্রে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়ত, কিন্তু জয়াকে জানালায় কাছ থেকে টেনে আনাই যেত না, জানালা বখন গভার নীল হয়ে উঠত রাত্রির অন্ধনের, কেবলমাত্র ডখনই নিতাশত অনিজ্ঞাসত্তেও জয়া উঠে আসত। "আর কিছ্ছেদেখা যাছে না, খালি আলোগুলো…" বলে শ্রেম পড়ত।

সাতদিনের দিন রেনিসি অপ্তলে কান্সক্ শহরে পৌছলাম। রাস্তার একতলা বাড়ীগুলো এমন কি রাস্তাগুলোও সব কাঠের তৈরী। ছেলেমেরেদের একটা হোটেলে রেখে আমরা দুজন বেরোলাম শিক্ষাদপ্তরের উদ্দেশ্যে। সেখানে গিয়ে আমরা চাইলাম এমন গ্রামে থেতে যেখানে আমরা দুজনেই একই স্কলে পড়াতে পারব। সিংকিনো গ্রামে কাজ পেয়ে গেলাম, আমরা ঠিক করলাম আর দেরী না করে আজই বেরিয়ে পড়া যাক্। হোটেলে ফিরে এসে দেখি শ্রো তার ইণ্টকাঠ নিয়ে বাড়ী বানাবার কাজে ব্যস্ত। জিজেস করলাম—''জয়া কোথায়?''

''জয়া আমাকে বলল—এখানে বস, আমি বাজার থেকে মোম কিনে আনি। এখানে সবাই মোম খায় কিনা তাই।'' আমি তো উধ্বশ্বাসে দৌড়ে রাস্তায় বেরিয়ে এলাম। ছোট্ট শহর, বন থেকে রশিটাক দ্বের হবে—আচ্ছা জয়া যদি ঘুরতে ঘুরতে বনের মধ্যে চলে গিয়ে থাকে তাহলে কি হবে ?

আনাতোলি আর আমি একেবারে হতবুদ্ধি হয়ে রাস্তায় রাস্তায় ঘ্রতে লাগলাম। সবাইকে আমি জিজ্ঞেস করছি, বাজারে গিয়ে থেঁজে করলাম কিন্তু জয়ার কোন সন্ধান নেই।

শেষে আনাতোলি আমাকে বলল, "তুমি হোটেলে ফিরে গিরে আমার জন্য অপেক্ষা কোরা, শুরার উপর নজর রেখা, আমি ততক্ষণ সেনাদপ্তর থেকে খেণজ নিয়ে আসি।" আমি হোটেলে ফিরে শুরাকে কোলে নিয়ে আবার রাস্তায় বেরিয়ে এলাম, ঘরে বসে অপেক্ষা করা আমার সাধ্য ছিল না। এদিক সেদিক চেয়ে আধঘন্টার উপর আমার কাটিয়ে দিলাম, এমন সময় শুরা হঠাৎ চেঁচিয়ে উঠল—"ঐ যে বাবা আসছে জয়াকে নিয়ে।"

আমি দৌড়ে জয়াকে দেখতে গেলাম। বেচারার মুখটা লাল হয়ে গিয়েছে, একট্ব ভয়ও পেয়েছে, আর অপ্রস্তৃত হয়ে পড়েছে, হাতে তার একটা মোমের ডেলা।

যেন একট্ আগে বেরিয়ে গিয়েছে এমনি গলার সুরে সে বলল, ''এই যে মোম, খেতে মোটেই ভাল না।''

জানা গেল, ও বাজারে গিয়ে মাম কিনে ফেরার সময় দেখল যে রাস্তা ভূলে গিয়েছে। কিন্তু কি করে জিজেস করবে তাতো জানে না। পথভূলে চলতে চলতে ও প্রায় বনের কাছে চলে গিয়েছিল আর কি! এমন সময় একজন পথিক (জয়ার ভাষায়—শাল গায়ে মগত একজন মহিলা) ওকে দেখতে পেয়ে হাত ধরে সেনাদপ্তরে জমা দিয়ে আসে, সেখান থেকেই আনাতোলি পেয়েছিচ্ ওকে নিয়ে আসে। সেখানে মান্যগণ্য অতিথির মত টেবিলে বসে চা খেতে খেতে বেশ গছারভাবে জয়া সব প্রশের জবাব দিছিল, তার নাম কি, কোখেকে, কার সঙ্গে এসেছে, বাবার নাম কি, মার নাম কি, ভাইয়ের নাম কি? ভাইয়ের কথা উঠতেই জয়া তক্ষ্নি বলে উঠল, তার ভাই খ্ব ছোট্ট, ওর কাছে এক্ষ্নি বাওয়া দর্মকরে।

আমি একটু বকলাম—"কি করে তুমি শ্রোকে একলা রেখে গোলে, তুমি এতবড় হয়েছে, তোমার উপর নিভ'র করেছিলাম আমরা।" জরু। বাবার পাশে দাঁড়িয়ে একবার তার বাবার আর একবার আমার দিকে তাকিয়ে বলল—"ভেবেছিলাম তক্ষুনি ফিরে আসব। মনে করেছিলাম আঙ্গেন বনের মত সব কিছুই বুঝি এখানে খু'জে পাব। রাগ করবার কোন কারণ নেই—আমি আর কখনো করবো না।"

আনাতোলি হাসি চেপে বললে—"বেশ, প্রথমবার বলে এবার তোমাকে মাপ করা গেল, না বলে আর কখনও চলে যেও না, দেখছ না তোমার মা কিরকম ভর পেয়েছেন ?"

সাইবেরিয়ায়

সিংকিনোর আমাদের বাড়ীটা বেশ চওড়া ও বেশ থরস্রোতা একটা নদীর উণ্চু পাড়ের উপর। নদীর দিকে তাকালে মাথা ঘ্রতে থাকে, মনে হর জলের স্লোতে ভেসে চলেছি দ্রে, বহুদ্রে। করেক পা এগোলেই বন, আর সে বনই বা কি রকম। মন্ত লম্বা লম্বা সিডার গাছের সারি, পিঠ বেঁকিয়ে ঘাড় উণ্চ্র করেও তাদের মাথা দেখা যার না; ঘন ঝোপওয়ালা ফার, স্প্রস্থ এবং লাচ গাছ এত ঘন সন্নিবিষ্ট বে তলাটা গুহার মত রহস্যময় অম্বকারে ঢাকা। চারদিকে অন্ত্রত নিস্তর্জতা, সে ম্তর্জতা ভেঙে পায়ের তলায় মচমচ শব্দে হয়ত একট্ক্লেরে জন্য একটা-দ্টো পাখী সচকিত হয়ে ডেকে উঠবে—তারপরই আবার সেই সীমাহীন মায়াপুরীর প্রগাঢ় সুপ্তি।

বনে বেড়ানোর প্রথম দিনটির কথা বেশ মনে আছে। আমরা চারজনে চলতে চলতে একটা ঘন ঝোপের কাছে এলাম। শ্রা একটা প্রকাণ্ড ঘন দেবদারূ গাছের কাছে দাঁড়িয়ে, আমরা একট্র এগিয়ে ওকে ডাকলাম, সাড়া দিল না। আমরা ঘ্রের দেখি ও তখনও সেই বিরাট গাছটির তলায় চোখ দ্বটি বিস্ফারিত করে দাঁড়িয়ে আছে, একেবারে একলা; যেন বনের মর্মর্মধর্নি শ্নছ। বনের মায়া ওকে অভিভূত করেছে। এর আগে তো ও কোনদিন এতগুলো গাছ এক সঙ্গে দেখেনি, আস্পেন বনের গাছগ্রলো তো ওর আগুলে গোণা যেত। সেদিন ওকে ফিরিয়ে আনলাম বটে, কিস্তু এর পর যখনই আমরা বনে গিয়েছি, ও খ্ব শান্তশিষ্ট হয়ে দুপ করে থাকত, বন ওকে মন্ত্রম্ক করেছিল। সে রাত্রে ঘ্রমাতে বাবার আগে জানালার ভিতর দিয়ে বনের দিকে চেয়ে রইল একদৃন্টে,—ওর বাবা বলকেন—"কি ব্যাপার শ্রো ঘ্রমাতে বাচছ না কেন ?"

শ্রা বিড়বিড় করে বলল—''বনের কাছ থেকে বিদায় নিচ্ছি যে।" জয়াও বনকে ভালবেসে ফেলল। বনের মধ্যে বেড়ানো, খেলা করা ওর সব- থেকে ভাল লাগত। একটা ঝুড়ি নিয়ে সি'ড়ি দিয়ে লাফাতে লাফাতে ও জাম কুড়োতে যেত।

আমি বলে দিতাম—''বেশী দ্র যেও না যেন, সবাই কি বলেছে শ্নেছো তো? বনে বাঘ ভালুক আছে।'' সতিটেই বনে জাম কুড়োতে যাওয়া মোটেই নিরাপদ নয়, ঝোপেঝাড়ে ধারালো গাঁওওয়ালা ভাল্কের দেখা পাওয়াটা মোটেই আশ্চর্য নয়। তবে মিণ্টি আর রসালো জামের লোভে লোকেরা দল বেঁধে বনে যেত, তাদের কারো হাতে থাকত একআখটা বন্দুক, যদিইবা ভাল্কবাবাজী অথবা বাঘভায়ার সঙ্গে মোলাকাত হয়ে যায়। সাইবোঁরয়ার লোকেরা আমলকী, চেরী, ব্যাঙের ছাতা—এইসব কুড়িয়ে সারা শীতকালের জন্য জমিয়ে রাখত, জয়াও ওদের সঙ্গে ফরত তার ঝুড়িটা ভাঁত করে।

আবার দুজনে মিলে নদীতে যেত জল আনতে, তাতেও ওদের প্রচণ্ড উৎসাহ। বেশ স্বচ্ছন্দভাবে জয়। তার কলসী জলে ভরে নিয়ে দুতে বয়ে যাওয়া চেউগুলোর দিকে তাকিয়ে থাকত, বাড়ী ফিরে পরেও হয়ত জানাল। দিয়ে চেয়ে থাকত ঐ নদীর দিকে।

আনাতোলি পেরোভিচ্ একবার জয়াকে সাতার শেখাতে মনস্থ করে সঙ্গে করে নিয়ে গেলেন নদীতে। তীর থেকে বেশ অনেকটা সঙ্গে করে জয়াকে নিয়ে তিনি হঠাৎ তাকে ছেড়ে দিলেন। জয়া ভূবে গেল, আবার উপরে ভেসে উঠল—তারপর আবার ড্রে গেল...

তীরে দাঁড়িরে আমার তো নিশ্বাস বন্ধ হবার জোগাড়। আনাতোলি পেরোভিচ্
সতিরকারের ভাল সাঁতারু, তিনি ওর পাশে পাশে আছেন, কাজেই জয়ার ছুবে যাওয়ার
ভয় নেই, একথাও খব সতিয়। তবু ওকে নিশ্বাস নেবার জন্য প্রাণপণ চেন্টা করতে,
বারে বারে ছুবতে দেখে খব ভয় করছিল বইকি! কিন্তু আমার বেশ মনে আছে ও
একবারও কাঁদেনি, হাত পা ছুবড়, জল ছিটিয়ে প্রাণপণ চেন্টা করে চলেছিল। শেষকালে ওর বাবা ওকে ধরে ভালায় নিয়ে এলেন। বেশ জোর দিয়েই তিনি বললেন—
"লক্ষ্মী মেয়ে আর বার দু'য়েক চেন্টা করলেই শিথে ফেলবে।"

ওর গা মুছিরে দিতে দিতে বললাম—"ভর পেরেছিলে ?" ও দ্বীকার করল। ওর বাবা দ্বত্বীম করে জিজ্ঞাসা করলেন—"আবার যাবে নাকি ?" জয়া বেশ দৃঢ়ভার সঙ্গে বলল—"চল!"

সাইবেরিয়ায় শীত এল। নদী জমে বরফ, তুষারের তাপমাত্রা শ্নোর নীচে ৫৭° ডিগ্রী সেন্টিপ্রেড, কিন্তু ঝড়বাতাস না থাকায় ছেলেমেয়ের। বেশ সহজেই শীত সহা করে নিল। প্রথমদিন তুষার-মানব বানিয়ে তাদের সেকি ফ্রতি! বরফের বল তৈরী করে খেলায় ওদের ক্লান্তি নেই—কি সুন্দর গড়াগড়ি দিচ্ছিল ওরা বাড়ীর চারদিকে জমে ওঠা তুলোর মত নরম বরফের উপরে; একবার ওরা জয়ার চেয়েও বঁড় একটা তুষার-মানব তৈরী করল। ওদের খাবার জন্য ডেকেও সাড়া পাওয়া গেল না, অবশেষে উত্তেজনায় টকটকে লাল গাল নিয়ে ওরা এসে একেবারে বুভূক্ষুর মত পরিজ, দুধ আর রুটির উপর ঝাপিয়ে পড়ল।

ছেলেমেয়েকে আমরা সাইবেরিয়াবাসীদের মত বরফের জুতো কিনে দিয়েছিলাম। আনাতোলি পেরোভিচ একটা সূন্দর স্লেজগাড়ী বানিয়ে দিল। জয়া আর শুরা তো একেবারে বেপরোয়া বেগে চালিয়ে দিত পাহাড় বেয়ে নীচের দিকে; ঘণ্টার পর ঘণ্টা এই করত। এই দেখি জয়া বসেছে শুরা টানছে, এই দেখি দুজনে মিলে বসেছে, জয়া সামনে আর শুরা পিছন থেকে ওর লাল দস্তানাপরা মোটা মোটা হাত দুখানা দিয়ে জয়ার গলাটা জড়িয়ে ধরে আছে।

আমি আর আমার স্থামী সারাদিন ব্যস্ত থাকতাম। সকাল বেলা বেরুবার সময় জয়াকে বলে বেতাম, "ভূলো না যেন উনুনের উপর পরিজ আর বাটীতে দুধ আছে। শুরা যেন ভালভাবে চলে দেখো—ও যেন টেবিলের উপর চড়ে বসে না, তাহলে পড়ে গিয়ে কাঁদতে শুরু করবে। লক্ষী হয়ে থেকো, দুজনে মিলে খেলা করো, ঝগড়া কোরো না যেন।"

সন্ধ্যাবেলার আমর। ফিরে এলে জয়। আমাদের অভ্যর্থনা করত—"মা সব ঠিক আছে—আমরা খুব লক্ষ্মী হয়ে ছিলাম।"

ঘরের জিনিষপত্র সব ওলোট পালোট, কিন্তু বাচ্চাদের মুখগুলো এমন হাসিহাসি, আর তারা এত খুশী ষে তাদের বকতে মন চায় না। দেখা গেল চেয়ার টেবিল উপর উপর সাজিয়ে একটা দোতলা বাড়ী করে তাকে আবার কম্বল দিয়ে ঢাকা দেওয়া হয়েছে। যেখানে যে জিনিষটা থাকবার কথা নয় সেখানেই সেটিকে পাওয়া যাচছে। আমি তো আর একটু হলেই আমার শ্বামীর দাড়ি কামাবার আয়নাখানা মাড়িয়ে ফেলেছিলাম, পর মুহ্তেই অবিশ্যি তিনি হুমাড় খেয়ে পড়লেন একটা ওল্টানো সস্প্যানের উপর। ঘরের মাঝখানে যত সব কাপ আর প্লেটের সঙ্গে করে রাখা হয়েছে ওদের সব খেলনাপত্র। কি নেই তাতে! একটা টিনের সেপাই, চাকাওয়ালা ঘোড়া, তার আবার কেশরগুলো উপড়নো, একটা একঠেঙে পুতৃল, কাগজপত্র, চুলের ফিতে, কাঠের টুকরো।

জয়া খবর দিল, "আজকে আমরা কিন্তু কিছু ভাঙিনি, অবিশ্যি শুরা মানিয়ার দ্ই গালেই অ'।চড়ে দিয়েছে। ও একট্ কেঁদেছিল, তবে আমি তাকে খানিকটা জাম দিলে থেমে যায়। মাগো, শুরাকে বলে দাওনা যেন আমাদের সঙ্গে ঝগড়া না করে, তাহলে ওর সঙ্গে আর থেলব না আমরা।"

শুরা সতি।ই একটি ক্ষুদে ভাকাত হয়ে উঠছিল, ও অপরাধীর মত আমার দিকে তাকাল, অপরাধীভাবে বলল— "আমি আর করব না, আমি ইচ্ছে করে অণচড়াইনি।" গনগনে আগুনের ধারে গোল হয়ে বসে সংশ্লাবেলাটা বেশ আনন্দের সঙ্গেই কার্টিয়ে দিতাম । বেশ ভালভাবেই কার্টত সময়টা। তবে আমাদের, বিশেষ করে আনাভোলি পেরোভিচের প্রায়ই কাজ থাকত হাতে, ছেলেমেয়েদের দিকে পুরোপুরি মন দেবার সময় বিশেষ থাকত না। গুরা বেশ ছোটবেলা থেবেই কাজ কথাটার মানে বুঝতে শিখল। "চুপ্ চুপ্…মা যে কাজ করছে…চুপ্—বাবা কাজ করছে যে!" তার মানে ঝগড়া, মারামারি, শব্দ করা সব বন্ধ! হয়ত বা হামাগুড়ি দিয়ে টেবিলের তলায় বসে চুপচাপ খেলা করতে লাগল—নিঃশব্দে কেটে গেল ঘণ্টার পর ঘণ্টা! একবার সলোভিয়ায়াতে তুষারবাভিট হয়েছিল—নিঃশব্দে বাড়ির পাশে বেড়ে ওঠা ঝাউগাছের পাতায় পাতায় হু হু শব্দে বাতাস বয়ে গিয়েছিল। চিমনির ভিতর দিয়ে সেই কর্ণ বিষাদের সুর ভেসে আসছিল, সেখানে অবশ্য আমিছিলাম একলা, এখানে ঐতো আনাতোলি পেরোভিচ্ব বসে ছার্টদের খাতা দেখছে, বাচ্চায়া ফিস্ফিস্ক করে কথা বলছে আমাদের আশেপাশে। সভিয় বেশ সুখে আছি আমরা।

অনেক বছর পরেও, ছেলেমেয়ে যখন দ্পুলে পড়ে তখনও সেই দ্র সাইবেরিয়ার প্রামের কথা ওরা বলত। সিংকিনোতে যখন ছিলাম আমরা তখন শ্রা বেশ ছোট, মোটে ৪ই বছরের ছিল। সেই সম্যের কথা ওর ভাবতে ভাল লাগলেও ওর স্মৃতিতে সব এলোমেলো হয়ে গিয়েছিল। জয়ার কিস্তু বেশ স্পত্ট মনে ছিল সেই মধুর সক্ষাণ্লা।

আমার হাতের কাজ শেষ করে, হয়ত বা সরিয়ে রেখে ছেলেমেয়ের কাছে সরে গিয়ে ওদের নিয়ে একট্ গশ্প করতাম। ওদের তথন ঘ্মোবার সময় হয়েছে, ওরা আনন্দে উৎফুল্ল হয়ে উঠত। ওরা বলত, ''একটা গশ্প বল না…''

''আর কি গশপ বলব, তোমরা তো সবই জান !"

"তাতে কি হল ? আবারও বল !"

তথন শুরু হত আমাদের গশ্প—ধ্সর ভালুক, রাজপ্ত ইভান, বোন আলিউসকা, আর ভাই ইভানুস্কা—আরও সব শীতের সন্ধ্যায় একে একে এসে ভীড় জমাত আমাদের সামনে। ওদের স্বচেয়ে মনের মত ছিল সুন্দরী ভাসি-লিসার কাহিনী—

"অনেক…অনেক দিন আগে"…কতবার যে বলা হল তার লেখাজোখা নেই, তবুও আরম্ভ করলে জয়া আর শুরা এমনভাবে শুনত যেন এই সবে প্রথম বার শ্নছে।

কখনও বা আনাতোলি পেরোভিচ্ কাজটাজ ফেলে রেখে এসে আমাদের সঙ্গে যোগ দিত। তাঁর গপ্প ওরা বিশেষ আগ্রহ করে শ্নত। এ ব্যাপারটা ঘটত খুব কদাচিৎ, আর নিভান্ত অপ্রত্যাশিতভাবে। ওরা হয়ত আমাদের কথা একেবারে ভূলে গিয়ে নিজেদের ব্যাপারে মশগুল—হঠাৎ আনাতোলি বইটই সব সরিয়ে রেখে আগুনের পাশে নীচু বেণ্টটার উপর বসে এক হাঁটুর উপর জয়াকে, আর এক হাঁটুর উপর শ্রাকে রেখে শ্রু করল, "আর তখন কি হয়েছিল জান ?…" বাচ্চাদের মুখগুলো অজ্ঞানার আশার উজ্জল হয়ে উঠত। না জানি

বাবা আজ কি গম্পই বলবেন !

একবারের কথা মনে পড়ে। বসস্তকালের বন্যার কথা বাচ্চারা জ্ঞানে, ওরা অনেক শ্রেনছে। এদিকে বন্যা মানে বাড়ীখর, গরুবাছুর ভাসিরে গ্রামকে গ্রাম ছবিরে দের। একেবারে খেলার কথা নয়, এখানে ন্তন এলেও আমরা শ্রেনছি। এসব শ্রেন শ্রুরা জয়াকে একদিন জিজ্ঞাস করল—"আমরা তাহলে কি করব ?"

''একটা নোকো নিয়ে আমর। তাতে চড়ে বেড়াব আর না হয়ত পাহাড়ে চলে বাব।"

মিনিটথানেক ধরে কি ভেবে জয়। বল্লল—"জল এসে আমাদের স্বাইকে জাসিয়ে নিয়ে যাবে, আচ্ছা শ্রে। তোর ভয় করছে না ?"

"তোর ?"

"মোটেই না।"

''তাহলে আমারও করছে না—"

শ্বরা দাঁড়িয়ে উঠে বাবার মতন করে পারচারী করতে করতে বলল—''আসুক না বন্যা, আমি কি তাতে ভর পাই! আমার কিছুতেই ভয় করে না।"

আর ঠিক এই সময়ই আনাতোলি পেরোভিচ্ তাঁর প্রভাবসিদ্ধ সুরে বললেন
—"জান একবার কি হয়েছিল? কতকগুলো চড়ই একটা গাছের ভালে বসে
খুব চেঁচামেচি করে আলোচনা করছিল—বনের কোন্ জুক্তু সব খেকে
বিপজ্জনক...

ল্যাঞ্জকাটা এক চড়ুই বল'ল, 'বাদামী বেড়াল হল সব থেকে বিপজ্জনক।' কারণ গত শরৎকালে ঐ বেড়ালটা ওকে প্রায় ধরে ফেলেছিল আর কি। ও অবশাই উড়ে পালিয়ে আসে। তবে বেচারার লেজটি থোওরা বায়।

'ছোট ছেলেগুলো আরও দুণ্ট্। ওরা আমাদের বাসা ভেঙে গুল্তি মেরে আন্হর করে তোলে'—বলে আর এক চড়্ই।...আবার আর একটি বল্লে—'ছোট ছেলেদের কাছ থেকে তো ইচ্ছে করলেই পালিয়ে যাওয়া যায়, কিন্তু কালো চিল... তার কথা ভেবেছ কি? যেথানেই যাও না কেন তার হাত থেকে নিন্তার নেই কিছুতেই।'

আর ঠিক সে-সময়—একটা হল্দে ঠোটওয়ালা ছোটু বাচ্চা চড়্ই বলল— (আনাতোলি পেরোভিচ্ বেশ নীচু গলায় বলতে লাগলেন)—'আমি কিছুতেই ভয় পাই না, কারোকেই ভরাই না—হোক্ না সে বেড়াল, না হয় বাচ্চা ছেলে— হোল বা কালো চিল, আমি স্বাইকে ধ্রে খেয়ে ফেলব।'

ও তো বলছিল বেশ জোরেই—ঠিক এমনি সময় একটা মন্ত বড় পাখী ঐ গাছের ডালের উপর দিয়ে উড়তে উড়তে বেশ জোরেই ডেকে উঠল। আর বায় কোথার, চড়্ইদের তো ভয়ে প্রাণ উড়ে গেল। কেউ বা জোরসে উড়ে পালাল, কেউ বা পাতার আড়ালে লক্ষাল, আর সেই ছোটু বীরপ্রের্থ চড়্ইটা হতব্দ্ধি হয়ে গাছের ডাল থেকে লাফিরে পড়ে ঘাসের উপর দিয়ে লাফাতে লাগল, আর

সেই বড় পাখীটা ঠোঁট খাড়া করে তীরবেগে নেমে আসতে লাগল ওকে ধরবার জন্য—সে বেচারা এমন ছুটতে লাগল বে ভয়েভরে শেষে এক ই পুরের গর্তে গিরে চুকে দম নিল খানিকক্ষণ। আর সেই গর্তে এক বুড়ো মেঠো ই পুর কুকুরকুঞ্জী পাকিরে শ্রের ঘুমোচ্ছিল, চড়াইটা আরও ভর পেয়ে গেল, কিন্তু কি ভাবল জান? 'আমি বিদ ওকে আগে না খাই তাহলে ওই আমাকে খেয়ে ফেলবে' এই না ভেবে দিল ই পুরের নাকে এক খেণচা। বেচারা ই পুর তো অবাকৃ, সে অনেক কভেট তার একচোখ খুলে জিল্জাসা করল—'কি ব্যাপার! আরে আরে তুমি…' (আনাতোলি এইসময় চোখ কু চকে, হাই তুলে বেশ ভারী মোটা গলায় বলতে লাগলেন) 'ক্ষিধে পেয়েছে বৃঝি! এই যে এক কামড় দানা খাও!'

বেচারা চড়্ই তো ভরে লজ্জার জড়সড় হরে বলে ফেলল—'কালে৷ চিল আমার থেরে ফেলতে চার যে!'

ই'দুর বলল—'আবার সেই হতভাগা এসেছে বৃঝি—চল তো তার সঙ্গে দুটো কথা বলে আসি ।'

"মেঠো ইশ্বর গর্ডের বাইরে বেরিরের আসতে লাগল, আর বাচন চড়্ই লাফাতে লাফাতে আসতে লাগল ইশ্বরের পিছনে। ওর তো খুব ভর, দ্বঃখ আর বিরন্ধি হতে লাগল, কি জন্য তাহলে ও এত বড়াই করেছিল? মেঠো ইশ্বর গর্ডের বাইরে এলে ক্ষ্পে চড়্ই মহাভয়ে আন্তে আতেও ওর পিছন থেকে উর্ণক মেরে দেখে কি—একটা মন্ত বড় কালো পাখী ওকে ভর দেখাচ্ছে—ও তো ভয়ে একেবারে কেঁপে উঠল—এইবার ধরে আর কি? কিন্তু যেই না পাখীটা ডেকে উঠল—আর সব চড়্ইরা হেসে গড়িয়ে পড়ল, কারণ ওতো চিল নয় মোটেই, ও হল…"

জন্না আর শুরা একসঙ্গে চেঁচিয়ে উঠল—"কাকখুড়ী"

"কাক তো বটেই—এবার ই'দ্রমশাই বলল ক্ষুদে চড়্ইকে—'ভোমার বড়াই-এর জন্য কিছু শান্তি পাওয়া দরকার। যাকগে ছাই আমার বেজায় শীত করছে। কিছু শস্যকণা আর আমার লোমের কোটটা এনে দাও দেখি।'

ই'দ্রেমশাই কোট পরে শিস দিতে দিতে ঘরে গিয়ে ঢ্কলেন, খালি বেচারা চড়্ইথোকার মনে সোয়াস্তি নেই, লজ্জায় সে বেচারা সবচেয়ে ঘন ঝোপের ভিতর ঢ্কে পড়ল।"

আনাতোলি পেরোভিচ্ একট্র থেমে বলল—"আমার কথাটি ফুরুলো—আছে৷ এবার দ্বধ থেরে লক্ষী হরে ঘুমোতে যাও দেখি!"

শ্রা দ্বরুমির হাসি হেসে বলল—"গম্পটা কি আমার নিয়ে ?" বাবা হাসি চেপে বললেন—শগম্পটা একটা চড়াইকে নিয়ে।"

অনেকদিন পরে আলেক্সি টলস্টয়-এর বই পড়তে পড়তে আমি গম্পটা পাই। আনাতোলি পেরোভিচ্ বোধহর ছোটদের কোন মাসিকপত্র থেকে গম্পটা পড়ে মনে রেখেছিল।

অবিশারণীয় অভিজ্ঞতা

একদিন জয়া বলল—"আছে। মা, বার্মাকিনদের এত বড় বাড়ী, এত ভেড়া আর এত বোড়া আছে। একজনের এতসব থাকবে কেন? আর রুদ্ধেনগুভদের এত ছেলেমেয়ে—ঠাকুরদা, ঠাকুরমা সব নিয়ে একটা ভাঙা কু'ড়েঘরে থাকে,কেন? ওদের কেন একটাও ঘোড়া, একটাও ভেড়া নেই?"

জয়ার সঙ্গে দারিদ্রা আর ঐশ্বর্য, ন্যায় আর অন্যায় নিয়ে সেই আমার প্রথম আলোচনা। ছয় বছরের মেয়েকে এসব কথা বোঝানো বেশ শক্ত, কারণ এই প্রশের উত্তরে বেসব কথা বলতে হবে তার অনেকগুলোর মানে ওর পক্ষে বোঝা সম্ভব নয়। কিন্তু ঘটনাচকে আমরা শীঘ্রই সেই প্রশের অবতারণা করতে বাধ্য হলাম।

১৯২৯ সালে আমাদের জেলার সাতজন কমিউনিস্টকে কুলাকরা মেরে ফেলে। সিংকিনো গ্রামেও থবরটা শীগ্গিরই ছড়িয়ে পড়ল। মৃতদেহ সাতটা যথন নিয়ে যাওয়া হচ্ছিল আমি তখন আমাদের বাড়ির সামনের দরজায় দাঁড়িয়ে ছিলাম। কফিনগুলোর পিছনে আসছিল রুদ্রগদ্ধীর বিপ্রবী শোক-সঙ্গীতের সূর বাজিয়ে ব্যাওপাটি'। তাদের পিছনে এল রাগ এবং দৃঃথে জর্জন্ব বন্যার স্লোতের মত গ্রাম-বাসীর দল।

জানালার দিকে তাকিয়ে আমার নজরে পড়ল জয়ার ভীতিবিহ্বুল, বিবর্ণ মুখের চেহারা। মুহুর্ত পরেই সে দৌড়ে আমার পাশে এসে আমাকে অণকড়ে ধরে অনেকক্ষণ ঐ শোক্ষান্তার দিকে তাকিয়ে রইল।

"কেন ওদের মেরে ফেলল? কুলাক কাদের বলে? তুমিও কি কমিউনিস্ট, বাবাও কি কমিউনিস্ট? ওরা কি ভোমাদেরও মেরে ফেলবে? যারা ওদের মেরেছে ধবা পড়েছে কি?"

জরা আর শুরা দুজনেই প্রশ্নের পর প্রশ্নে আমাদের ব্যতিবাস্ত করে তুলল। সাতজন কমিউনিস্টের মৃতদেহ আমাদের মনে দৃঢ় ছাপ রেখে গেল।

আরও একটা অবিস্মরণীয় ঘটনা মনে পড়ছে।

গ্রামের ক্লাবে প্রায়ই ছবি দেখানো হত। শুরা আর জয়াকে নিয়ে আমি দেখানে থেতাম, কিন্তু আমাদের আকর্ষণ ছিল ছবি ছাড়া অন্য কিছু। সভাষর লোকে ভাত হয়ে গেলেই যে কোন একজন সাইবেরিয় টানে অ-টাকে জোর দিয়ে বলে উঠবে, "একটা গান হ-অ-কৃ।" আর অমনি ক্য়েকজনের গলা শোনা যাবে এক-সঙ্গে "শুর কর"।

আর কি চমংকার সেই গান! পুরোনে। সাইবেরিয় গ্রাম্যসংগীত, গৃহযুদ্ধের ঘটনাবলী নিয়ে গাঁথা গান, যেন মৃ্ত হয়ে উঠত। গভীর নিখাদ স্রের সঙ্গে উ'চু সুরের গলা মিলে অপ্র্ব ঐকতানের সৃষ্টি করভ, সে সুরলহরী গ্রোভাকে অভিভূত করে তার চোখে এনে দিত আনন্দের, সহান্ভূতির অগ্রু।

জয়। আর শ্রোও গানে যোগ দিত। বিশেষ করে একটা গান আমার খুব ভাল

লাগত। সবটা মনে না থাকলেও শেষ চার লাইন আমার স্মৃতিতে গাঁথা হয়ে। থাকবে...

"অবসান হ'ল নিশি…শাস্ত সমীরণ বহে ধীরে বসস্তের আগমনী বারতা নিয়ে। নির্মল, সৃর্যকরে।জ্জল প্রভাতে শাস্তি সেনানী রহে মৃত্যু প্রতীক্ষায়…" পুরুষ কণ্ঠের গভীর গুজন শোনা যায়… ''নির্মল সৃর্যকরে।জ্জল প্রভাতে শাস্তি সেনানী রহে মৃত্যু প্রতীক্ষায়।"

প্রথম বিদায়

একটা বছর কেটে গেল। এবারের বসন্তে বন্যা হয়নি, ছেলেমেয়ের। শানুনল বে ওদের পালিয়ে পাহাড়ে গিয়ে আশ্রয় নিতে হবে না। শানে ওরা নিরাশ হল। কারণ মনে মনে ওরা খুবই আশা করেছিল, নদীর দুইকৃল ছাপিয়ে জল উঠবে, আর ওরা ছোট্ট একটা নৌকে। করে পাহাড়ের দিকে ছুটবে কিংবা অসম্ভবের অভিযানে বেরোবে।

পৃথিবী আবার সবুজরঙে সাজল, সবুজ ঘাসের উপর রঙীন ফুলের অপরুপ সমারোহ শুরু হল। সে মাসে দাদা আর দিদির কাছ থেকে চিঠি পেলাম, তারা মস্কো থেকে লিখেছেন—"তুমি এখানে এস। এখনকার মত আমাদের সঙ্গে থেকে তুমি মস্কোতে কাজ আর থাকবার জায়গা ছুটিয়ে নিতে পারবে। তোমার জন্য আমাদের বড় মন কেমন করে, তোমাকে আমরা আসবার জন্য সাদর আমন্ত্রণ জানাছিছ।"

আমরাও আত্মীরশঞ্চনকে দেখবার জন্য, আমাদের নিজের এলাকার ফিরে যাবার জন্য বাস্ত হয়ে পড়েছিলাম! তাই স্কুলের টার্ম শেষ হতে হতেই আমরা সাইবেরিয়া ছাড়লাম। আমরা ঠিক করলাম ছেলেমেরের। কিছুদিনের জন্য আস্পেন বনে গিয়ে দিদিনা দাদামশারের সঙ্গে কাটিয়ে আসবে।

আবার আমরা সর্বেক্ষেতের ধারে চ্ওড়া রাস্তার এসে দাঁড়ালাম। গ্রামের পাশের বাঁড়িগুলো, বাগানের ধারে ধারে ঠার দাঁড়িরে থাকা নিজন উইলো গাছের সারি, লাইলাকঝোপের পাশ দিয়ে বার্চএর তলায় আমার বাবার বাড়ী আবার চোথে পড়ল। আমার এত পরিচিত, এত আপনার এই দৃশাগুলি দেখতে দেখতে বুঝলাম ছেলেমেয়ের জীবনে একটা বছরে কত না পরিবর্তন হতে পারে। এই বাড়ীখর, পাড়াপড়শী, জানলার ধারের ঐ সবুজ মাঠ, নিশ্চরই ওদের মন থেকে এতদিনে মুছে গিয়েছে, আবার তাদের সঙ্গে কৃতন করে পরিচয় করে নিতে হবে ওদের।

দিদিমা বলতে লাগলেন বারে বারেই—''ওরা কত বড় হয়ে গিয়েছে। ওহে

সাইবেরিরার ভূতেরা, আমাকে মনে পড়ে ?" ওরা আমাকে আঁকড়ে ধরে —অনি চিত-ভাবে বলল—"হাা দিদা, আছে বইকি।"

শর্রা অবিশ্যি খুব শীগগিরই দলে ভিড়ে গেল, ঘণ্টাখানেকের মধ্যেই পুরোনো বন্ধবান্ধবের সঙ্গে ও বেশ জমিয়ে তুলল।

জয়ার লজ্জা কিন্তু অত সহজে গেলনা, আমার পিছনে পিছনে ঘুরতে লাগল। গরমের ছুটীর শেষের দিকে আমরা মঙ্গে যাবার তোড়জোড় করতে লাগলাম। জয়া তো অবাক হয়ে দুঃখ করে অনুযোগের সুরে জিজ্ঞাসা করলে—"আমাদের বাদ দিয়ে ?"

বিদায় নিতে স্বারই খুব কর্ষ হয়েছিল, কিন্তু উপায় নেই। আমরা ঠিক করে-ছিলাম, মন্কোতে গিয়ে একটা বাড়ী ভাড়। করে ছিতি না হওয়া পর্যন্ত ওদের নিয়ে যাব না। প্রথম বিচ্ছেদ এই আসছে জীবনে, মেনে নিতেই হোল।

এক বছর পরে

খুব চেনা গলার উৎসাহের সঙ্গে বলছে শোনা গেল, "জয়া, শ্রা কোথায় গেলি তোরা ভাই, শীর্গাগর আয়। মা এসেছে যে!"

আমাকে বুকে জড়িয়ে ধরে মা মাল্রা মিথাইলোভনা বললেন—"ভোমাকে আবার কোনদিন দেখতে পাব সে আশা আমরা যে প্রান্ন ছেড়েই দিয়েছিলাম। ছেলে-মেনেরা ভোমাদের জন্য মনমরা হয়ে থাকে। জয়া ভো বেশ বড় হয়েছে—তুমি চিনতেই পারবে না। ওরই ভোমার জন্য বেশী ভাবনা। ও বলে তুমি হয়ত আর আসবে না।"

আমার দিকে আর মাল নামাচ্ছিল যে গাড়োয়ান তার দিকে চেয়ে বাবা বললেন— "রাস্তায় কোন কন্ট হয়নি তো ?"

'ন। বিশেষ নয়, তবে বৃষ্টি পড়ছিল, আমি যথাসাধ্য স্বোরেই বোড়াটা চালিয়ে আসছিলাম, আপনার মেয়ে—লিউবোভ তিমোফিয়েভ্না একটু ভিজেছেন। আছা—তিমোফি সেমিওনোভিচ, চাঙ্গা হবার জন্য আমাকে একটু কিছু দিতে হবে কিন্তু।"

গাড়োরান মালপত্র নামাচ্ছিল। কাছেই দাঁড়িরেছিল পাড়ারই করেকটি ছেলে-মেরে। তাদের একজন গেল জরা আর শ্রাকে ধরে আনতে, মা চা গরম করে টেবিল সাজাতে লেগে গেলেন। আর বাকীরা ইতিমধ্যে গাঁমর রাষ্ট্র করে দিল, তিমোফি সেমিওনোভিচ্-এর মেরে আমাদের গ্রামের স্কুলে বে পড়াত, মঙ্গেল থেকে এসেছে এইমাত্র। দলে দলে পড়শীরা এসে ভিড় করতে লাগল।

''আছা, মস্কোতে কেমন লাগছে? ওথানকার হালচাল কেমন? তোমাদের বাস্থ্য বেশ ভাল আছে? আনাতোলি পেরোভিচ্ কেমন আছে? জান আমর। আজকাল সমবার পদ্ধতিতে চাব করি। আগের মত নিজের খেত খামারওয়াল। কৃষক আর বেশী নেই, আমরা প্রায় সবাই এখন সমবায় কৃষক সমিতিভুক্ত।''

^{&#}x27;'কি রকম চলছে ?''

'বেশ ভালই। সকলে মিলে কাজ করলে আমাদের অবস্থা আগের মত খারাপ হবে না নিশ্চয়।"

এতসব অবাককাণ্ড ঘটে গেছে যে নৃতন করে আর প্রত্যেকটার বেলার অবাক্
হবার উপায় নেই। সবকিছুই বদলে গিয়েছে। বাড়ীতে ঢুকবার আগেই
এত নৃতন কথা সব শনুনলাম! আস্পেন বনে ট্রাক্টরের কথা এই সেদিন পর্যস্ত কেবল
মাত্র আলোচনাই হত, আর আজ ট্রাক্টর, এমন কি কম্বাইন পর্যস্ত এসে
পৌচেছে। প্রথম যেদিন ঐ আশ্বর্ষ নতুন যম্বগুলো এসে পৌছোয় সেদিন গোটা
গীরের লোক ভেঙে পড়েছিল দেখার জন্য।

শুনে বাচ্ছিলাম—''কি করে ওর। কাজ করছিল তা দেখবার মত, ভেবে দেখ দেখি, গোটা মাঠটাকে একদিনে পরিচ্কার করে ফেলল।''

বাবা যেন একট্র ঈর্ষার সঙ্গে বললেন—''আরে তোমরা মেয়েটাকে আগে একট্র বিশ্রাম করতে দাও।''

একট্ব অপ্রস্তুত হয়ে একজন বলল—''সত্যি তুমি একট্ব বিশ্রাম কর লিউবোভ তিমোফিরেভনা, পরে এসে তোমাকে সব শ্নিরে যাব।''

সত্যি কথা বলতে গেলে, আমার এইসব অত্যাশ্চর্য ঘটনার উপর বিশেষ মনোযোগ ছিলনা। আমি থালি ভাবছিলাম, ছেলেমেয়েরা গেল কোথার? এতক্ষণ ধরেও ওদের দেখছিনা কেন?

বাগানে গিয়ে দেখলাম এখনও গাছের শাখাগুলো হাওয়ায় কাঁপছে আর সেই কম্পনে ঝরে পড়ছে দুই একটা বৃষ্টিবিন্দু। স্মৃতির গভীরে ডুবে গেলাম আমি—

পুরোনো বাড়ীটা ১৯১৭ সালে আগুনে পুড়ে যাওয়ার পর তৈরী এই ন্তন বাড়ীটাই ছিল গ্রামের সবচেয়ে সেরা। বাইরের কাঠের দেয়ালের গাঢ় রং—জানলার কানিশে, ভিতরে গায়ে কুঁদে তোলা নকৃশাগুলো, বাড়ীটাকে অপর্প করে তুলেছে। একটা টিলার উপরে বলে বাড়ীটাকে বেশ উঁচু বলে মনে হয়, আর সত্যি করে বলতে গেলে দশবারোটা সিঁড়ি উঠলে তবে আমদের বাড়ীর দরজায় পৌছন যায়। গত করেক বছরে সামনের বাগানটা এত সুন্দর বেড়ে উঠেছে যে লাইলাক আর একেসিয়া ঝোপের ভিতর দিয়ে প্রায় ফিকে হয়ে আসা দালানটা নজরেই আসে না। আমার অতি আদরের পপ্লার আর বার্গগুলো আরও লয়। হয়ে উঠেছে। বৃষ্টিতে ধুয়ে তাদের চেহারাগুলো আরও সুন্দর হয়ে উঠেছে। সূর্য একবার দু'বার উঁকি দিছেন, তার রামধনুর রাঙা আলো বৃষ্টিবিন্দুর গায়ে পড়ে ঝলমল করে উঠ্ছে।

বছর তেরে। আগে আমি নিজ হাতে ঐ লাইলাক আর একেসির। ঝোপগুলো জল দিয়ে বাঁচিয়েছিলাম, আর আজ তাদের দেখলে কে বলবে এরাই তারা, কত বড় হয়েছে, চার্রাদকে ঘন দেওরালের মত করে বাড়ীটাকে ঘিরে রেখেছে, আমিও আর সে আমি নেই, দুই সস্তানের মা, আমিও বড় হরেছি।

আচ্ছা আমার ছেলেমেরে গেল কোথার ? এই যে ওরা ! একদল ছেলে রাস্তাট। মাতিরে চলেছে, তাদের নেভা হল জয়া, আর বেচারা শ্রা পেছনের ছেলেগুলোকে ভাড়িরে আনতে গিরে হিমসিম থেরে বাচ্ছে। জরাই প্রথমে আমাকে দেখল। "মা এসেছে রে! মা এসেছে!" বলতে বলতে দোড়ে এসে আমাকে জড়িরে ধরল। আমিও ধরলাম খুব জোরে বুকের সঙ্গে পিষে।

এবার শ্রার দিকে তাকিয়ে দেখি, একটা গাছের নীচে দাঁড়িয়ে ও আমার দিকে তাকিয়ে আছে! আমার চোথে চোথ নিলতেই একটা চারাগাছ ধরে ও প্রাণপণে নাড়া দিতে লাগল। ডাল থেকে বৃষ্টির ফেণ্টা আমাদের মাথায় ঝরে পড়তেই শ্রা অপ্রস্তুত হয়ে দুহাত দিয়ে আমাকে জড়িয়ে ধরে আমার কোলে মুথ ল্বেলাল

রোদে পোড়া তামাটে রং-এর একপাল ছেলেমেয়ে আমাদের ঘিরে দাঁড়াল, চুলগুলো তাদের কাল কাল, সারা গায়ে অ'চড়ের দাগ। দেখেই বোঝা যায় বেশ শন্তসমর্থ তারা, গাছে উঠতে, স'াতার কাটতে, দোঁড়তে বেশ অভান্ত। এরা পাড়ারই ছেলেমেয়ে—শারা পাসিমভ, সানিয়া আর ভলোদিয়া ফিলাভোভ, শারা কোঝারিনোভা, ওর ছোট ভাই ভাসিয়া শ্লেঝিক আর ভানিয়া পলিয়ানদ্ধি স্বাই মিলে বেশ সলজ্জ দৃষ্টিতে উৎসুক, প্রশ্নের পর প্রশ্ন করে যাচ্ছিল।

জরা বেশ গদ্ধীরভাবে বলে দিল—''মা এসেছে কিনা তাই আমি আর খেলবনা আজ ৷''

বাচ্চারা বাগানের গেটের দিকে পা বাড়াল। জয়া শ্রাকে দুই হাতে ধরে বাড়ীর ভিতর দিকে গেলাম। মা আর বাবা থাবার সাজিয়ে বসে আছেন আমাদের জন্য।

ছেলেমেয়ের। সারাক্ষণ যাদের কাছে থাকে তার। ওদের পরিবর্তনটা সহজে বুঝতে পারে না। কিন্তু অনেকদিন পরে দেখার দরুণ ছেলেমেয়েদের দিকে তাকিয়ে থেকে মনে হোল ওদের কত পরিবর্তন হয়েছে, সবই যেন নৃতন দেখছি, ওদেরও।

জয়। অনেক বড় হয়েছে, বেশ রোগ। হয়ে গিয়েছে, কিন্তু ওর ধ্সর রংয়ের চোখগুলে। বাদামী মুখে বেন জলজল করছে। শ্রে। যদিও লয়।য় বেড়ে গায়ে একট্র কমেছে, ওর ছয় বছর বয়সের তুলনায় ওর বেশ জোর হয়েছে, কুয়ে। থেকে বালতি করে জল তুলতে ওর একটুও কন্ট হয়না, দিদিমার কাচা কাপড়ভরা বালতিটাকে ও নদীতে নিয়ে যেতে পারে।

দিদির। তো শুরার দিকে বেশ গর্বের সঙ্গে তাকিয়ে বললেন—''শ্রে। তো রীতি-মত ব্যাটাছেলে হয়ে উঠেছে।''

ওরা সারাক্ষণ পিছন পিছন ঘুরে একমুহূর্তও আমাকে চোথের আড় হতে দিলনা। আমার দিকে ভর্ণসনার ভংগীতে চেয়ে বলতে লাগল "আমরা তোমার সঙ্গে বাব তো ? আমাদের আর রেখে যাবেনা তো ?"

"বন্ড খারাপ লাগছে বুঝি এখানে ?"

"না! কিন্তু তুমি আর বাবা এখানে নেই বড়মন কেমন করে। আমাদের আর এখানে রেখে যেওনামা। বল রেখে যাবে না—নিয়ে যাবে বল না?"

শীতকালে জনা আর শুরার স্কালেটি জর হরেছিল। তিন মাস ধরে কোন বন্ধুবান্ধবদের সঙ্গে মিশতে ওদের দেওরা হরনি। খালি দিদিমা দাদুর সঙ্গে থাকত, আর কিরকম সব বুড়োদের মত কথা বলতে শিখেছে? বুড়োদের মত বিজ্ঞভাবে জরাকে কথা বলতে শূনলে কি মজাই লাগত। পাশের বাড়ীতে ছেলেদের গঙ্কীরভাবে জরা বলল—"ছোট ছেলেদের সিগারেট খেতে নেই। বাড়ীতে আগুন না লাগিরে তোমাদের আশ মিটছে না বুজি?"

আর একবার ভার বন্ধুকে বলছে শুনভে পেলাম—"পারানিয়া, গেঁয়ো লোকেদের মত কথা বলছ কেন? বড়দের মত কথা বলতে শেখনি বুঝি?"

শারা একটা কাপ ভেঙে ফেলে একবার শীকার করেনি। জরা তো ওর দিকে দিকে তাকিয়ে ভূরু কু'চকে বলে উঠল, ''সত্যি কথা বলছ না কেন? মিথ্যে কথা কথনও বলা উচিত নয়।'' তার আট বছরের জীবনের যতটুকু অভিজ্ঞতা হয়েছে তাই দিয়ে শারাকে বকে দিল।

গ্রীষ্মকালটা আমর। একসঙ্গে কাটালাম। মাঠে বেড়াতে যেতাম একসঙ্গে, ছোট নদী থেকে জল এনে মার কাজে সাহায্য করতাম, ঘূমোতাম পাশাপাশি, তবুও আমাদের সমস্ত কথা যেন বলা হল না। জয়া জিজ্ঞেস করল, "এবার শরংকালে আমি মস্কোর স্কর্লে ভর্তি হব বুঝি? আমার বাজে পড়া নিয়ে ঠাট্টা করবে না তো? ওরা খেপাবে না—দেখ দেখ একটা গেঁয়ে। ভূত এসেছে, শোন শোন কিরকম করে পড়ছে। তুমি কিন্তু, মা ওদের বলে দিও, গোটা শীতকালটা ধরে আমি অসুখে ভূগেছি, ভূলোনা যেন? কেমন ?"

শ্রা বলল—"আমিও স্ক্লে যাব। আমি একলা থাকব কেন? আমি জয়ার সঙ্গে যাব।"

ওদের বন্ধুত্ব যেন আরও দৃঢ় হয়েছে। আগেও অবিশ্যি একজনের বিরুদ্ধে আর একজন নালিশ করত না। এখন তাদের সব ঝগড়াঝাটি মিটিয়ে একজন আর একজনকে সাহায্য করতে সর্বদাই তৈরী।

মা আমার গশ্পটা বলেছিলেন—আমি আসবার অশ্প করেকদিন আগে ছেলেমেরে নিয়ে বৌদি আস্পেন বনে বেড়াতে এসেছিলেন। দিনগুলো ছিল বেমনি গরম, রাতগুলো তেমনি গুমোট। বাবস্থা হল আনা ভ্লাদিমিরোভনা আর তার ছেলেমেরের। খড়ের চালের তলায় ঘুমোবেন। জয়া আর শুরাও ওদের সঙ্গে ঘুমোতে গেল। হঠাৎ শুরার মনে হল অতিথিদের ভয় দেখালে বেশ মজা হয়! ও ধারে ঘুমোছিল, কাজেই মাথাটা ঢেকে চুপিচুপি খড়ের গাদার মধ্যে গিয়ে ঢ্কল। রাত্রির নিস্তর্জতা ভঙ্গ করে বিস্ময়জনক এক হিস্ হিস্ শব্দ শোনা গেল—নীনা ভয় পেয়ে চুপি চুপি বলল—"মা শুনতে পাছছ? সাপ ভাকছে?"

"कि वारक वकृष्ट ? कक्करना ना !"

শরে তো সশব্দে হেসে উঠল—তারপর খানিক্ষণ চুপ করে থেকে আবার শব্দ করে উঠল। এবার ব্যাপারটা বুঝতে পেরে আনিরামামী বলে দিলেন কঠিনভাবে —''শ্রে আমাদের খুমাতে দিচ্ছনা—তোমার ঘরে চলে বাও, দেখানে গিয়ে বত খুসী হিস্ হিস্ করগে।"

শ্রো লক্ষীছেলের মত তার কথা শ্রেন বাড়ী চলে গেল, জরাও উঠে পড়ল।

''জরা, কোথার বাচ্ছ? তুমি এথানে **থাক**।''

''না, শ্রোকে আপনি পাঠিয়ে দিয়েছেন, আমিও আর থাকুব না এখানে—" জয়া জবাব দিল।

সব⁴দাই এরকম চলত। একজন আর একজনের পক্ষে দাঁড়াতে সবসময়ই প্রস্তুত। তাতে কিন্তু জয়া বকলে শ্রোরও প্রাণপণে চেঁচিয়ে জয়াকে বকতে কোন বাধা ছিল না—''চলে যাও এথান থেকে—আমাকে একলা থাকতে দাও। আমার যা খুসী তাই করব!''

"নাতা হবে না। আমি তা করতে দেব না'—জন্না বেশ শাস্তভাবেই জবাব দিত।

পুনর্মিলন

জাগস্টের শেষে আমরা মস্কো পেণছলাম। আনাতোলি পেরোভিচ স্টেশনে দেখা করতে এলেন। গাড়ী থামতেই ওরা সবার আগে লাফিরে পড়ে ওদের বাবার দিকে ছুটে গেল, কিন্তু থমকে দাঁড়িয়ে পড়ল মাঝপথে, বাবাকে ওরা পুরে। একবংসর দেখেনি, কাজেই ওদের লজ্জা করাছল।

শভাবতই তিনি সংযত, কিন্ত: আনাতোলি ওদের অবস্থাট। বুবলেন, ওদের বুকে জড়িয়ে ধরে চুমে। থেয়ে, চুলে হাত বুলিয়ে যেন কালকেই ওদের ছাড়াছাড়ি হয়েছে এমনি সুরে বলতে লাগলেন—''আছা এইবার আমি তোমাদের মঙ্কো দেখাব, দেখি আমাদের আস্পেন বনের চেয়ে এটা ভাল কি মন্দ।''

আমরা একটা ট্রামে উঠে পড়লাম, কি চমংকার অভিজ্ঞতা। ট্রামে করে আমরা মজ্যের রাজপথ দিয়ে বুরে যাচ্ছিলাম। উ'চু উ'চু বাড়ী, কত মোটর গাড়ী, তাড়া-তাড়ি হেঁটে চলা পথিকের দল, সবাইকে পেছনে ফেলে আমরা এগিয়ে চললাম। জানলার ভিতর দিয়ে নাক গলিয়ে বাচ্চারা সবকিছু দেখছিল, এত লোক দেখে শ্রা। তো বিস্ময়ে একেবারে হতভয়। ও ঠেচিয়ে উঠল, "ওরা সবাই কোথায় যাচ্ছে? এত লোক কোখেকে এল ?" ট্রামবানীরা মৃদু মৃদু হাসছিল। জরা চুপচাপ থাকলেও ওর মুখেও অধীর আগ্রহের ভাব ফুটে উঠছিলঃ তাড়াতাড়িই আমরা সব শিখে ফেলব। এই নৃতন আর বিরাট শহরটি সম্বন্ধে সবকিছু জানতে হবে!

অবশেষে আমরা মন্ধোর সহরতলাতে এসে পৌছলাম। তিমিরিরাজেড কৃষি কলেজের কাছেই একটা ছোট বাড়ীর তিনতলার একটা ছোট খরে এসে আমরা চ্কুলাম। খরে একটা টেবিল, বিছানাপত্র, একটা ছোট জানালা—এই আমাদের বাড়ী।

...মানুষের জীবনের স্মরণীয় দিনগুলির মধ্যে সস্তানকে প্রথম স্কুলে নিয়ে বাওরার দিনটির একটি বিশেষ মূল্য আছে। বোধহর সব মায়েদেরই এই দিনটির কথা মনে থাকে, আমারও আছে। ১৯৩১ সালের ১লা সেন্টেম্বর—দিনটা বেশ পরিকার,

আকাশে মেঘ ছিল না। তিমিরিরাজেও কলেজের গাছগুলে। সোনালী হয়ে উঠেছে। আমাদের পারের তলার শ্কনো পাতার মর্মর শব্দ, সে শব্দে ষেন বিদ্মর আর আনন্দ মূর্ত হয়ে উঠেছে, ওয়া যেন বলতে চাইছে এখন থেকে আমার ছেলেমেরেরা এক নতুন জীবনে প্রবেশ করল।

ওদের আমি হাত ধরে নিয়ে চললাম। ওরা বেশ গছার, চিন্তিত, আর একটু ভীতৃভাবে চলতে লাগল। জয়ার খোলা হাতে একটা ম্কুলব্যাগ, তাতে আছে বর্ণপরিচয়, লাইনটানা খাতা, চৌথুপীকাটা অহ্বথাতা, একবাক্স পেনসিল। ঐ চমংকার বাক্সটা নেবার জন্য শ্রার বড় ইচ্ছা ছিল, কিন্তু বয়সের দাবীতে জয়াই ব্যাগটা পেল। আর তেরো দিন পরেই জয়ার বয়স আট বংসর পূর্ণ হবে আর শ্রার এখনও মাত্র সাত বংসর হয়নি।

স্কর্লে বাওয়ার পক্ষে শরে। খুবই ছোট, তা হলেও আমর। ওকে দকুলে পাঠানোই ঠিক করেছিলাম। কারণ সারাক্ষণ জয়ার সঙ্গে থেকে ওর এমন অভ্যাস হয়ে গিয়েছে যে জয়া দকুলে গেলে আর ও বাড়ীতে একা থাকলে ব্যাপারটা কি দাঁড়াবে শ্রা তা ভেবেই পাছে না, তার উপর আন।তোলি পেল্রেভিচ্ আর আমি দর্জনেই কাজ করি; ওর সঙ্গে কে থাকবে তাহলে দিনের বেলা?

আমার ছেলেমেয়ের প্রথম শিক্ষিক। হলাম আমি। প্রাথমিক বিভাগের ভার আমার ওপর থাকার দকুলের অধ্যক্ষা আমার কাছে ওদের পাঠিয়ে দিলেন।

আমার ক্লাশে ঢ্কতেই, আমার ছেলেমেয়ের বয়সী গ্রিশটি ছেলেমেয়ে উঠে দাঁড়িয়ে আমাদের অভ্যর্থনা করল। জয়া আর শ্বাকে বোডের কাছাকাছি একই বেণে বসিয়ে দিয়ে পড়ানো আরম্ভ করলাম।

বেশ মনে আছে, প্রথমণিকে একটি ছেলের মাথায় কি থেয়াল চাপল, জয়ার চারিদিকে একপায়ে লাফাতে লাফাতে ও ছড়া কাটতে লাগল—জয়া জয়া রোগা পটপট; ডাস্টবিনে পড়ে জয়া করে ছট্ফট্। বেশ মজা করেই ও ছড়াটা বারবার আবৃত্তি করতে লাগল, জয়া খুব শা শুভাবে একটুও উর্ত্তেজিত না হয়ে শন্নল, তারপরে ওই ছেলেটা হাঁপিয়ে উঠে একটু দম নেওয়ায় জন্য থেমেছে, জয়া বেশ ঠাঙা মেজাজে বলল—"তুমি যে এত বোকা তা তো জানভাম না।"

ছেলেটা একট্ন যেন চিন্তিত হয়ে পড়ার ভাব দেখাল, আরও বারকয়েক তার ছড়া আবৃত্তি করল, তবে আর যেন সেই উৎসাহ ছিল না, খানিক পরে একেবারেই চুপ করে গেল।

একবার, তথন জয়া ছিল মনিটার, একটা জানালার কাঁচ কে যেন ছেঙে ফেলল।
দোষীকে শান্তি দেবার আমার উদ্দেশ্য ছিলনা—কারণ জীবনে একবারও জানালার
শান্তি ভাঙানি এমন লোকের দেখা পাব কিনা সে বিষয়ে আমার বেশ সন্দেহ আছে।
ভাছলে ছেলেবেলার মাধুর্য থাকেনা। শুরা ভো আমার পরিচিত বে কোন
ছেলেমেয়েদের থেকে এনেক বেশী কাঁচ ছেঙেছে।

व्यामि अवन्यादारे क्रारम ना एद्दर मामादन मेर्राफ्टब छायछ मार्गमाम कि कदत

ছেলেমেরেদের সঙ্গে কথা বলব, হয়ত বা দোষী নিজেই দোষ সীকার করবে। এমন সময় জয়ার গলা শোনা গেল—

"এটা কে ভেঙেছে ?"

একট্ উ'কি মেরে ক্লাশের ভিতরে দেখলাম—জরা একটা উ'চু চেরারের উপর দাঁড়িয়ে আছে আর ছাত্রছাত্রীরা সব গোল হয়ে ওর চারদিকে ভীড় করে আছে।

''কে ভেঙেছে, বল শীগগির, আমি কিন্তু চোখ দেখেই বলে দিতে পারি কে ভেঙেছে ?'' দৃঢ় গলায় জয়া বলে উঠল।

অশ্প কিছুক্ষণ নীরবতার পর ফোলা ফোলা গাল আর খ্যাদা নাকওয়ালা, ক্লাশের দুক্ত্বিশরোমণিদের একজন কাছে এসে নিঃখাস ফেলে ংলল, "আমি।"

ও হয়ত বিশ্বাস করেছিল, জয়া সতাই ওর চোথের দিকে তাকিয়ে সব বুঝতে পারবে। যে ভাবে জয়া কথাগুলো বলেছিল তাতে তার ক্ষমতা সয়য়ে নিঃসন্দেহ হওয়াই উচিত। আসলে কিস্তু এর পিছনে আছে ছোট্ট একট্ব কাহিনী। য়থনই ছেলেমেয়েয়া কোন অন্যায় কাজ করত, দিদিমা মাদ্রা মিখাইজ্না বলতেন, "বল দেখি কে করেছে এটা? তোমাদের চোথের দিকে তাকিয়েই বলতে পারি, কে এটা করেছে।" দিদিমার সত্য আবিস্কার করার সেই চমংকার উপায়টা জয়া মনে রেখেছিল।

জয়া আর শ্রাকে শীগগিরই অন্য ক্লাশে বদলী করে দেওরা হল। তার একট্র কারণও ছিল।

জয়ার ব্যবহার ছিল খুব সংষত, আমাদের সম্পর্ক নিয়ে কোন বাড়াবাড়ি করত না, এমনকি কথনও কথনও কাশে আমাকে লিউবোভ তিমাফিয়েভ্নাবলে ডেকে দেখাতে চাইত অন্যদেরও ষেমন তারও তেমন আমি শিক্ষিকা আর অন্যয়াও ষেমন, সেও তেমনি ছাত্রীমাত্র। কিন্তু শ্রার ব্যবহার একেবারেই উল্টো, পড়ানোর সময় মিনিটখানেক চুপ করে থেকে হয়ত সে হঠাং চেচিয়ে উঠত "মা" বলে, তার সঙ্গে থাকত একটি দুর্ফুমির হাসি। শুরার মজাদার ব্যবহারে কাশে কিছ্ অপ্রস্তৃতভাব স্থিট হত। কোথার শিক্ষিকা লিউবোভ ডিমোফি-য়েভনা আর কোথার একেবারে "মা"। ছেলেদের বেজার মজার লাগত। কিস্তৃত্বাদের কাজের ব্যাঘাত হত। তাই একমাস পরে আমার ছেলেমেয়েকে অন্য কোনখানে বদলি করে দিলাম।

প্রকৃল আর প্রকারে কাজে জর। একেবারে ডুবে গেল। প্রকৃল থেকে ফিরে কিছু খেরেই সে পড়তে বসত। এ ব্যাপারে তাকে মনে করিয়ে দিতে হর্মান একদিনও। সব থেকে দরকারী, আর চিত্তাকর্ষক বিষয় যা তার মনকে এখন অখি-কার করেছিল, সে হল পড়াশোনা। প্রত্যেকটা অক্ষর ও সংখ্যা সে খুব যত্ন করে লিখত, বই খাতা এমন সাবধানে আদরে নাড়াচাড়া করত, যেন সেগুলি জীবন্ত।

ওরা দুজনে পড়াশোনা করতে বসলেই জর। কড়া "সুরে জিজ্ঞেস করত— "শুরা, ডোমার হাতগুলো বেশ পরিব্লার তো?" প্রথমে শুরা বিদ্রোহ করতে চাইত—"তাতে তোমার কি ? আমাকে ঘণটিয়ে। না বলছি।"

কিন্তন্ব এরপরে শ্রাকে হার মানতেই হত। বইপত্ত নিয়ে নাড়াচড়া করার আগে ও গিয়ে হাত পা ভাল করে ধুয়ে আসত, আর মনে করিয়ে দিতে হত না। সাবধানতার সতিটে দরকার ছিল। শুরা বন্ধুদের সঙ্গে খেলা করে বাড়ী ফিরত পা পর্যন্ত কাদা মেখে। কখনও কখনও এমন ভূত সেছে আসত যে কম্পনা করতেই পারতাম না কি করে এরকম চেহারা হল ওর। ও কি প্রথমে বালিতে গড়াগড়ি দিয়ে, পরে গায়ে কয়লা ঘষে, চ্পের গামলায় ড্ব দিয়ে, ইপ্টের গুড়োর পাউডার মেথে এমনটি করেছে?

ওরা খাবার টেবিলে বসে পড়াশোনা করত। জরা তো বই নিয়ে ঘণ্টার পর ঘণ্টা বসে থাকত, শুরার বরান্দ ছিল আধঘণ্টা মাত্র। তারই মধ্যে বারে বারে নিঃধ্বাস ফেলে দরজার দিকে তাকিয়ে দেখত—কতক্ষণে বন্ধুদের সঙ্গে রাস্তার বেরিয়ে পড়তে পারবে।

একদিন সন্ধাবেলা শুরা কতকগুলি ইণ্ট আর দেশলাই-এর বান্ধ দিরে টেবিলের আধখানায় একখানা দেরাল বানিরে দিল। জয়াকে বলে দিল—''ওই আধে'কটা তোমার আর এই আধে'কটা আমার। দেখো যেন জামার আধে'কটার পাদিও না।''

জন্না হতভদ্ব হরে জিজ্ঞাস করলে—"আর বর্ণপরিচন্ন আর কালীর দোয়াতের কি হবে ?"

শ্রা অত সহজে দমবার পাত্র নয়, ''তুমি বর্ণপরিচয় নিয়ে যাও, আমি কালীর দে।য়াত নিচ্ছি।"

জয়া খুব জোরে ধমকে উঠল—"থামাও তোমার খেলা—" বলে তাড়াতাড়ি করে ইণ্টগলো টেবিল থেকে সরিয়ে নিল।

কিন্তু খেলা ছাড়া মঞ্জা ছাড়া পড়া তৈরী করা শ্রোর কুণ্ঠিতে লেখেনি, বাড়ীতে পড়া তৈরীর কাজগুলোকেও ও খেলা বানিরে ফেলত। কি আর করা যাবে, মোটে ছয় বছরের বাচ্চা তো!

अकठे। डूछित्र फिन

৭ই নভেম্বর ছিল অক্টোবর বিপ্লবের বার্ষিকী। দিনের আলো ফুটবার আগেই বাচ্চারা বুম থেকে উঠে পড়ল। বাবা ওদের মিছিল দেখাতে নিয়ে যাবেন বলেছেন, ওরা অধীর আগ্রহে অপেকা করে আছে এই দিনটির জন্য।

সমরমত ওরা সকালের খাবার খেরে নিল। আনাভোলি পেরোভিচ্ দাড়ি কামাতে বসলেন। ওরা কিছুতেই আর অপেকা করতে পারছিল না, মিছি-মিছি ওরা চেন্টা করল বেন কোন কিছু নিরে ভূলে থাকতে পারে। অবশেষে কোট গায়ে দিয়ে আমরা এসে রান্তার পা দিলাম জোরে বাতাস
বইছিল, অম্প অম্প বৃতির সঙ্গে গুড়া গুড়া বরফ পড়ছিল। দিনটা মোটেই
ভাল নর, কিম্তু কয়েক পা ষেতে না যেতেই উৎসবের সাড়া পেলাম—গান, বাজনা,
কথাবার্ডা, হাসির রোল। বত শহরের কাছাকাছি এলাম ততই উৎসবের গোল-মাল যেন আরও বেড়ে উঠতে লাগল। ভাগা ভাল যে, বৃতি শীগগিরই থেকে
গোল—ধ্সর আকাশের চেহারা দেখার মত মনের অবস্থা না ছিল বুড়োদের, না
ছিল ছেলেদের, অসংখা সোনালী লাল চকচকে উজ্জ্বল সব রঙীন নিশান
উড়ছিল।

প্রথম মিছিলটা দেখেই জয়া আর শুরা খুসীতে একেবারে উচ্ছল হরে উঠল, মিছিল শেষ না হওয়া পর্যন্ত তা আর থামল না। প্রত্যেকটা ফেল্টুনের লেখা ওরা পড়ে ফেলল—শব্দগুলি অবশ্য ওদের দাঁতভাঙা ছিল, তাতে কি হয়! প্রত্যেকটা কোরাসে যোগ দিয়ে প্রত্যেকটা ব্যাণ্ডের তালে তালে নাচতে লাগল। ওরা থালি হাঁটছিল না, আনন্দের বন্যায় ভেসে যাচ্ছিল যেন, খুসীতে উজ্জল মুখ, চকচকে চোখ, ঘাড় উট্ করে তাকিয়ে দেখার দর্শ তাদের টুশীগুলো পড়ে যাচ্ছিল, কথার বদলে থালি খুসীর চিংকার।

"দেখ দেখ! কী সুন্দর, কি চমংকার তারাটা, আরে ঐ যে বেলান উড়ে যাচ্ছে, এই যে এবার দেখ দেখি!"

রেড স্কোয়ারে ওরা যেন একটু চুপ হল, ডানদিকে মুখ ফিরিয়ে স্মৃতি-মন্দিরটা দেখার পর চোখ থেন আর ফিরতে চায় না তাদের।

কেন জানি না বেশ ফিস ফিস করে শুরা বলল—"মা ওখানে কে আছে? ন্তালিন আছেন বুঝি? ভরোশিলভ আর বুদিয়ানি—" বলতে বলতে শক্ত করে আমার হাত চেপে ধরল।

এই "রেড স্কোয়ার"— শব্দটার সঙ্গে কত না ভাবনা, কত না ভালবাসা জড়িরে আছে? আল্পেন বনে থাকতে কবে আমর। রেড ক্লোয়ার দেখব সেই স্বপ্পই দেখতাম, এটা যে পৃথিবীর সবচেয়ে আশ্চর্য দ্বিনিস। এক বছর আগে মক্লো এসে আমি একবার এখানে এসেছিলাম। এর কথা এত শুনেছি এত পড়েছি, তবু কিন্তু ভাবিনি কখনও যে এই রেড ক্লোয়ার এত সাধাসিধে অথচ এত গৌরবময়। এখন এই মুহুর্তে একে যেন আমি নৃতন করে দেখলাম।

কেমলিনের ফোকরওরালা দেরালের ভিতর দিরে, শোকাতুর, নিস্তর ঝাউগাছের তলার বিপ্রবের শহীদদের সমাধির পাশে. প্রস্তরফলকে লেখা অবিসমরণীর সেই নাম "লেনিন" জলজল করছে দেখতে পেলাম। স্মৃতি সৌধের সাদামাটা দেরালগুলির ভিতরে ক্রমাগত লোকের আসা যাওরা চলছে। মনে হল, জগতের অত শ্রন্ধা, আশা, প্রেম, সব যেন মৃত্ত হরে অবিরাম জলস্তোতের মত প্রবেশ করছে এই পথে—নিদেশি দিছে ভবিষাতের পথের।

আমাদের দিক থেকে কেউ ঠেচিরে উঠল—কমরেড ন্তালিন—জিন্দাবাদ।

জোসেফ ত্তালিন হেসে হাত নাড়লেন। সারা পার্কটা ছুড়ে জয়ধ্বনি উঠল, শুরাও আমার পাশে দাঁড়িয়ে নাচতে লাগল, জয়া বাবার হাতটা শক্ত করে ধরে এত জোরে তার হাত নাড়তে আর চেঁচাতে লাগল—ধে মনে হোল ওরা স্মৃতিসোধের উপর থেকে নিশ্চরই শুনতে পাবে ওর গলা।

আমর। বাঁধের কাছে গেলাম। হঠাৎ মেঘের আড়াল থেকে সূর্য উণিক দিল আর ক্রেমলিন-এর প্রাসাদ চূড়ায় তার গয়ুজের ছায়া নদীর জলে পড়ে সোনালী রঙে বিকমিক করে উঠল। পুলেও কাছে একটা বেলন্-ওয়ালাকে দেখতে পেরে আনাতোলি পেগ্রোভিচ তিনটে লাল আর দুটো সবুজ বেলন্ন কিনে আনলেন। একটা জয়াকে আর একটা শ্রাকে দিয়ে তিনি জিজ্ঞেস করলেন—'•বািকগুলো দিয়ে কি হবে ?"

জয়া চেঁচিয়ে উঠল—"ওদের উড়িয়ে দাও।"

আমর। হাঁটতে হাঁটতে আনাতোলি একটার পর একটা বেলনে ছাড়তে লাগলেন, বেশ আন্তে আন্তে তারা উপরে উঠতে লাগল—জয়া আর শ্রেরা টেচিয়ে উঠন—''এস আমরা ওদের উভতে দেখি।''

আরও বাচ্চা আর বড়রাও দাঁড়িয়ে পড়ল। অনেকক্ষণ ধরে মাধাটা পিছনে হেলিয়ে আমরা চেয়ে রইলাম আকাশের দিকে। চকচকে উচ্জল রং-এর বন্ধনমূস্ত বেলুনগুলো উপরে উঠতে লাগল—ক্রমে ছোট, আরও ছোট হয়ে চোথের আড়ালো চলে গেল।

व्यामादम्य विदक्तमद्वना

করেকবছর আগে কোন একজন পিতার একথানি চিঠি আমি পড়েছিলাম। সেই পিতা সারাজীবন তার ছেলেমেরেদের মানুষ করার চেন্টার সময় এবং পরিপ্রম নন্ট করে শেষদ্বীবনে বুঝতে পারলেন—তিনি তাদের মানুষ করতে পারেননি। অতীতের কথা ভাবতে ভাবতে তিনি প্রশ্ন করেছেন—''আমার ত্টি কোথার?" তার এবার মনে পড়েছে—ছেলেমেরেদের ঝগড়ার তিনি ওদের ব্যাপার ওরাই মিটিয়ে নেবে মনে করে হাভ দেননি, অথচ যা ওরা নিজেরাই করতে পারত তা তিনি করে দিয়েছেন। উপহার আনার সময় "তোমাদের জন্য এটা এনেছি" না বলে বলেছেন ''এটা তোমার'', ''এটা ওর'', মিথাা আর অসাবধানতা প্রার সময়ই ক্ষমা করেছেন, আবার খুব সামান্য ব্যাপারে তাদের উপর বিরম্ভ হয়েছেন। তিনি লিখেছেন—''যে সময়টাতে পার্থপরতা আর দুর্হ কাজ এড়িয়ে যাওরার ইছে। ওদের মনে বাসা বেঁধেছে, সেই মুহুর্তটাই আমার চোখ এড়িয়ে গিয়েছে। সামান্য সামান্য ব্যাপারই পরিণামে অনিন্টকর হয়েছে, আমার ছেলেমেরেরা আমার পছনদমত তৈরী হয়নি, তারা হয়েছে অভয়, ছার্থপের, অলস, তারা একজন আর একজনের ছারা মাড়াতে পারে না।

চিঠির শেষে তিনি প্রশ্ন করেছেন—"এখন আমার কি করা উচিত? সমাজ

বা সমবার সমিতির হাতে ছেড়ে দেব তাদের ভার? কিন্তু আর একটা রিষয়ও তো ভাববার আছে। প্রথম কথা—সমবার সমিতির অনেকটা সমর ও পরিশ্রম আমার ভূল শোধরানোর কাজে নঊ হবে, বিতীয় কথা আমার ছেলের। জীবনে কোন উন্নতি করতে পারবে না, তৃতীয় কথা হোল—কেন আমি ব্যর্থ হলাম? কি আমার অপরাধ?"

আমাদের বেশ বড় সংবাদপত্ত, বোধ হয় প্রান্তদায় এই চিঠিটা বার হয়েছিল। অনেকক্ষণ ধরে ঐ দুঃখপুর্ণ চিঠিটার দিকে তাকিয়ে চ্নুপ করে ভাবতে লাগলাম।

আনাতোলি পেরোভিচ বেশ ভাল শিক্ষাদাতা। ছেলেদের অনেকক্ষণ ধরে বভূতা দিতে বা বকুনি দিতে তাঁকে আমি কথনও দেখিনি। নিজের চরিত্র, কাজকর্মের প্রতি তাঁর নিজের মনোযোগ, নিজের ব্যক্তিত্ব দিয়ে তিনি তাদের শিক্ষা দিয়েছেন। তাতে আমার মনে হয়েছে সত্যিকারের শিক্ষা তাকেই বলে।

প্রায়ই শুনতে পাই—''আমার এত কান্ত, ছেলেমেয়েদের জন্য মন দেবার সময় কোথায়?'' অনেক সময় ভেবেছি—নিজের ছেলেমেয়েদের শেখাবার জন্য সভিত্য করে বিশেষ সময় দেবার প্রয়েজন। আনাতোলি পেরোভিচ্ আমাকে শিখিয়েছেন জীবনের প্রত্যেক ক্ষেত্রেই শেখাবার আছে—তা সে কাল্ত হোক কথা হোক, আর ভোমার ভোখের দৃষ্টিই হোক, সর্বাই ছেলেমেয়েদের কিছু না কিছু শেখার আছে। কাজের সময়, বিশ্রামের সময়, বকুবান্ধবের সকে কথা বলার সময়, অবাঞ্ছিত লোকের সঙ্গের কথা বলার বেলা, সুথে, অসুথে ভোমার ব্যবহারে, দুঃথে আনন্দে, ছেলেমেয়েরা অভ্যন্ত ভীক্ষ দৃষ্টিতে পর্যবেক্ষণ করে অনুকরণ করতে শেখে। ওদের অন্তর্ভেদী ভীক্ষ দৃষ্টি সারাক্ষণ সম্পদে বিপদে উপদেশ আদেশের জন্য অপেক্ষা করে আছে— একথা ভূলে গেলে চলবে না। কেবলমার খাওয়ানো পরানো ছাড়া যে ছেলে একা একা 'মানুষ'' হয়, তাকে যতই কেন না দামী খেলনা, ছুটির দিনের বেড়ানো, নীরস ব্রত্তর্ক দাও, সে ছেলের শিক্ষা সম্পন্ত হয় না। সারাক্ষণ সজাগ, কথনও বেন এ সন্দেহ ভার মনে না জাগে —ভাকে অবহেলা করা হচ্ছে, ভার প্রতি ভোমার কর্তব্যর রুটি হচ্ছে।

আমরা দুব্ধনে তো সারাদিনই প্রায় বাইরে বাইরে থাকভাম। ওদের দেবার মত সমর মোটেই আমাদের ছিল না। বুলে পড়াতে পড়াতে আমি শিক্ষণ শিক্ষার ট্রেনিং নিচ্ছিগাম। আনাতোলি পেরোডিচ্ তিমিরিরাজেড্ একাডেমীতে পড়াবার সঙ্গে সলে কোন শিশ্পবিদ্যালয়ে প্রবেশ করার জন্য শটহ্যাণ্ড শিথছিলেন, এটা তার চিরদিনের শ্বপ্ন। তাই, প্রায়ই আমরা এত দেরী করে বাড়ী ফিরতাম যে ছেলেমেরেরা ঘ্রিরের পড়ত। তা সত্ত্বেও ছুটির সমর কিংবা কোন কোন দিন সক্ষার সময়টা আমরা একসক্ষে প্রচুর আনন্দে কাটাতাম।

আমরা বাড়ীর দরজার পা দিতে না দিতেই ওরা দেড়ৈ এসে ওদের সারাদিনের কাজকর্মের খু'টিনাটি বর্ণনা করতে শুরু করত। সবগুলো বেশ গুছিয়ে শোনা বা বলা হত না যদিও, তার মধ্যে আবেগ আর আওরাজ ছিল প্রচুর। ''আকুলিনা

বোরিসোভ্নার কুকুরের বাচ্চাটা খাবারের আলমারীতে ঢ্বে ঝোলের বাটি উপ্টেফেলে দিরেছে! আমার কবিতাটা শেখা হয়ে গিয়েছে! জয়া আবার আমার পেছনে লেগেছে! হাঁ।, লেগেছিই তো, ও কেন অঙ্ক করেনি? দেখ দেখি আমরা কেমন ছবিটা কেটে নিয়েছি। বেশ দেখতে না? কুকুরছানাকে শেখালাম কি করে চাইতে হয়, প্রায় শিখে ফেলেছে!"

কি করে কি হল তা আনাতোলি পেরোভিচ্ খুব চট করে ধরে ফেলতে পারতেন। কেন অঙ্কগুলো করা হরনি তার কারণ আবিকার করতেন, জরার লেখা কবিতা মন দিয়ে শুনতেন, কুকুর বাচ্চাটার কথা জিজ্ঞেস করতেন। তারপর হয়ত হঠাং বলে ফেললেন—"খোকন, তোমার কথাবার্তা মোটেই ভদ্র নয়। 'জয়া আমার পেছনেলেগেছে' এ আবার কি রকম কথা হোল? এরকম কথা বলা আমি মোটেই পছন্দ করি ন।''

থাওয়াদাওয়ার পরে বাসন-কোসন, রাম্নাঘর পরিকার করার ব্যাপারে বাচ্চার। আমাকে সাহায্য করত, আর তারপর আসত আমাদের বহুপ্রতীক্ষিত সন্ধ্যা।

মনে হবে, বিশেষ করে প্রতীক্ষা করার মত কিইবা ঘটেছে, সব কিছুই তো সাধারণ ব্যাপারের মত রোজ ঘটছে। সেই আনাতোলি পেরোভিচ্-এর নোটবইরে টোখ বুলিয়ে যাওয়া, আমার আগামীদিনের পড়া তৈরী, আর জয়া শুরার ড্রিয়ংখাতা সামনে রেখে আলোচনা। আমাদের পড়ার টেবিলের উপরটা ছাড়া সবটা ঘরই অন্ধকার, শব্দের মধ্যে কেবল শুরার বসা চেয়ারটার কাঁচ কাঁচে শব্দ আর তাদের ড্রায়ং বইরের পাতা ওলটানোর থসথসানি।

জয়া সবুজ উ'চু ছাদেওরালা বাড়ী অ'।কছিল। চিমনি দিরে ধে'ারা বার হচ্ছে, কাছেই একটা আপেল গাছে ফুটবলের মত বড় বড় আপেল ফলেছে, এখানে সেখানে পাখী, ফুল, আকাশে স্থের কাছাকাছি একটা প্রকাণ্ড পাঁচমুখে। তারা। শুরার এলবামের পাতার পাতার ঘোড়া, গরু, মোটর, এরোপ্লেন, বিমানবাহী জাহাজ, এইসব দিরে ভার্তি। শুরার হাতে পেবিল কখনও কাঁপে না, তার অ'কা স্পষ্ট আর সুন্দর, তথনই আমার মনে হল ডুরিং-এ শুরার সহজাত পটুত্ব আছে।

আমর। সকলেই চুপচাপ যার বার কাজ নিয়ে বাঙ্ত, এইবার আনাতোলি পেরোভিচ্ উঠে দাঁড়িরে বললেন—"এস এবার বিশ্রাম করা যাক।" তার মানে এবার আমর। হর খেলা না হর আর কিছু করব। প্রায়ই আমর। 'ডমিনো' খেলতাম। জয়া আর তার বাবা একদিকে আমি আর শুরা একদিকে। শুরা প্রত্যেকটা চাল খুব আগ্রহের সঙ্গে লক্ষ্য করত! মেজাজ গরম হয়ে উঠলে ঝগড়া করত, বাজী হারতে আরম্ভ করলেই রাগে কেঁদে ফেলত। জয়াও অবশা উত্তেজিত হয়ে উঠত, তবে নিঃশক্ষ্যে দাঁতে দিয়ে ঠোঁট চেপে…

কথ্ন ও কথনও আমর। "উচ্নীচু" খেল। খেলতাম। তার মানে কেবলমার পাশার দানের উপর জ্বর-পরাজয় নির্ভর করছে। রংচঙে বোর্ডের উপর গোলের দিকে বেখানে এরোপ্লেন আক। আছে, ভাগাবানের ঘুটি তার উপর গিরে পড়লে জ্বিত, আর ঘুটি কাত হরে পড়ে গেলে হার। সোজা বটে, তবে খুব মন মাতানো। ঘুঁটি উড়ে দশবারোটা চৌখুপী পার হয়ে এরোপ্লেনের মাথার গিরে পড়ার সঙ্গে সঙ্গে বাচ্চারা কি জোরে যে হাততালি দিয়ে উঠত !

আর একটা খেলার উপর জয়। শুরার খুব টান ছিল, আর্মরা তার নাম দিরে-ছিলান, "হিজিবিজি"—জয়া কিংবা শুরা বে কোন রকমের কিছু "হিজিবিজি" এ কৈ দিত, তা সে হয়ত বা সোজা লাইন, না হয় বাঁকা, না হয় শৃর্ধই কয়েকটা তাল-গোল—আমাকে সেগুলো দিয়ে নানারকম ছবির নক্সা অণকতে হোত।

হয়ত শ্রা একটা লয়টে ধরনের ডিম অ'কেল, আমি এটার দিকে তাকিয়ে খানিকক্ষণ চোথ বন্ধ করে ভেবে নিলাম, তারপর তার সঙ্গে জুড়ে দিলাম পাথনা, লেজ, চোথ, অ'শ,—বাচার। চেঁচিয়ে উঠল—"মাছ, মাছ।"

জরা হয়ত শুধু কালির ফোঁটা ফেলে দিল—আমি তাকে সুন্দর হান্ধা বেগুনি রং-এর একটি চন্দ্রমল্লিকা ফুল বানিয়ে দিলাম।

বাচ্চারা একটু বড় হয়ে উঠলে আমরা বদলাবদলি করে নিলাম, আমি দিতাম "হিজিবিজির" নক্স। আর ওরা তা থেকে ছবি বার করত। শ্রুরার কম্পনাশন্তি ছিল অসাধারণ, ও সামান্য "হিজিবিজি" থেকে অসামান্য ছবি আবিষ্কার করত। ছোট্ট একটা গোলা থেকে ছোট্ট গমুজ, কয়েকটা বিন্দু থেকে মুখ—একটা বাঁকা লাইন থেকে হয়ত একটা ভালপালাওয়ালা গাছই এ'কে ফেলল।

এটা কিন্তু যেমনি চিত্তাকর্ষক তেমনি প্রয়োজনীয় খেলা। এর সাহায্যে কম্পনাশব্তি, খেয়াল আর পর্যবেক্ষণশক্তির বিকাশ হয়।

সব থেকে আকর্ষণীয় ছিল আনাতোলি পেরোভিচের গীটার বাজনা। তিনি কিরকম যে বাজাতেন, ভাল কি মন্দ, সে সম্বন্ধে আমাদের কোন ধারণা নেই, কিন্তু তিনি যথন একটার পর একটা রাশিয়ান সূর বাজিয়ে যেতেন আমরা তম্ময় হয়ে শ্নতাম, সময়জ্ঞান থাকত না আমাদের।

এরকম সারণীর সন্ধা রোজ আসত না, কিন্তু তা হলে কি হর, এই করেকটাই আমাদের অন্য দিনগুলোকে মধুমর করে তুলত। এই সময়ের একটি শক্ত কথা, একটি মন্তব্য আমাদের ছেলেমেয়েদের মনে গাঁথা হয়ে ধাকত, প্রশংসা বা আদর ওদের অত্যন্ত সুখী করত।

একবার আনাতোলি পেরোভিচ্ বললেন—"গ্রা তুমি নিজে সব থেকে ভাল চেরারখানা নিরে মা'র জন্য ভাঙা নোংরাটা রেথেছে যে—" এর পর থেকে শুরাকে আর কখনও নিজের জন্য ভাল জিনিস নিয়ে অন্যের জন্য খারাপটা রেখে দিতে দেখিনি।

একদিন আনাতোলি পেরোভিচ্ অন্যদিনের চেয়ে গছীর মুখ করে ওদের সামনে এলেন, শ্রাকে জিজ্ঞেস করলেন—"আনিউতা শুেপানোভাকে মেরেছো কেন আজ ?" অপরাধীর মত মুখ নীচু করে শ্রা বলল—"ও এত ভীতু !"

আনাতোলি পেরোভিচ্ কঠোর স্বরে বললেন—"খবরদার, আর বেন আমাকে এরকম শ্নতে না হর—"এরপর একটু নরম সুরে বললেন—''আট বছরের বুড়ো ছেলে—একটা মেরেকে মারলে —ভোমার লক্ষা হর না ?"

কিন্তু আনাতোলি পেরোভিচ্ যথন শ্রোকে ড্রারং-এর জনা প্রশংসা করতেন,

আর জরাকে তার পরিম্কার নোটবই-এর কথা, কি বাড়ীর কোন কাজে বাহাদুরীর কথা বলতেন, ওরা কি খুসীই না হত!

আমাদের যেদিন দেরী হোত, সেদিন ওদের খাতাপত্র টেবিলের উপর খোলা রেখে, ওদের কাজকর্ম আমাদের দেখাবার জনা বেখে, নিজেরাই শ্তে থেত। মাত্র করেজঘন্টা ওদের সংগ্য কাটিয়ে আমরা বুঝে ফেলতাম ওরা সারাদিন কি করেছে, কি
ভেবেছে, আমরা যখন ছিলাম না তখন কি কি ঘটেছে—খেলাই হোক আর কাজই
হোক—আমরা সকলে একসঙ্গে করতাম বলে আমাদের ছেলেমেয়েদের সংগ্যে
আমাদের বন্ধুছটা ক্রমশই বেড়ে আমরা দিনের পর দিন অস্তর্ত্তগ হয়ে উঠছিলাম।
একের জন্য অন্যের সহানুভূতিও ক্রমশ বেড়ে যাচ্ছিল।

স্কুলের পথে

खारताशी र्गारमत ताखा थ्या म्कूरनत मृतप हिन धात पुरे मारेन।

সবার আগে আমি উঠে প্রাতরাশ তৈরী করে ছেলেদের খাইরে যথন রাস্তায় বেরিয়ে পড়তাম তথনও রাস্তার অন্ধকার থাকত। তিমিরিয়াজেভ পার্কের ভিতর দিয়ে ছিল আমাদের যাবার রাস্তা। পার্কের লয়। গাছগুলো এমন চুপচাপ দাঁড়িয়ে থাকত, দেখলে মনে হত, ওরা যেন ধীরে ধীরে উজ্জল হয়ে ওঠা নীল পটভূমির উপরে কালো রং-এ অশক। ছবির রেখা। পায়ের নীচে বরফ মড়মড় করে ভাঙত, আমাদের প্রশ্বাসের গরম হাওয়। আমাদের কোটের কলারের উপরকার বরফে রং ছিটিয়ে দিত।

আমরা তিনজন আগে থেতাম, আনাতোলি পেরেছিচ্ পরে, প্রথমে আমরা চুপচাপ পথ চলতাম, কিন্তু খানিকটা যাবার পরই অন্ধকার আর ঘুমের জড়তা দুই-ই কেটে যেত আর কতরকম গম্প শুরু হত—

একবার জয়। বলল — "আছে। মা, গাছেরা যত বড়ো হয় তত দেখতে সুন্দর হ**র,** কিন্তু লোকেরা কেন বুড়ো হলে দেখতে বিশ্রী হয়ে যায় ?"

আমার মাধার কোন জবাব আসবার আগেই শুরা রেগে বলে উঠল—"কখনে৷ না—দেগ দেখি দিদিমা তো বুড়ো, কিচ্ছু দিদিমাকে কি সুন্দর দেখতে?"

মা···না—মাকে আর কেউ এখন সুন্দর বলবে না, চোথে ক্লান্ত দৃষ্টি, গালগুলো ভূব্ডে গিরেছে...

শ্বরা ষেন আমার ভাবনার সূত্র ধরেই বলে ফেলল—"আমি যাকে ভালবাসি, তাকেই আমার সুন্দর লাগে।"

জন্না একটু ভেবে বলল—"তা সভ্যি।"

একদিন আমরা তিনজন রাস্তা দিরে হাঁটছিলাম, একটা লামী আমাদের পিছন থেকে তাড়াতাড়ি সামনে এসে খাঁচ করে থেমে গেল। আমাদের দিকে চেরে বলল—"কুলে বাওরা হচ্ছে বৃত্তি ?" আমি তো অবাক হরে বললাম—"হাঁ।"। "তাহলে ছেলেদের বলুন লাফিয়ে উঠুক।"

আমি চেরে দেখবার আগেই জয়। আর শুরা পিছনে লাফিয়ে, উঠল আর ওদের খুসীভরা চিৎকারের সংগ্যে সংগ্যে লরী এগিয়ে চলল।

সেদিন থেকে বসস্তকাল পর্যস্ত সেই লরীটা রোজই আমাদের সামনে এসে ছেলেদের নিয়ে প্রায় স্কুলের কাছাকাছি নিয়ে ছেড়ে দিত। ওরা লরীর পিছন থেকে লাফিয়ে নেমে যেতেই লরীটা এগিয়ে যেত।

আমরা কিন্তু একদিনও "আমাদের লরীর" জন্য অপেক্ষা করে থাকতাম না। আমাদের পিছন থেকে পরিচিত মৃদু শব্দটার সঙ্গে গঙ্গীর গলার আওয়াজ—"লাফাও দেখি বাচারা" শুনতে বেশ ভালবাসতাম। অবশ্য ঐ সহদর লরী ড্রাইভারের গস্তব্যপথ দৈবাং আমাদের রাস্তার সঙেগ মিশে গিয়েছিল, তব্ও বাচারা বিশ্বাস করতে চাইত যে ড্রাইভার ইচ্ছা করেই আমাদের পথে আসত।

বাড়ী বদল

আমাদের মজ্যে আসার দুই বছর পর আনাতোলি পেরোভিচকে এনং আলেক্-জান্দ্রোভন্ধি দ্বীটে বেশ বড় একটি খর দেওয়া হল। এখনকার আলেক্জান্দ্রোভ্ঞি স্থীটকে আর চেনা যায় না। রাস্তার দুই খারে বড় বড় নতুন সব বাড়ী, রাস্তা আর ফুটপাথ খন পীচ দিয়ে ঢাকা। তখনকার দিনে গোটাকতক কু'ড়েখর, ছোট ছোট বাগান, বড় অসমান পড়ে থাকা জমি নিয়ে এর চার্মাকে গ্রামা আবহাওয়া ছিল।

রাস্তা থেকে দ্রে আমাদের বাড়ীটার আশেপাশে আর বাড়ী ছিল না, কাল থেকে বাড়ী ফেরার সমর বেশ দ্রে ট্রাম থেকে নেমেই আমি বাড়ীটা দেখতে পেতাম। আমরা থাকতাম দোতলার, আগের চেরে এবারকার ঘরটা অনেক বড়, আলো হাওরার দর্শ আরামেরও বটে। বাচ্চারাও ন্তন বাড়ীটা বড় পছন্দ করত। একে তো ওরা ন্তন সব কিছুরই ভক্ত ছিল, তারপর বাড়ী বদলানোর ওরা বেশ আমোদও পেল। বাঁধাছাদা করল ওরা অনেকক্ষণ ধরে। জয়া তো খুব সাবধানে বই, খাতা, মাসিক কাগজপত্রের ছবি সব জোগাড় করল, শুরাও সফ্রে তার সম্পত্তি, ধেমন কাঁচের টুকরো, পাথর, পেরেক, লোহার টুকরো, বাঁকানো লোহা আরও নানান রক্ষের — আমার ধারণাতে আসে না এমন সব জিনিস বেঁধে নিল।

ন্তন ঘরে আমরা ওদের জন্য এককোণে একটা টেবিল আর বই-এর শেলফ রেখে, জারগা নিদি^{শ্}ট করে দিলাম। টেবিলটা দেখেই সুরা টেচিয়ে উঠল—"বাঁ দিকটা আমার!"

জর। তো সানন্দে বীকার করে নিল—"ডানদিকট। আমার"—কাজেই অন্যান্য-বারের মত এবারও ঝগড়াটা অব্কুরেই বিনন্ট হয়ে গেল।

আগের মতই দিন চলল—কাজ আর পড়ার। রবিবারে আমর। মজ্যের অবেথ। জারগাগুলোর উন্দেশ্যে বেরিরে পড়তাম, হয় সোকোলনিকি, না হয় জামোল- ভোরেচিরে, না হয় "বি" ট্রাম করে—সহরের চারদিক দেখে বেড়ানো, কিংবা নেস্কুচনি বাগানে বেড়ানো।

আনাতোলি মন্ধ্যের পুরনোও নতুন দুই অগুলই ভাল করে চিনতেন, তিনি অনেক কিছু বলে দিতেন। আমর। কুজনেংছিক বিজ স্থীট দিরে হাঁটার সময় একদিন শুরা জিজেস করল, "আছে। বিজ্ঞটা কোথার?" এই প্রসঙ্গে আনাতোলি আমাদের আগেকার দিনের নদীটা কি করে পাইপ বসিরে মাটির তলা দিয়ে নিয়ে যাওয়। হয়েছে তার চমংকার গম্পটা বললেন। সতি।কার নদীর আমলে এখানে "কুজনেংছিক বিজ্ঞ" ছিল অার তার থেকেই এই নামের উৎপত্তি।

এমনি করে "দেয়াল", "গেট", আরও সব টেবিল স্ট্রীট, টেবলক্লথ স্ট্রীট, গ্রেনেড স্ট্রীট, আর্মারি স্ট্রীট, ডগ্ স্কোরার, এইসব নামের উংপত্তি জানতে পারলাম।

প্রেস্নিরা কেন লাল (রেড), কেন রাশ্তার নাম ব্যারিকেড স্ট্রীট, পার্কের নাম অভ্যুত্থান, এই সব মজার মজার কথা বলতেন আনাতোলি। ইতিহাসের পাতার পর পাতা খুলে বেত ছেলেমেরেদের সামনে, তারা সব বুঝতে শিখল আর অতীত আর বর্তমানকে ভালবাসতে শিখল।

শেক

ফেব্রুয়ারীর শেষ। সেদিন সার্কাসের টিকিট কিনলাম, ওদের নিয়ে বেশী বায়োস্কোপ বা সার্কাস দেখতে যাই না আমরা; তাই যখন যাই সময়টা সত্যি আনন্দ-মুখর হয়ে ওঠে।

ছেলেনেরেরা তো রবিবারের প্রতীক্ষায় দিন গুণছে, ধৈর্বের শেষ সীমায় পৌছে ওরা কম্পনা করতে আরম্ভ করেছে কুকুরটা দশ পর্যন্ত গুণছে, দুলকিচালে ঘোড়া কেমন হলের চারপাশে ঘুরে বেড়াছে, গলায় তার র্পোর সাজ, শিক্ষিত সীলমাছ কেমন পিপে থেকে লাফিয়ে আর এক পিপেতে যাছে, কি করে শিক্ষকের ছু°ড়েদেওয়া বল লুফে নিছে...

সারা সপ্তাহ ধরে তারা খালি সার্কাস ছাড়া আর কিছু ভাবতেই পারছে না—কিন্তু শনিবার স্কুল থেকে বাড়ী ফিরে আনাতোলি পেরোভিচ্কে বাড়ীতে বিছানার শুরে থাকতে দেখে অবাক হয়ে গেলাম।

আমি ভর পেরে জিভ্রেস করলাম—"এত তাড়াতাড়ি ফিরে এলে যে? শুয়েই ব। আছ কেন?"

"বাবড়াচছ কেন? সেরে যাবে, বিশেষ কিছুই হয়নি, একটু খারাপ লাগছে মাত্র।"

আমার শুর একটাও কমল না, দেখতে পাচ্ছিলাম আনাতোলি পেরোভিচ-এর মুশটা এত হলদে গিরেছে যেন তিনি অনেকদিন ধরে ভুগছেন—দেখে মনে হচ্ছে বড় রোগাও হয়ে গিয়েছেন হঠাৎ। জয়া আর শুরাও ভয় পেয়ে বাবার পাশটিতে চুপচাপ বসে রইল।

জোর করে একট্ব হেসে বাব। বললেন—"আমাকে বাদ দিয়েই তোমাদের সার্কাস দেখতে যেতে হবে।"

জয়। বলল__"তোমাকে বাদ দিয়ে আমর। ধাব না।"

শুরাও বলল---"না আমরা যাব না।"

পরের দিন আনাতোলি পেরোভিচ্-এর অবস্থা আরও খারাপ হরে উঠল।
পৈঠের দিকে একটা তীর ব্যথার সঙ্গে জরও এল। খুব সহা করার ক্ষমতা ছিল তাঁর,
তিনি বাইরে কিছু না দেখিয়ে বা চিৎকার, কাৎরানি না করে খালি ঠোট কামড়ে ব্যথা
সহা করতে লাগলেন। ডাল্কার ডাকা দরকার, কিছু ও'কে একলা রেখে যেতেও
আমার এত ভয় করছিল যে কি করব বৃষতে না পেরে পাশের বাড়ীর ফাটে ধাকা
দিলাম। কিছু সেদিন রবিবার, ওরা কেউ বাড়ী ছিলেন না, নিতান্ত হতাশ হয়ে
ফিরে এলাম, কি করা যায় ভাবতেও পারছি না।

হঠ। ৎ জরা বলে উঠল—"আমি যাচ্ছি ভান্ধার ভাকতে।" আমি জবাব দেবার আগেই ও তার কোট ট্রিপ পরে নিল।

অনেক কণ্টে আনাতোলি পেলোভিচ্ বললেন—''অনেক দ্রে যেতে হবে, তুমি যেও না…''

"না না আমি যাব…আমি জানি কোথায় থাকেন…" বলতে বলতে জয়া উত্তরের অপেকা না করে সি'ড়ি দিয়ে নেমে গেল।

"আছে। যেতে দাও, ওর বেশ বুদ্ধি আছে, ও ঠিক খুদ্ধে পাবে"—বলে আনাতোলি পোরোভিচ্ বস্থুণাক।তর মুখখানি দেয়ালের দিকে ফেরালেন।

একঘণ্টা পরে জয়া ভারার নিয়ে ফিরে এল। তিনি আনাতোলি পেরোভিচ্কে পরীক্ষা করে সংক্ষেপে বললেন—''আত্মিক গোলযোগ''—একুণি অপারেশন করতে হবে।

ভারার তার কাছে রইলেন—আমি ছুটে গিরে অ্যাম্বলেস নিরে এলাম, আধ্যক।
পর পেরোভিচ্কে ওরা নিরে গেল। সি*ড়ি দিরে নামবার সমর ওর মুথ থেকে
আর্তনাদ বেরিয়ে আসছিল—ছেলেমেরেদের ভরার্ড মুখের দিকে চেয়ে তক্ষুণি সেটা
সংবরণ করলেন।

অপারেশন বেশ ভালভাবেই হোল, আনাতোলি কিন্তু বিশেষ ভাল বোধ করলেন না। তাঁকে বখন দেখতে যেতাম তাঁর রক্তহান মান মুখখানা আমাকে ভর পাইরে দিও, আমার স্থামীকে আমি সব সমর তাসিখুসী দেখতে অভ্যন্ত, এখন তিনি সব সমর চুপচাপ। দৈবাং ত্রত তাঁর তাতটা আমার তাতের উপর রাখতেন, কখনও বা তাঁর আঙ্কাগুলো দিরে আমার আঙ্কাগুলো টিপে দিতেন।

৫ই মার্চ'ও আমি যথারীতি তাঁকে দেখতে এলাম। একজন এসে আমাকে একট্র অভুতভাবে তাকিরে বললেন—"আপনি হলখরে এক মিনিট অপেকা করুন, নার্স কিংবা ভারার এখনই আসছে।" আমি ভাবলাম তিনি হরত আমার চিনতে পারেননি—তাই তাঁকে মনে করিয়ে দিলাম—"আমি কসমেদিয়ানফিককে দেখতে এসেছি। আমার রোজকার পাস আছে।"

তিনি আবার বললেন—"এক মিনিট মান্ত, নার্স একুণি আসছে।"

এক মিনিট পরে নাস' ভাড়াহুড়ে। করে ঘরে ঢাকে আমার চোখের দিকে না তাকিরেই বলল—''আপনি বসুন।"

এবার আমি বুঝতে পারলাম।

অসম্ভব আর অবিশ্বাস্য কথাগুলো আমিই উচ্চারণ করলাম—"তিনি তাহলে মারা গিয়েছেন ?"

नीत्रत्व नार्ज याथा नाएला।

দুরারোগ্য রোগে পীড়িত নিশ্চিত মৃত্যুর মুখোমুখি দাঁড়ান প্রিয়ন্তনের বিয়াগ সহ্য করা মর্মান্তিক, তবে তার চেয়ে দুঃখন্তনক, বেদনাদায়ক হল প্রিয়ন্তনের আকম্মিক মৃত্যু।...মাত্র এক সপ্তাহ আগে পর্যন্ত যে-লোক আনন্দ আর প্রাণশক্তিতে ভরপুর ছিল, ছোটবেলা থেকে আন্ত পর্যন্ত যার কোনদিন অসুথ করেনি, এখন তিনি শ্বাধারে শায়িত, নীরব, নিশ্পন্দ।

ছেলেমেয়ের। আমাকে একমুহূর্তের জন্যও কাছছাড়। করেনি, জয়। আমার হাত ধরেছিল, শুরা আর একহাত জড়িয়ে রেখেছিল।

অশ্রহীন রক্তিম চোথে জয়া বারবারই আমাকে বলতে লাগল—"মা কেঁদো না।"

এক নিরানন্দ শীতের দিনে আমরা তিনজনে তিমিরিয়াজেভ পার্কে দাঁড়িয়ে আমার দাদা আর বোনের জন্য অপেক্ষা করছিল।ম। তারাও আসবেন শোকষাদ্রায় যোগ দিতে। আমরা একটি বড় ঠাণ্ডা গাছের তলার দাঁড়িয়ে নিজেদের অত্যন্ত অসহায় বোধ করছিলাম, শীতের তীক্ষ্ণ হাওয়া আমাদের গায়ে সৃ*চের মত বি*ধছিল। কথন যে ওয়া এসে পৌছলেন বা আমরা কি করে সেই শীতের দিনটা কাটিয়ে-ছিলাম তা কিছুই মনে নেই, থালি অস্পৃত্ট মনে আছে কি রকম হদর্যবিদারক হতাশার সঙ্গে জয়া তার বাবার কবরে মাটি দিতে গিয়ে কেঁদে উঠেছিল, সঙ্গে সঙ্গে শ্বাধারের উপরে মাটি ফেলার শব্দ...

পিতৃহীন

তখন থেকে জীবনের ধারাই বদলে গেল। আগে আমি নিশ্চিন্ত ছিলাম, জ্বানতাম আমার পাশে এমন একজন রেহমর মানুষ আছেন বার কাছে আমি সবসমরই সাহায্য পাব। আমি সবসমর তার কাছ থেকে না-চাইতেই-পাওরা নীরব সাহায্যে অভ্যন্ত, এর যে ব্যতিক্রম হতে পারে তা আমার ধারণা ছিল না। হঠাং আমি একেবারে একা হরে পড়গাম, তারপর আমার উপর নির্ভরশীল দুটি ছেলে-থেরে। তাপের দারিছ সম্পূর্ণ আমার।

कि विश्रम त्व व्यामात्मत इरहाइ, त्म मद्दा भूता अत्कवादहरे व्यक्त हिन, उ

নিতান্তই ছেলেমানুষ, ও হরত ভাবছিল ওর বাবা অন্যান্যবারের মত এবারও কোথাও বেড়াতে গিরেছেন করেকদিনের জন্য, শীগগিরই ষে-কোন একদিন ফিরে আসবেন।

কিন্তু জন্না বড়দের মত বেদনাবোধ করত। ও বাবার সম্বন্ধ কোন কথা কখনও বলত না, আমার কাছে এসে আমার দিকে তাকিরে থাকত, যখন আমার ভাবনা তাঁকে থিরেই বন্ধে চলেছে, আর বলত—''তোমার কিছু পড়ে শোনাব ?'' না হয় বলত—''আমাদের একট্ গম্প বল না—সেই তোমরা যখন ছোট ছিলে।'' না হয়ত কিছু না বলে আমার কাছে চুপচাপ বসে থাকত। আমার হাঁট্র সঙ্গে হাঁট্ ঘে'সে বসত। আমার দুঃথ ভোলাবার জন্য ও প্রাণপণ চেন্ট। করত।

কিন্তু কোন কোন রাত্রে ওর ফু°পিয়ে কান্নার শব্দ শুনতে পেতাম, আমি ওর কাছে গিয়ে মাথার হাত বুলিরে জিজ্ঞাসা করতাম—''বাবার জন্যে মন কেমন করছে বুঝি?" ও জবাব দিত—''না, আমি নিশ্চরই স্বপ্ন দেখছিলাম।'

এই বিপদের আগে আমর। প্রায়ই জয়াকে বলতাম—''তুমি হলে বড়, তুমি শুরাকে দেখবে, মাকে সাহায্য করবে''—একথাগুলোর গভীরতর অর্থ এখন দেখা দিল, জয়া এবার সভিটেই আমার বন্ধু ও সাহায্যকারী হয়ে দাঁড়াল।

আমি দুটো স্কুলে পড়াতে লাগলাম, কাঞ্চেই সংসারের দিকে মন দেবার সময় হাতে আরও কম থাকল। রাত্রেই আমি খাবার রাহা করে রাখতাম, জয়া গরম করে শুরাকে খাইয়ে ঘর পরিজ্কার করে দিত, একট্ব বড় হলে পর উনুন অবধি ধরাতে শিখল।

প্রতিবেশীরা বিস্ময়ের সংগ্য বলত—''স্করা কোন্দিন আমাদের বাড়ীঘর দেকে জালিয়ে, ছেলেমানুষ বৈ ত নয়!"

কিন্তু আমি জানতাম, যে কোন বয়জের চেয়ে জয়। অনেক বেশী নির্ভরযোগ্য। সে সব কাজ ঠিক সময়ে করত, কোনকিছুই ভূলত না, সামান্য সামান্য ব্যাপারেও তার বিন্দুমান অবহেল। ছিল না। জয়া জলস্ত দেশলাইয়ের কাঠি কথনও ফেলত না, সময়মত আগুন নিবিয়ে দিত, এমন কি একট্বরের। কয়লা কোথাও পড়ে থাকলে তুলে রাথত।

একদিন আমি ভয়ানক মাধার যন্ত্রণা নিয়ে বাড়ী ফিরলাম, এত ক্লান্ত লাগছিল যে রামা করতে আর লাগছিল না। ভাবলাম, ''কাল সকাল সকাল উঠে কালকের খাবার তৈরী করব।"

বালিশে নাথা ছেণরাতে না ছেণরাতে ঘুমিরে পড়লাম। পরের দিন উঠলাম অনেক দেরী করে, আধঘণ্টার মধ্যে তৈরী হয়ে বেরিয়ে না পড়লে স্কুলে পৌছতে দেরী হয়ে যাবে। ভরানক বিরক্তি লাগল—"কি যন্ত্রণ! কি করে এতক্ষণ ঘুমোলাম, জরা শুরা তোমাদের আজকে আর রামা-করা খাবার জুটবে না দেখছি।"

সন্ধ্যেবেলা বাড়ী ফিরে দরজার পা দিয়েই জিজ্ঞাসা করলাম—"কেমন, না খেয়ে আছ ত ?"

শুরা নাচতে নাচতে বলল—''না খেরে নর, খেতে খেতে আমাদের পেট ফেটে যাছে এফেবারে।'' জয়া বেশ গর্বের সঙ্গে বলল—''মা বসে পড় তাড়াতাড়ি, আজ আমরা মাছভাজা বেংগেছি।''

''মাছ ? কি মাছ ?''

কড়াতে মাছভাজার লোভনীর গন্ধ আর চকচকে চেহারা ক্ষিধে জাগিরে দিচ্ছিল, কিন্তু এল কোখেকে?

আমি যতই ভাবছি বাজার৷ তত্তই খুসীতে ডগমগ হয়ে উঠছে—শুরা লাফাতে লাফাতে ঠেচাতে লাগল, জয়া শেব পর্যস্ত খুসীর চোটে বলে ফেলল—

"জান, স্কুলে যাবার সময় পুকুরের জমাট বরফের ভিতরে গর্তের মধ্যে একটা মাছ দেখতে পেলাম, শুরা ত তক্ষুণি হাত দিয়ে ধরতে গেল, কিন্তু পিছলে পালিয়ে গেল। আমাদের দাই একটা টিন দিল, আমরা সেটাকে ব্যাগে পুরে নিয়ে এলাম। বাড়ী আসার পথে পুকুরে নেয়ে আমরা কিছু মাছ ধরলাম…।'

শুরা যোগ দিল—"আমর। আরও ধরতে পারতাম, কিন্তু একটা লোক আমাদের তাড়িয়ে দিল—বলল তোমর। হয় ডুবে যাবে না হয় শীতে জমে যাবে। কিন্তু মাদেথ আমরা দুটোর একটাও হইনি।"

জন্ন। বলল—''বেশ অনেকগুলো ধরেছি। বাড়ী এসে ভেজে আমর। কিছু থেয়েছি, ভোমার জন্য কিছু রেথেছি। বেশ খেতে, না মা?'

সৌদন জয়। আমি দুজনে মিলে রামা করলাম। ও আলু ছাড়িয়ে দিল, আর কোন্ মশলার কতট্নুকু দিতে হয় তা বেশ করে দেখে নিল।

পরে আনাতোলি পেরোভিচ্-এর মৃত্যুর প্রথম দিককার অবস্থা ভাবতে গেলেই আমার মনে পড়ত সেই দিনগুলোর কথা। মনে হয় পরে জয়ার চরিত্রের যে গাড়ীর্য আর দৃঢ়তা লোককে মুদ্ধ করত, ঐ সময়েই তার বিকাশ হয়।

नजून ऋरन

আমার স্বামীর মৃত্যুর পর থুব অপ্পদিনের মধ্যেই আমি ছেলেমেয়েদের ২০১ নং জ্বলে বদলী করে নিলাম। আগের স্কুলটা ছিল খুব দূরে। ওদের একা যেতে দিতে আমার ভয় করত। আমি নিজে ঐ স্কুলে আর কাজ করতাম না, কারণ বড়ছেলেমেয়েদের একটি স্কুলে পড়ানো সুরু করেছিলাম।

প্রথম থেকেই নতুন স্কুলটা ওদের বেশ ভাল লাগল। প্রথম দিনে ওরা স্কুলটাকে ভালবেসে ফেলল। স্কুলের প্রশংসা ওদের মুখে বেন আর ধরে না। অবশ্য এর্ডাদন পর্বন্ত ওরা কাঠের ছোট খরওয়ালা আস্পেন বনের স্কুলের মত স্কুলে পড়ছিল। এই স্কুলটা খুব বড়, অনেকগুলো ঘর, তারপর একেবারে গায়েই মন্ত এক সুন্দর তিনতলা বাড়ী তৈরী হচ্ছে, পরের বছর স্কুলটা ঐ বাড়ীতে উঠে বাবে।

২০১ নং স্কুলের গ্রিনিপ্যাল নিকোলাই ভাসিলিরেভিচ্ কিরিকোভ্-এর প্রশংসার পঞ্চমুখ হরে উঠল জর।। সন্ধানী চোথ ছিল ওর। উৎসাহের সঙ্গে বলে চলগ জয়।—"দেশবে আমাদের কৈ একখানা হলবর হবে! আর লাইরেরী, কত যে বই, এত বই আমার জন্মেও দেখিনি। চারদিকের ভাক, দেরাল, মেঝে থেকে ছাদ পর্যস্ত সব ভতি বইয়ে —একটুও জায়ঁগা নেই—একেবারে ঠাসা'—একট্র থেমে জয়। বলতে লাগল (আমি যেন 'একেবারে ঠাসা' কথাটার মধ্যে ওর দিদিমার গলা শুনতে পেলাম)—''নিকোলাই ভার্সিলয়েভিচ্ আমাদের সঙ্গেকরের নিয়ে সব দেখিয়ে এনেছেন, তিনি বলেছেন—আমাদের একটা প্রকাশু বাগান হবে, আর আমরাই তার সব গাছ লাগাব। দেখে। কি সুন্দর স্কুল হবে আমাদের। সার। মন্টেক। খুকলেও আর এমনটি পাবে না!''

শুরাও নতুন স্কুলের ব্যাপার-স্যাপার দেখে একেবারে থ' হয়ে গিয়েছিল, তবে ও বেশী পছন্দ করত ব্যায়ামের ক্লাসগুলো। কি করে দড়ি বেয়ে উপরে উঠেছিল, কি করে ঘোড়ার উপর দিয়ে লাফিয়ে গিয়েছিল, কি করে ও বাস্কেটবল খেলতে শিখল—সে সব কথা বলতে ওর কখনও ক্লান্তি আসত না।

প্রথম থেকেই ওদের শিক্ষয়িত্রী লিদিয়া নিকোলাইয়েন্ডনা য়ুরিয়েন্ডার সঙ্গে বেশ ডাব হয়ে গেল। যেরকম খুসীর সঙ্গে ওরা রোজ স্কুলে বেতে লাগল, যে রকম খুসী আর ভৃত্তি নিয়ে ওরা বাড়ী ফিরে আসত, যেরকম করে স্কুলের প্রভ্যেকটি খুটনাটি ঘটনা, শিক্ষিকার প্রভ্যেকটি কথা বলত, তাঁর কথার বিশেষ গুরুত্ব দিত, তাভেই আমি তাঁর স্প্রতি ওদের শ্রদ্ধা যে কত বুঝতে পারতাম।

একদিন আমি বললাম, "জয়া তুমি বন্ড বেশী মাজিনে রাখছ —"

জয়া তাড়াতাড়ি লজ্জা পেয়ে বলল—'না বেশী নয়—দি দুদমণি বলৈ দিয়েছেন এর চেয়ে কম রাখা ভাল নয়।''

সব ব্যাপারেই এরকম।

লিদিয়া নিকোলাইয়েজনা যা বলবেন, তাই হবে। আর সত্যি বলতে আমরঃ জানি এরকম হওয়াই উচিত। ছেলেমেয়েরা শিক্ষিকাকে ভালবাসে, ভব্তি করে। তাই তাঁকে খুসী করার জন্য তাঁর আদেশ পালন করার জন্য তার। যথাসম্ভব চেন্টা করত।

*কুলে কি ঘটত না ঘটত শুরা আর জয়ার মনে গাঁথ। হয়ে থাকত। শুরা মহা থায়। হয়ে বলে চলল—''বোরিস দেরী করে শকুলে এসে বলল আমার মার অসুথ করেছে—আমি ডান্তারের কাছে গিরেছিলাম; মার অসুথের ওপর ত' আর বেচারার হাত নেই; তাই লিদিয়া নিকোলাইয়েছ্না বললেন 'বাও, বস গিয়ে।' কিন্তু শুকুলের পর দেখা গেল বোরিসের মা সশরীরে হাজির, ওকে কোথায় যেন নিয়ে যাবেন। তার চেহায়া দিব্যি সুন্তু, সতেজ আর সবল, কোনকালে যে অসুথ কয়েছিল তার কোন চিছু নেই কোথাও। লিদিয়া নিকোলাইয়েছ্না রাগে লাল হয়ে উঠলেন, বোরিসকে ডেকে বললেন—'আমি সব থেকে অপছন্দ করি কি জান—মিথা৷ কথা বলা। আমার নিয়ম হল যদি মিথা৷ না বলে শীকার করে ফেল…' তার মানে সভিয় কথা বলা আর কি—"বলতে বলতে শুরা হঠাৎ বোধহর ভাবল শিক্ষিকার কথার মানে করাটা বোধহর ঠিক নর তাই শুধরে নিয়ে বলল—"ভাহলে অপয়থের বেশীর জ্ঞাবই

মাপ করা বার ।' আমি জিজেস করলাম—'অপরাধের বেশীর ভাগই কেন মাপ হয়ে গেল ?' লিদিয়া নিকোলাইয়েভ্না বললেন—'দোষ বীকার করে ফেলার মানে হল—সে তার অন্যায় বৃঝতে পেরেছে, তখন আর তাকে কঠোর শাশ্তি দেবার কোন মানে হয় না। কিশ্তু সে যদি অপরাধ অস্বীকার করে তার মানে সে অন্যায় বৃঝতে পারেনি এবং এখন শান্তি না দিলে একই অপরাধ বারবার করে যাবে…''

ক্লাসের মেরের। খারাপ নম্বর পেলে জয়। এমন মুখের চেহার। করে বাড়ী আসত যে আমি ভর পেরে জিজ্ঞোস করতাম, "কি ব্যাপার, খারাপ নম্বর পেরেছে বুঝি?"

দুঃথিত সুরে সে জবাব দিত,—"আমি নর—আমি ত' বেশ ভালই নম্বর পেরেছি, কিন্তু মানিয়া ফেদোতোভা সব বিষয়েই থুব খারাপ করেছে, আর নিনা লিউাবমোভাও তাই, লিদিয়া নিকোলাইয়েভ্না বলেছেন—'তোমাদের জন্য আমার বেশ কন্ট হছে, কিন্তু উপায় নেই। তোমাদের ত' খারাপ নম্বর নিতেই হবে'।"

একদিন আমি অন্যাদিনের থেকে সকাল সকাল বাড়ী ফিরে দেখি ওরা তথনও ফেরেনি। বেশ চিস্তিত হয়ে আমি শ্কুলে গিয়ে লিদিয়া নিকোলাইয়েভ্নাকে জিজ্ঞেস করলাম—জয়া কোথায় তিনি জানেন কিনা—াতনি জবাব দিলেন—"বোধ হয় তারা সবাই বাড়ী চলে গিয়েছে। আসুন একবার ক্লাস্থরে খুণ্জে দেখা যাক।"

আমরা ক্লাসপরের কাছে গিয়ে জানালার কাঁচের ভিতর দিয়ে উ'কি দিলাম।

জয়া আর তিনটি মেয়েকে সঙ্গে নিয়ে বোর্ডের কাছে দাঁড়িয়ে আছে। দুজন লম্বায় জয়ারই সমান হবে, মাথায় সরু সরু জোড়া বেণী, আর একজন জয়ার চেয়ে বেঁটে, মোটাসোটা আর মাথায় কোঁকড়া কোঁকড়া চুল। সবাই বেজার গঙ্কীর, ভারী চিন্তিত মুখ, কোঁকড়া চুলওয়ালা মেয়েটি তো একট্র হাঁ-ই হয়ে আছে।

একট্র বকুনির ভঙ্গীতে জয়। তাদের দিকে তাকিয়ে বলছে—"কি করছ বল তো তোমরা? পোন্সলের সঙ্গে পোন্সল যোগ দিলে পোন্সল পাওয়া যায়, তা তোমরা তো মিটারের সঙ্গে কিলোগ্রাম যোগ দিছে, তাতে পেলে কি ?"

ঠিক এই সমর ক্লাসের পিছন দিকে একঝলক সাদা আলোর মত কি যেন দেখতে পেলাম—সেদিকে চেয়ে দেখি শুরা পিছনের বেণ্ডিতে বসে একমনে কাগজের এরোপ্রেন ওড়াছে।

আমর। পা টিপে টিপে সেখান থেকে চলে এলাম। লিদিরা নিকোলাইরেভ্নাকে বলে এলাম ওদের শীগগির বাড়ী পাঠিরে দিতে আর ভবিষাতে যেন ওরা ছুটির পর বাড়ী ফিরতে দেরী না করে সেদিকে লক্ষ্য রাখতে। সন্ধ্যাবেলায় আমি জন্মাকে বললাম, ছুটি হওরামান্তই তার বাড়ী আসা উচিত। "আজ আমি তোমাদের সঙ্গে বেশীক্ষণ থাকব বলে তাড়াতাড়ি বাড়ী চলে এলাম, আর এসে দেখি কিনা তোমরা নেই! শকুলের পর সেখানে থেকে মিছিমিছি সমর নই কোরো না।"

জরা চুপ করে আমার কথা শুনর্স—কিন্তু খাবার পর হঠাং সে জিজ্ঞাসা করে বসল—''আছো মা—অনা মেরেদের সাহাষ্য করলে কি সতিয় সতিয় সমর নস্ট হর ?'

"কেন সময় নক হবে ? তোমার সাথীকে সাহায়্য কয়াটা তো খুব ভাল কাল।" "তাহলে তুমি কেন বললৈ, স্কুলে থেকে সময় নক কোরো না ?" আমি নিজের নিবুদ্ধিতার জন্য নিজেই জিভ কাটলাম (এই নিয়ে বোধ হয় একশ'বার আমার এরকম হল)। ছেলেমেয়েদের সঙ্গে কথা বলার সময় কি কঠোর সংথমের সঙ্গে প্রত্যেকটি কথার ওজন বাচাই করে নিতে হয় তা আমার ভাবা উচিত ছিল।

"আমি ত' আর সবসময় ছুটি পাইনা, তোমাদের সঙ্গে একটু বেশী সময় থাকক তাই বলেছিলাম—"

"কিন্তু তুমিই তে। বলেছ—কাজ করতে হবে সবার আগে।"

"থুব সতিয়। কিন্তু শুরাকে দেখাশোনা করাও তো তোমার কাজ, শুরা যে ক্ষ্মার্ড হয়ে স্কুলে বসে তোমার সংক্র ফিরে আসার অপেক্ষার ছটফট করছিল।"

শুরা বিড়বিড় করে উঠল—''না আমার মোটেই থিদে পেরেছিল না, জরা স্কুলে অনেকথানি টিফিন নিয়ে গিয়েছিল।"

পরের দিন জয়া যাবার সময় বলল—"মেয়েদের সঙ্গে আজকে একট্ স্কৃলে থাকব ?"

''বেশী দেরী কোরো না জয়া।''

''আধরণ্টা মাত্র''—জয়া জবাব দিল।

আমি জানতাম, জয়ার আধঘণ্টা মানে আধঘণ্টাই হবে, তার একমিনিটও বেশী নয়।

ত্রীক পুরাণ

আনাতোলি পেরোভিচ্ যে ভাবে আমাদের জীবনের ধারা সুরু করে দিরেছিলেন, তা বজার রাখার জন্য আমি প্রাণপণ চেন্টা করতাম। তিনি বেঁচে থাকতে যেমন, এখনও তেমনি আমরা ছুটির দিনে মক্ষোর চারদিকে ঘুরে বেড়াতে যেতাম। কিন্তু তাতে তাঁর কথা আমাদের আরও বেশী করে মনে পড়ত। সন্ধার খেলার আনন্দও আমাদের জমত না, তাঁর প্রাণখোলা হাসি, কৌতুকের অভাববোধটা আমাদের আরও বিষয় করে তুলত।

এক ছুটির সন্ধার, বাড়ী ফেরার পথে, গরনার দোকানের সামনে আমরা দাঁড়ালাম। জানালার উজ্জল আলোগুলি লাল, নীল, সবুজ, বেগুনী হরেক রকমের রং ছাড়য়ে দিরেছে দামী দামী পাথরের উপরে আর তা থেকে নানা রং-এর ঝলমলানি হছে। সেখানে আছে নেকলেস্, রোচ্, পেণ্ডেট—সবিক্তু, আর এক পাশে জানালার শাশির নীচেই মথমলের কুগনে সাজানো আছে সারির পর সারি দামী দামী আংটি। তাদের প্রত্যেকটিতে একটি দুটি করে দামী পাথর বসানো, সেই পাথর থেকে রংবরণ্ডের আলো ঠিকরে পড়ছে, যেমন বার হতে দেখা বার মরদাভালার বশতার ভেতর থেকে, কিংবা দ্বামের উপরকার ভাগ্যর মাধা থেকে। আশ্বর্থ সব আলোর মেলার ছেলেমেরেরা অভিভূত হরে পড়েছিল—হঠাং জয়া বলে উঠ্জ—

"বাবা বলেছিল কেন আংটিতে মণিমুক্তা বসান হয় তা বলবে, কিন্তু বলে নি।"… বলতে বলতে বলতেই হঠাং থেমে গিয়ে জয়া আমার হাতে শক্ত চাপ দিল, বেন আমাকে বাবার কথা মনে করিয়ে দেওয়ার জন্য মাপ চাইছে।

বাধা দিয়ে শরুরা বলল — ''মা, আংটিতে কেন মণিমুক্তো বসানো হয় তা কি তুমি জান ?''

হাঁটতে হাঁটতে আমি ওদের প্রমিথিউস-এর গশ্প বললাম, ছেলেমেরের। তো কোনরকমে অন্য পথচারীদের গায়ের সঙ্গে ধারা না লাগিয়ে চলতে চলতে আমার প্রত্যেকটা কথা যেন গিলতে লাগল। মানুষের জন্য টাইটানের দৃষ্প্রাণ্য বস্তু মর্ত্যে নিয়ে আসা, ফলে প্রমিথিউসকে কি পরিমাণ নিগ্রহ ভোগ করতে হয় তার অমর কাহিনী শুনতে শ্নতে ওরা তন্ময় হয়ে গিয়েছিল।

"একদিন হারকিউলিস্নামে অসাধারণ বলশালী, দয়ালু, বীর প্রমিথিউসের কাছে এলেন। তিনি কাকেও ভয় করতেন না এমন কি দেবরাজ জীউসকেও নয়। তলোয়ার দিয়ে তিনি যে শিকল দিয়ে প্রমিথিউসকে পাহাড়ের গায়ে বেঁধে রাখা হয়েছিল তা কেটে দিলেন। প্রমিথিউস্মৃত্ত হলেন। কিন্তু দেবরাজ জীউসের আজ্ঞায়, প্রমিথিউসের দেহ থেকে সে শৃঞ্জল মৃত্ত হল না; একট্করেরা পাথর আর ঐ শিকল প্রমিথিউসের হাতে লেগেই রইল। সেই থেকে, প্রমিথিউসের স্মৃতি বজায় রাখার জন্য মানুষ শ্রুর করল আংটি পরতে, ঐ পাথরের ট্করোর স্মৃতি হল এখনকার দামী পাথর।"

করেকদিন পরে আমি লাইরেরী থেকে গ্রীক পুরাণের একখানি বই এনে ওদের কাছে পড়তে আরম্ভ করলাম। প্রমিথিউদের প্রতি ওদের ষতই আকর্ষণ থাক, ওরা কিন্তু প্রথমে যেন অনিচ্ছার শুনতে লাগল। কারণ বোধ হর—গ্রীক পুরাণের এই অর্ধ-দেবতা তাদের কাছে ষেমনি অপরিচিত, তেমনি তাদের খটমট নামগুলোও ওদের পক্ষে মনে রাখা ভরানক শক্ত। রুশ-কাহিনীর পরিচিত নামগুলোর মত—মিফি দাতওরালা ভালুক, শেরাল পাদ্রিকাইরেজ্না. ধ্সর হারেনা, বরফের গর্তে ল্যান্ত রেখে যাওরা বোকা মেছো,—এই সবের মত পরিচিত আর প্রির নর। ক্রমে ক্রমে গ্রীক বীরেরা ছেলেমেরেদের মনে জারগা করে নিল, জয়া আর শুরা হারকিউলিস্, পার-সিউস্ আপকারুশ এদের কথা নিয়ে এমন আলোচনা শুরু করল, যেন তারা সব জ্যান্ত মানুষ।

মনে পড়ছে একদিন জয়। বলেছিল, নিওবের জন্য ওর ভারী দুঃখ হয়! শুরা বেশ গরম মেজাজে জবাব ছিল—"কেন সে অত অহংকারী কেন?" আমি জানতাম আরও অনেকগৃলি চরিত্রই ওদের কাছে প্রিয় হয়ে উঠবে। আর একটি ঘটনা আমার মনে পড়ছে—একদিন আমাকে ভর্মনিচ-এর লেখা 'দি গ্যাডফ্লাই' পড়তে দেখে জয়। বলল—"ওমা ভোমার মত্ত বড়রা কাদে বুঝি।"

আমি জবাব দিলাম—"তুমিও একদিন এ বই পড়বে, তখন দেখে।।"

^{&#}x27;'কখন পড়ব?''

[&]quot;ৰখন তুমি এই মনে কর চৌন্দ বছরের হবে।"

''ও তার তো এখনও ঢের দেরী—''জয়া জবাব দিল, বোঝা গেল এত দিনের ব্যবধান তার কাছে অবিশ্বাস্য আর অসম্ভব রক্ষ্যের দীর্ঘ ।

ওদের প্রিয় বই

আমরা ছুটির সন্ধার আর দোমিনো খেলতাম না। আমরা জোরে জোরে পড়তাম, আমি পড়তাম—ছেলেমেয়েরা শুনত।

প্রথম প্রথম আমরা পুশকিন্ পড়তাম, তাঁর জগতটা ছিল সৌন্দর্য আর আনন্দ দিয়ে ভরা। বিশেষ ভাবে তাঁর বই মনের মতন ছিল আমাদের সকলেরই কাছে। পুশকিনের কবিতাগুলো মনে রাখাও খুব সোজা। 'কাঠবিড়ালী' সম্বন্ধে কবিতাটা আবৃত্তি করতে শুরা কখনও ক্লান্তি বোধ করত না।

কণ্ঠ তার সদাই গেয়ে চলেছে গান ছোটু বাদামগুলে৷ অবিরত খান্ খান্ বাদামগুলো নয়কো শুধু শাঁসেই সৃসাদু আবরণে ঠাসা আছে সোনারই যাদু শাসের বদলে তার চুনী আর পানা...

পুশকিনের কবিতা মুখস্থ থাকলেও ছেলেমেয়ের। প্রশ্নের পর প্রশ্নে ব্যতিবাস্ত করে তুলত—

"মা সোনালী মাছের কথা শোনাও না…জার সুলতানের কথা পড় না…"

একবার আমি গারিন-এর লেখা ''তিওমার ছেলেবেলা'' পড়ছিলাম। পড়তে পড়তে আমরা এসে থামলাম—যেখানে তিওমার বাবা তিওমাকে ফুল ছে'ড়ার জনা চাবুক লাগাছেল। বাচ্চারা তারপর কি জানবার জন্য অন্থির হয়ে পড়ল, কিব্তু সেদিন ভরানক রাত হয়ে গিরেছিল বলে ওদের শ্বতে পাঠিয়ে দিলাম। তারপর ঘটনাচক্রে সেই সপ্তাহে কিংবা পরের রবিবারেও আমি ঐ গম্পটা শেব করার আর মোটেই সময় পেলাম না। আমার হাতে বিস্তর কাজ জমেছিল, সেলাই, খাতা শ্ব্দ্ধ করা, আর অনেক মোজা রিপু করার ব্যাপার ছিল। শেষ পর্যন্ত জয়ার আর ধৈর্ষ রইল না। ও নিজেই বইটা নিয়ে বাকীটা পড়ে ফেলল।

আর অমনি করেই শারু হল। জ্বা হাতের কাছে যা কিছু পেত তা সে রূপকথাই হোক, খবরের কাগজই হোক আর স্কুলের পাঠা বই হোক, সবকিছুই একেবারে গিলেফেলতে আরম্ভ করল। যেন সে বড়দের মত করে পড়া অজ্ঞাস করছে, পাঠা বইয়ের একখানা করে পাতা মাত্র আর সে পড়বে না এখন সে একটা গোটা বই পড়তে চার। কিন্তু যখনি আমি বলভাম "এ বইটা ভোমার উপবৃত্ত নর, তুমি আগে বড়হও তবে পড়বে।" ও বইটা বছ্ক করে পাশে রেখে দিত।

আর্কাদি গারদার আমাদের বিশেব প্রির হরে উঠেছিকেন। সত্যি ঘটনাবলী নিরে ছেলেমেরেদের জন্য গম্প লেখার তাঁর বে আচ্চর্ব কারদা, তা দেখে আমি অবাক হরে বেতাম। তার শিশুশ্রোতাপের তিনি এমনভাবে সম্বোধন করতেন যেন তারা তার সমান, বরেসে ছোট বলে তিনি তাপের তুল্ছ করে কথা বলতেন ন।। তিনি জানতেন বাচারা সবক্তিই পুরোপুরি চার, সাহসের মধ্যে নামমার ভর থাকলে চলবে না, বঙ্গুছের মধ্যে কোন খাদ থাকবে না, বিশ্বস্ততার থাকবে না কোন শর্ত। তাঁর বইরের পাতার পাতার উচ্চাশার শিখা, কবি মারাক ভূষ্কির মত তিনিও শ্রোতাকে আমাদের দেশের প্রকৃত শান্তি ও সুথের দিকে তাকাতে নির্দেশ দিতেন, কেবল মার সামরিক সুখ ও সাধারণ মানবিক স্বাচ্ছন্দ্যের জন্যই তাঁর প্রতিটি ছবে প্রেরণা থাকত না। তিনি মানবসমাজকে শাশ্বত শান্তি ও সুথের দিকে ধাবিত হবার জন্য প্রেরণা দিতেন।

গাবদার-এর প্রত্যেকটি বই পড়ার পর আমাদের কিরকম আলোচনাই না হত! আমাদের বিপ্রবের সার্থকতা নিয়ে আমরা গর্ববাধ করতাম, আমাদের বর্তমান স্কুলের সঙ্গে জারের আমলের স্কুলের কত তফাৎ; সাহস আর শৃঙ্থলা নিয়েও আমরা আলোচনা করতাম। গায়দারের বইয়ে এইসব কথাগুলি কি আশ্চর্য সোজা আর পরিশ্বার ভাবে বলা হয়েছে। বোরিস গোরিকভ সঙ্গীদের সঙ্গে অভিযানে বেরিয়ে মৃহুর্তের ভূলে অনুমতি না নিয়েই সংতার কটেতে চলে গিয়েছিল, ফলে অনিচ্ছাক্কত হলেও তার অসমবয়সী বন্ধ চুবুক-এর উপর কি বিপদ ঘনিয়ে এসেছিল তার বিবরণ পড়তে পড়তে জয়া আর শ্রো স্তান্ধিত হয়ে গিয়েছিল।

শ্রো বলে উঠল —''ভাব একবার। ওর ইচ্ছে হল ও সণতার কাটবে—আর ধরে নিয়ে গেল কিনা চুবুককে!''

জয়া বলল—''আর চুবুক কিনা মরার সময় জেনে গেল যে বােরিস বিশ্বাস-ঘাতকতা করেছে! এর পরে বােরিসের কি মনের অবস্থা হল ভেবে দেখেছ! আমি ত ভাবতেই পারি না, আমার বন্ধুকে যদি আমার জন্য গুলি করে মারা হয় তারপর আমি কি করে বেঁচে থাকব!''

আমর। বারে বারে "দ্রদেশ", "আর-ভি-এস", "সেনাবিভাগের গোপন রহস্য", ইত্যাদি পড়তাম। গারদার-এর কোন নৃতন বই বার হওরা মান্তই আমি কিনে আনভাম। সেই সময়কার প্রধান প্রধান চমৎকার সব ঘটন। নিয়ে সেই বইগুলো লেখা হত, আমরা বিশ্বায়ে মুদ্ধ হয়ে যেতাম। জয়া একবার জিজ্ঞেস করল—"আছা মা, গায়দার কোথার থাকেন?"

"বোধহয় মঙ্কোতে।"

"ওকে দেখতে পেলে কি মজাই না হত ?"

मकूम द्यां

''কসাক দস্যু'' খেলতে শর্রা ভরানক ভালবাসত। ছেলেদের নিরে শীতকালে বরফের উপরে, গরমের দিনে বালির ভিতরে, গর্ড খু'ড়ে, আগুন ছেলে পিলে চমকানো চিংকার করতে করতে রান্তার রান্তার শর্রা পুরে বেড়াত।

একদিন সন্ধার সময় হলের দিকে প্রচণ্ড শব্দ শোনা গেল, দরজাটা দড়াম করে খুলে বেতে দেখা গেল শুরা দাঁড়িয়ে আছে। কিন্তু কি চেহারা হয়েছে ওর! দেখে জয়া আর আমি চেয়ার থেকে লাফিয়ে উঠলাম, সারাগায়ে মাথা থেকে পা পর্যন্ত কালায় মাথামাথি, চুলগুলো উল্লোখ্য়ে, মাথা, মুথ বেয়ে ঘাম ঝরছে। মার এই নয়, এ রকম দেখা আমাদের অভ্যাস আছে। সবচেয়ে সাংঘাতিক হল ওর নতুন কোন কোটের অবস্থাটা। যত বোতাম, পকেট সব উপড়ে ছি'ড়ে ফেলেছে—আর সেগুলোর জায়গায় মস্ত মন্ত সব গর্ত হাঁ হয়ে আছে।

ভয়ে আমার হাতপ। ঠাণ্ডা হয়ে এল, মাত্র কয়েকদিন আগে কোটটা কিনে দিয়েছি।

কোন কথা না বলে ওর কাছ থেকে কোটট। নিয়ে পরিষ্কার করতে বসলাম।
শুরাও একটু হতবুদ্ধি হয়ে দাঁড়িয়ে পড়ল, তবে ওর চেহারা যেন পরিচয় দিচ্ছিল
নীরব ঔদ্ধতার—"তাতে কি হয়েছে?" এই যেন তার মনের ভাব। মাঝে মাঝে
তার এইরকম ভাব আসত, আর সেসময়ে তাকে সামলানো এক অসম্ভব ব্যাপার।
আমি বকাবকি করতে ভালবাসি না, এইসময় ওর সঙ্গে খুব ঠাঙা-মাথায় কথা বলা
আমার পক্ষে অসম্ভব হবে বলে আমি ওর দিকে আর না তাকিয়ে নিজের মনে
কোটট। সেলাই করতে বসলাম। পনের কুড়ি মিনিট ধরে ঘরে অখণ্ড নীরবতা,
মনে হল যেন ঘণ্টার পর ঘণ্টা পার হয়ে যাছে।

শুরা আমার পেছন থেকে গুণগুণ করে উঠল—"মা এবার আমাকে মাপ কর_ আর এরকম করব না।"

জয়াও বলল—"মা এবার ওকে মাপ কর।"

আমি মাথা না তুলেই বললাম—"বেশ।"

অনেক রাত পর্যস্ত বসে কোটটাকে সারালাম, পরের দিন যথন জাগলাম তথনও বেশ অন্ধকার রয়েছে, চেয়ে দেখি আমার পায়ের কাছে শ^{্ব}রা দাঁড়িরে আছে কথন আমি চোথ খুলব সেইজন্য।

অপরাধী ভাবে থুব নীচু সুরে শ্রুরা বলল—"মা এবার আমাকে মাপ কর—আর কখনও এরকম হবে না।"—আগের বারের সেই কথাগুলোই, কিন্তু বলার মধ্যে কত তফাং, সত্যিকারের দুঃখ আর অনুতাপ মেশানো এবার।

জরাকে যখন একলা পেলাম—আমি জিজ্ঞেস করলাম—"তুমি শ্রাকে কিছু বলেছ কাল রাত্তের ব্যাপার নিয়ে ?"

একটুক্ষণ থেমে সে বলল—"হা।"

"কি বলেছ ওকে ?"

"আমি বলেছি, তোমাকে সব কাজ নিজের হাতে করতে হয়। তাতে তোমার ভয়ানক কন্ট হয়। আরও বলেছি তুমি রাগ করনি শ্ব, কিন্তু ভাবছ বে ওভারকোটটা যে একে বারে গিয়েছে, এখন কি করে চলবে।"

'চেল্যুক্ষিন'

আমি শুরাকে জিজ্ঞেস করলাম—''বাবা বে সেদভ্-এর অভিযান গশ্পটা বলেছিলেন মনে আছে ?"

"আছে মা।"

"মনে আছে যাত্রার আগে সেদভ বলেছিল: এরকম যন্ত্রপাতি নিয়ে আমর। কি করে মেরুদেশে যাব? আশিটা কুকুর-এর বদলে আমাদের মোটে কুড়িটা কুকুর আছে। আমাদের পোষাকপরিচ্ছদ ছে'ড়া, খাবারের অভাব...মনে আছে? তাহলে শোন একটি বরফভাঙ্গা জাহাজ উত্তর মেরুর উদ্দেশ্যে রওয়ানা হচ্ছে, তারা কত সব জিনিসপত্রই না জাহাছে নিয়েছে—সৃ'চ থেকে আরুভ করে গরু পর্যক্ত।"

"গরু, কিরকম গরু?"

"হাঁ।, স্বাহাজে ছাব্দিশটা জ্যান্ত গরু, চারটা শ্রোর, টাট্কা আলু আর তরকারি, এবার বোধহয় নাবিকর। আর খাবারের অভাবে কন্ট পাবে না।"

আমার কাঁধের উপর দিয়ে কাগজটার উপর চোথ বুলিয়ে নিয়ে জয়। বলল—
"ওরা শাঁতেও আরু কণ্ট পাবে না, কি পরিমাণ জিনিসপর নিয়েছে একবার দেখ—
লোমের কাপড়চোপড়, বিছান। ব্যাগটাও লোমের, তারপর কয়লা, বেনজিন,
কেরোসিন…।"

শ্রা অন্যমনক্ষের মত বলে উঠল—''আর িফ, স্লেজ, আর বৈজ্ঞানিক যন্ত্র-পাতি,...বন্দুক...আরে...কতকিছু যে নিয়েছে...সীল আর শ্বেডভাল্ল্ক মারবে বন্দুক দিরে, কি মজা ।...''

তথনও আমি ভাবতে পারিনি যে চেল্যুগ্লিন জাহাজটি শীঘ্রই আমাদের প্রধান আলোচা বিষয় হয়ে উঠবে! থবরের কাগজের বিশেষ সংখ্যা বেশী বার হত না, সাধারণ থবর হয়ত আমার চোথেই পড়ত না, ডাই সেদিন যথন শুরা হঠাৎ একেবারে সাংঘাতিক থবর নিয়ে এল আমি একেবারে আশ্চর্য হয়ে গেলাম।

শ্রা উস্কোথ্নেকা চুলে একেবারে হস্তদন্ত হরে ঘরে চুকে চেচিয়ে উঠল—''মা, চেল্যুন্ফিন জাহাজের কথা তুমি ব্লেছিলে না—তার কি হয়েছে আমি নিজের কানে শ্বনে এলাম ৷''

"িক হরেছে ?"

''ভেঙ্কে গিয়েছে, বরফের মধ্যে !''

"আর লোকগুলো !"

"তার। সবাই বেংচে আছে। সবাই পড়েছিল বরফের চাইরের উপরে একজন খালি জাহাজের ডেকের থেকে বাইরে পড়ে গিয়েছিল।"

একেবারেই অবিশ্বাস্য। শ্রের কথা কিন্তু গালগম্প নর! গোটা দেশ জুড়ে এই একই বিষয়ের আলোচনা (শুরা ন্থির বিশ্বাসের সূরে বলল—''১৩ তারিখটা যে অলুক্ষণে, সে-বিষয়ে কোন সন্দেহ নেই।''), ১৩ই ফেব্রুরারী উত্তর মেরুর তুষারস্রোত জাহাজটাকে ধাকা দের, প্রচণ্ড চাপে জাহাজের ডান দিকটা দুমড়ে গর্ত হরে বার, জাহাজটা ঢেউরের তালে ভেনে বার।

দুবিণী সমরের মধ্যে লোকেরা দু'মাসের খাবার, তাঁবু, বিছানাপচ, একটা এরোপ্নেন, একটা বেতার কারখানা সব নামিরে নিরে এল। ভাগ্যের লেখা মেনে নিয়ে বেতারে যোগাযোগ ভাপন করল মেরু কেন্দ্রের চুকোংক্ক দেশের সঙ্গে। তাড়াতাড়ি বাসন্থান, রাহাঘর, সংকেতস্তম্ভ নির্মাণ করে ফেলল।

বেতারে এবং কাগজে শীন্তই আরও থবর পাওয়া যেতে লাগল; চেল্যুন্কিন নাবিকদের উদ্ধারের জন্য পাতি আর সরকার মিলে একটা আর্ডিন্রাণ সমিতি গঠন করেছেন, অবিলয়ে গোটা দেশটাই উদ্ধারের কাজে লেগে গেল। বরফ ভাঙা কলগুলো মেরামত করা হতে থাকল, এরোপ্রেন, বরফের উপর দিয়ে চলার উপযুক্ত বিমানপোক্ত তৈরী হল যে কোন মুহূর্তে উড়বার জন্য।

উত্তর অস্তরীপস্থিত ওয়েলেন ও প্রভিডেন্স উপসাগরের বিমানপোতগুলি অকুন্থান পরিদশন করার জন্য যাত্রার আয়োজন করল। শিকারী কুকুরের দল ওয়েলেন থেকে তাবুর দিকে ছেড়ে দেওয়া হল। মহাসাগর অতিক্রম করে পৃথিবীর অপর প্রাস্তে যাত্রা করল "ক্রাসিন" নামে বরফভাঙা জাহাজ। স্মোলেনন্দ আর শতালিনগ্রাদ জাহাজ দুটি বিমানবহর নিয়ে গেল অলিউত্তর্শিক অস্তরীপে, সেখান থেকে তারা যে দ্রাঘিমা-রেখার উন্দেশ্যে যাত্র। করল সেখানে আজ পর্যন্ত শীতকালে কেউ যেতে সাহস করেনি। তারা ওলিয়ুক্টোরশিক অস্তরীপে এরোপ্রেন বয়ে নিয়ে গেল।

আমার তো মনে হয় না যে আমাদের দেশে এমন একটি লোকও ছিল চেল্যা স্কন-এর নাবিকদের কথা নিয়ে বাদের ভাবনা ছিল না। জয়া আর শুরা তো রুদ্ধখাসে ওদের কি হয় না হয় নজর রাখছিল। খবরের কাগজ পড়া বা রেডিও শোনার আমার দরকার হত না, কারণ বাচ্চারা খুণ্টিনাটি পর্যন্ত প্রতােক ঘটনা বেশ ভালভাবেই জানত, ঘণ্টার পর ঘণ্টা ওরা একই বিষয় নিরে তর্ক করে যেত। ''চেল্যা স্কিন''-এর নাবিকরা এখন কি করছে? কি ভাবছে তারা? ভয় পেয়েছে বুঝি?

ভাসমান বরফরাশির উপরে দুইজন ছোট ছেলে নিয়ে একশ' চারজন আটক। পড়োছল, ঐ বাচ্চা দুটির উপর শুরার কি হিংসাই না হত।

"আছে। ওদের কেন এত সোঁভাগ্য হল বলত ? ওরা কিই বা বোঝে। একজনের তো মোটে দু'বছর বরস, আর একজনের তো এখনও দোলনা ছাড়ার বরসই হরনি, আর আমি যদি সেখানে থাকড়ম…''

"আছে। শ্রে। ভাল করে ভেবে দেখ দেখি! কি করে এটাকে তুমি সোভাগ্য বলতে পার! লোকেদের এত বিপদ, আর তুমি কিন। বলছ সোভাগ্য?"

আমার আপত্তি তো শ্রো আমলের মধ্যেই আনল না। চেল্যুস্কিন নাবিকদের সহজে ওদের ধারণা আর তাদের অবহা সহজে কাগজের সমস্ত বিবরণ শ্রো কেটে রেখেছিল। উত্তর দিকের শিবির আর তুবারশৈলীর ছবি' ওর নিজের ধারণামত একে বেত।

আমরা সবাই জানতাম—ভরানক বিপদের সামনে পড়ে চেল্যাম্কনের লোকেরা তাদের সাহস বা বৃদ্ধি হারায়নি। তারা ছিল দৃঢ়চেতা, আর সভ্যিকারের রুশ নাগরিকের মন্ত অসমসাহসী। কেউই নির্ৎসাহ হয়নি। প্রত্যেকেই যার বার कर्जना करत राष्ट्रिल, रेवछानिक भर्यर्वकन हालिया राष्ट्रिल, उता य कान्छ छे সময় বার করছিল যথেউ সংগতভাবেই তার নাম দিয়েছিল "হার মানব না"---খালি টিনের কোটো দিয়ে স্টোভ বানাল, টিন কেটে কড়া আর বাতি তৈরী হোল, কাঠের টুকরে। কেটে চামচ হল । খরের জানলাগুলো তৈরী করেছিল খালি বোতক বসিয়ে। তাদের সমস্যা পূরণ করবার মত কৌশল, চাতুর্য আর ধৈর্য সবই তাদের ছিল। আর বরফের উপর এরোপ্রেন নামবার জায়গা তৈরী করার জন্য পরিকার করতে গিয়ে কত মণ বরফ যে ওদের বইতে হয়েছিল তার হিসাবই করা যায় ন।! সারাদিন ধরে ওরা পরিশ্রম করে পরিৎকার করে রাখত, আর রাত্রে ওদের সমস্ত কঠোর পরিশ্রম বার্থ করে নৃতন তুষারপাত হয়ে আবার সমস্ত চিহু মুছে দিত। কিন্তু চেল্যুম্কিনের অসমমাহসী লোকের। জানত সাফল্য অবশাস্তাবী, সোবিয়েত দেশের পার্টি আর কমরেড দ্রালিন ওদের বিপদে ফেলে রেখে নিছিত থাকবেন না। তারপর মার্চের প্রথমদিকে (জয়া খবরটা পেয়ে চেচিয়ে উঠল—''আন্তর্জাতিক নারী ণিবস পালনের সময়টিতে") লিয়াপিদেভ**্**ষ্কির বিমান বরফের উপর অবতরণ কর**ল**, স্থীলোক আর ছেলেমেয়েদের নিরাপদ জারগায় নিয়ে এল, চারদিকেই শ্নেতে পেলাম, "লিয়াপিদেভ্স্কি—িক আশ্চর্মানুষ।"

জয়া আর শ্রো তে। মলোকভের নাম থুব প্রদ্ধার সঙ্গে উচ্চারণ করতে লাগল। আর সতিয় বলতে কি এই নিজিক বৈমানিকের কাজের কথা মনে করলেও ভয়ে নিশ্বাস বন্ধ হয়ে আসছিল। এই নির্জন নির্বাসিত অভিযায়ীদের তাড়াতাড়ি উদ্ধার করার জন্য তিনি বিমানের পাধায় বাঁধা পাারাসূট দোলনায় করে ভাদের বহে নিয়ে গেলেন। একদিনে তিনি কয়েকটা 'ক্ষেপ'ই দিয়ে ফেললেন। ভিনি একলাই উনিশ জনকে বরফের চাঁই থেকে উদ্ধার করলেন।

শ্রা তে। ঘোষণা করল—''যদি তাঁকে শ্র্ধু দেখতে পেতাম।"

সরকারী কমিশন ''চেল্যুম্কিন'' নাবিকদের উদ্ধার করার জন্য কাম্চকাটকার আর ভ্লাভিভন্টক থেকে আরও বিমানবহর পাঠালেন। এই সময় থবর পাওয়া গেল শৈবিরের চারদিককার তুষারশৈলীর জায়গায় জায়গায় ফাটল দেখা দিয়েছে। নৃতন বড় বড় ফাটলের সঙ্গে দেখা দিয়েছে বড় বড় জলের চেহারা। বরফ সরে গিয়ে রুমশ পাতলা হয়ে এল। স্থীলোক আর ছেলেদের সরাবার পর সেই রাত্রেই ওদের অস্থায়ী বাসস্থান সেই কাঠের ব্যারাকগুলো ধ্বসে পড়ল, লিয়াপিদেভ্স্কির বিমানখানা খ্রম্সময়মত এসে পৌছেছিল বাহোক।

আবার আর এক বিপদ এসে উপন্থিত। একটাই বরফ এসে রামাধরটাকে ভাসিরে দিল, বিমানাবতরণের ক্ষেত্র ধ্বংস করল, সেধানেই দাঁড়িরেছিল প্লেপনেভের বিমানখানা। অবস্থাটা একেবারে ভরাবহ, প্রতি মিনিট প্রতি দিন তার তীরত। বেড়ে ব্যক্ষিল। বসম্ভ এগিরে আস্থিল। বরফ গলবার মত গরম দিনগুলোকে শ্রে

আন্তরিক ঘূণার সঙ্গে অভ্যর্থনা জানাল, নিতাস্ত বিরন্ধির সঙ্গে বলল—''আবার রোদ আসছে, আবার ছাদগুলো ভাসিয়ে দেবে—''

বরফে আটকে থাক। লোকের সংখ্যা ক্রমশই কমে আসছিল, অবশেষে ১৩ই এপ্রিল দেখানে আর কেউ রইল না। অবশিষ্ট ছয়জনকে নিরাপদে দেশে নিরে আসাহল।

জয়া এবার বিজয়ীর সুরে শর্রাকে জিজ্ঞাসা করল—''কেমন ১৩ই না অলুকণে সংখ্যা !''

শ্রা গভীর আবেগের সঙ্গে বলল—''সব বিপদ কেটে গেছে জেনে কি আনন্দই যে হচ্ছে!''

আমি নিশ্চিত জানি বরফ থেকে উদ্ধার কাজের বীর যদি ওরা নিজেরা হত, তাহলেও ওরা এর চেয়ে বেশী খুসী হত না।

গহ্বরে নিশ্চিন্তে বাস যার। করে তাদের প্রত্যেকেরই বরফে আটকে-পড়া মানুয-গুলোর জন্যে আশঙ্কার অবধি ছিল না, দীর্ঘ দুই মাস ব্যাকৃল প্রতীক্ষার এবার অবসান হল।

আগে আমি সুমেরু অভিযান সম্বন্ধে অনেক বই পড়েছি —আনাজোলি পেরোভিচ্ নিজে উত্তর মেরু সম্বন্ধে খ্ব কোতৃহলী ছিলেন, তাঁর সে সম্বন্ধে কতকগুলো গণ্প-উপন্যাস জাতীয় বই ছিল। সেগুলো এবং ছোটবেলায় পড়া বইগুলো থেকে আমার ধারণা হয়েছিল যে বরফে আটকে-পড়া মানুষদের মধ্যে পারস্পরিক শন্তা, অবিশ্বাস, ঘৃণা, এমন কি ইতর প্রাণীসুলভ আপনাকে বণচাবার চেষ্টা, দুঃসময়ের বন্ধুদের জীবন বা বান্থের বিনিময়েও নিজের শাস্ত্যরক্ষার প্রয়াস পর্যন্ত দেখা দেয়।

কিন্তু এ-সব কথাই আমার ছেলেমেয়ে, যে-কোন সোবিয়েত ছেলেমেয়ের কাছে একেবারে অজানা। তাদের চোথে একশত "চেল্যু । কন" নাবিকদের এই দু 'মাসের বাবহার, বরফের উপর জীবনষাত্র। প্রণালী, তাদের বীরম্ব, সাহসিকতা, আর বঙ্কুছ—একান্ত পাথিব, গ্বাভাবিক বলেই মনে হয়েছিল।

জুনের মাঝামাঝি মঙ্কো চেল্যু ছিকন নাবিকদের অভিনন্দন জানাল। বদিও আকাশ ছিল ধ্সর, প্রাণহীন, তবু এত উজ্জ্বল আর এর চেরে আনন্দদারক দিন আমি আর পাইনি। ভোরবেলাই বাচারা আমাকে টানতে টানতে নিয়ে গেল গোন্ধী স্থীটে। মনে হোল সারা মঙ্কোর লোক ভেঙ্গে পড়েছে এখানে। ফুটপাখে এক ইণ্ডি জারগাও ছিল না। বিমানবহরগুলো উপরে চন্ধর দিয়ে বাচ্ছে। সর্বহুই, বাড়ার দেয়ালে, ছোট ছোনলার, বড় বড় দোকানের জানলার, ঐ চেল্যু ছিকন বার আর তাদের উদ্ধারকর্তাদের ছবি ঝুলছিল—যারা আমাদের কাছে এমনই আদরের হয়ে উঠেছিল। সব জারগাতেই বিরাট বিরাট নীল লাল নিশান, উৎসাহব্যঞ্জক অভার্থনার বাণী আর ফুলের অস্ত নেই।

বেইলোর্শিয়ান রেল স্টেশনের দিক থেকে হঠাং করেকটা গাড়ী এসে উপস্থিত হোল। প্রথমটা দেখলে ওদের গাড়ী বলে মনেই হবে না, ফেন চাকাওয়ালা বাগান, অথবা ফুলের রাশি আসছে। রেভ কেবারারের উদ্দেশ্যে ওরা চলে গেল। কুলের শ্বুপ, বড় ভোড়া, গোলাপের মালা, সবার মাঝখানে একটি লোকের সহাস্য, উত্তেজিত মুখ কোন রকমে দেখা গেল, তার হাত নাড়াও লক্ষ্য করা গেল। ফুটপাথ থেকে, বারান্দা থেকে, জানলা থেকে, ছাদ থেকে লোকের৷ আরও ফুল ছু°ড়ে দিতে লাগল। বিমান থেকে প্রজাপতির পাখার পত্পত্ আওয়াজ করে প্রচারপত্র পড়ে নীচের পাঁচঢালা রাস্তাকে একেবার ঢাকা দিয়ে দিল।

রোদে-পোড়। লম্বামতন একজন শ্রাকে তুলে নিয়ে তার কাঁধে বসিয়ে নিল আর সেখান থেকে সে তো অন্য সবার চেয়ে জোরে চেঁচাতে লাগল। জয়া রুদ্ধশ্বাসে বলে উঠল—"কি আনন্দের দিন।" মনে হল সবার মুখেই সেদিন সেই এক কথা।

पिपि

জরা যে শ্রোর চেয়ে বড় সে কথা সে কখনও ভুলত না, তাই সে যথন তথন বলে উঠত—"শ্রা, জামার বোতাম লাগাও দেখি! কোথায় গেল বোতাম সব? আবার ছি'ড়েছ, লাগিয়ে দিলেই বা কি হবে? আছো তুমি কি ইচ্ছে করে ওগুলো ছি'ড়ে ফেল? এবার তাহলে নিজেই বোতাম লাগাতে শেখ।"

শারা ত একেবারে ওর হাতের মুঠোর মধ্যে ছিল—কড়া শাসনে রাখলেও জয়া কথনও ওর ওপর নজর রাখতে কসুর করত না। কথনও কথনও রেগে গেলে জয়া ওকে আলেকজান্দার বলে ডাকত, ছোট্ট শারা থেকে সে নামের গাছীর্য যেন ফুটে উঠত বেশী।

"আলেকজান্দার, তোমার হাঁটু দেখা যাচ্ছে আবার, শীগগির তোমার মোজা খোল দেখি।"

শ্রা ত বাধ্যভাবে মোজা খুলে নিত, আর জয়া সব ছে'ড়াগুলে। সেলাই করে দিত।

ভাইবোন দুজনে একেবারে অবিচ্ছেদ। ছিল, তারা এক সঙ্গে ঘুমোবে, এক সঙ্গে উঠবে, স্কুলে যাবে, এক সঙ্গে বাড়ী ফিরে আসবে। যদিও শ্রা জয়ার চেয়ে দু' বছরের ছোট ছিল, ওরা দুজনে লয়ায় ছিল প্রায় সমান, তার উপর শ্রার গায়ে ছিল বেশী জোর। শ্রা তর্ণ শালগাছের মত স্বান্থ্যে সম্পদে পূর্ণ হয়ে উঠছিল, আর জয়া সেরকমই রোগা, দুর্বল ছিল। সত্যি বলতে, জয়া মাঝে মাঝে ফট্ কথা বলে শ্রাকে বিরম্ভ করলে বা রাগিয়ে দিলেও শ্রা খ্ব কমই বিদ্রোহ করত, কিন্তু ঝগড়া চরমে উঠলেও জয়াকে ধালা দেওয়া বা মারার কথা কোনদিন শ্রার মাধায় আর্সেন। প্রায় সর্বদাই বিনাপ্রশ্বে সে শিদির আ্বেশে মাথা পেতে নিত।

চতুর্থ শ্রেণীতে উঠে শ্রা বলল—"ঢের হয়েছে। তোমার সলে একই বেণ্ডে আমি আর বস্ব না, একটা মেরেয় সলে অনেকদিন বসেছি, আর কত ?"

জরা ভর্ক মোটেই না করে ছিরভাবে জবাব দিল—"তুমি আমার সংগ্রেই বসবে, না হলে আমি ও তোমাকে জানি, ক্লাপমর কাগকের প্লেন উড়িয়ে বেড়াবে।" তার স্বাধীনতায় হাত পড়ার শ্রা একেবারে তীরভাবে প্রতিবাদ করে উঠল; আমি এ ব্যাপারে মাথা গলালাম না। পরলা সেপ্টেম্বর সন্ধায় আমি জিজ্ঞেস করলাম—"আছে। শ্রা, তুমি এবার কোন ছেলের পাশে বসছ"—শৃরা ভুরু কুঁচকে, দাঁত থি'চিয়ে বলে উঠল—"জয়া কস্মোদেমিয়ানদ্বায়া নামে একটা ছেলের পাশে, ওর সঙ্গে একবার আলাপ করেই দেখ না।"

অন্য ছেলেমেরেদের সঙ্গে জয়। কিরকম ব্যবহার করে জানতে আমার খুব ইছ্ছা হত। আমি ত ওকে খালি শ্রার সঙ্গে আর রাস্তায় খেলাঞ্রা ছেলেদের সঙ্গে দেখেছি। শ্রার মত অন্য ছেলেমেরেরাও জয়ার কথা খুব ভাবত, আর ওর প্রত্যেক কথাই শ্নত। স্কুল থেকে ফেরার পথে ওরা দ্র থেকেই জয়ার হাঁটার ভঙ্গী, লাল পশমের টুপী দেখে চিনতে পারত, চীংকার করে ওর সঙ্গে দেখা করতে ছুটত। তাদের চীংকারের মধ্যে শ্রু শোনা বেত, "পড়, খেল, বল।" শ্রার হাতে স্কুল-ব্যাগটা দিরে জয়া শতৈ আর উত্তেজনায় গোলাপী গাল নিয়ে তার লম্বা হাতেদুনে দুপাশে এমনভাবে বাড়িয়ে দিত যেন যতগুলো বাচ্চা এসেছে তাদের প্রায় সবগুলোকেই নিয়ে নিতে পারে হাতের বেড়ের মধ্যে।

কখনও ওদের লাইনে দাঁড় করিয়ে সেও তাদের সঙ্গে আস্পেন বনে শেখা কোন বিপ্লবী গানের সূর বা কুলে শেখা কোন গান গোরে মার্চ করতে করতে ওদের সঙ্গে চলত। কখনও বরফের গোলা নিয়ে বাচ্চাদের সঙ্গে খেলত কিন্তু তার সে খেলার মধাও থাকত বড়দের মত একটা গাঙ্কীর্য। শ্রুরা কিন্তু এরকম ছিল না, সে পৃথিবীর সর্বাকছু ভূলে খেত, বিদ্যুতের মত ও বরফগোলকগুলোকে চ্ণবিচ্ণ করে দিত, ছুড়ে দিত, এংকেবেকৈ বলগুলোকে পাশ কাটিয়ে দিত, বিপক্ষকে মুহ্ত্মাত্র ভাববার অবসর না নিয়ে আবার তার উপর ঝাপিয়ে পড়ত।

ছর। চে'চিয়ে উঠত, ''শরে পালাও বলছি, ওর। এত ছোট, ওদের সঙ্গে ওরকম খেলতে নেই তা কি তুমি জাননা ?''

বাচ্চাদের তথন সে স্বেজগাড়ীর উপর তুলে নিয়ে টানত, তোলার আগে দেখে নিত, প্রত্যেকের জামায় ঠিকভাবে বোতাম লাগানো আছে, ভাল করে গরম জামা জড়ানো আছে, কারোরই কানে হাওয়। লাগছে না বা জুতোর ভিতরে বরফের কুচি চুকে নেই।

গ্রীম্মকালে, একদিন আমি কাজ থেকে ফেরার সময় দেখি ও এক পুকুরের পাছড় একদল রাস্তার-চর। ছেলেমেয়ে নিয়ে বসে আছে। হণাটু ঘিরে হাত-দুটোকে রেখে জয়া বসে আছে, বেশ চিস্তিতের মত জলের দিকে চেয়েও বেন কি বলে চলেছে। আমি আরও কাছে এলাম।

সূর্য উঠেছে উপরে, ক্রো আছে বহুদরে, সূর্যের প্রথম ভাপে দরদর যাম ঝরে, দেখতে পেল ওরা ছাগলের খুরের গতে ভার্ত আছে ফল। ছোটু ইন্ধানুদ্ধা বলে উঠল ''আমি খাব ঐ খুরের ফল।'' ''থেওনা খেওনা ভাইমণি তুমি কিন্তু ছাগল হরে বাবে।''

আমি চুপচাপ সরে পড়লাম, ওরা এমন মন দিয়ে শ্নছিল, অবাধা দুর্ভাগ। ইভানুস্কার দ্থখে ওরা এমন দুঃখিত হয়েছিল আর জয়াও দিদিমা মালা মিখাই-লোজ্নার বাধিত সূর এমন দরদ দিয়ে অনুকরণ করছিল যে আমি আর বিরস্ত করলাম না।

কিন্তু সমবয়সীদের সঙ্গে জরার কিরকম ব্যবহার ? একসময়ে আমাদের প্রতি-বেশী লীনা বলে একটি মেয়ের সঙ্গে জয়া স্কুলে যেত। তারপর একদিন দেখলাম ওয়া আর একসঙ্গে যাছে না।

''লীনার সঙ্গে ঝগড়। করেছ বুঝি ?''

"না ঝগড়া করিনি, কিন্তু ওর সঙ্গে ভাব করতে চাই না।"

"(কন ?"

"ও খালি বলবে 'আমার বাক্সটা নাও তো ?' আমি কখনও বরে নিরে গিরেছি, তারপর বললাম, 'এইবার তুমি নিজে নাও, আমার নিজেরটা বইতে হবে।' দেখ তো, ও যদি দুর্বল বা অসুস্থ হত আমি তাহলে বরে নিতাম, তাতে আমার কোন কখইই হয় না, কিন্তু ও তো আর তা নয়—কেন আমি বইব বল তো ?''

ব্যাপারটা আরও পরিব্দার করার জন্য শহুরা বলে উঠল—''জয়া ঠিক বলেছে! ঐ লীনাই সবার উপর খালি কর্তৃত্ব করতে চায়।''

"বেশ, তা ঐ তানিয়ার সঙ্গে বন্ধুত্ব নেই কেন আর ?"

"ও বন্দ সারে। যা বলে তাই দেখা যার মিথা। এখন আর ওর একটা কথাও বিশ্বাস করি না। আর পরস্পরকে বিশ্বাস না করলে কি করে বন্ধুত্ব করা যার বলতো? ওর কথা আর কি বলব? কত রকম থেল। আমর। খেলি, সেখানেও ও জোচনুরি করে। গোণার সমরও ও জোচনুরি করে সব সময়।"

"কিন্তু ওরকম করা যে অন্যার তা তো তোমার বলে দেওর। উচিত।"

শ্বরা বলল—''জয়া তো কতবার বলেছে।''

আর সব ছেলেমেয়েরাও বলেছে, এমন কি লিদিয়া নিকোলাইয়েন্ডনা পর্যন্ত। কিন্তু ওকে কিছুতেই শোধরানো যায় না।

আমার ভাবনা হল—জয়া হয়ত বেশী কড়া হচ্ছে—আর তার ফলে সমবয়সীদের সঙ্গে ওর বিচ্ছেদ হয়ে বাবে। ঘন্টাখানিক সময় করে নিয়ে আমি তাই লিদিয়া নিকোলাইয়েজ্নার সঙ্গে দেখা করতে গেলাম।

আমার বন্ধব্য শানে তিনি বললেন—''জয়। খুব সরল আর সংপ্রকৃতির মেরে। ছেলেমেরেদের শেখার সোজা সত্যকথা বলতে। প্রথমে তো আমি ভেবেছিলাম ওর বঙ্গুরা হয়ত ওর বিপক্ষে যাবে, কিন্তু তা হয়নি। ও বারে বারেই বলে—'আমি সাধুতাবে খেলার পক্ষপাতী', আর ছেলেমেরেরাও দেখে বে ও বাস্তবিকই সত্য যা তার সমর্থন করে।''

একটু হেসে লিদিরা নিকোলাইরেন্ড্না বললেন—"একদিন জানেন কি হরেছিল, একটি ছেলে স্বার সামনে বলে উঠন—'লিদিরা নিকোলাইরেন্ড্না, আপনি বলেন আপনার কাছে বিশেষ প্রিরপাচ বলে কেউ নেই, কিন্তু জয়া কসমোদেমিয়ান্স্কায়ার ব্যাপারটা কি হোল ?' শীকার করছি—আমি একট্র বাবড়ে গিরেছিলাম। তার-পরে আমি তাকে জিজ্ঞেস করলাম—'তোমার কাজ করতে জয়া সাহায্য করেছে?' ও বলল—'হাা করেছে!' আমি আর একজনের দিকে তাকিয়ে বললাম—'তোমাকে?' 'আমাকে সাহায্য করেছে।' 'তোমাকে, তোমাকে?…' দেখা গেল প্রায় সবাইকেই কোন না কোন রকমে জয়া সাহায্য করেছে। আমি বললাম—'এরকম একটি মেয়েকে ভাল না বেসে তোময়া থাকতে পার কি?' তারা সবাই স্বীকার করল এ কথা।…ওরা তাকে ভালই বাসে। আর বেশী কি ওরা তাকে শ্রন্ধা করে, আর ওর বয়সের তুলনায় এটা কম কথা নয়।"

একটু চুপ করে থেকে লিদিয়া নিকোলাইয়েজ্না বলে চললেন—''ও খুব দৃঢ়-প্রতিজ্ঞ মেয়ে, যা সতিয় বলে বুঝবে তা থেকে কেউ ওকে নড়াতে পারবে না । ছেলে-মেয়েরাও জানে ও নিজের সম্বন্ধে যথেষ্ট সতর্ক। ও নিজের কাছ থেকে যা আশা করে অন্য মেয়েদের কাছ থেকেও তাই আশা করে। ওর সঙ্গে বন্ধুম্ব পাতানো অবশাই খুব সহন্ধ নয়, তবে শ্রার ব্যাপার কিন্তু একেবারেই অন্যরকম।'' হেসে লিদিয়া নিকোলাইয়েজ্না বললেন—ওর অজস্ত্র বন্ধু, একটা বিষয় অবশ্য ভাববার আছে—মেয়েদের না ক্লেপিয়ে বা বেণী ধরে না টান দিয়ে ও ওদের ছেড়ে দেবে না— এ ব্যাপারে আপনার একটু ওর সঙ্গে আলোচনা করা উচিত।''

সার্জি মিরনোভিচ্ কিরভ

চারদিকে শোকচিহ্নগাঁথা কিরভের ছবি। এত সুন্দর, শাস্ত ছচ্ছ চেহারা—মৃত্যু যেন মানার না এখানে। থবরের কাগজের দক্ষিণ কোশে সবার উপরে ঘোষণা করা হয়েছে পাটি আর জনগণের শহুরা সাজি মিরনোভিচ্ কিরভকে হত্যা করেছে।

প্রকৃতপক্ষে সকলেই দুঃখ অনুভব করেছিল। এই ধরণের দুঃখ জয়া আর শ্রা এই প্রথম জানতে পেল। ওরা খ্র বিচলিত হয়েছিল, অনেকদিন পর্যন্ত ওদের এটা মনে ছিল। ট্রেড ইউনিয়ন গৃহের দিকে ধাবমান বেদনার্ড জনতার স্লোত, বেতারে প্রচারিত অনুরাগ আর বেদনার বাণী, সংবাদপত্রের শোকগাথা, আর অগণিত জনসাধারণের ব্যথাশ্লান মুখ আর কণ্ঠশ্বর কেবল মাত্র একটি কথাই জানিয়ে দিচ্ছিল স্বাইকে...

জরা জিজ্জেস করল—"মা, সিংকিনোতে কমিউনিস্টদের হত্যাকাণ্ডের কথা তোমার মনে আছে ?"

জরা থাটি কথাই বলেছিল। কিরভের হত্যাকাণ্ড আর গ্রামের ঐ সাতজন কমিউনিস্টদের হত্যার মধ্যে প্রত্যক্ষ যোগসূত্র রয়েছে। প্রাচীনপছীরা অদম্য ঘূণার চোখে নতুনদের দেখে। তারপর সিংকিনোতেও শতুরা পিছন থেকে আবাত হেনেছে আর এখানেও আবার বিশ্বাসবাতকতা করে ওরা পিঠে আর্থাত করেছে। আমাদের সবচেয়ে প্রিয়, সবচেয়ে পবিত্র জিনিবের উপর আঘাত দিয়েছে। সকলের শ্রদ্ধা আর ভালবাসার পাত্ত, জনতার দাবীর প্রতীক, জীবনের শেষদিন পর্যন্ত জনগণের স্বার্থে লড়াই করেছেন এমন একজন বলগেভিককে ওরা হত্যা করেছে।

সেরাতে অনেকক্ষণ পর্যন্ত আমি জেগেছিলাম। চারদিকে অথও নীরবতা। হঠাৎ থালি পারে চলার হান্ধা আওয়াজ পেলাম, তারপরেই একটু ফিস্ফিসানি, ''মা তুমি ঘূমিয়ে পড়েছ? আমি আস্ব ?"

"এস জয়া।"

জরা আমার গা খে'বে এসে শুরে পড়ল—আমরা দুঙ্গনেই চুপচাপ, অবশেষে আমি জিজ্জেস করলাম—তুমি ঘুমওনি কেন? নিশ্চর একটা বেজে গিরেছে।''

জয়। আমার হাতে শক্ত চাপ দিল। তারপর বলল—"মা তরুণ অগ্রণী সন্থে আমি দরখান্ত পাঠাতে চাই।"

''বেশ ভাল কথা।"

''কিন্তু ওরা কি আমায় নেবে ?"

"নিশ্চয়ই নেবে। তোমার তো এগার বছর পার হয়ে গিয়েছে।"

''আর শ্রা ?''

"শর্রা কিছুদিন পরে যোগ দেবে।"

আবার আমরা চুপ করলাম।

''মা, তুমি আমাকে দরখাস্ত লিখতে সাহায্য করবে ?"

"তাব চেয়ে তুমি নিজে লেখ। পরে আমি দেখে দেব এতে কিছু ভূল আছে কিনা।" আবার ও চূপ করে কি ভাবছিল, কেবল ওর নিশ্বাসের শব্দ শোনা বাছিল। সেরাত্রে ও আমার পাশেই ঘুমল।

ষেদিন অগ্রণীসংক্ষে ভতি 'হবে তার আগের রাত্রেও জরা আবার বিছানায় অনেক-ক্ষণ ধরে ছটফট করছিল। আমি জিজ্ঞেস করলাম—"আবার বুম আসছে ন।?" চাপা গলায় জয়া বলব—"আমি কালকের কথা ভাবছি।"

পরের দিন আমি মাত্র স্কুল থেকে সকাল সকাল ফিরে থাতাপত্র দেখতে বসেছি
—ও পাখীর বেগে জলে থেকে এল—আমার নীরব জিজ্ঞাসার জবাব দিল সেই
মুহুর্তেই—''আমি একজন তরুণ অগ্রণী।"

আমাদের কে দেশতে এসেছিল, বল দেখি

কিছুদিন কেটে গেল — একদিন আমি স্কলে থেকে এসে জয়া আর শুরাকে ভরানক উত্তেজিত দেখলাম —ওদের দিকে একবার তাকিরেই বুঝতে পারলাম খুব অসাধারণ কিছু একটা ঘটেছে।

আমি কিছু জিজ্ঞেস করবার আগেই ওর৷ দুজনে এক সঙ্গে চেঁচিরে উঠল—"কে আমাদের স্থুল দেখতে এসেছিল বলত? মলোকভ, মলোকভ, আমাদের স্থুলে এর্সোছলেন। সেই যে চেলিওদ্ধ। নাবিকদের উদ্ধার করেছিলেন, সেই মলোকভ, সকলের চেয়ে বেশী লোককে তিনিই বাঁচিয়ে ছিলেন।"

অবশেষে শুরা আরও পরিষ্কার করে বলতে আরম্ভ করল — "আচ্ছা প্রথমে তো তিনি প্রাটফরমের উপর দাঁড়িয়েছিলেন, সর্বাই বেশ একটা গুরুগ্রম্ভীর ভাব... কিন্তু কিরকম যেন বেথাপ্র।...তারপর তিনি নেমে এসে আমাদের মধ্যে দাঁড়ালেন। আমরা তার চারদিকে গোল হয়ে দাঁড়ালাম। আর কি মজাই হল। তিনি এত পরিষ্কার আর সহজ সহজ সব কথা বললেন। জান তিনি কি বললেন— 'বিশুর লোক সুমেরু প্রদেশের মলোকভ-এর ঠিকানায় চিঠি দেয়...কিন্তু আমি তো মোটেই সুমেরু প্রদেশের লোক নই, আমার বাড়ী হল ইরিনিনম্বর গ্রামে, কেবল মাত্র চেলুস্কিন নাবিকদের উদ্ধার করার জন্য আমি সুমেরু প্রদেশে একবার উড়ে গিয়েছিলাম।'

তারপর তিনি বললেন—'তোমরা বোধহয় মনে কর, বৈমানিক বীরদের ধরন বোধহয় অন্যদের থেকে আলাদা, কোন বিশেষ ধরনের লোক তারা। আমরা স্বাই কিন্তু সাধারণ লোক, চেয়ে দেখ দেখি আমার মধ্যে বিশেষ কিছু আছে কি?' আর সত্যি মা—তিনি একেবারে একজন সাধারণ লোক—আবার তার সঙ্গেই অসাধারণ।" শ্রা এরপর শ্রন্থা আর বিস্ময়ে হঠাৎ চুপ করতে গিয়ে বলে ফেলল তার মনের কথা...'আমি মলোকভকে দেখতে পেয়েছি।''

শুরার সবচেয়ে প্রিয় কামনা সত্যি সতি। সফল হল।

রূপকথার দেশে একদিন

অনেকদিন ধরেই আমর। আলখালাপরা রবার বুট আর চওড়া কিনারাওয়ালা মালকাটার টুপী-পরা তর্গ-তর্গীদের দেখা পেতাম, তাদের টুপীগুলো শুকনো কাদামাটিতে মাথামাখি। ওরা হল মঙ্কোর ভূগভিছিত রেলপথ "মেটো"র নির্মাতার দল। তারা খুব বাস্তসমস্থভাবে খনির একমুখ থেকে আর এক মুখে দৌড়ে দৌড়ে যায়। ওদের পালা শেষ হয়ে গেলে ধীরেসুস্থে রাস্তার মাঝখান দিয়ে হেলেপুলে বেড়ায়। ওদের দিকে তাকালে ওদের দাগওয়ালা চিলে আলখালা চোথে পড়ে না, পড়ে ওদের মুখগুলো। কি সুন্দর দৃঢ়তাবাঞ্জক সে মুখগুলো—ক্লান্তিকে ছাপিয়ে গর্বে আর আনন্দে সেগুলো জল জল করছে।

ঐ আলখালা-পরা লোকগুলো সকলেরই শ্রদ্ধা আর কোতৃহল আকর্ষণ করেছিল— ওরা 'মেট্রো'র প্রথম নির্মাতা —থেলার কথা নয়। থবে সম্ভবত শুধু মঙ্কোতেই নয়, দ্বে আম্পেন বনে, সুদ্র সিংকিনোতে পর্যন্ত লোকের। মেট্রোর খবরাথবর পাবার জন্য খবরের কাগজ হাতড়ে বেড়াত। তারপর—১৯৩৫ সালের বসন্তকালের সেই স্মরণীয় দিনটিতে খবর পাওয়া গেল 'মেট্রো' প্রস্তুত হয়েছে।

জয়া বোষণা করল—''মা, আমাদের তরুণ অগ্নণী সব্দ আগামী রবিবারে মেটো দেখতে যাবে। তুমি ধাবে আমাদের সঙ্গে ?'' রবিবার সকালে আমি জান।লা দিয়ে বাইরের দিকে তাকালাম। মুষলধারে বি পড়ছে। ছেলেমেরের। নিশ্চরই আজ আর মেটো দেখতে যাবে না, কিন্তু রা এর মধ্যেই বিছানা ছেড়ে উঠে তাড়াতাড়ি পোষাক পরিচ্ছন পরতে শ্রু করেছে। রিক্তার বৃষতে পারলাম—বেড়ান স্থগিত রাখার কথাটা ওদের কম্পনাতেও নাসেনি।

"কিন্তু দেখেছ আকাশের অকহা ?"

শ্রে। বেপরোরাভাবে বলে উঠল—''এর নাম বৃণ্টি নাকি? আমরা বাড়ী থেকে বেরোবার আগেই থেমে যাবে।''

অনেক ছেলেমেরেই ট্রাম স্টপে এসে জড় হয়েছে। দেখে মনে হল বৃণ্টি যেন ওদের আনন্দ আরও বাড়িয়ে দিয়েছে। ওরা চে'চিয়ে, হেসে স্ফ্রতি করছিল, সোল্লাদে ওরা আমাদের আহ্বান জানাল।

দ্বামে উঠে ভীড় আর হটুগোলের মধ্যে দিয়ে আমরা সকলে আখোণনি রিয়াদ-এ এসে পেশছলাম।

ওরা মার্বেলপাথরে বাধানো চন্বরে এসে পেণছনোমান্তই সব চুপচাপ হয়ে গেল। এখানে কথা বলার সময় নেই—কত কিছু দেখবার আছে।

শাস্তভাবে আমর। চওড়া সি'ড়িগুলো দিয়ে নেমে এসে অবাক বিস্ময়ে স্তক হয়ে রইলাম। সত্যিকারের বিস্ময় এখানেই শ্রু হল। আর এক সেকেও পরেই আমি, জয়া আর শ্রা নিন্দন্থী তেউথেলানো পাতের রিবনের উপর পা দিলাম প্রথম। চুপচাপ বেশ সহজভাবে আমাদের নীচে নিয়ে চলল—আরও নীচে আরও নীচে। আমাদের পাশ দিয়ে কালো লোহার পাহাড়গুলো সরে সরে চলেছে—তাদের উপর হাত দিলে মনে হয় যেন রবারের মত। তাদের পিছনে, চকচকে পরিচ্ছয় বেন্টনীর পেছনে হঠাৎ জীবত্ত হয়ে-ওঠা স্বয়ংকিয় সি'ড়ি দৌড়ে চলেছে। নীচের দিকে নেমে যাবার বদলে এটা আবার উপরদিকে আমাদের দিকে আসছে। অনক লোক উপরে উঠছে—তারা আমাদের দিকে চেয়ে হাসছে। একজন আমাদের দিকে চেয়ে হাত নাড়ছে, অন্য আর একজন চীংকার করে কি বলছে, কিন্তু আমাদের তথন সেদিকে তাকাবার সময় নেই, যাওয়া নিয়ে আমরা তথন ভয়ানক বাতত।

ভারপর, আবার আমাদের পায়ের ভলায় কঠিন মাটি। চারদিক কি স্বৃণর ! উপরে, উচুতে কি ভরানক বৃদ্টি হচ্ছে ''আর এখানে ''

আমি একবার এক বৃড়ে। গলপ-বলিয়ের কথা শ্বনেছিলাম। সার। জীবন ধরে তিনি গ্রামে বাস করার পর বৃড়ে। বয়সে ত'াকে সকলে মিলে মঙ্কো নিয়ে এল, সেখানে তিনি ট্রাম, মোটর, এরোপ্লেন এই সব দেখেন। ত'ার সঙ্গীরা ভেবেছিল এইসব দেখে তিনি আশ্চর্ব হয়ে যাবেন। কিন্তু তিনি স্ববিচ্ছ্ই বেশ সহজভাবে নিলেন, সারাজীবন ধরে তিনি ম্যাজিক কাপেট, মাইলখানেক লয়া চামড়ার জ্বতো তাই সব নিয়ে হ্বংন দেখেছেন, তাই মঙ্কোর জিনিসপতে তিনি যেন পরিচিত বৃপক্ষার রাজ্যকৈ সত্যি হতে দেখলেন।

ছেলেমেরেদের মেটো দেশতে এসে এমনি ভাব হল। তাদের চোখে মুখে আনন্দ

ছিল, কিন্তু ঠিক বিষ্ময় ছিল না—তার। যেন অবশেষে তাদের চিরদিনের চেনা রূপকথার দেশে প্রবেশ করতে পেরেছে।

আমর। প্রাটফরম ধরে এগিয়ে গেলাম, আর হঠাৎ এই সময় একদিক থেকে অন্ধনার স্তুদ্ধের ভিতর থেকে একথেয়ে ঘর্ষর শব্দ শোনা যেতে লাগল—দুটো আগ্রনের ভণটার মত চোথ দেখা গেল অনার এক সেকেণ্ড পরেই লয়া হান্ধা রঙের বগাঁওয়ালা একটা রেলগাড়ী—চাওড়া কণচের জানালার নীচের ধার দিয়ে দিয়ে লাল চাদরের পাড় বসানো তাতে—আন্তে আন্তে প্রাটফরমে এসে দাঁড়ালো। দরজাগুলো কোন্ অদৃশ্যহাতে খুলে গেল, আমরা ভিতরে ঢুকে বসে পড়লাম, চলা শ্রুহল, আর সে কা তীর বেগ!

শ**্র। জানালার সঙ্গে এ'টে বসে রইল আর যতগুলি আলো** পাশ কাটিয়ে যাচ্ছিল তা গুণছিল, তারপর সে আমার দিকে তাকিয়ে বলল—

"ভয় পেয়ে। না, মেট্রোতে কোন দুর্ঘটন। ঘটতে পারে না। 'পাইয়োনীরুকায়া প্রাভ্না'তে একথা বলা হয়েছে, মেট্রোতে শরংচালিত স্টপ আর ট্রাফিক আলো আছে—তাদের বলা হয় বৈদুর্গতিক পাহারাওয়ালা।''

শুরার দিকে তাকিয়ে মনে হোল ও কেবলমাত আমাকেই আশ্বাস দিচ্ছে না।
দেদিন আমরা প্রত্যেকটা স্টেশনে গেলাম। আমরা সব জারগাতেই থামলামাঁ,
সব করটা স্বাংকির সি^{*}ড়ি দিয়ে উপরে উঠে আবার নেমে এলাম। চেয়ে চেয়ে
আমাদের চোথের খোরাক যেন আর ফুরোয় না, দ্জারঝিনস্কি স্টেশনের
পরিচ্ছল ছোট্ট ছোট্ট টালিগুলোকে দেখাচ্ছিল যেন মেচাকের সেলের মত।
কমসোমলস্কায়া স্টেশনের ভূগভ'শ্বিত বিরাট প্রাসাদ, ধ্সর, সোনালী আর বাদামী
রঙের পাথরের দেয়াল মেঝে সবই এত আশ্চর্য রকম সুন্দর যে একেবারে অবিশ্বাস্য
বলে মনে হয়।

রেড গেট স্টেশনের দেয়াল কুলু কিগুলোর দিকে চেয়ে শুরা বলে উঠল, "মা দেখ, ওরা সত্যি সাত্য লাল গেট বানিরেছে।"

প্যালেস অফ সোবিয়েত স্টেশনে আলোভর। স্তন্তপুলোর দিকে চেয়ে জয়।
আর আমি একেবারে অভিভূত হয়ে গেলাম। উপরে বিরাট বিরাট শালুকের মত
টেউখেলানো আলোগুলোকে মনে হয় থেন ওরা গলে ছাদের সংগ্যে মিশে যেতে
চাইছে। পাথর যে এত নরম দেখাতে পারে কিংবা এবং এত আলো প্রতিফলিত
করতে পারে তা কখনও ভাবিনি।

আমাদের সংগ্য একটি গোলমুখ আর কালে। চোখওরালা ছেলে ছিল (জরা আমাকে ওর কথা শ্নতে দেখে বলল, প্রথম অগ্রণী দলের নেতা), মনে হবে ও সেই দলেরই একজন, যারা পৃথিবীতে সবকিছুই জানতে চার আর তারা যা পড়ে তার প্রতিটি কথা পর্যন্ত মনে রাখে। সে-ই আমাদের বলল—দেশের সব জারগা থেকে এখানে পাথর আনা হয়েছে, এটা এসেছে ক্রিমরা থেকে, ওটা কারেলিরা থেকে, কিরভ স্টোনরে স্বাংক্রির সিণ্ডিটা পার্মবিট্টি বিটার লাবা। এস গুলে দেখি এক্রবারে কত লোক আসছে।

শ্রা আর ও সোজা উপরে উঠে গিয়ে আবার নেমে এল। ওরা এক মিনিট চুপ করে দাঁড়িয়ে থেকে ভুরু কুটকে মনোযোগ দিয়ে কি যেন ভেবে নিল, ঠোটগুলো ওদের নিঃশব্দে নড়ছিল।

তুমি কত গুণেছ? এক শপ্তাশ, আমি গুণেছি একশ' আশি, ধরা যাক একশ' সত্তর। উঃ! এক ঘণ্টায় দশহাজার লোক। সিণ্ডিটা যদি নিশ্চল থাকত, তাহলে ভেঙে পড়ত, না? জান, বিটিশরা একটা স্বয়ংক্রিয় সিণ্ডি তৈরী করে দেবার জন্য কত মজুরী চেয়েছিল? আমাদের বুবল-এ দশ লক্ষ মোহর। কিন্তু তথন আমরা ঠিক করে নিয়ে আমাদের কারখানায় নিজেরাই তৈরী করে নিলাম। জান কোন্ কোন্ কারখানা এর জন্য কাজ করেছিল? মম্কো ভ্লোদিমির ইলিচ্ ওয়ার্কস, লেনিনগ্রাদের কিরভ ওয়ার্কস, আর গোরলোভকার কারখানাগুলো, কামাটোরস্ক-এর কারখানাও।

সন্ধ্যার দিকে যখন বাড়ী ফিরলাম, ক্লান্তিতে আমরা প্রায় ভেঙে পড়ছিলাম। কিম্তু আমরা একেবারে মুদ্ধ হয়ে গিয়েছিলাম, অনেকদিন পর্যস্ত আমরা মাটির তলার এই পরীর রাজ্য সম্বন্ধে আলোচনা করতাম।

মেট্রোর সঙ্গে পরিচিত হতে আমাদের বেশী দিন লাগেনি। খালি শোন। থেত, ''আমি মেট্রো দিয়ে যাব", ''মেট্রোতে আমাদের দেখা হবে।''

কিন্তু ত। সত্ত্বেও সন্ধার দ্লান আলোয় যখন চ্বারাঙা M অক্ষরটা জল জল করতে দেখি, আমার প্রায়ই মনে পড়ে সে দিনটির কথা যেদিন আমার ছেলেমেয়েদের নিয়ে প্রথম আমি মেটো দেখতে যাই।

বহুত্যুৎসব

সারা গরমের ছুটিটা প্রায় জয়া আর শর্রা অগ্রণীশিংরে কাটাল। সেখান থেকে ওরা আমাকে বিরাট বিরাট চিঠি লিখত, কি করে ওরা বনে বেরী কুড়্তে থেত, গভীর প্রোতিম্বনী নদীতে কি করে ওরা সণতার কাটছে, কি করে ওরা বন্দুক ছুণ্ডতে শিখছে, এইসব।

মনে আছে শ্রা একবার আমাকে তার "লক্ষ্য' একটা পাঠিয়ে দিয়ে গর্বভরে লিখেছিল—''দেখ আমি কিরকম গুলি চালাতে শিখেছি, প্রভোকটা গুলিই ষে লক্ষ্যভেদ করতে পারেনি তাতে কিছু আসে যায় না—সব চেয়ে বড় কথা হল যে, এলাকার চারপাশে যে পড়েছে সেটাই বেশ আশার কথা।"

আর প্রত্যেক চিষ্টিতেই ওরা লিখত—'মা একবার এসে দেখ না আমর। ক রকমভাবে আছি।'

এক রবিবার সকালে আমি ওদের দেখতে গেলাম—শেষ টেনে বাড়ী ফিরে এলাম—গুরা আমাকে আসতে দেবে না। দিবিরে নিয়ে গিরে ওরা আমাকে এদের রাজত্ব দেখালা। শশা আর টিম্যাটোর খেত, ফুলের চারার সারি, মন্ত মাঠ, একটা ভলিবল খেলার জারগা। বড় ছেলেদের ঘুমোবার সাদা শিবিরটার দিকে শ্রার ভয়ানক লোভ, কিন্তু কম বয়সের ছেলেদের বাড়ীতে গিরে শুতে হয়, এ জনা তার আক্ষেপের সীমা ছিল না। জন্ম প্রচঙ্গ আপত্তির সূরে বলল আমাকে—"এর মোটেই আত্মসম্মান নেই, খালি সব সমন্ন ভিতিয়া অরলোভের পিছন পিছন ঘুরবে।"

তর্ণ অগ্নণী ইউনিট সভার সভাপতিরই নাম দেখা গেল ভিতিরা অংলোভ। সে একটি চমংকার উৎসাহী ছেলে, তাকে শ্রা তো প্রায় প্রেলা করত। ভিতিরা ছিল শিবিরের সব থেকে ভাল বাস্কেটবল খেলোয়াড়। সব থেকে দক্ষ লক্ষাভেদকারী, চমংকার সাতার আরও যে কত সব গাণ তার ছিল তা বলে শেষ করা যায় না।

ভিতিয়াকে জনাকুড়ি ছোট ছোট ছেলে অন্সরণ করত। আর তাদের প্রত্যেকের জনাই ভিতিয়া কিছু না কিছু প্রয়োজনীয় কাজ খ্'জে বার করত। ও বলত—''যাও তো মনিটরকে গিয়ে বল খাবার ব'াশী বাজাতে", নয় তো ''এবার রাস্তাটা ঝ'াট দাও তো, দেখ কি নোংরা করেই রেখেছে," নয় তো "ফ্লগ্লোতে জল দাও। তৃতীয় দলটা জল দেবার ব্যাপারে বড় কজনুস, দেখ তো ফ্লগ্লোলা রোদে কি রকম হ'শিপয়ে উঠছে।" ভাগাবান ছেলের। তার আদেশ পালন করার জন্য দৌড়োদৌড়ি করে বার হয়ে যেত।

শ্রার আমার সঙ্গে থাকার জন্য খ্ব আগ্রহ ইচ্ছিল, অনেক দিন হয়ে গেল আমরা প্রস্পরকে দেখিনি, কারণ বাপমাদের মাসে একবার মাত্র থেতে দেওয়া হয়। কিন্তু তা সত্ত্বে ভিতিয়াকে চোখের আড়াল করতে চাইল না, ও ভিতিয়ার একজন বিশ্বস্ত বন্ধ হয়ে উঠেছিল।

ওর আদশ বীর সম্বন্ধে শ্রাবলে চলত—"ভিতিয়াকে গ্লিকরতে একবার দেখো—ওর কথনও লক্ষ্য বার্থ হয় না, গ্লিগ্লো এত কাছাকাছি গিয়ে পড়ে যে সবগ্লো মিশে একটা গর্ভ হয়ে যায়। ওই তো আমাকে গ্লিকরতে শিখিয়েছে। আর কি সণতারটাই না কাটে দেখো একবার, ব্কসণতার, গ'্ড়ি সণতার, চিৎ ন সণতার, যে রকমটি চাও!"

ছেলেনেয়ের। আমাকে নদীর পাড়ে নিয়ে গেল। ওরা দ্বানিই বেশ স'তার শিথেছে দেখে আমি খুসী হলাম। শ্রা তো আমার সামনে যত পারল তার কেরামতি দেখাল। চুপচাপ জলের মধ্যে অনেকক্ষণ পড়ে রইল, তারপর এক হাতে স'তার কাটল, তারপর 'একটা হাতবোমা' ধরে রেখে স'তার কাটল, দশ বছরের ছেলের পক্ষে এগুলো কম কৃতিছের কথা নয়। এরপর দৌড় হল—তাতে জয়া একশ মিটার দৌড়ে জিতল। ও রকম বচ্চন্দ আর দ্বাতগতিতে এত ফ্তির সঙ্গে দৌড়ল যে, দেখে মনে হচ্ছিল যেন সত্যিকার রেস নয়, এখানে যেন কঠোর বিচারক আর আগ্রহে ব্যাকুল বন্ধুরা নেই, খালি খেলা হচ্ছে মাত্র।

অব্ধকার নামার সঙ্গে সঙ্গে শুরার চরম বিজয়ের মুহুর্ড এলো।

ভিতিরা অরলোভের গল। শোনা গেল—"শুরা কসমোদেমিরানস্কারা— শিবির-শিখা জালাবার সমর হয়েছে—" আমি ফিরে ওর দিকে তাকাবার আগেই, যে আমার পাশে এইমাত বদেছিল
—সে হাওয়ায় মিলিয়ে গেল।

সকলের চেয়ে ছোট হওয়া সত্ত্বেও শুরা ছিল শিবিরের মশালচী। বহুদিন আগে আন্সেন বনে থাকতে ওর বাবা ওকে কি করে শিবিরবহ্নি জ্ঞালাতে হয় শিথিয়ে দিয়েছিলেন। ও নিখুওভাবে তা শিথে নিয়েছিল। খট্খটে শুকনো ডালপালা খুওজ নিয়ে ও এমনভাবে তাদের সাজাবে যে আগুন দেওয়ামাত্র তারা আপনা থেকেই খুসীতে জলে উঠত। কিন্তু আমাদের বাড়ীর কাছে ছোটখাট যে সব আগুন শ্রা জ্ঞালত তার সঙ্গে এই শিবিরের কাছের বিরাট চম্বরের প্রকাণ্ড আগুনের কোন তুলনাই চলে না।

শ্রা তার কাজের মধ্যে ভূবে গেল। আমার উপস্থিতি এবং পৃথিবীতে আর সব কিছুই সে ভূলে গেল। ও গাছের ভালপালা টেনে এনে ন্তৃপ করল, হাতের কাছে সময়মত পাবার জন্য কিছু জড় করে রাখল। বেশ সন্ধ্যা হয়ে এলে যখন ছেলেমেয়ের। সবাই এসে চার্রাদকে বসল—ভিতিয়ার কাছ থেকে ইকিত পেয়ে শুরা দেশলাইকাঠি জালাল। তৎক্ষণাং শুকনো ভালপালাগুলো জলে উঠল, চোখের পলকের চেয়েও দ্রুতগতিতে আগুন সাপেররা তড়িং নাচন শ্রুকরল, আর হঠাং আমাদের চারপাশের অন্ধকারকে চিরে আগুনের লেলিহান শিখা আকাশের দিকে উঠল।

আমার আরও অনেক আগেই যাওয়া উচিত ছিল কারণ শিবিরে বাপ-মায়েরা বিশেষ কেউ নেই। কিন্তু জয়া শক্ত করে আমাব হাত ধরে বারে বারেই বলতে লাগল—''আর একটু থাক না। শিবির শিখার পাশে কি চমংকারই না লাগে, তুমি নিজেই দেখ না। স্টেশন থেকে তো আর বেশী দ্রে নয়, রাস্তাটাও বেশ সোজা, আমরা সবাই মিলে তোমাকে বিদার দিয়ে আসব। গ্রীশা নিশ্চয়ই আমাদের থেতে দেবে।"

কান্ডেই আমি রয়ে গেলাম। ছেলেমেয়েদের সঙ্গে আমিও আগুনের পাশে বসলাম, একবার ওদের উজ্জল চকচকে আগুনের আভায় গোলাপী হয়ে-ওঠ। মুখের দিকে, একবার আগুনের শিখার দিকে তাকিয়ে দেখছিলাম।

তরুণ অগ্রণী নায়ক, ছেলেদের সাবজিনীন গ্রীশা বলল—''আছে৷ আজ আমর৷ কি নিয়ে আলোচন৷ করব?"

আমি বুঝতে পারলাম, শিবিরশিখার পাশে আলোচনা করার জন্য ওর। বিশেষ কোন ব'ধাধরা প্রোগ্রাম রাখেনি। ওদের কাছে যা সবচেয়ে উৎসাহজনক তাই নিরেই ওরা খোলাথুলি কথা বলে। এরকম কথাবাত'। বলার জন্য এর চেয়ে ভাল সময় আর নেই। নীরবে মনোযোগ দিয়ে যখন শনুনছে তাদের পিছনে ঈষদুক গ্রীন্মরাহির বচ্ছ নীলাকাল, তখন কি করে জলন্ত অলারের গলে-পড়া সোনা আন্তে আন্তে ভস্মে পরিণত হয়, কি করে অগণিত স্ফ্রালঙ্গ উড়ে উড়ে নিঃশেষ হয়ে যায়, তা দেখতে দেখতে আগুনের দিক থেকে আর চোখ ফেরানো যায় ন'

গ্রীশা নিশ্চিন্ত আয়াসের ভঙ্গীতে জবাব দিল, ''আমি ভাবছিলাম নাদিয়ার বাবাকে আজ গণ্প বলতে বললে কেমন হয়।''

গশ্পটা কি নিয়ে তা আমি শুনিনি। গ্রীশার শেষ কথাগুলো সর্কলের একসাথে চীংকারে ডুবে গেল—''হাা, হাা, বলুন না, বলুন!" চারদিক থেকেই শোনা যেতে লাগল—বোঝা গেল ছেলেমেয়েরা এই কথকের সঙ্গে বিশেষভাবে পরিচিত, আর তাকে ভালোও বাসে।

জয়। এক নিশ্বাসে আমাকে বলে ফেলল—''তিনি হলেন নাদিয়। ভাসিলিরে-ভার বাবা, জান মা. তিনি কি চমংকার মান্য, চাপারেভ ভিভিশনে তিনি যুদ্ধ করেছেন, তিনি লেনিনকে কথা বলতে শ্নেছেন।''

একটি নীচু গম্ভীর অথচ কোমল কণ্ঠম্বর শুনতে পেলাম, ''তোমাদের এত গম্প বলেছি যে আমার উপর বোধ হয় তোমাদের বিরন্ধি এসে গিয়েছে।''

''না না, আরও বলুন।''

নাদিয়ার বাবা আগুনের আরও কাছে সরে বসলেন। এবার গোল কামানো মাথা, প্রশন্ত রোদেপোড়া মুখ, ৫৩ড়া বজ্রের মত কঠিন, ফুলের মত কোমল হাত, পোষাকের উপর বয়সের সঙ্গে মালান হয়ে যাওয়া অর্ডার অব দি রেড ব্যানার বেশ পরিকার দেখতে পেলাম। লালচে ছাটা গোঁফ দিয়েও ওার কোতৃকপ্রির সাহাস্য মুখের চেহারা ঢাকা পড়েনি. পুরু সাদা হয়ে-আসা ভুরুর নীচ থেকে ওর চোখগুলো কেমন তীর আগ্রহ আর ফ্রিডির চাউনি নিয়ে চেয়ে আছে।

নাদিরার বাবা ছিলেন 'কমসোমল'এর প্রথম একজন সদস্য। তৃতীয় কমসোমল কংগ্রেসে তিনি লেনিনের বাণী শুনেছেন, সে-সব কথা তিনি যখন বলতে আরম্ভ করলেন. তখন চারদিক এমন গভীর নিস্তব্ধ হয়ে গেল যে সামান্যতম খস্খস্ শব্দ বা একটি ছোট ভালে আগুন ধরে ওঠার শব্দটুকু পর্যন্ত পরিজ্কার শ্নতে পাওয়া বাছিল।

"আমাদের কাছে ভ্লাদিমির ইলিচ লেখা বক্তামান্ত পড়েননি। তিনি বন্ধ্র মত কথাবার্তা বলতেন। আমাদের মাথার আগে ঢোকেনি এমন সব ব্যাপার নিয়ে তিনি আমাদের ভাবাতে শেখালেন। বেশ পরিজ্বার মনে আছে, তিনি আমাদের জিজ্জেস করলেন—'সব চেরে প্রয়েজন এখন কিসের?' আমরা সবাই ভাবলাম তিনি বলবেন—'মৃদ্ধ! শানুকে বিধ্বস্ত করা!' হাজার হলেও সেটা তো ১৯২০ সাল! আমাদের প্রত্যেকেরই বিরাট কোট বা জ্যাকেটের সঙ্গে হাতে ছিল রাইফেল, কেউ বা মান্ত মৃদ্ধ থেকে ফিরে এসেছে, কেউ বা কাল-পরশ্হ যাবে মৃদ্ধে। এই সময় হঠাৎ তিনি বলে উঠলেন—'পড়াশোনা—সব চেয়ে প্রয়েজন এখন পড়াশোনা করা।' ''

নাদিরার বাব। কোমলতা আর বিসায় মিশিরে এমন চমংকার সুরে সব বলতে লাগলেন বেন মনে হল সেই দিনগুলি আবার ফিরে এসেছে। তিনি বলতে লাগলেন কি করে কুড়ি বছর বরসের সবাই লোননের আদেশ পালন করবার জন্য স্কুলে গিরে প্রথমভাগ নিয়ে বসে পড়ল। আমাদের ইলিচ কি সাদামাঠা আর বিনয়ী ছিলেন, কি রক্ম বন্ধুভাবে, ভালবাসা নিয়ে তিনি কংগ্রেস প্রতিনিধিদের সঙ্গে আলাপ আলোচনা করলেন, সব চেয়ে কঠিন প্রশ্নের কি সহজ্ব সরল মীমাংস। করে দিলেন, সবচেয়ে পবিত্র কর্তব্য দেখিয়ের, কঠিন কঠিন কাজের জন্য মানুবকে কিভাবে অনুপ্রাণিত করে, জীবনের যা সত্য সুন্দর সেই মানবজাতির ভবিষাতের দিকে তাকিয়ে আমাদের করতে হবে জ্ঞানার্জনি, যুদ্ধ জয়, এমনি কর্তবাের প্রতি আঙ্ট্রল দেখিয়ে বিশ্লেষণ করে দিতেন—তাও নাদিয়ার বাবা আমাদের বললেন।

"ভ্লাদিমির ইলিচ আরও বললেন—'যারা আজ পনর বছরের হয়েছে তারা বড় হয়ে ভবিষাং সাম্যবাদী সমাজের সভা হবে, তাদের সমাজ তারা নিজেরাই গড়বে, সব চেয়ে তাই আজ প্রয়েজন হল তোমরা প্রত্যেকে, প্রত্যেকদিন তোমাদের জন্য নিদি'ত কাজটকু করে যাবে, হোক না সে নিতান্ত সাধারণ, নিতান্ত ছোটু, যতক্ষণ বৃহত্তর স্বার্থের, সাধারণ উপকারে আসছে তা।''

আমার ছেলেমেরেদের দিকে তাকিয়ে আমার মনে হোল, আমাদের সেই অন্ধকারময় অতীতে এই ছেলেমেরেদের জীবন কত না অন্য রকম হতে পারত ? কি কন্টই না হোত তা হলে। আমার নিজেরই ওদের মানুষ করতে কি কন্টই না হোত। কিন্তু এখন তো কেবলমাত্র আমিই ওদের মা বলে শিক্ষা দিই না, স্কুল তাদের শেখায়, অগ্রণী সন্থ, চারদিকের সবকিছু দেখা এবং শোনার মধ্য দিয়ে ওদের শোখা হয়। এই ছোট শিবিরশিখার ছোট্ট স্ফুলিঙ্গ যে ভবিষাৎ জীবনে কি দাবানল জালাবে তা কে কম্পনা করতে পারে—এই যে লেনিনের বন্ধতার শ্রোতা চাপায়েভ্ বাচ্চাদের মনে অনুভূতি আর প্রেরণার বীজ বপন করে দিয়ে গেল তার কি অসাধারণ পরিণতি হবে, কে তা বলতে পারে!

ধীরে ধীরে তিনি বর্ণোজ্জল সুন্দর অতীতের কথা আমাদের কাছে মনে করে করে বলে গেলেন, হঠাৎ বলে উঠলেন, "এস গান করা যাক ৰ"

ছেলেমেরের। শোনা-কাহিনীর মায়া থেকে ঝাড়। দিরে মুম্ব হরে একের পর এক প্রস্তাব করে ষেতে লাগল—"তরুণের গান।"

"চাপাইয়েড-এর প্রিয় গান।"

অন্ধকারের বুক চিরে সেকালের সর্বন্ত গাঁত গানের সুর ধ্বনিত হরে উঠল—

ঝঞা গরজে, বারি বরষে,

বিদৃাত চমকে আধার অন্বরে,

বর্জনির্ঘোষ ধ্বনিছে আবার...

তারপর তার৷ 'অগ্রণী' সব্বের প্রথম দিককার গান ধরল—

সুনীল রাচি চিরে জ্লোও বহিংলিখা, আমর: অগ্রদৃত শ্রমিকের সন্তান অভিনব দিন আজি আসল ওই—

শোন অগ্রণীর আহ্বান —"হও সদা আগুরান।"

গানের পর গান চলল—জর। আমার কাঁথের উপর চাপ দিরে বসেছিল—কখনও

কখনও খুব গোপনভাবে আমাকে বলতে চাইছিল—"থেকে গেলে বলে নিশ্চরই দুঃখিত হওনি, কি চমংকার দেখ তো!"

সান্ধ্য নামভাকার সময় এগিয়ে এল খুব শীগগিরই—জয়া শুরার হাত ধরে টেনে নিয়ে এল—''সময় হয়েছে। এস এবার !"

আরও কিছু ছেলেমেয়ে খানিকটা দ্রে বসে নিজেদের মধ্যে ফিস ফিস করে কি বলাবলি করছিল, একে একে সবাই আগুনের পাশ থেকে উঠে গেল। আমিও উঠতে গেলাম কিম্কু জয়া বলল—তুমি এখানে বসে থাক, উঠো না, ওরা খালি আমাদের দল, দেখো না কি হয়।"

একট্র পরেই সব ছেলেমেয়ের। লাইন করে নাম ডাকার জন্য চলল—আমিও ওদের পিছনে পিছনে বাচ্ছিলাম, হঠাং শুনলাম—''কি চমংকার, কি সুন্দর! কে তৈরী করেছে!"

শিবিরচম্বরের ঠিক মাঝখানে নিশান পুতবার শুদ্ধতার নীচে এক পাঁচমুখী তারা চক্চক্ করে জলছে। ঠিক সেই মুহূর্তে আমার মাথায় এল না কি করে এটা করা হয়েছে—আমি শুনতে পেলাম—"ওরা জোনাকীপোকা দিয়ে বানিয়েছে—দেখছ না সবুজ আলো ঠিকরে বার হচ্ছে।"

দলের নেতারা তাদের বিবরণী পড়ার পর নিশান নামিয়ে নেওয়া হল—এবার বাঁশী বাজতে লাগল "ঘুমও, ঘুমও, শিবিরে যাও।"

জয়া আর শুরা খুসীতে উজ্জল চোখ নিয়ে আমার কাছে এসে দাঁড়াল।

"আমাদের দলটাই তো ঐ তারার কথা বার করেছে। বেশ দেখতে না? কিন্তু মা জান—গ্রীশা বলেছে আমরা তোমাকে বিদার দিতে যেতে পারব না, নাদিয়ার বাব। তো ঐ গাড়ীতেই যাবেন, তুমি নিশ্চয় তার সঙ্গে যেতে ভয় পাবেন।।"

আমি ওদের কাছ থেকে বিদায় নিয়ে নাদিয়ার বাবার সঙ্গে স্টেশনের দিকে রওয়ানা হলাম। স্টেশনের আলোগুলো শিবির থেকেই দেখা যাচ্ছিল, সোজা সামান্য রাস্তা, আমি মোটেই ভর পাইনি, সে-কথা বলাই বাহুল্য।

আমার সঙ্গী বলে চললেন, "ওরা বেশ, ওদের ভালবাসতে ইচ্ছা করে। ওদের সঙ্গে কথা বলতে আমার খুব ভাল লাগে—চমংকার গ্রোতার দল।"

দূর থেকে ইঞ্জিনের বাঁশী শোনা গেল, আমরা জোরে পা চালিয়ে দিলাম।

শিবির বহিশিখা সারা শীতকালটা ওদের কাছে মধুময় করে তুলল। বারে বারেই ওদের মনে পড়ত—ওদের সেই শিবির, আগুনের ধারে গোল হয়ে আলোচনা, জোনাকীর তারা।

ওদের রচনাথাতা এই সব ঘটনার বিবরণে ভাঁত হয়ে গেল। "কি করে গ্রীঘ-কালে কাটালাম" নামে রচনায় জয়। ১৯৩৫ সালে লিখল "লিবিরণিখার পাশে বসে ভাল করে চিন্তা করা যায়। আগুনের পাশে বসে গণ্প শোনা, তারপর গান করা খুব ভাল। এর পরেই বোঝা যায় লিবিরে বাস করা কি মজার, আর সাধীদের সঙ্গে আরও নিবিড় বন্ধুত্ব জমিরে তোলার আগ্রহ হয় এই শিবিরণিখার পাশ থেকে উঠেই।"

দিনপঞ্জী

কোন ছেলে না দিনপঞ্জী রাথে ! নয় বছরের শ্রোও তার বাতিক্রম নয়। শ্রায় দিনপঞ্জীর লেখা পড়ে আমি হাসি চাপতে পারতাম না। "আজ ৮টায় উঠলাম, খেয়েদেয়ে রাস্তায় বার হলাম, কারোর সঙগে ঝগড়া করিনি।" নাহয় "উঠে খেয়েদেয়ে রেড়াতে গেলাম, পেংকার সঙ্গে ঝগড়া হল।" খাতায় লেখাগুলো খালি এক জায়গায় অনারক্ম ''পেংকার সঙ্গে ঝগড়া হল' ''ভিংকার সঙ্গে ঝগড়া হল, কারো সঙ্গে ঝগড়া হয়নি"—ন। হলে প্রায় সবগুলোই শ্রেটির ভিতরের মটরের মত, সবগুলোই প্রায় একই রকম।

জয়ার দিনপঞ্জীর উপর ভয়ানক যত্ন ছিল—অনাসব ব্যাপারেও যেমনি, এখানেও তেমন যত্ন নিয়ে কাজ করত। তার লেখা ছিল বিস্তারিত, আর বেশ ঘন ঘন দিনপঞ্জী লিখত সে। ১৯৩৬ সালের বসস্ত আর গ্লীঘ্যের লেখা জয়ার দিনপঞ্জী আজও আমার কাছে আছে।

আগেই বলেছি—গরমের ছুটিতে ওরা তরুণ অগ্রণী শিবিরে চলে যেত। আমি কখনও সখনও ওদের দেখতে যেতাম। কিন্তু আস্পেন বনে অনেকদিন যাওয়া হয় না। সে জনাই দিদিমা আর দাদুর সঙ্গে আস্পেন বনে একটা গ্রীষ্মকাল কাটাবার জন্য আমরা অধীর হয়ে অপেক্ষা করছিলাম। ও'রাও আমাদের অনেকদিন ধরে যাবার জন্য নিমন্ত্রণ করছিলেন, আমরাও যাবার জন্য দিন গুণছিলাম, ১৯৩৬ সালের গ্রীষ্মকালে আমাদের সে বপ্প সতিয়বুপ পেল, বসম্ভকাল থেকেই আমরা আস্পেন বনে যাবার কথা ভাবতে লাগলাম আর সেই তখন থেকেই একটা ছোট পাতলা খাতা আমি রেথেছি—সেটি হল জয়ার দিনপঞ্জী।

কয়েকটা টুকরো তুলে দিচ্ছি :---

১লামে।

"ৡলা মে,—আনন্দে আর খুসীতে জরপুর একটি ছুটির দিন। ভোর সাড়ে সাতটার সময় মা মিছিলে গেলেন। আকাশে যদিও রোদ ছিল, জোরে হাওয়া দিছিল। আমি বেশ খুসীভরা মন নিয়েই জেগে উঠলাম। তাড়াতাড়ি ঘরদোর পরিক্ষার করে কিছু খেয়ে নিয়ে রেড ক্ষোয়ারের দিকে চলমান মিছিল দেখবার জন্য দ্রাম স্টপে গেলাম। সারাদিন আমি রাস্তায় রাস্তায় ঘুরলাম, চকোলেট কিনতে দোকানে গেলাম, ছায়ায় ছায়ায় মাঠে দোড়োদোড়ি খেললাম। তারপর বৃষ্টি এল। মা মিছিল থেকে ফিরে এলে আমাদের বাচ্চাদের পাটি শ্রুর হল। সবাইকে উপহার দেওয়া হল।

৩রা মে।

"মা আজ কাজে ধাননি বলে আমার খুব আনন্দ হয়েছে। স্কুলে আমি গ্রুত-লিপিতে 'ভাল' পেয়েছি, কিন্তু অঙ্ক আর সাহিত্যে পেয়েছি 'চমংকার'। মোটামুটি দিনটা বেশ ভালই কাটল।

১২ই মে।

"সকাল ন'টার সময় পুধ আর পাঁউরুটি আনতে দোকানে গেলাম। মা একটা বইয়ের তাক কিনলেন। এটা রাখামাতই ঘরের চেহারাটা উজ্জ্বল আর চক্চকে সুন্দর হয়ে উঠল। তাকটা ছিল বাঁশের তৈরী, আমার বেশ ভাল লেগেছে।

আমার কিরকম যেন অস্তুত লাগছিল। আমার ইচ্ছা ছিল রাস্তার গিয়ে একটু দৌড়োদৌড়ি করব, কিন্তু সন্ধার দিকে তরকারীবাগান করার জন্য জমি বিলি করা হল, আমার জমিটা পড়ল আমাদের জানলার ঠিক নীচেই, আমি সেটা খুড়লাম। বপ্লে দেখলাম মা নানা রক্ষ ফল ও ফুলের বীজ কিনে আনবেন, আর আমার তরকারী বাগানটা কি সুন্দর হয়ে উঠবে।"

২৪শে মে।

"কাল পরীক্ষা আরম্ভ হবে। বেশ গ্রম, কিন্তু পরিক্কার ছিল দিনটা। দোকান থেকে কি কিনতে হবে বলে মা কাজে বেরিয়ে গেলেন। আমি উঠে ঘর পরিক্কার করলাম, গোছালাম, এমন সময় মা চলে এলেন, তিনি আজ তাড়াতাড়ি ছুটি পেয়েছেন। প্রথমে আমরা গেলাম দুধ আনতে, তারপর কেরোসিন। আমাদের একসঙ্গে গোকানে যেতে খুব ভাল লাগত। দুপুরের দিকে বেশ গ্রম পড়ল। ছায়ায় ছাড়া আর বসবার উপায় ছিল না। আমার পাইওনীয়ারস্কায়া প্রাভেদা কাগজ এল।

বই পড়ার সময় ছিল না, কিন্তু আমি কাগজটা পড়ে ফেললাম। আজ ধবরে দেখলাম 'রোস্তড'-এ একটি তরুণী অগ্রণী প্রাসাদ খোলা হয়েছে। এটা বেশ সুন্দর, আর সব থেকে চমংকার বাড়ীতে—আশীখানা খর, তার সবগুলোই আমাদের ছেলে-মেয়েদের জনা। তাতে একটা খেলার টেলিফোন স্টেশনও আছে। আর একটা খরে একটা সুইচ টেপামাটই দুটো ট্রাম বৃত্তাকারে যাওয়া আসা করতে থাকবে। ট্রামগুলো যদিও খেলার, তারা দেখতে ঠিক সাত্যকার ট্রামেরই মত। আবার একথাও বলা হয়েছে শীগগিরই মস্কোর 'মেট্রো'র মত ছোট্র একটি ভূগভন্থিত রেলপথও খোলা হবে! আর তাহলে ধেসব ছেলেমেয়েরা মস্কোতে আসেনি কখনও, তারাও 'মেট্রো' দেখতে পাবে।

আর 'পাইওনীয়ারস্কায়া প্রাভ্নিতে পরীক্ষা সম্বন্ধ অনেক কিছু বলা হয়েছে। ওরা লিখছে—পরিষ্কার করে মাথা ঠান্ড। করে নিজের উপর বিশ্বাস রেখে উত্তর লিখবে। পরীক্ষা এসে গিয়েছে আমি আর কিছু ভাবছি না, আমি পড়াগুলো বারেবারে লিখছি, পরীক্ষার জন্য তৈরী হচ্ছি, আসল ব্যাপার হল পরীক্ষা হলের শিক্ষিকা বা তাঁর সহগামীদের দেখে বিচলিত হয়ে না পড়া। আমি তো পাশ করবই, সব বিষয়ে 'চমংকার' পাব, অন্তওপক্ষে 'ভাল'র নীচে নিশ্চরই নয়।''

১১ই खुन।

"আজ পরীক্ষার খবর । কে কিরকম করেছে সব জানতে পারবৃ। পরীক্ষার নম্বর দিয়ে কার্ড আর প্রাইজও সেই সঙ্গে দেওর। হবে ।

সাড়ে আটটায় উঠে স্কুলে গেলাম। সবাই বেশ পরিব্বার পরিচ্ছন হয়ে

এসেছে। এইবার আমাদের অধ্যক্ষ তার বিবরণী পড়তে আরম্ভ করলেন। সারা খরে নিশ্বর নিশুখতা। একটা লাল কাপড়ে ঢাকা অনেকগুলি ন্তন বই টেবিলের উপর রাথা হয়েছে। এগুলো সব থেকে ভাল ছান্নছান্তীদের দেওয়া হল। এবার আমাকে ভাকল। আমি রুশসাহিত্যে আর অক্ষে 'চমংকার' পেয়েছি, আর ভূগোল আর প্রকৃতিবিদায় পেয়েছি 'ভাল'। শুরাও বেশ ভাল নম্বর পেয়েছে। আমাকে ভেকে সব থেকে ভাল বইটা ছিলেন। কাইলোড্-এর উপকথা।"

১২ই জুন

"১০-৩০-এ আমরা 'জুয়েভ বাগান' দেখতে রওরানা হলাম। বাসের জন্য অপেক্ষা করে আমরা গেলাম, পৌছে আমরা "মাতৃভূমির আহ্বান" বলে একটা চমংকার ছবি দেখতে গেলাম। সেখানে নিকিতা সাজি য়েভিচ্ কুশ্চভ-এর সঙ্গে বাগানে দেখা হল। তাঁকে নমস্কার করলাম, আমাদের বেশ ভাল লাগছিল। আমাদের জন্য অভিনয়ও ছিল। এবার আমরা বাগানে বেড়াতে লাগলাম, ঢালু পাহাড়ের গা বেয়ে গড়িয়ে নেমে এলাম, তারপর গেলাম লাইরেরীতে। তারপর আমাদের কেক্থেতে দিল, এরপর আমরা বাড়ী ফিরে এলাম।

२७८म खून ।

"সকালবেলা আমার কিছু করতে ভাল লাগছিল না। কোনরকমে উঠে কাজকর্ম করতে আরম্ভ করলাম। মা কাল অনেক রাত পর্যস্ত কাজ করে এখনও ঘুমোচ্ছেন। কাজেই পাছে তার ঘুম ভেঙ্গে যায়, আমি আর শুরা বেড়াতে গেলাম। যদিও জােরে বাতাস বইছিল, বেশ সূলর গরম রােদও দেখা দিয়েছিল। পুক্রের জলাটা যেন টাটকা দুধের মত, উষ্ণ, পরিক্লার আর বছে। আমরা লান করে নিয়ে পাড়ে উঠে ঘাসের উপর শুয়ে শুকিয়ে নিলাম। লানের পর আমাদের টক্ টক্ কিছু খেতেইছে করছিল, আমরা বাগানে গিয়ে টক আপেল কুড়াতে শুরু করলাম।

হঠাৎ সাতটা কি আটটার সময় আমাদের মাসতুতো ভাই শ্লান্ডা এসে উপন্থিত। সে আমার চেয়ে পণাচ বছরের বড় হলেও আমাদের বেশ ভাব ছিল। তাকে আমার স্কুলে পাওয়া ক্রাইলভের উপকথা আর শ্রার ড্রইং খাতাটা দেখালাম। ও উচ্চুসিত প্রশংসা করল সেগুলির।

''প্রত্যেকদিন আমি গ্রামের কথা ছাড়া আর কিছু ভাবতে পারি না। এবার আমরা বাচিছ।"

২রা জুলাই

"কাল সারাদিন ধরে প্রকৃতির পরও রাঠেও আমরা ঘুমোতে বেতে পারিন।
সকাল সাড়ে চারটার সময় আমি, শুরা, শ্লাভা, আর মা, আমরা এই চারজন
দ্রীমস্টপে গেলাম। মা আমাদের সঙ্গে আসছেন না বলে আমার বেশ খারাপ
লাগছিল। আবার গ্রামে যেতে পেরে আমি বেন খুসীও হরেছিলাম। পাঁচ
বছর হরে গেল আমি সেখানে বাইনি।

একটি পুরো দিন পুরো রাভ ধরে আমর। টেনে রইলাম। স্টেশনে নেমে গরুর

গাড়ী চড়ে আমর। আঞ্চেপন বনে পৌছলাম। (আমাদের গ্রামের নাম আঞ্চেপন বন)। আমরা যথন গিয়ে পৌছলাম শ্লান্ডা দরজার থট্ খট্ শব্দ করলে দাদূ বললেন—'ভিতরে এস।' তিনি ভাবলেন ট্রাক্টর চালক ভাসিরা তার সঙ্গে পেথা করতে এসেছে—দিদিমার বুকে একটা বাধা হয়েছিল, কিন্তু আমাদের দেখে তার এত আনন্দ হল যে বাধা সব কোথার উড়ে গেল। তিনি আমাদের প্যানকেক আর টাটকা দুধ থেতে দিলেন। তারপর আমি স্নান করতে গেলাম, মেয়েদের সঙ্গে থেলা করলাম, সক্ষ্যাবেলা গেলাম গ্রামের পাঠাগারে—সেখানে আমার পুরনো প্রিয় বন্ধ্ব, মানিয়ার সঙ্গে দেখা হল। দিন্টা বেশ চমংকার কাটল। আমরা কত মঞ্জার মজার থেলা করলাম, গ্রামের হাওয়াই বা কি চমংকার। রায়াঘরে দাদুর বিছানায় আমি ঘুমলাম।"

१३ जुलारे ।

''আমি বেড়াতে যাই, ছুটোছুটি করি, দিদিমাকে তাঁর কাজে সাহায্য করি। তিনি যা বলেন করতে আমার ভাল লাগে। গমের খেতে মুরগাঁ তাড়াই, দিনে তিনবার করে স্নান করি, পাঠাগারে গিয়ে কত কত মজার বই পড়ি। 'বামনদের দেশে গালিভার', গগোল-এর 'ইনস্পেক্টার জেনারেল', তুর্গেনিভ্-এর—'বেজিন মাঠ', এই সব পড়ে ফেললাম।

দিদিমা কি চমংকার সব সুদ্বাদু জিনিষ আমাদের থেতে দেন। ডিম, মুরগীভাজা, প্যানকেক এইসব। বাজার থেকে আমরা শশা, মনারু। আর চেরী কিনে আনি। কিন্তু কথনও কথনও বেশ মুদ্কিলও হয়। একবার তো শ্রো তার জামা হারিরে ফেলল। ঠিক কথন সে আমার মনে নেই। তারপর অনেক খোঁজাখু জি করেও সে আর পাওয়া গেল না। কথনও কথনও নদীতে নাইতে গেলে আমার বেশ দেরী হয়, দিদিমা আমার উপর রেগে যান।"

3७३ जूनारे

"হাতে কোন কাজ না থাকলে কিরকম যে নীরস আর একবেরে লাগে দিনটা, কিন্তু এখানে গ্রামে, কোন কাজ না থাকলে যেন বিশেষ রকম বিরক্তিকর লাগে। আমি ঠিক করলাম, আমার যথাসাধ্য আমি দিদাকে সাহায্য করব। জেগে উঠেই আমার মাথায় এল, আমি ঘর মুছবে। আমি ঘর মুছতে ভালই বাসতাম। তারপর লাল রেশম দিয়ে আমি কয়েকটা চুলের ফিতে বানালাম। বেশ ভালই হল, অস্তত আমার নীলগুলো থেকে তো থারাপ হল না।

দিনটা বেশ ভালই ছিল, কিন্তু সন্ধ্যার সময় প্রচণ্ড বাজের আওয়াজের সঙ্গে বেশ বৃদ্টি এল। বিদ্যুতের উজ্জল আলো আকাশে দেখা যেতে লাগল। বাজ পড়লে জন্তুজানোয়াররা ভর পেরে যায়। আমাদের ছাগাঁটা তার দল থেকে কোথায় বে গিয়েছে—দিদা অনেক কর্তে কার যেন বাগান থেকে তাকে উদ্ধার করলেন। আজ আমি মঙ্কোতে মাকে আর আমার বন্ধু ইরাকে খানকতক চিটি লিখলাম।"

২৩শে জুলাই।

"আজ আমার মামাতো বোন নীনা তার মার সংগ্যে আসছে দেখলাম। সাধারণ গোচারণের মাঠে বোনা গমের ক্ষেতের মধ্যে দিয়ে আসছে ওরা।"

২৬শে জুলাই।

শনীনা এলে আমি থুব খুসী হলাম। আমরা একসঙ্গে খেলা করলাম, বই পড়লাম, খুব মজা হল। দিদিমার দেওয়া সতরঞ্জ আর লুডো নিয়ে আমরা খুব খেললাম। নীনার সকে আমার খুব ভাব হল না প্রথমে, কিন্তু পরে আমরা ঝগড়া মিটিয়ে নিয়ে ঠিক করলাম নীনার সংগে আর ঝগড়া করব না।"

৩০শে জুলাই।

"আমরা হলে ঘুমোলাম। দিদিমা এসে আমাদের জাগিয়ে দিতে মনে হোল আজ নীনা, লেলিক আর আনিয়া মামীকে বিদায় দিতে হবে। ওরা আজ ভেলমোঝ্কায় চলে যাবে। গাড়ী এসে দাঁড়াল, সদ্যজাগ্রত পৃথিবীর উপর আন্তে আন্তেস্ব উণকি দিছে।

ওদের বিদায় দিতে ওরা চলে গেল। আমার বড় খারাপ লাগছিল ওরা চলে বাওয়াতে।

আমি দিদাকে খরের কাজ করতে সন্ধ্যাবেলার সাহায্য করলাম। আমি কাচা কাপড়গুলো ইন্তি করলাম, জল আনতে গেলাম, আরও কিছু কিছু অন্য কাঞ্চ করলাম।"

৩১শে জুলাই।

"দুপুরবেলা। ভারী গরম। গুজব শোনা গেল, আমাদের ছোট নদীর জল টগ্বগ্ করে ফুটবে।

আন্তে আন্তে গরম কমে যাচ্ছে। সন্ধ্যা হয়ে আসছে। আমি ছাগলগুলো আনতে গেলাম। পাঁচটা ছাগল—মাইকা চেরনোসোরকা, বাারণ, জোরকা, আর একটার কোন নাম নেই, শুধুই ছাগল।

দিন। দুধ দুইয়ে দিলে আমি দুধ নিয়ে খরে রাখলাম, এবার আমরা ঘুমোতে গেলাম।"

১লা আগষ্ট।

"আমার বেণীগুলো বড় ছোট। কিন্তু এখানে আসার পর থেকে দিদ। তাদের খুব শক্ত করে বেঁধে দিচ্ছেন, ফলে তারা এখন একটু একটু করে বাড়ছে, দিদা বড় ভাল।

সন্ধাবেলা মার চিঠি এল। তিনি লিখেছেন তিনি অসুস্থ, এখানে আসতে পারেন। তিনি অসুস্থ বলে আমার বড় খারাপ লাগছে। ১৫ই আগস্ট থেকে তাঁর ছুটি আরম্ভ হলে তিনি এখানে আসবেন।"

২রা আগস্ট।

''এবার দিদা আমাকে বাড়ীবর দেখতে দিরে গেলেন। তিনি উনুন জালিয়ে

বেরিয়ে গেলন। আমি সব একাকার করে দিলাম। দিদা ম্যাকারোণি রালা করে আমাকে ডিম টুকরো টুকরো করে তাতে দিতে বললেন। আমি উনুনের চিমটের উপর কড়াখানা রাখতেই চিমটে গেল উল্টে আর ম্যাকারোণিগুলো সব উদ্ভে ছড়িয়ে পড়ল। আমি তাড়াতাড়ি মেঝেটা মুছে নিয়ে নতুন করে ম্যাকারোণি রালা করলাম।

সন্ধ্যার দিকে দিদা আর আমি স্নান করতে গেলাম। গুজব শোনা গিরেছিল যে আজ এত গরম পড়বে যে নদীর জল টগবগ করে ফুটতে থাকবে। কিন্তু কথাটা সত্যি নয়, গরম থুব পড়েছিল, কিন্তু জল ফোটেনি।"

৫ই আগস্ট

"আজ আমি দিদাকে কাজে সাহায্য করলাম। আমি মেঝে, দরজা, জানালা, বেণ্ড সব পরিষ্কার করে ধুরে দিলাম। কাচা কাপড়গুলো ইস্ত্রী করলাম, মার শরীরের অবস্হা জানবার জন্য আমার বড় চিন্তা হচ্ছিল।"

১১ই আগস্ট।

"এখানে খুব কম বৃণ্টি হয়েছে। আশা করি শস্যক্ষেত্গুলো পুড়ে নন্ট হয়ে। যাবে না। দিদার তরকারীবাগানে শশা, কুমড়ো, তরমুজ, বাধাকপি, তামাক, টম্যাটো, শণ আছে। যৌথ ক্ষেত্রে আছে আলু, কুমড়ো, টম্যাটো। আমাদের নিজেদের স্থমুখী ক্ষেত নেই। দিদা তো জানতেন না যে আমরা আসব, তাই তিনি স্থমুখী লাগাননি। বেজায় গরম। গরম ঝোড়ো হাওয়ায় ধ্লো উড়িয়ে চোখে জালা ধরিয়ে দেয়।"

১৫ই আগস্ট

"খুব ভোরে দরজার খুব ধীরে ধীরে খটখট শব্দ শোনা গেল। শুরা, আমি, দিদা বিছানা থেকে লাফিয়ে উঠলাম, মা এসেছে। আমাদের কি আনন্দই যে লাগছে! দিদা প্যানকেক ভাজতে বসলেন। মা আমাদের জন্য অনেক উপহার নিয়ে এসেছেন। ওলিয়া মাসী নিজে আসতে পারেননি কিন্তু আমাদের জন্য অনেক সুস্বাদু খাবার পাঠিয়ে দিয়েছেন।"

১৭ই আগস্ট।

"মা, আমি আর শুরা বাগানে গিয়ে একটা কুমড়ো আর হাতের মুঠোর মত ছোট ছোট সাতটা ফুটি তুললাম। দিদা কুমড়োটা দিয়ে পরিজ র'গলেন আর বীচিগুলো শুকিয়ে রাখলেন। সন্ধাায় দিকে মা, শুরা আর আমি য়ান করতে গেলাম। এখানে তো এমনিতেই বেশ ভাল, মা আসাতে আরও তিনগুণ বেশী ভাল লাগছে।"

১৯শে আগস্ট ৷

"বৃণ্টি পড়ছিল। দিদিমা আমাকে নিজের জন্য একটা কাঁথা তৈরী করতে অনেক টুকরো কাপড় দিলেন।"

২২শে আগস্ট।

্''সকালটা বড় একবেরে। শুরা আর আমি বেশ দুন্টুমি করছিলাম, কিন্তু আমরা ঠিক করলাম মাকে আর কথনও বিরক্ত করব না।''

২৪শে আগস্ট।

''সকালবেলা ঘুম থেকে ওঠার পর দিদ। আমাকে একটা বহু পুরনো রং-এর বাক্স দিলেন, দাদু দিলেন ওর একথান। ছবি। এইসব উপহার পেয়ে আমার ভারী আনন্দ হোল। এগুলো আমি স্মারক হিসাবে রেখে দেব। আমাদের মস্কোর কথা মনে পড়ছে।''

ছোট সাদা লাঠি

কি চনংকার ছিল সেই গ্রীষ্মকালটা, কেবল বাধাবদ্ধনহীন আনন্দের সেই মুহূর্তগুলি। শুরা আর জয়। এখন বেশ বড় হয়ে গিয়েছে। কিন্তু সেই পাঁচবছর আগে আমি যখন মঙ্কো থেকে ওদের নিতে এসেছিলাম, তখনকারই মত ওরা আমার পাষে পায়ে ঘুরতে লাগল, যেন ওদের ভয় করছে পাছে আমি হঠাং পালিয়ে যাই. বা নিরুদ্দেশ হয়ে যাই।

ওদের সঙ্গে যে দিনগুলি কাটালাম তা আমার কাছে দীর্ঘ আনন্দময় একটা ছুটির দিনের মত মনে হয়েছিল, কোন ঘটনাই অবিচ্ছিন্নভাবে মনে রাখার মত নর। কেবলমাত্র একটি ঘটনা এমন পরিস্কার আমার মনে আছে যেন তা কালকেই মাত্র ঘটেছিল।

বোধ হয় ৠভা ওদের এই খেলাটা শিখিয়েছিল আর নয়ত পাইওনীয়ারস্কায়া প্রাভদায় পড়ে ওরা থেলাটা শিখেছিল। সে যাই হোক খেলাটা ওদের বিশেষ প্রিয় হয়ে উঠেছিল। এটার নাম হোল "ছোট্ট সাদা লাঠি"। সদ্ধার অন্ধকারে যথন গাঢ় রং-এর জিনিস জমির সঙ্গে মিলিরে গিয়ে কেবলমার উচ্জল অথবা ফ্যাকাশে রংরের জিনিসই একট্ একট্ চোখে পড়ে তখনই এটা খেলার সময়। আমার ছেলেমেয়েরা আর আমানের প্রতিবেশীদের ছেলেমেয়েরা মিলে দৃ'দল তৈরী করে একজন বিচারক বছে নেয়। বিচারক—যত জোরে সম্ভব কাঠিট একদিকে ছুখ্টে ফেলে দেয়, আর যত খেলাড়ে সবাই সেটা খুজে আনতে ছোটে। যে খুজে পায় সে তাড়াতাড়ি দেটি বিচারকের হাতে দিতে যায়। কিন্তু এমন চালাকি করে চুপি চুপিভাবে দিতে হয় যেন বিপক্ষের খেলাড়েয়া বৃঝতে না পায়ে। যে লাঠিটা খুজে পায়ে সে তাদেরই দলের আর একজনের হাতে খুব চুপি চুপি দিয়ে দেয় যাতে বিপক্ষ দলের লোকেরা আন্দাজও করতে না পায়ে হাতে আছে। বিপক্ষ দলের অলক্ষ্যে যদি বিচারকের হাতে দিয়ে দিয়ে তাকে হ আক্ষা যদি বিচারকের হাতে দিয়ে দিয়ে পায়ে তবে ওদের দল দৃই পয়েণ্ট পাবে। যদি বিপক্ষ দল লাঠিওরালাকে খের ফেলে তাহলে প্রত্যেক দলই এক পয়েণ্ট করে পাবে, দশ পয়েণ্ট না পাওয়া পর্যন্ত খেলা চলতে থাকে।

জন্মা আর শুরার এই খেলায় এত উৎসাহ ছিল যে এটার মজার কথা চেঁচিয়ে বলতে বলতে তারা প্রায় আমার কানের পদা ফাটিয়ে দিরোছিল। তার সঙ্গে শ্লাভা এসে বোগ দিল। এটা প্রয়োজনীয় খেলাও বটে। কি করে বন্ধুদ্ব করতে হয় শেখা যার। খালি নিজের নিজের দার্থের জনাই নয়, বহুর জনা এক, আর একের জনাবহু।

প্রায়ই শুরা হত বিচারক। ওর শক্ত হাতে লাঠিটাকে এতদ্র ফেলত ষে খ্রুজে পাওয়া বেশ মুদ্ধিলই হত। একদিন জয়া লাঠি ছুণ্ডুতে চাইল।

একটি ছেলে বলল—"এটা মেরেদের কাজ নয়।"

''মেরেদের কাজ নয়? বেশ আমাকে একবার দাও দেখি।"

জয়া লাঠিটা তুলে নিয়ে দুলিয়ে ছু'ড়ে দিল আর লাঠিটা এসে পড়ল তারই পায়ের কাছে। জয়া লজ্জায় লাল হয়ে ঠে'টে কামড়ে দৌড়ে বাড়ী চলে গেল।

খেলার থেকে বাড়ী ফিরে এসে শ্লাভা জিভ্জেস করল—''কেন বাড়ী চলে এলে ?''

জয়া চুপ ।

"পাভিমান হয়েছে বুঝি। তার কোন প্রয়োজন ছিল না। তুমি যদি ছুপ্তে না পার, যে পারে তাকে দাও না কেন? অনাদের সঙ্গে থেলুড়ে হয়ে তুমি থেলতে পারতে। অভিমান করার মত কিছু হয়নি। অভিমান বা অহংকার ততক্ষণই ভাল যতক্ষণ তা নিয়ে বাড়াবাড়ি না করা যায়।"

জরা এবারও কোন জবাব দিল ন।। সন্ধাবেলায় এমনভাবে স্বার সক্ষে খেলায় যোগ দিল যেন কিছুই হয়নি। ছেলেমেয়েরা ওকে ভালবাসত, তারাও আগার দিন কি হয়েছিল তা আরু মনে কারয়ে দিল না।

এই ঘটনার কথা প্রায় ভূলেই গিয়েছিলাম, এমন সময় একদিন খ্লাভা এসে আমাকে টানতে টানতে নিয়ে গেল। বাড়ীর সামনে দিয়ে ঘুরে বাগানটা পার হয়ে গেলাম।

শ্লাভ। ফিস ফিস করে বলল—"লিউবামাসী চেয়ে দেখ !"

একটু দ্বে আমাদের দিকে পিছন ফিরে জয়া দাঁড়িয়ে কি যেন করছে—আমি প্রথমটায় ভাল বুঝতে পারিন। ও দুলে দুলে কি ছু'ড়ে দিছে, আবার তা কুড়িয়ে নিয়ে নিজের জায়গায় ফিরে এসে আবার ছু'ড়ে দিছে। আমি আরও কাছে গিয়ে দেখলাম, একটা ছোট কাঠের লাঠি নিয়ে জয়া ছু'ড়ছে। জয়ায় চোখের আড়ালে একটা গাছের পিছনে দাঁড়িয়ে আমরা নীরবে দেখতে লাগলাম কি করে জয়া অক্লান্ডভাবে লাঠি ছু'ড়ছে, দোঁড়ে আনতে যাছে, নিয়ে এসে আবার ছু'ড়ছে। প্রথমে খালি এক হাত দিয়ে ছু'ড়ছিল, ভারপর পিছন দিকে একটু হেলে সামনের দিকে ঝু'কে এসে গোটা শরীরের ঝ'াকুনি দিয়ে যেন লাঠির পিছনে তাড়া কবার ভঙ্গীতে কমাগত ছু'ড়তে লাগল।

শ্লাভা আর আমি চুপিচুপি চলে এলাম, জরাও তাড়াতাড়ি বাড়ী চলে এল। জরার সব'লে পরিপ্রমে লাল হরে গিরেছে, কপালে ফেণটো ফেণটো বাম দেখা দিরেছে। গা ধুরে জরা সেলাই নিয়ে বসল, ছে'ড়া কাপড়ের টুকরো দিরে ও কাথা সেলাই করছিল। শ্লাভা আর আমি পরস্পরের দিকে তাকালাম, শ্লাভা বিলাখিল করে হেসে উঠল। জয়া মুখ তুলে বলল— "কি ব্যাপার ?"

ग्राक्षा किन्द्र किन्द्ररे वन न न।।

পরের দিন ঠিক ঐ সমরে আমি বাড়ী থেকে বার হরে চুপি চুপি সেই জারগায় গিয়ে দেখলাম জরা লাঠি কিংবা পাধর ছু'ড়ে অভ্যাস করছে। দিন দশেক পরে, আমাদের চলে যাবার অপ্প করেক দিন আগে শুনলাম—আমাদের বাড়ীর সামনের উঠোনে জড়ো হওয়া ছেলেমেয়েদের উদ্দেশ্য করে ও বলছে—''এস আমরা 'ছোটু সাদা লাঠি' থেলি, আমি হব বিচারক।''

শুরা অবাক হয়ে বলল—"আবার চেষ্টা করবে ?"

আর উচ্চবাচ্য না করে জয়। হতে দুলিয়ে লাঠি ছ: ডুল—আর চারদিকে সবাই অবাক হয়ে গেল—লাঠিটা হাওয়ায় উড়ে অনেক দূরে গিয়ে পড়ঙ্গ।

দাদামশাই সাম্ধ্য আহারের সময় বললেন—''একেবারে শেয়ালনী! লাঠিটা নিয়ে এত কণ্ট করার প্রয়োজন ছিল কি? খালি হেরে গিয়েছিল বলে নিজের বিদ্যে জাহির করতে গিয়েছিল বই তো নয়!"

জর। জবাব দেবার আগেই দিদিমা বাধা দিয়ে বললেন—''একটা প্রবাদ আছে— ষাই হোক না কেন আমি আমার মতেই চলব।'' তিনি একটু হেসে বললেন— ''আর তাই আমার মনের কথা।''

জরা থাবারের ডিশের উপর মুখ লাকিয়ে চুপ করে রইল—হঠাৎ হেসে ফেলে বলে উঠল—''নদীর পাড় থাড়া হলই বা, মাছটা পাওয়ায় তো মজা আছে। সে তো মাদ্রা মিথাইলোডানারই নাতনী!"

সবাই হেসে উঠন।

দি গ্যাডফ্লাই

বসন্তকাল। ভিজে মাটির সেণদা সেশদা গন্ধ নিয়ে উষ্ণ বাতাস বইছে। বসন্তের হাওয়ার নিষাস নিতে কি ভাল লাগছে। বন্ধ ট্রামের ভিতর থেকে আমি একটু আগেই নেমে পড়লাম। আমার বাড়ী আর বেশী দ্রে নয়। বাকীটুকু হে'টেই যাব।

দেখলান একমাত্র আমিই যে বসস্তের আমেজ পেরে খুসী হয়ে উঠেছি তা নর। পথিকদের মুথে হাসি, চোখ উজ্জল, কঠন্দর আরও সতেজ, আরও উচ্চ।

"...করণোভাতে সাধারণতন্ত্রী দল বেশ এগিরে বাচ্ছে।" 'এস্ত্রেমপুরাতে..." একটা দুটো কথা ভেসে এল আমার কানে।

আ**ল্লকাল** প্রত্যেকের মনে আর মুখে শুধু স্পেনেরই কথা। ডোলোরেস্ ইবারুরির সেই অমর বাণী—''নতঙ্গানু হয়ে বে'চে থাকার চেয়ে দাঁড়িরে মরা অনেক ভাল'' চারণিকে ছড়িরে পড়েছে, প্রত্যেক সং শৃভবুদ্ধিসম্পন্ন মানুষের মনকে গোলা ণিয়েছে।

সকাল বেলা, ভাল করে ঘুম ভাগুতে না ভাগুতেই জয়। দৌড়ে যায় চিঠির বাক্সের কাছে, খবরের কাগজে দেখবে দেপনসীমান্তে এখন কি ঘটছে।

শুরার এখনও তের বছর পূর্ণ হয়নি, আর এ জন্যই সে সরাসরি মাদিদ-এ গিয়ে পৌছতে পারছে না, প্রত্যেকদিন সন্ধ্যায় খবরের কাগজ পড়ার পরই শুরা সেই বিষয় নিমে আলোচনা করে—হয়ত পড়েছে একটি মেয়ে কিরকম করে গণভদ্বী দলে লড়ছে, নয়ত বেতারে শ্নেছে কি করে তরুণ দেপনীয়, বাপমায়ের অমতে সীমান্তে যুদ্ধ করতে গিয়েছে।

"আর সে কি চমংকার যোদ্ধা হয়ে দণড়াল, একবার ফার্নিস্টদের বোমার আঘাতে ওদের মাটির তলায় সুড়ঙ্গ ভেঙে চ্রমার হয়ে ট্যাক্ষধ্বংসী কামান চ্ণেরিচ্ণে করে দিল, কিন্তু এই এমেতেরিও কর্নেজা একটা হাতবোমা নিরেই গর্তের বাইরে লাফিয়ে পড়ল। ট্যাক্ষটার দিকে দেড়ৈ গিয়ে সোজা তার উপরই ছুংড়ে দিল সেই বোমাটা! ট্যাক্ষের তলায় চাকার টেউলাগানো আবরণগুলোর নীচেই বোমাটা ফাটল আর একই জারগায় ট্যাক্ষটা দাঁড়িয়ে ঘুরপাক খেতে লাগল। তখন অনারাও একবার ভাঁত বোমা নিয়ে এল আর কনে ইজো একটার পর একটা ছুণ্ডতে লাগল। আর একটা ট্যাক্ষ ধ্বংস করা হোল, তারপর আর একটা, এবার বাকীগুলো পিছন ফিরে অন্তর্ধান করল। দেখ দেখি! আর আমরা ভাবি ট্যাক্ষের চেয়ে মারাত্মক বোধ হয় আর কিছুই নেই।"

''কনে'ইজোর বয়স কত ?''

''সতের''—শ্রা জবাব দিল।

''তোমার বয়স কত ?''

এরকম নিষ্ঠ্রের মত প্রশ্ন কর। উচিত হয়নি আমার।

শ্বা দীর্ঘনিশ্বাস ফেলল।

আমার পাশ থেকে একটি রিন্রিন্ আওয়াজ ভেসে এল—''মা এত দেরী করেছ কেন? অপেকা করে করে আর ভাল লাগছিল না।''

'দেরী হয়েছে বৃঝি ? আমি তে। সাতটার সময় আসব বলেছিলাম।''

"এখন আটটা বাজতে দশ মিনিট। আমার তো ভাবনা হরে গিয়েছিল।"
জয়া আমার হাত ধরে আমার পারের সঙ্গে তাল রাখতে গিয়ে লমা লম।
পা ফেলতে লাগল। গত পু'বছরে ও অনেক বেড়ে গিয়েছে। আর কিছুদিনের মধ্যেই ও আমার সমান লমা হয়ে হাবে। মাঝে মাঝে আমার এত বড়
মেরে ভাবতেও অবাক লাগে। ফকের ঝ্ল অনেক ছোট হয়ে গিয়েছে—কাজ
করা ব্রাউজটা অণ্ট হয়ে গিয়েছে—নতুন আর একথানা করার কথা এবার ভাবতে
হবে।

১৯৩১ সালে মক্ষোতে ওদের নিয়ে আসার পর থেকে আমরা বড় একট। কথনও আলাদা থাকিনি। আমাদের মধ্যে যে-কেউ বাইরে গেলেই বলে যাবে কে কোথার কতক্ষণের জন্য যাচ্ছে। আমি যদি বলি আটটার সমস্ত্র কাজ থেকে ফিরে আসব তাহলে আমি যথাসাধা চেন্টা করব, আটটার সমস্ত্রই ফিরে আসতে। কোন কারণে একটু দেরী হলে জয়া চিন্তিত হয়ে ট্রামস্টপে আমাকে নিতে আসত, আজও তাই করেছে।

শ্রা বাড়ী ফিরে দিদিকে দেখতে না পেলে প্রথমেই জিজ্ঞাস। করবে— "জয়া কোথার ? কোথার গিরেছে, এখনও আসছে না কেন ?"

জয়া তো বাড়ীতে পা দিতে না দিতেই জিজেস করবে ''শরুরা কোপায় ?''

আমি কখনও আগে বাড়ী ফিরে এলে সি°ড়িতে দুটি পরিচিত পদশব্দ না শোনা পর্যন্ত কিরকম অম্বন্তি বে।ধ করতাম। বসন্তকালে খোলা জানলার কাছে দাঁড়িয়ে ওদের জন্য অপেক্ষা করতাম।...এখন আমি চোখ বন্ধ করলেই ওদের দেখতে পাই—ওই যে আসছে, রোজকার মত দুজনে কিছু একটা নিয়ে তর্ক করতে করতে, আমার মনটা প্রসন্ন হয়ে উঠল।

জরা আমার কাগজের পাাকেট আর হাতবাাগটা নিল। "তুমি নিশ্চর খুব ক্লান্ত হয়েছ, আমার কাছে দাও।" বসন্তের আগমনে পুলকিত হয়ে আমরা ধীরে পথ চলতে চলতে সারাদিনের ঘটনা নিয়ে আলোচনা করতে লাগলাম।

জয়। বলল — ''কাগজে লিখেছে দেশনীয় বাস্ত্হারা ছেলেমেরেদের—আরটেক তরুণ অগ্রণী শিবিরে নিয়ে যাওয়। হয়েছে। ফ্যাশিস্টয়। ওয়। এখানে পৌছুবার আগেই জাহাজটা ডুবিয়ে দিয়েছিল আর কি? ওদের দেখতে কি ইচ্ছেই যে করে... ভাব দেখি এত সব বোমাবর্ষণ-টর্ষণের পর হঠাং ক্রিমিয়ায় গিয়ে উপন্থিত হল! আছো সেখানে কি এখন বেশ গরম পড়েছে?"

''হাা, এপ্রিলমাসে দক্ষিণদেশে বেশ গরম পড়ে। গোলাপ ফুটতে আরম্ভ করেছে। তোমার দিকেই চেয়ে দেখ না। মন্ফোতে পর্যন্ত রোদের আলোয় তোমার নাকের রং বদলাতে সুরু করেছে।''

"শোন—আমরা দকুলের চারদিকে বাগান করতে আরম্ভ করেছি। প্রায় অর্ধেক দিন আমি খোলা হাওয়ায় কাটিয়ে রোদে-পোড়া রং পেয়েছি। প্রত্যেকেরই একটা করে গাছ পুততে হবে। আমি পুতেছি 'পপ্লার', পপ্লারে যখন বরফ পড়ে ভারী সুন্দর দেখায়। আর পপ্লারের কি মিফি গন্ধ না মা? এত টাটকা, এক টু ওতে। তেতো...এবার আমরা বাড়ী এসে গিয়েছি, চট্ করে গা ধুয়ে এস। আমি খাবার গরম করছি।"

আমি গা ধুতে গেলাম, জয়া কি করছে তা আমি না দেখেও বলে দিতে পারি।
পাতলা চটি পারে হাস্ক। আওয়াজ করে জয়৷ স্টোভ জালিয়ে সুপ গরম করে টেবিল
সাজাচ্ছে নিপুণহাতে। ঘরটা নিথুতভাবে পরিকার করা, এইমাত মোছা হওয়ায়
কেমন সুন্দর গদ্ধ বার হচ্ছে। জানলায় একটি লয়৷ গ্লাসে দুটো সাদ৷ শ্রমরগুচ্ছের
মত পুস্পে ভরা উইলো গাছের ভাল গদ্ধ ছড়িয়ে দিছে।

পরিচ্ছসতা আর আরাম যা এই ঘরে আছে তার সবটারই কৃতিত্ব জয়ার। বাড়ীর সমস্ত কাজ, ধোয়া মোছা, বাজার করা সব জয়ার উপর ভার। শীতের দিনে এমন কি সৌভ জালিয়ে ঘর গরম পর্যন্ত রাখে। শুরারও কাজ ভাগ করা আছে, জল বরে আনা. কাঠ চেলা করা, কেরোগিন কিনে আনা। কিন্তু সাগান্য সামান্য ব্যাপারে মাথা ঘামাতে সে বাজা নয়। আরও বহু ছেলের মত ওরও মত হল যে ঘরমোছা বা দোকান বাজার হাট করা ওসব ছেলেদের জন্য নয়, যে কোন মেয়েও ভো এসব করতে পাবে।

এই যে শুরা হাজির !

দড়াম করে দরজাটা খুলে গেল, শুরা সিণ্ডির উপব দাঁড়িয়ে, গাল দুটো পরিশ্রমে লাল. কন্ই পর্যন্ত কাদায় মাথামাথি, চোথের উপর কালশিরা পড়েছে। মহা উৎ-সাহের সঙ্গে বলল শুরা—"আমরা খেলছিলাম, এই যে মা, নমস্কার! গা ধুয়েছ? এই যে তোমার জন্য একখানা চেয়ার আছে—বসে পড়, এবার আমি গা ধোব।"

জল ছিটিয়ে খেলা করে অনেকক্ষণ ধরে শুরা গা ধুল—সঙ্গে সঙ্গে ফুটবল খেলার বর্ণনা এত আড়য়বের সঙ্গে চলল যে পৃথিবীতে মনোযোগ দেবার মত আমাদের আর কিছু রইল না।

জয়া জিজ্ঞেস করল—"তোমার জার্মান অনুবাদ কখন হবে শ্বনি ?" "মানুষটাকে খেতেও দেবে না দেখছি।"

বাচ্চাদের খাওয়া আগেই হয়ে গিয়েছিল। আগি খেতে বসলাম। স্কুলের বাগান সম্বন্ধে নানা রকম গবেষণা চলল। শ্বনে মনে হল, পৃথিবীতে যতরকম গাছের নাম তারা শুনেছে তার প্রত্যেকটিই স্কুলের বাগানে লাগাবার মতলব করছে ওরা।

"কি বললে, পামগাছ হবে না? গুগোনিওক কাগজটায় চারধারে বরফ-জমানো একখানা পামগাছের ছবি পর্যন্ত দেওয়া আছে। তার মানে এই যে ওরা শীত সহ্য করতে পারে।"

জয়া ঠাট্ট। করে বলে উঠল—"আহ। কি বৃদ্ধি! ক্রিমিয়ার শীতের সঙ্গে মস্কোর শীতের তুলনা করছে দেখ!" আমার দিকে চেয়ে বলল—"মা আমার জন্য কোন বই এনেছ?"

নীরবে আমি আমার বাক্স থেকে 'দি গ্যাডফাই'খানা বার করে ওর হাতে দি**লা**ম। জয়া আনন্দে উৎফুল হয়ে উঠ**ল**।

''আঃ ধনাবাদ মা তোমার!" লোভ সামলাতে না পেরে জয়া পাতাগুলো উল্টিয়ে দেখল—কিন্তু এক মৃহূর্ত পরেই বইটা বন্ধ করে টেবিলের উপর রেখে তাড়াতাড়ি টেবিলটা পরিষ্কার করে কাঁটা চামচগুলো ধুয়ে পড়তে বসল।

একটু পরে "কাল সকালে পড়লেই বেশ হোত" বলে থানিককণ গঞ্জাজ করে। শ্বাও জ্বরার পাশে বসল।

জন্মা সব থেকে ওর কঠিন বিষয় অঙ্ক নিয়ে আরম্ভ করল। শ্বরা বসল জার্মান বই নিয়ে—অঙ্ক পড়ে রইল। এটাই ওর সহজ লাগে।

আধঘণ্টাটাক পরে শ্রা সশব্দে চেয়ারটা ঠেলে ৰূপ্ করে বইটা বন্ধ করল। শহুরে গিরেছে—অঙ্গুলো কাল সকাল পর্যন্ত অপেক্ষা করতে পারবে।"

কাজে নিবিন্টচিত্ত জয়া চেয়েও দেখল না। পাশেই বহুদিন ধরে আবদার করা "দি গ্যাডফ্লাই" পড়ে আছে অনাদরে—কিন্তু আমি বেশ জানি, জয়া কাজ শেষ না হওয়া পর্যন্ত ওদিকে চেয়েও দেখবে না।

আমি বললাম—''দাও তোমার টানফেলখানটা দেখে দিই। আছো এটা কি— সম্প্রদান কারক বুঝি ?''

''হাা…বন্ড ভূল হয়েছে।''

"হাঁ। তাইত দেখছি।...এটা কি হয়েছে, উ বসিয়েছ যে—ওটা 'য়ৄ' হবে। আরে আরে এটা কি ? 'গাটে'ন' তো বিশেষ্য, তবে বড় অক্ষরে দাওনি যে বড়। তিন তিনটে ভুল, নাও বসে পড়, আবার লেখ দেখি।"

শুরা দীর্থনিশ্বাস ফেলে জানলার ভিতর দিয়ে বাইরের দিকে তাকাল, ওর খেল, ডেরা সব অপেক্ষা করে আছে কখন ও বাইরে আসবে। এখনও তো বেশী রাত হয়নি। আবও একদফা খেলা চলতে পারে... কিন্তু সতি। কি করে অপ্বীকার করবে, তিন তিনটে ভুল তো আর চাট্টিখানি কথা নয়, হতাশভাবে নিশ্বাস ফেলে শুরা টেবিলে বসে পড়ল আর একবার।

রাবে আমার কেমন থেন মনে হল কোথায় কিছু একটা অনুচিত ব্যাপার ঘটতে—
আমার ঘুম ভেঙে গেল। আমার অনুমান যথার্থ, খবরের কাগজ আড়াল দিয়ে
জয়া গালে হাত দিয়ে বসে ''দি গ্যাডফ্লাই'' পড়ছে। ওর মুখ, হাত, বইয়ের
পাতা সব চোথের জলে ভিজে গিয়েছে।

আমি জেণেছি বুঝতে পেরে জয়া চোথের জলের ভিতৰ দিয়ে আনার দিকে তাকিয়ে হাসল। আমরা কেউই কিছু বললাম না, কিন্তু একদিনের কথা আমাদের দু'জনেরই মনে পড়ল থেদিন জয়া আমাকে ডং'সনা করে বলেছিল—"ওমা বড়রা কাঁদে বুঝি ?"

গোলাপী পোশাক পরা বালিকা

পাতাবিহীন গাছের কালো ভালপালা আর উজ্জল বসন্ত আকাশকে পিছনে রেথে চমকদার বাক্স একটা। ছবিটার মধ্যে আর কিছু নেই। কিন্তু এটার দিকে তাকিয়ে থাকতে থাকতে আমার মন আনন্দে ভরে উঠল। এটা শুধু মার আকাশ আর গাছ আর চমকদার বাক্সের ছবিই নয়; যার অভাবে ছবি ঠিক ছবি হতে পারে না সেই মানসিক আবহাওরা, ভাব ও প্রকৃতিকে দেখবার বুঝবার ক্ষমতা সবই এই ছবির মধ্যে ফুটে উঠেছে।

আর একটা ছবি ঃ ঘোড়া ছুটছে, হিংপ্র অধ্যারোহীর হাতে উদ্যত ভরাল অস্ত্র— সাজ্যিই এতে গাজবেগ রয়েছে, এই যে আর একটা প্রাকৃতিক দৃশ্যা, তিমিরিয়াজেভ পার্কের অতি পরিচিত নিঝারিণী আর এই যে আমাদের আম্পেন বন---লম্বা লম্বা ঘাস, আনন্দধারায় বরে যাওয়া ছোট্ট রূপালি নদীটি... বাড়ীতে আমি একল। —হাঁট্রে উপর পড়ে আছে শ্রার মোটা ডুইংখাতা।
শ্রা প্রত্যেক বছরই অ'কোর উপতি করছে। আমরা প্রায়ই তেতিয়াকভ ছবির
প্রদর্শনী দেখতে বেতাম, ও কেবলমাত অ'কেতে শিখ্কে এটাই অন্মার উদ্দেশ্য নর,
ছবি বুঝতেও শিখ্কে তাই আমি চাই।

বেতিরাক্ত গ্যালারীতে আমাদের প্রথম যাওয়াটা আমার বেশ মনে আছে।
ধীরে ধীরে আমরা এক ঘর থেকে আর এক ঘরে যাচ্ছিলাম। এই সব ছবির যারা
প্রেরণা স্থাগিরেছিল, সেই সব ঐতিহাসিক কাহিনী আমি ওদের বলে গেলাম, ওরাও
অনর্গল প্রশা করে চলেছে, সব কিছুই ওদের ভাল লাগছে, ওদের আশ্চর্য লাগছে।
ফুবেল-এর অণকা 'জ্যোতিষ' যখন সব দিক থেকেই জয়ার দিকে তাকাতে লাগল,
তথন জয়া তো একেবারে অবাক। বড়বড়কাল দুটি আনন্দহীন সর্বজ্ঞানী চোখ
যেন অচঞ্চল দৃষ্টি নিয়ে আমাদের অনুসরণ করছিল।

এরপর আমরা এলাম—"সেরভ''-এর ঘরে। শ্রা "পীচ্তরালী মেরেটি''-র কাছে গিরে একেবারে ধেন জমে গেল। হাস্কা গোলাপী গাল, কাল চুলওরালা মেরেটি আমাদের দিকে ভাবুকের দৃষ্টিতে চেয়ে রইল। কেমন শাস্তভাবে হাতদুখানি টেবিলক্লপের উপর পড়েছিল। ভার মাধার পিছনে জানালা দিয়ে একশ বছরের লেবুগাছের ছায়ায় ঢাকা বাগান ধেন চোখের সামনে ধরা দেয়…অনেকক্ষণ ধরে নির্বাক দৃষ্টিতে ছবিটির দিকে আমরা সকলেই চেয়ে রইলাম, অবশেষে আমি আছে আন্তেশ্রার কাঁধ ছুংয়ে বললাম—

"তল ।"

ও সেরকমই চাপাগলায় বলগ—''আর একট্র পরে।''

মাঝে মাঝে তার এরকম হয়। প্রগাঢ় অনুভূতি ওকে যেন পাথর করে দেয়। সাইবেরিয়ায় শ্রা বখন চার বছরের ছিল তখন সত্যিকারের বনে প্রথম চুকতেই ওর একবার এরকম হয়েছিল. আর এখনও তাই। আমি আমার ছেলের পাশে দাঁড়িয়ে রইলাম, ও নিশব্দে তাকিয়েছিল, শাস্ত ভাবুক ঐ গোলাপী পোশাক-পরা মেয়েটির দিকে। ভাবতে চেন্টা করলাম কি দেখে ও এত অভিভূত হয়েছে। তার ছবি সবসময়ই গতি আর শব্দে ভরপুর। অবশ্য যদি তুলি আর রং দিয়ে শব্দ করা সম্ভব হয়—রেগবান অশ্ব, চলন্ত ট্রেন, উড়ন্ত বিমান এইসব তার ছবির বিষয়। শুরা নিজেও একটি দুরন্ত ছেলে, দােড়নো, চেঁচানো, ফ্টবল খেলা এই সব তার পছন্দ। গোলাপী পোশাকে মেয়েটিকে দেখে ও এত অভিভূত হয়ে পড়ল কেন? এই ছবিটার প্রশান্ত শুরুত কি করে মুদ্ধ করল, কি করে এর আসল স্বভাবের গতি রোধ করল? সেদিন আমরা আর কিছু না দেখেই বাড়ী চলে এলাম, সারাটা পথ শ্বা শুরু প্রশ্নের পর প্রশ্ন করে চলল—"সেরভ কেনে সময়ের লোক? ছেট্রেলা থেকেই কি তিনি অংকতে শ্বুর করেছিলেন? কে ওংক শিথিয়েছিল? ওংর গুরু কি যিনি তুর্কি সুগতানের কাছে লিখছে ছাপোরঝিয়ে কসাকরা' এই বিখ্যাত ছবিথানি এংকেছেন সেই রেপিন?"

এটা অনেকদিন আগের কথা, শ্রে। তখন মাত্র দশ বংসরের ছেলে। তার পর

থেকে আমরা অনেকবারই রেতিয়াকভ গ্যালারী দেখতে গিয়েছি, সেরভ-এর অন্যান্য ছবি দেখেছি, মুরিকভের নানা ছবি—"নির্বাসনে মেনশিকভ—''সুভোরভকে অনু-প্রেরণা জুগিয়েছিল, লেভিতান-এর অ'াক। বিষয় প্রকৃতি আরও কত যে ছবি আছে সেখানে! কিন্তু সেরভের ছবি দেখার পরই শুরার খাতায় প্রথম প্রকৃতির ছবি দেখা গেল, আর ঠিক সে সময়ই জয়াকে অ'াকবার ইচ্ছা হল তার।

শুরা তার স্বভাববিরুদ্ধ ভদ্রতার সুরে দিদিকে বলল—"বোসো না, আমি তোমার ছবি অ'কেব।''

জয়া অনেকক্ষণ নড়াচড়া না করে ধৈর্য ধরে বসে রইল। সেই কাঁচা-হাতে অ'াকার মধ্যেও জয়ার কিছুটা অ'াচ পাওয়া যেত, চোথ দুটো কিন্তু একেবারে নিঃসন্দেহে জয়ার, ছির, গছীর, চিভিতের চোথ...

এখন আমি শুরার ডুইংখাতার দিকে তাকিয়ে ভাবছিলাম বড় হয়ে ও কোন দিকে যাবে ? কি ওর ভবিষাং ?

শ্রার অকে খ্ব ভাল মাথা, ওর বাবার কাছ থেকে ও কারিগরী বিদ্যার বে'।ক পেরেছে—আর এদিকে ওর হাতদ্টিও খ্ব নিপুন, ষা কিছুতে হাত দের তাই বেশ ভালভাবে করতে পারে। ও ষে ইঞ্জিনিয়ার হতে চায় তাতে আমি মোটেই আশ্চর্য হইনি। ওকে হাতথরচার যা টাকা দিই সব দিয়ে ও ''বিজ্ঞান বিচিত্রা'' কেনে। আর তার সামনের মলাট থেকে পেছনের মলাট পর্যস্ত কেবল যে পড়ে মুখ্যুথ করে ফেলে তাই নয়, বইয়ের নিদেশি অনুষায়ী নানা রকম যম্ম্পাতিও তৈরী করে ফেলে।

শ্রা সব সময়েই কাজের মধ্যে একেবারে ড্বে যায়। একবার আমি ওদের ফকুলের বাগান দেখতে গিয়েছিলাম। পুরোদমে কাজ চলছে, ওরা মাটি খুড্ছে, ছোট ছোট চারা ঝোপ লাগাচ্ছে, বাতাসে বাচ্চাদের গলার আওয়াজ মিখি প্রতিধ্বনি তুলছে। জয়া আমাকে দেখে একবার লজ্জা পেয়ে শ্রুধু একট্ হাত নাড়ল, শুরা আর একটি ছেলের সঙ্গে একটা ঝুড়ি বয়ে নিয়ে চলে গেল, এই ঝুড়িটার মধ্যে এত যে মাটি ধরতে পারে তা না দেখলে আমার বিশ্বাসই হোত না।

সোনালী চুলওয়ালা, লয়া ও বেশ মজবুত গড়নের একটি মেয়ে চেঁচিয়ে উঠল—
"সাবধান কসমোদেমিয়ানিকি, শরীরের উপর বেশি চাপ দিও না।''

শুনলাম—শ্রা একট্র হেসে খুশির সুরে বলন— "মোটেই না, মন দিয়ে যদি কাজ কর তাহলে কন্ট হয় না কখনও। আমাদের দাদু বলতেন—কাজে যদি ভয় পাও তাহলেই কাজ করতে ভেঙে পড়বে।"

সেদিন সন্ধার খাবার টেবিলে কডকটা ঠাট্টার কডকটা গছীর ভঙ্গীতে শুরা বলল, "আচ্ছা মা আমি তো বেশ বাগানের মাটি কোপাতে পারি, তাহলে আমি স্কুল শেষ করে 'তিমিরিয়াজেভ একাডেমি'তে ভতি হতে পারব—তুমি কি বল ?"

তাছাড়া শ্রা খেলোরাড় হতেও চার, শীতকালে জয়া আর শ্রা শেকট আর স্কী করত, গরনের দিনে তিমিরিরাজেন্ড পুকুরে স'তোর কাটত। শ্রা সতিটে খেলোরাড়ের মত দেখতে, তেরো বছর বয়সে ওকে দেখতে পনের বছরের মত লাগত। শীতকালে বরফ মাথবে সারাগায়ে, বসস্তকালে সকলের আগে সণতার কাটতে সূর্
করবে — আর হেমস্তে যথন বড় বড় সণতারুরাও জলে নামবার কথা শ্নলেই ভর
পেত, ও তথনও দিবা সণতার কাটত, আর ফ্টবলের নাম শ্নুনলে তো কথাই
নেই। তাহলে শ্রা খাওয়া-দাওয়া পড়াশোনা সব ভূলে যেত।

কিন্তু তব্ও যেন মনে হয় শ্রার চরম আকাজ্ফা হল শিশ্পী হওয়া। আজ্কাল তার প্রতিটি অবসর মৃহ্তি সে অাকার কাজে লাগাত, লাইরেরী থেকে ও নিজেও কিছু আনে, আমাকেও আনতে ফরমায়েস করে বড় বড় চিত্রকর—বেমন রেপিন, সেরড, সুরিকড. লেভিতান-এর জীবনী।

মস্তুমুদ্ধের মত ও বলল—"শোন একবার, নয় বছর বয়স থেকে রেপিন একদিনও বাদ না দিয়ে রোজ ছবি অ'কেতে থাকেন, জীবনের একটি দিনও তিনি বাদ দেননি, ভাব দেখি একবার? বাঁ হাতটা ভেঙে গেলে যখন তিনি তুলি ধরতে পারতেন না, শরীরের সঙ্গে সেটাকে বেঁধে নিয়ে ঠিক আগের মতই ছবি অ'কতে থাকেন—কি প্রতিভা! কি আশ্বর্ধ ক্ষমতা!"

শ্রার ছবিগুলো দেখতে দেখতে তার মধ্যে পেলাম পার্কে আমাদের প্রিয় বেণ্টা, আমাদের বাড়ীর সামনের হাস্নাহানা ঝোপটা। গরমের দিনের সন্ধাার শ্রে এটার নীচে শ্রের থাকতে বড় ভালবাসত। আমাদের বাড়ীর সামনের বারান্দা— যেখানে ও বন্ধুদের সঙ্গে থেলাধ্লার পর অনেক রাত পর্যন্ত বসে থাকত। আবার ওদের ফ্টবল থেলার সব্লে ঘাসে ভরা মাঠটাও এক্ছে।

আজকাল শ্রা প্রায়ই "স্পেন"-এর বিষয় অণকতে সুরু করেছে। অবিশ্বাসা রকমের নীল আকাশ, সাদা জলপাই কুঞ্জ, লালচে পাহাড়-পর্বত, কাটা কাটা খাতের দাগভরা রোদে পোড়া গাটি, বোমার টুকরোতে ঝণঝরা হয়ে যাওয়া শহীদের রক্তেরাঙানো স্পেনের মাটি ওর খাতায় রূপ নিত। মনে পড়ল—ক্রেতিয়াকভ গ্যালারীতে সুরিকভ প্রদর্শনী খোলার পর গত শীতকালে শাহা কয়েকবায়ই সেখানে গিয়েছে। স্পেনের জলরং-এর বাবহার দেখাই ছিল তার প্রধান উদ্দেশ্য। এই সময়টায় সুরিকভ আরও প্রিয় হয়ে উঠেছিলেন তার একমার কারণ বোধ হয় তিনি স্পেন গিয়েছেন, দেখেছেন আর এণকেছেন।

আরে এটা কি ? বিরাট জানল। আর দরজাওয়ালা মন্ত বাড়ীটা যেন চেনা চেনা লাগছে। ঠিক হয়েছে, এটা তো ২০১ নং স্কুল, তার চারপাশে যে বাগান হবে— বার্চ, মেপল, ওক আর তালগাছের সারি।

জয়া আর শ্রম বেশ বড় হয়ে উঠেছে, তবুও সময় সময় আমার কাছে ওদের কি রকম ছোট মনে হয়।

একদিন সন্ধার আমি সকাল সকাল ঘুমিরে পড়লাম, আবার খানিক পরেই চমকে

জেগে উঠনাম। শ্নতে পেনাম জানলার সাণির উপর কে যেন মুঠো মুঠো পাধর-কুচি ছু'ডে ফেলছে। পরে বুঝলাম, বৃষ্টির বড় বড় ফে'টাগুলো জানলার কাঁচের উপর জোরে জোরে পড়ার জনাই ওরকম শব্দ হচ্ছে। আমি বিছানায় উঠে বসলাম। দেখলাম শ্রাও উঠে বসেছে।

আমনা দুজনে এক সঙ্গে বলে উঠলাম—"জয়া কোথায় ?" জয়ার বিছানা খালি। তক্ষুণি যেন আমাদের প্রশ্নের জবাবে সিণ্ডির দিক থেকে চাপা গলার শব্দ আর হাসি ভেসে এল, আর আমাদের ঘরের দরজাটা খুলে গেল। দরজার গোড়ায় দাঁড়িয়ে জয়া আর ইরা। জয়ারই সমবয়সী পাশের ছোট বাড়ীর একটি মেযে।

"কো**থা**য় গিয়েছিলে? কোথা থেকে আসছ?"

জয়া নিশব্দে তার কোট খুলে ঝ্লিয়ে রাখল, তারপর বৃষ্টিতে ভেজা **জুতো খুলতে** লাগল ।

শ্রা টেচিয়ে উঠল—"কোথায় গিয়েছিলে ?"

ইরা এত বেশী উত্তেজিত হয়েছিল যে হাসবার সময় ওর চোথ দিরে জল পড়ছিল। ব্যাপারটা বলতে আরম্ভ করল।

সন্ধ্যা প্রায় দশটা র সময় জয়া ইরাদের দরজায় গিয়ে ঘা দেয় । ইরা বেরিয়ে এলে জয়া বলল, মেয়েদের সঙ্গে ওর একটা ব্যাপারে বেশ বিতর্ক হয়েছে। ওরা বলেছে জয়া সন্ধাব অন্ধকারে "তিমিরিয়াজেভ পার্কের" ভিতর দিয়ে যেতে পারবে না। জয়া বলেছে পারবে, ও ভয় পায় না। তারপর ওরা বাজী রেখেছে—মেয়েরা ট্রামে করে তিমিরিয়াজেভ একাডেমী পর্যন্ত যাবে. আর জয়া যাবে পায়ে হেঁটে। জয়া বলেছে "আমি গাছে দাগ দিতে দিতে যাব।" ওরা বলেছে—"আমরা তা ছাড়াই তোমার কথা বিশ্বাস করব।" কিয়্তু শেষ মূহুর্তে ওরাই ভয় পেয়ে জয়াকে বারে বারে বলেছে, কাজ নেই আর গিয়ে। বাজী আজকের মত বন্ধ থাক। ভয়ানক ঠাণ্ডা আর অন্ধকার হয়েছে বাইরে, আর বৃষ্টি পড়তেও সূরু হয়েছে।"

ইরা হাসতে হাসতে চেঁচাতে লাগল—"তাতে কিন্তু জয়া আরও রোখ করল। ও বেরিয়ে যেতে আমরাও রওয়ানা হয়ে গেলাম ট্রামে ওঠে। আমরা অপেক্ষা করেই আছি, করেই আছি, জয়ার আর দেখা নেই। আমরা থেশজাথ্ণিজ আরম্ভ করতেই দেখি ঐ যে জয়া…দাঁড়িয়ে হাসছে।"

আমি ত অবাক হয়ে জয়ার দিকে তাকালাম, ভিজে মোজা শ্কোবার জন্যে উন্নের পাশে দিছে।

বললাম—"তোমার কাছ থেকে আমি আশা করিনি জয়া, কত বড় মেয়ে হয়েছে তবু এরকম…"

"বোকা ?"—জরা বলল হাসতে হাসতে।

"বোকাই ত! বলেছি বলে রাগ কোরে। না—কিম্তু এরকম যার। করে তারা চালাক নর।"

भद्रता ट्रिटिस वर्तन छेठेन, "आिंग इरन बरोडे न्यास्त्रिक रख।" देता बरान

নালিশের সুরে বলল—"ও আবার ফিরে আসতে চাইছিল হেঁটেই। আমাদের সঙ্গে টামে আসার জন্য কত না সাধ্যি সাধনা করতে হয়েছে।"

ইরার ভিজে সপ্সপে জামাকাপড়ের দিকে চেরে আমি বললাম—"ইরা তোমরা জামাকাপড়গুলো বদলিয়ে শীগগির,আগুনের ধারে বস।"

ইরা বলল—"না আমাকেও ত বাড়ী বেতে হবে, আমার মাও রাগ করবেন।"

ইরা চলে গেনে আমরাও কিছুক্ষণের জন্য চুপচাপ রইলাম। জন্ধা মনের আনন্দে হাসছিল, কিন্তু সেও কিছু বলল না। উনুনের ধারে বসে জামাকাপড় আর গা শ্কোতে লাগল।

অবশেষে শ্বো বলল—"বেশ কথা, তুমি ত বাজী জ্লিতলে কিস্তুকি বাজী রেখেছিলে শ্বি:?"

জয়া অনুতপ্তের সারে বলল—"আমি ত বাজীর কথা ভাবিনি, ওরা বলল পণ রাখবে, আমিও রাজী হয়ে গেলাম, জিনিসটা কি তা ত ওরা বলেনি।"

শুরা ত অবাক হয়ে গেল—"তুমি একটি চীজ বটে! তুমি ত আমার কথাও ভাবতে পারতে! যদি আমি জিতি, শুরাকে একটা নতুন ফ্টবল কিনে দিও, কিংবা এরকম একটা কিছু। নিজের ভাইরের কথাও মনে পড়ল না!" কৃতিম আপ-শোসের ভাগ করে মাথা নেড়ে শারা বলল—"কিস্তু তোমার কাছ থেকে এরকম বাবহার সতিটেই আমিও আশা করিনি। তোমাকে এরকম মেজাজ দেখাতে কেবলল—আমার পর্যন্ত মনে হচ্ছে এটা ঠিক হয়নি।"

জয়। উত্তর দিল—"আমারই কি মনে হয়নি বৃঝি? কিন্তু কি করব ওদের ভয় দেখাতে আমার এমন মঙ্গা লাগছিল। আমি গেলাম বনের মধ্য দিয়ে আর ভয় পেল কিনা ওরা!"

ও হেসে উঠল, আমি আর শুবাও না হেসে পারলাম না।

ভানিয়া সলোমাখা

থুব অপপ বয়সেই আমি ছেলেমেয়েদের সঙ্গে টাকাকড়ি বিষয়ে পর।মর্শ করতে আরম্ভ করলাম।

১৯৩৭ সালে আমর। সেভিংস ব্যাক্ষে একটা হিসাব খুললাম। প্রথমে পঁচাত্তর রুবল জমা দিয়ে হিসাব খোলা হল। যে ভাবেই আমর। মাসের শেষে কিছু না কিছু জমাতে পারতাম, পনের কিংব। কুড়ি রুবলও হোক না কেন, জয়া তা ব্যাক্ষে জমা দিয়ে আসত।

আমাদের খরচ করবার আরও একটা জিনিস বাড়ল। সোভিয়েত দেশের প্রত্যেক অধিবাসীই ব্যাঙ্কের ১৫৯৭৮২ নং হিসাবে কিছু না কিছু জমা দিত, গণতন্ত্রী স্পোনের স্ত্রীলোক ও ছেলেমেয়েদের জন্য এই অর্থ সংগ্রহ করা হত। প্রথমে শুরাই প্রস্তাব করল—"জয়া আর আমি ত দুপুরের খাওরার আরও কম খরচ করলে পারি।"

আমি বাধা দিলাম— "না, দুপুরের খাবার থেকে কিছু কমানো হবে না। একটা কি দুটো ফুটবল খেলা না দেখলেই কিছু পয়সা বাঁচবে, তোমাদের উদ্দেশ্যও সিদ্ধ হবে।"

আমাদের নিতান্ত দরকারী জিনিসপত্রের একটা তালিক। করলাম—জরার দন্তানা নেই, শুরার জুতে। ছি'ড়ে টুকরে। টুকরে। হয়ে যাছে, আমার গ্যালোশে একটা গর্ত হয়ে গিয়েছে। তাছাড়া শুরার ছবি আঁকার সব রং ফুরিয়ে গিয়েছে, জয়ার সেলাইয়ের জন্য কিছু সূতো চাই। জিনিসপত্রের তালিক। সমস্কে কথা উঠলেই তর্কবিতর্ক শুরু হয়ে যায়, ওরা চায় আমার দরকারী জিনিসটা আমি আগে কিনি।

বই কেনার খরচটাও বেশ ছিল।

বইয়ের দোকানে হানা দিতে কি মজাই না লাগে। কাউণ্টারে সাজানো বইয়ের মাঝখানে ঘুরে বেড়াও, পায়ের আঙ্লে ভর দিয়ে উঁচু তাকের বইয়ের পিছন দিককার মলাটে লেখা নামগুলো পড়ার চেক্টা কর, তাদের ভালমন্দ বিচার কর, তারপর সুন্দর পরিক্লার কাগজে মোড়া এক বোঝা নতুন ঝকঝকে বই নিয়ে বাড়ী ফের। জয়ার বিছানার শিয়রের দিকে সেল্ফ্্এ যখন নতুন বই এসে শোভা বাড়াত, আমাদের তখন কি আনন্দই না হত! বারেবারেই আমরা আমাদের নতুন কেনা বইগুলোর কথা আলোচনা করতাম, আমরা পালা করে আমাদের বই পড়তাম, কখনও বা রবিবার সক্ষায় জোরে জোরে পড়তাম।

এ রকম করে একটা সত্যি গম্পের বই পড়েছিলাম তার নাম "গৃহযুদ্ধে নারী"— বেশ মনে আছে আমি মোজা রিপু করছিলাম, শুরা ছবি আঁকছিল, জয়া বইটা পড়ার জন্য খুলছে এমন সময়ে শুরা হঠাৎ বলে উঠল—"সৃচীপত্র অনুসারে পড়তে থেয়ো না, বইটা প্রথম খুলতেই যেটা প্রথমে চোখে পড়বে সেটাই আমরা আগে পড়ব।"

কি করে শরের মাথার এই থেয়াল এল সে সম্বন্ধে আমার কোন ধারণা নেই কিন্তু আমরা এই নতুন পরিকম্পনাটা মেনে নিলাম। প্রথম যেটা পেলাম, সে গম্পটার নাম হল "তানিরা সলোমাথা", তানিরা একটি গ্রামের স্কুলের শিক্ষিক। ছিলেন, তার সম্বন্ধে তার ছাত্র, তার বড ভাই গ্রীশা পোলোভিকে। আর ছোট বোন মিলে লিখছে।

বড় ভাই লিখেছেন তানিয়ার ছোটবেলার কথা, কি করে বড় হল, কি রবম ভালই যে বাসত পড়াশোন। করতে। এক জায়গায় এসে জয়া হঠাৎ থেমে আমার দিকে তাকাল, তানিয়া রাত জেগে "দি গাডফাই" বইটা পড়ে ওর দাদাকে বলেছিল, "কিসের জন্য আমি জীবন ধারণ করছি তা কি আমি জানি না ভাবছ? মানুষ যাতে ভালভাবে বেঁচে থাকভে পারে তার জন্য আমার শরীরের প্রতিটি রঙ্গিন্দু আমি বিসর্জন দিতে পারি।"

হাইস্কুল থেকে ডিগ্রী নিয়ে তানিয়া কুবান গ্রামে শিক্ষকত। শৃরু করে। বিপ্লবের মূহুর্তে তানিয়া গুপ্ত বলগেভিক বাহিনীতে যোগ দেয়—তারপর গৃহবুদ্ধের সময় লালফৌজ দলে।

১৯১৮ সালের নভেষর মাসে প্রতি বিপ্রবীরা যখন কোজ্মিনজ্ঞার গ্রামে হান।
দের—তানিরা তখন টাইফাস্ জরে শব্যাশারী। ঐ অসুস্থ মেরেটিকেই তারা বন্দী
করে তার উপর অত্যাচার চালায়—তার কাছ থেকে কথা আদায় করার জনা, সাধীদের
প্রতি বিশ্বাস্থাতকতা করার জন্য।

গ্রীশা পোলাভিক্ষে। আর তার সঙ্গীরাও জেলে গিয়েছিলেন, তিনি সেকথাও লিখেছেন। তাঁরা তাকে দেখতে চান, তাঁদের শিক্ষিকাকে সাহায্য করতে চান। তানিয়ার সারাদেহ রক্তাক, ক্ষতবিক্ষত অবস্থায় তাকে এনে দেয়ালে পিঠ দিয়ে দাঁড় করানো হল। তানিয়ার মুখে ভয়ের চিহ্নমাত নেই, তার নির্বাক চাহনিতে দয়া বা অনুগ্রহ, এমন কি আঘাতের বেদনার চিহ্নও নেই, বড় চোখ করে সে শ্রুধু তাকিয়েছল সমবেত জনতার দিকে।

হঠাৎ হাত তুলৈ পরিজ্বার গলায় তানিয়া টেচিয়ে উঠল—"তোমর। আমাকে বত খুসী মার না কেন, এমন কি হত্যা করতেও পার, তবু জেনে রাখ সোভিয়েত বাহিনী মরেনি, তারা বেঁচে আছে,—তারা এল বলে।"

একটা কসাক সাজেণ্ট বন্দুকের কুণদো দিয়ে তানিয়ার কাঁধটা দুফাঁক করে ফেলল, কসাক দস্যুগুলো ওর উপর ঝাঁপিয়ে পড়ে লাখি, কিল রাইফেলের বাঁট দিয়ে বাড়ি মারতে লাগল। "তোকে দয়। ভিজে চাইয়ে ছাড়ব"—হতভাগা সাজেণ্টটা টেচাতে লাগল—মুথের উপর দিয়ে বয়ে-য়াওয়। রক্তের ধাা মুহতে মুছতে তানিয়া বলল—পারবে না, তোমাদের কাছ থেকে আমি কোন কিছুই ভিকে চাইব না।"

দিনের পর দিন, বারবার তানিয়ার উপর অত্যাচারের কাহিনী জয়া পড়ে গেল,
—পড়ল, প্রতি বিপ্রবী সৈনারা কি করে তানিয়া নির্বাক থাকার, দয়া ভিক্ষা না করার,
অত্যাচারীদের দিকে সগর্ব চাহনিতে তাকাবার জন্য অত্যাচারের মাতা বাড়িয়ে দিয়ে
প্রতিশোধ নেবার চেষ্টা করত।"

জয়া বইটা নামিয়ে রেখে উঠে দাঁড়াল, জানালার পাশে গিয়ে অনেকক্ষণ ধরে পিছন ফিরে দাঁড়িয়ে রইল। ও কক্ষনে। কাঁদত না, আর কেউ ওর কালা দেখুক এটাও চাইত না।

পড়া আরম্ভ হতেই শ্রেরা তার ছবির এয়ালবাম ফেলে রেখেছিল, এবার বইটা তুলে নিয়ে পড়তে লাগল। এবার তানিয়ার ছোটবোন রায়া সলোমাখা লিখেছে—"ওর মৃত্যু সম্বন্ধে যা জানতে পেরেছি তা এই—এই নডেম্বর সকালবেলা কসাকরা বন্দীশালায় চুকে পড়ে রাইফেলের বংটি দিয়ে মেরে মেরে বন্দীদের সেলের বাইরে নিয়ে আগতে থাকে। দয়জার গোড়ায় দাঁড়িয়ে তানিয়া বাদবাকীদের দিকে ফিরে শান্তস্বরে বলে—'বঙ্কুগণ বিদার। এই দেয়ালে বত রক্তপাত হয়েছে তা বিফল হয় না যেন—সোভিয়েত বাহিনী আগছে।"

"কুয়াশায় ঢাক। ভোরে, সাধারণ গোচারণ ক্ষেত্রের পাশে আঠারোজন শহীদের জীবনান্ত হয়, তানিয়ার হয় সকলের শেষে, তার কথা সে রেখেছে—অত্যাচারীর কাছে সে দয়াভিক্ষা করেনি।"

এই বইটি পড়ে তানিরা-চরিত্রের বিস্মারকর দৃঢ়ত। আর পবিহতার পরিচর পড়ে কেবল যে জয়াই বিচলিত হয়েছিল তা নর, সবাই আমর। খুবই বিস্মিত ও ব্যথিত হয়েছিলাম।

ওদের প্রথম উপাঙ্গন

একদিন সন্ধাবেলা আমার দাদা আমাদের সঙ্গে দেখা করতে এল। চা খাওয়া গম্প করা শেষ হলে পর সে হঠাৎ চুপ করে গেল, কাগজপত্তে ঠাসা মন্ত হাতবাগটা খুলতে খুলতে বেশ অর্থপূর্ণ চোখে আমাদের দিকে তাকাতে লাগল। আমরা তক্ষুনি বুঝতে পারলাম—দাদা কিছু একটা আমাদের জন্য এনেছে।

জরা জিজ্ঞেদ করল—"সাঁজি মামা ওতে কি আছে ?" তথুনি কোন জ্বাব না দিয়ে, সাজি বেশ রহসাজনকভাবে চোথ টিপে ধীরে সুস্থে তার ব্যাগটা খ্লল, কতকগুলো কাগজপত্র বার করে প্রইংগুলো খ্ব মন দিয়ে দেখতে লাগল—আমরাও খ্ব ধৈর্য ধরে অপেকা করতে লাগলাম।

অবশেষে সান্ধি বলল—''এই নক্সাগুলে। নকল করতে হবে; শ্রুরা ডুইং-এ কি রকম নম্বর পাও ?''

জয়া জবাব দিল—"ও 'চমংকার' পায়।"

''তাহলে বাছা শ্রা, তোমার জন্য আমি একটা কাজ এনেছি, বড়দের মত কাজ। তা ছাড়া, কিছু উপার্জনিও হবে। মাকে সাহায়া করতে পারবে। এই যে আমার যন্ত্রপাতির বাজ, আমি কলেজে পড়ার সমর এগুলাে কিনে ছিলাম, এখনও বেশ ভাল কাজ করা যায় এগুলাে দিয়ে। তোমার ত কালাে চাইনীজ কালি আছে, না ?

জয়া জবাব দিল—"হাা, আর নকল করার কাগজও আছে।"

''বেশ, বেশ। আর একটু সরে এস তোমরা। ব্যাপারটা কি করে কি করতে হবে ভাল করে বুঝিয়ে দিই। কাজটা মোটেই শক্ত নয়, কিন্তু খ্ব নির্ভূল আর নিশু°ত হওয়া চাই।"

জয়া মামার পাশে বসে পড়ল। শ্রুরা ছিল আগুনের দিকে পিঠ দিয়ে দাঁড়িয়ে, সে ওথানেই দাঁড়িয়ে রইল, একটা কথাও বলল না, এগিয়েও এল না। সাহ্লি ওর দিকে এক নজর তাকিয়ে ডুইংগুলোর উপর ঝাকেং পড়ে বোঝাতে শ্রুর করল।

দাদা আর আমি দ্রুনেই বুঝলাম ব্যাপারটা কি?

শ্রার চরিতের এই একপুংরমির দিকটা আমাকে খ্ব ভাবনার ফেলেছিল। যেমন ধর—শ্বা গান-বাজনায় বেশ ভংল, কানও বেশ সঙ্গাগ, ওর বাবার গীটারটা বেশ অনেকদিন ধরেই বাজাচ্ছে। কথনও কখনও হয়ত এমন হয় যে স্রটা ও একেবারে ধরতে পারছে না, আমি হয়ত বল্লাম—"ওথানটায় ভূল হচ্ছে, এ রকম হবে—''ও বেশ শান্তভাবে আমার কথা শ্নল, তারপর বলল—''না আমার কাছে এই সুরটাই বেশ লাগছে", আর সেই ভূলই বাজিয়ে চলল। ও বেশ জানে আমি ঠিকই বলছি, কিন্তু এবার সে কিছুতেই সে সুরটা বাজাবে না, পরেরবার ঠিক বাজাবে। যা কিছু সে করুক না কেন, ছোট বড় যে সিদ্ধান্তই নিক না কেন, স্থানীনভাবে নিজের ইছোমত নেবে, কারোর নির্দেশে নয়। ওর ধাবণা ও এখন বড় হয়েছে, নিজেই সব বোঝে, সব করতে পারে।

কাজে কাজেই ওর মনে হল মামার এই নিদেশে ওর স্বাধীনতায় অকারণ হতুক্ষেপ করা হচ্ছে। সাঁজি যথন কাজটা করার নিয়মকানুন সব বলে যাচ্ছিল —ও দূর থেকে মনোযোগ দিয়ে সব শুনে যাচ্ছিল—ওর মামা অবশ্য ওর দিকে আর মন দেয়নি। বার হয়ে যাবার সময় কারোর দিকে বিশেষ লক্ষ্য না কবেই বলল—''ড্রইংগুলো কিন্তু এক সপ্তাহের মধ্যেই চাই।''

জয়। ফিজিকা বই নিয়ে পড়তে বসল, আমি অন্য দিনের মত ছাত্রদের খাতা নিয়ে বসলাম, শুরাও বই নিয়ে বসল। দাদ। চলে যাবার পর কিছুক্ষণ পর্যস্ত ঘরটা চুপচাপ ছিল, তারপর জয়া উঠে দাঁট্রে হাত পা টান করে মাথাট। একবার ঝাকাল, (ভান ভুরুর উপরে পড়া একগোছা চুল মাথাটা ঝাকিয়ে সরানে। ছিল ওর অভ্যাস) দেখলাম ওর বাড়ীর পড়া শেষ হয়েছে।

টেবিলের উপর ডুইংগুলে। ছড়িয়ে রাথতে রাথতে জয় বলল—"এবার আমরা আরম্ভ করতে পারি, তাহলে আমরা আজ রাতে অর্ধেকটা শেষ করতে পারব। পারব নামা?"

শ্রা বইটা ফেলে দিয়ে দিদির দিকে ত।কিয়ে বলে উঠল—"বসে বসে 'মাই ইউনিভাসি'টিজ্' পড় দেখি, তোমার সাহায্য ছাড়াই আমার চলবে, তোমার চেয়ে আমি ভাল অশকতে পারি।"

(জয়া সে সময়টায় গার্কর আত্মজীবনী পড়ছিল) জয়া সে কথায় কান দিল না।
দুজনে মিলে ওদের কাপজপত্র টেবিলের উপর ছড়িয়ে সারা টেবিলটাই দখল করে
বসল, আমার খাতাপত্র নিয়ে আমি একেবারে এক কোণে সরে গেলাম। ছেলেমেয়ের।
কাজে একেবারে ডুবে গেল। সাধারণত যে-সব কাজে খুব বেশী মনোযোগ বা বৃদ্ধির
দরকার হয়না, যেমন সেলাই করা, কাপড় কাচা, ঘর-দরজা পরিশ্বার করা—তখন
প্রায়ই জয়া শুরা গান করে—এখনও তেমনি, ধীরে ধীরে জয়া আরম্ভ করল—

হে শ্যামল শংশের মমর্মবনি, হে শ্তেপ অঞ্জের শামল তুণরাজি অতীত কীর্তিগাথ। রবে অবিনম্বর— বস্তু নির্ঘোবের ধ্বনি বহুদ্ন মিলিয়ে গেলেও—

শর্রা নীরবে শুনল, তারপর সেও নীচু গলায় যোগ দিল। তারপর গলায় জোর এল, আন্তে আন্তে জয়। আর শ্রার গলা এক হয়ে বেশ পরিব্লার সুরে শোনা বেতে লাগল। অটোমান তুকীদের সঙ্গে বুদ্ধে নিহত কসাক বালিকার কীতিগাথা শেষ হয়ে গেলে ওরা আরম্ভ করল আমাদের সকলের প্রির একটি গান, আনাতোলি পেনোভিচও এটা গাইতে ভালবাসতেন—

প্রশস্ত নীপারের অশাস্ত গঞ্জন
দুরস্ত পবন ছিল্ল করে পঢ়াবলী,
উল্লভ বনানী আজ মন্তক করেছে নত
দুরস্ত ভর•েগ ফ্লেও ওঠে বারিরাশি।

ওরা কাজের সঙ্গে গান করে চলল, ওদের কথার দিকে মনোযোগ না দিয়েও বুঝতে পারছিলাম গানের স্ব । সে সুর তাল আমাকে মুদ্ধ করেছিল। আমি আজ বেশ সুখী...

এক সপ্তাহ পরেই শুরা তার কাজগুলো নিয়ে মামার সঙ্গে দেখা করতে গেল, আর এক বোঝা ড্রইং নিয়ে নাচতে নাচতে ফিরে এল।

"ওমা মা শ্বনন্থ, ডুইংগুলো মানার খ্ব পছন্দ হয়েছে, আমাদের টাকা, জয়ার আর আমার, আমরা নিজেরা উপার্জন করেছি।"

আমি বললাম—"সাজিশামা আর কিছু বলেনি বুঝি?" শ্রা মুচকি হাসি হেসে বলল—"তিনি আরও বলেছেন—বেশ বেশ, এমনি করে চালিয়ে যাও।"

এক সপ্তাহ পরে সকালবেলা উঠে দেখি, আমার বিছানার পাশে চেয়ারের উপর দ্'জোড়া মোজা আর একটি ভারী সুন্দর সাদ। কলার, ওদের প্রথম উপার্জনের টাকা থেকে ছেলেমেরের। কিনে এনেছে, বাদবাকী টাকাটা একটা খামের মধ্যে পুরে পাশে রেখে দিয়েছে।

অনেক দিন পরেও সন্ধ্যায় যথন আমি বাড়ি ফিরতাম, সি'ড়িতে থাকতে থাকতেই আমি শ্নতে পেতাম ওদের গানের সুর। ওরা আবার ওদের ডুইং-এ মন দিয়েছে বোঝা যেত।

ভেরা সাজিয়েছনা

কারো নম্ভরে পড়ার মত বিশেষ কিছু ঘটনা না ঘটে আমাদের জীবন বরে চলল স্বচ্ছেন্দগতিতে। এমনি মনে হবে প্রত্যেকটা দিন যেন আগেরটার পুনরাবৃত্তি মাত্র। স্কুল আর কাজ, কোনদিন বা থিয়েটার, কি কনসার্ট, আবার পড়াশোনা, বইথাতা, খানিক বিশ্রাম,—এই বোধ হয় সব। কিস্তু আসলে এই সব নর।

ছোট ছেলের কিংবা কিশোরের জীবনে প্রত্যেকটা ঘণ্টাই মূল্যবান। পূথিবীর চারদিকের সঙ্গে আন্তে আরে তার পরিচর হচ্ছে, কোন কিছুই স্বতঃসিদ্ধ বলে ধরে না নিয়ে স্বাধীনভাবে চিস্তা করতে চার। প্রত্যেকটি জিনিস নিজে বাচাই করে ভালমন্দ উঁচু নীচু, সুপথ কুপথ, বন্ধুদ্ধ, আনুগত্য, ন্যায় অন্যায় প্রভৃতি নিজেই বিচার করে, জীবনের উক্ষেশ্য ও আদর্শ সম্বন্ধেও তার আগ্রহ জ্বে। প্রতি ঘণ্টার, প্রতি

মুহুর্তে নতুন বিজ্ঞাস। তার মনে এসে দোল। দিয়ে বার, চিক্তা করতে অনুপ্রাণিত করে। তা ছাড়া মনের প্রতিক্রিয়াও হয় এ সময়ে গভীর।

এখন আর বই কেবলমার সময় কাটানোর উপায় নয়। এখন বই হল উপদেষ্টা, চালক। জয়া আগে বলত "বইয়ে বা লেখা থাকে সব সতিয়।" এখন সে বইয়ের উপর ঘণ্টার পর ঘণ্টা বৃংকে পড়ে তর্কবিতর্ক করে, প্রশ্নের মীমাংসা চায় বইয়ের কাছ থেকে।

তানির। সলোমাথার গম্পটা পড়ার পর আমরা নিকোলাই অস্ত্রোভ্ স্কির "ইম্পাত" বইটা পড়লাম। পাভেল করচাগিন-এর পবিত্র অমর চরিত্র কথনও তরুণ পাঠক-পাঠিকার মনে ইম্পাতের আঁচড় দিতে কসুর করে না, আমার ছেলেমেয়েদের মনেও অবিস্মরণীয় দাগ কেটে দিল।

প্রত্যেকটি ন্তন বই-ই ওদের প্রিয় ছিল। ওরা এমনভাবে তাদের পড়া বইগুলো নিয়ে আলোচনা করত যেন তারা সত্যিই জীবস্ত চরিত্র। যে চরিত্রগুলো ওদের প্রিয় বা অপ্রিয় হয়ে উঠত তাদের নিয়ে তুমুল তর্ক শুরু করে দিত।

ভাল বই তরুণ জীবনে অসামান্য প্রভাব বিস্তার করে। জীবস্ত মানুষও কম প্রয়োজনীয় নয়, একটি ব্যক্তির চরিত্র তোমার ভবিষাং জীবনকে বদলে দিতে পারে। আমার ছেলেমেয়েদের জীবনে স্কুলের প্রভাব ছিল অসীম। শিক্ষক শিক্ষয়িতীদের উপর তাদের ভালবাসা আর প্রদ্ধাও ছিল প্রচুর। বিশেষ করে ওদের স্টাডি-ভিরেক্টর
—ইন্ডান আলেক্সিয়েভিচ্ রিয়াজেভ-এর কথা ওরা বলাবলি করত।

জন্ম। অনেক সময়ই বলত, "তিনি খুব বিচক্ষণ আর খুব ভাল শিক্ষক। আর কি চমংকার মালী আমাদের বাগানের, তাকে আমরা মিচুরিন বলে ডাকি।"

ওদের অক্টের শিক্ষক নিকোলাই ভাসিলিয়েভিচের কথা বলতে শুরার খ্ব উৎসাহ। তিনি ছান্রদের উৎসাহ দিতেন ভেবেচিন্তে অঙ্ক বার করার জন্য। কেউ এলোমেলো উত্তর দিলে তিনি যেমন ধরে ফেলেন, তেমনি কেউ যদি কলের মত নির্মটা মান্ত শেথে তবে তাও তেমনি বুঝে ফেলেন তিনি।

তোতাপাখীর মত শুধু মুখন্থ করাকে তিনি দু'চক্ষে দেখতে পারেন না, কেউ যদি বোকার চেন্টা করে সে হল স্বতন্ত্র কথা। একটু আধটু ভূল হলে তিনি বলেন, "ঘাবড়িয়ো না, আবার চিন্তা করে দেখ—তখন উত্তর ভেবে নেওরাটা আরও সহজ্ব হয়ে দাঁড়াবে।"

জরা আর শুরা দুজনেই তাদের ক্লাশলীভার (সর্দার পোড়ো) রেকাতেরিনা মিখাইলোভ্নার কথা বলত। "নেরেটি এত ভাল, আমাদের পক্ষ হয়ে সে সব সময়ই অধ্যক্ষের সঙ্গে আলাপ আলোচনা করে। আমি নিজেও শুনেছি, ক্লাশে যদি কেউ দুক্ত্মি করে, বা কোন গোলমাল হয় তাহলে রেকাতেরিনা মিখাইলোভ্নাই সকলের আগে তার পক্ষ নিয়ে লড়বে।"

বিনি জার্মানভাষা শেখান, তিনি কখনো গলার সুর চড়াতেন না, সব সময়ই বেশ ঠাঙা মেজাজ। তিনি খবে কড়া নন, কিন্তু তার জন্য তার ছাত্রেরা কেউই বাড়ীর পড়া খারাপভাবে তৈরী করত না, তিনি ছেলেমেয়েদের ভালবাসেন, ভারাও তাঁর ভালবাসার প্রতিদান দের, সে জনোই পড়ার সমরে তাঁর ক্লাশে শৃৎখলার কোন বিলু হর না। পড়ার উল্লভিও বাধা পার না।

বেদিন থেকে জয়। আর শুরা ভেরা সান্ধিয়েভ্না নোভোশেলোভার কাছে বুশভাষা ও সাহিত্য পড়তে শুরু করল সেদিন থেকেই ওদের জীবনের আর এক ন্তন অধ্যায় শুরু হল।

জয়া শুরা কেউই বেশি উচ্ছাস প্রকাশ করতে ভালবাসত না, বড় হওয়ার সঙ্গে সঙ্গে ওপের চরিত্রের এই দিকটা আরও পরিক্ষাট হতে লাগল, উচ্ছাসের কথা ওরা সমস্তে পরিহার করে চলতে লাগল। ভালবাসা, কোমলতা, আনন্দ, ক্লোধ ইত্যাদি ওরা প্রকাশ করত ওদের হাবভাবের মধ্য দিয়ে। চোথের ভাব, মুথের চেহারা, ধরের এক কোণ থেকে আর এক কোণে হাঁটবার ভঙ্গী থেকে বোঝা যেত, আমার ছেলেথেয়ের। রাগ করেছে না খুশী আছে।

একবার জয়ার যথন বছর বারে। বয়স, আমাদের জানলার সামনে একটা ছেলে একটা কুকুরকে ভয়ানক যম্বনা দিতে থাকে। ঢিল ছু'ড়ে মারছিল, ল্যাজ ধরে টানছিল, এক টুকরে। মাংস ওর নাকের উপর ধরে দিয়ে যেই সেটা কামড়াতে যাবে অমনি টেনে নিচ্ছিল। জয়। জানলা দিয়ে কিছুক্ষণ ধরে সব দেখল, তারপর সেই শীতের শুরুতে কোট পরার জনা সময় ন৽ট না করেই এমন একটা মুখের ভাব নিয়ে নীচে নেমে গেল, যে আমার ভয় হল ছেলেটিকে ধরে মারই বা দেয় বৃঝি! ও কিন্তু গলার সুরটা উঁচু করল না—সি'ড়ি দিয়ে নামতে নামতে বলছে শুনতে পেলাম—''আম বলছি, ছেলে তো নয় মৃতিমান যম্বলা একটি।''

বেশ ঠাণ্ড। সুরে বললেও বলার মধ্যে এমন তীর তিরুম্কার প্রচ্ছন ছিল যে ছেলেটি যেন চমকে উঠে কোন কথা না বলেই পালিয়ে গেল।

জরা যদি কেবল মাত্র বলত—''বেশ লোকটি'' তাহলেই আমি বুঝে নিতাম, উল্লিখিত ভদুলোকটির সম্বন্ধে জরার প্রগাঢ় শ্রদ্ধা হয়েছে।

কিন্তু ভের। সাজি রেজ্নার প্রতি শুরা আর জয়ার শ্রন্ধা তার। লুকোবার চেন্টাও করত না। জয়। বারেবারেই শর্ধু বলত—তিনি যে কি চমংকার মানুষ তা যদি খালি দেখতে?

"আছো কি রকম মানুষ তিনি ? তাঁকে তোমাদের এত ভাল লাগে কেন ?''

"মনে হয় আমি বোঝাতে পারি না,—আছে। ধর, তিনি যথন ক্লাশে আসেন, কোন কিছু নিয়ে আলোচনা আরম্ভ করেন, তিনি কেবল মাত্র পড়াতে হবে বলেই যে তার বুটিনের বাধা কাজ করে যাছেন না তা আমরা বেশ বৃঝতে পারি। তিনি যা বলে যাছেন তা যে বেশ চিত্তাকর্ষক আর প্রয়েজনীয় তা তিনি নিজেও বৃঝতে পারেন। তার ইছেন না যে আমরা শুরু মুখস্থ করে রাখি, আমাদের বৃঝতে হবে। ছেলেমেয়য়া ভো বলে আমরা তার পড়ানোয় গুণে বইয়েয় চরিয়গুলিকে জীবস্ত বলে মনে করি। তারা বই-এর জগতের বাইরে বেরিয়ে আসে। খ্ব সত্যি কথা, তিনি আমাদের জিল্জাসা করেন—'কেমন লাগছে এ'কে, ভাল লাগছে? এ রকম না করে

ও যদি অন্য রক্ষম কাজ করত তাহলে কেমন হত বলত?' আর আমরা বুরতেও পারি না কথন তিনি চুপ করেছেন। আমরাই কথাবার্ডা চালিয়ে যাছি। আমরা একজনের পর একজন করে তর্কবিতর্ক ঝগড়াঝাটি শুরু করে দিই। এরকম না হয়ে ওরকম হলে ভাল হত। প্রত্যেকের বলা হয়ে গেলে তিনি ধীরে ধীরে তাঁর বন্ধবার বলেন—এত সুন্দর করে গুছিয়ে সহজ করে বলেন মনে হয় তিনি বিশজনের সঙ্গে কথা বলছেন না। তিন জনের সঙ্গে বলছেন। তাঁর কথাগুলো বইয়ে পড়ার জন্য তাঁর আবাজক্ষা হয় আমাদের। তাঁর কথা শোনার পর যখন বই পড়ি, মনে হয় আগে কত কিছুই লক্ষ্য না করে পড়ে গিয়েছি, এবার খেন নতুন মনে হচ্ছে...আবার দেখ তাঁর জন্য আমরা মস্কো শহর নতুন করে চিনেছি। প্রথম দিনই ক্লাশে তিনি বললেন—'লেও টলস্টয় মিউজিয়াম দেখতে গিয়েছিলে? ওন্তংকিনো মিউজিয়ায় দেখতে গিয়েছিলে? ওন্তংকিনো মিউজিয়ায় বলেভংগ তারপর রেগে গিয়ে বলে উঠলেন—'তোমরা আবার নিজেদের মস্কোর বাসিন্দা বলে পরিচয় দাও!' কোন্ জায়গায় আমরা তাঁর সঙ্গে না গিয়েছি। সবগুলো মিউজিয়ম দেখেছি। প্রত্যেকবারই তিনি আমাদের নতুন কিছু চিন্ডার খোরাক জোগান।''

শ্রে। যোগ দিল—''হাঁ। সভািই তাই, তিনি ভারী ভাল।'' এত আবেগের উচ্ছাুুুুেসে শ্রেণ্ড কম অভিভূত হর্মান। নিজের উচ্ছাুুুুসকে চাপা দেবার জন্যও বটে আর তার কথাগুলা। বাড়াবাড়ি শোনাবে বলেও বটে সে সবসময়ই নীচু গলায় প্রশংসা করত, তা করতে অবশ্য তার বেশ কন্ট হত, তবে চোখ এবং মুখের ভাব পরিক্লার বলে দিচ্ছিল—তিনি অতি আশ্চর্য মানুষ!

ওর। যখন চেরনিশেভ্দ্ধি পড়তে আরম্ভ করল তখনই আমি বুঝতে পারলাম সাহিত্যের উপর, ইতিহাসের উপর অনুরাগ কাকে বলে।

উ°চু মান

জরার তালিকা অনুযায়ী বই দিতে দিতে লাইত্রেরিয়ান আমাকে জিজ্ঞেদ করল—
"তোমার মেয়ে বুঝি কলেজে পড়ে ?"

তালিকার স্বসময়ই অনেক রক্ষের বইরের নাম থাকত। পারী কমিউন সম্বন্ধে কাগজে লেখার জন্য জরা কত বইই না পড়েছে! ফরাসী প্রমিককবি পত্তিও আর ক্লেমেণ-র কবিতা থেকে অনুবাদ, ঐতিহাসিক কাহিনী, ১৮১২ সালের স্বাধীনতার লড়াইরের সম্বন্ধেও অনেক ঘটনা পড়েছে, কুতুজভ আর বাগ্রাতিরন-এর কথা, তাদের বীরত্বপূর্ণ লড়াইরের কথা পড়তে পড়তে ও তন্মর হয়ে যেত, টলস্টরের "যুদ্ধ ও শান্তি" থেকে ও মুখন্থ বলে যেত সময় সময়। রূপকথার বীর ইলিয়া মুরোমেৎ সম্বন্ধে লেখার সময় সে এমন অনেক দুষ্প্রাণ্য গ্রন্থমালার তালিকা দিয়েছিল, বে কয়ের্কটি লাইরেরী ঘুরে আমাকে সেগুলো খ্বেলে বার করতে হয়।

জন্ন। বে প্রত্যেকটা কাজই একাগ্রভাবে করে সেটা তো আমার কাছে আর নতুন

খবর নয়, সব বিষয়ের একেবারে মৃল অনুসন্ধান করাই ছিল তার লক্ষা। যে কোন বিষয় নিয়ে একবার আরম্ভ করলে সে একেবারে ডুবে থেত। তবুও চেরনিশেভ্ ফিক পড়ার আগে পর্যন্ত এরকম গভীর ভাবে নিজেকে তন্ময় ভাবে ঢ়েলে দিতে দেখিনি। যেদিন জয়া চেরনিশেভি ফিকর লেখার সঙ্গে পরিচিত হল সেদিন তার জীবনে এক সারণীয় তারিথ।

ভেরা সাজি রেন্ডনার কাছ থেকে চেরনিশেভ কির জীবনী সম্বন্ধ শোনার পর জয়া এসে বলল, "মা ও'র সম্বন্ধে সব কিছু জানতে আমার ইচ্ছে করছে, আমাদের স্থলে তো শুধু আছে 'হোয়াট ইজ টুবি ডান্' তোমাদের লাইরেরীতে কি আছে একবার খু'জে দেখো না। একটা পুরো জীবনী, তার সমসাময়িকদের কাছ থেকে লেখা চিঠিপত, তাদের স্মৃতিকথা এসব পেলে পরে তিনি স্বাভাবিক জীবনে কি ধরনের লোক ছিলেন সে সম্বন্ধে একটা ধারণা পাব।" সম্প-ভাষী মেয়েটি হঠাৎ প্রগল্ভা হয়ে উঠল। সে যা ভেবেছে, যা আবিশ্বার করেছে, জ্ঞানের যে স্ফ্রিক ভাকে আলোকিত করেছে তার ভাগ আমাদের দেবার জন্য তার আগ্রহ হওয়া সাভাবিক।

চেরনিশেভ দিকর পুরনো জীবনী বার করে জয়। বলল, "এখানে বলছে দেখ, ছেলেবেলার চেরনিশেভ দিকর পড়া ছাড়া অন্য কিছুতেই মন ছিল না। কিন্তু তাঁর ভাইকে কি একখানা ল্যাটিন কবিতা অনুবাদ করতে দিরেছেন : 'ন্যারের জয় হোক্, নয়ত পৃথিবী রসাতলে যাক।' একি কেবলমাত্র আকস্মিক ঘটনা !...এখানে দেখ দেখি, পিপিন-এর কাছে লেখা চিঠিটা পড়—'কেবলমাত্র জনাত্তর জন্য কাজ না করে পিতৃভূমির স্থায়ী গোরবের জন্য, মানবজাতির উন্নতির জন্য কাজ করার চেয়ে উচ্চতর সম্মান আর কি আছে?' তোমাকে আর বেশী বিরম্ভ করব না মা, কিন্তু শোন দেখি ভারেরীর এই পাতা —'আমার আদর্শকে জয়য়ুল্ভ করার জন্য আমি হাসতে হাসতে মরতে পারি, আমি যদি জানতে পারি, কেবলমাত্র বুবতে পারি যে আমার আদর্শ মহং, আমার আদর্শ জয়য়ুল্ভ হবে—ভাহলে যেদিন আমার আদর্শের জয় হবে সেদিন আমি বেংচে থাকব না বলেও দুঃখ করব না। আদর্শের জন্য মৃত্যুকে বরণীয় মনে করে বিন্দুমাত্র অনুভাপ করব না।'...এদের কথা বলতে গিয়েও তোমরা বল তিনি কেবলমাত্র পড়াশোনা নিয়ে বান্ত থাকতেন!"

একবার ''হোয়াট ইছল্টু বি ডান্''—বইটা পড়তে আরম্ভ করে আর তার থেকে উঠতে পারছে না, এত গভীর ভাবে জয়া সেটা পড়ছিল যে বোধহয় ওর জীবনে প্রথমবার খাবার গরম করতে ভূলে গেল। আমাকে আসতেও সে দেখোন বোধহয়। একবার মাত্র বই থেকে মুখ তূলে অনিদিশ্টভাবে তাকাল, দৃষ্টি তার সুদ্রে, আবার সে বইয়ে ড্বে দিল। ওকে আর বিরক্ত না করে আমি স্টোভটা জেলে সৃপ গরম করতে দিলাম, কাপড় ধোবার জনা বালতি করে জল ঢালতে লাগলাম। তখনই মাত্র জয়া নড়ে বসল, লাফিয়ে উঠে আমার হাত থেকে বালতিটা নিয়ে বলল—''আমি করছি।'

সে রাত্রে খাওয়া শেষ হয়ে গেলে আমি আর শ্রে ঘুমোতে গেলাম, রাত্রে আমার ঘুম ভাঙতে দেখলাম জয়া তখনও পড়ছে। আমি উঠে নীরবে ওর হাত থেকে বইটা নিয়ে তাকের উপর রেখে দিলাম, জয়া অপরাধীর দৃষ্টিতে অনুনয়ের ভঙ্গীতে আমার দিকে তাকাল—

''আলো জেলে রাখলে আমি ঘুমোতে পারিনা, আমাকে কাল খুব ভোরে উঠতে হবে যে—''কেবলমাত্র আমার কথাই ওকে এই পড়া থেকে নিবত্ত করতে পারত।

পর্যাদন সকালবেল। শ্রো দিদিকে ক্ষেপাতে আরম্ভ করল—''জান মা, জরা তো কাল স্কুল থেকে এসেই বই-এর মধ্যে ড্বে দিল, মনে হল জয়। হারিয়ে গেছে বই-এর জগতে। আমার তো মনে হচ্ছে রাখমেতজ্-এর মত পায়ের আঙ্বলে ভর দিয়ে হাঁটতে আরম্ভ করবে।"

জয়া কিছুই বলল না, কিছু সন্ধ্যাবেলা জজি দিমিরভের—রাখমেতভ্-এর গশ্পের সমালোচনা লেখা বইটা নিয়ে এল স্কুল থেকে। বিপ্লবের প্রতি প্রথম পদক্ষেপে তরুণ বুলগেরীয় শ্রমিকটি রুশ লেখকের এই চরিরের প্রতি আকৃষ্ট হন। দিমিরভ লিখেছেন, তরুণ জীবনে এই রাখমেতভ্-এর মত দৃঢ়চেতা, বলিষ্ঠ হবার জন্য ছিল তাঁর প্রাণপণ প্রচেষ্টা, শ্রমিক-সমাজের মুক্তির জন্য তিনিও নিজের ব্যক্তিগত জীবন বিসর্জন দিতে পেরেছিলেন।

জয়ার—এবারকার রচনার বিষয়বস্থু ছিল—"চেরনিশেভ্স্কির জীবনী।" সে অক্লাম্ডভাবে পড়াশোনা করে যেতে লাগল, এমন সব ঘটনা ও কাহিনী আবিদ্ধার করতে লাগল, যাদের সমকে আমার কোন ধারণাইছিল না।

সংক্ষিপ্ত কিন্তু সুন্দর ভাবে জয়। চেরনিশেভদ্কির কৃতিম ফাসি বর্ণনা করে গেল। বিশ্রী সাঁগতসৈতে সকাল, ফাসির মণ্ড আর থাম আর শিকল, সাদ। হরফে ''রাজ আসামী'' লেখা কালো বোর্ড চেরনিশেজস্কির গলার ঝুলছে ..

তিন মাস ধরে তার সেই ক্লান্তিকর দ্রমণ হাজার হাজার মাইল ধরে। অবশেষে সাইবেরিয়ার দ্রপ্রান্তে অবন্ধিত 'কাদাইয়া' কলোনীতে গিয়ে আশ্রয় নেন, সেথানেও নির্বাসিত বিজ্ঞানের উজ্জ্ঞল আলোকবর্তিক। নির্বাপিত করার জন্য জার সরকারের চেন্টার চুটি ছিল না।

কোন একটা বইয়ে জয়া, বেখানে চেরনিশেভ্স্কি বাস করতেন সেধানকার নির্বাসিত কোন রাজনৈতিক নেতার হাতে আঁকা কালির কয়েকটা আঁচড়ে তার একটি ছবি পায়। শর্রা জয়ার উৎসাহে অনুপ্রাণিত হয়ে তার খাতায় সেই ছবিটা নকল করে নিয়ে তাতে আসল জিনিসগুলো অর্থাৎ তার পারিপার্শিক বোগ করে দেয়। পারতাল্ক শীতার্ত প্রদেশ, হতাশার মৃতিমান র্প, দিক্চক্রবালের রেখা, পাতলা বনের ছবি, কবরের উপর কশের চিহ্নু, সবই বেন নীচু হয়ে আকাশের কাছে হার মানছে, ছোট কৃটিরটিও বেন ভেক্সে পড়ছে, তার ভিতরে বেন কোন সাম্প্রনা, কোন আরাম, কোন আনন্দ নেই।

বছরের পর বছর এই নিরানন্দ নির্জন পরিবেশে কেটে গেল।...কি হতাশাভর জীবন। তার থেকেও অবিশ্বাস্য ছিল নিকোলাই গাভিলোভিচ্ চেরনিশেভিন্দির স্ত্রীর কাছে লেখা চিঠিগুলো, তারা বরফ আর রাহির অন্ধকারে দুই মাসের পথ অতিক্রম করে আসত, কিন্তু তারা বরে আনত আশার আঙ্গো,প্রেম, ভালবাসা আর কোমলতা।

এমনি করে কেটে গেল দীর্ঘ সাতটা বংসর । মৃদ্ধির ঠিক আগে তাঁর স্থী ওলগা সক্রেরোজনার কাছে চেরনিশেজ্মিক একটি চমংকার চিঠি লেখেন।

''প্রির বন্ধু আমার, জীবনের আনন্দ, আমার প্রেম আর কম্পনার উৎস—আমাদের বিবাহবার্ষিকীতে আমি ভোমার কাছে চিঠি লিখছি। আমার জীবনের মৃতিমতী আনন্দ তুমি, তোমাকে ধন্যবাদ জানাই, আগামী ১০ই আগস্ট থেকে তোমার আর ছেলেমেরেদের কাছে আমি আর কেবলমান্ত অলস আর অপদার্থ হয়েই থাকবনা। আগামী শরংকালেই বোধ হয় আমি 'ইরকুংস্কে' জায়গা খু'জে নেব, আর তাহলেই আমি অলগেরার মতো কাজ করতে পারব। শীন্তই স্ববিচ্ছু আবার আগের মত হবে...আগামী শরতে...''

প্রত্যেকটি চিঠির কথায় আবার তাদের শীগগিরই দেখা হবে এই আশাই প্রকাশ পাছে। কিন্তু তার বদলে এল আবার ভিলুয়িশ্ব-এ নির্বাসন —দীর্ঘ তের বছরের নিঃসঙ্গ জীবন। তুন্তা অগুলের শৈবালাছন্ন জলাভূমিতে বছরের ছয়মাসই শীত, এই দুরস্ত কারাবাসের দিনগুলিতে মুক্তির কণামান্ত আশার আলোকও দেখা যেতনা। সমুখে অনস্ত অন্ধকার, নিঃসঙ্গতা, তুষার আর কিছুই নাই। তার…

কর্নেল ভিনিকভ এসে চেরনিশেভ্সিকর কাছে সরকারের প্রস্তাব জানালেন—তিনি বেন সরকারের কাছে ক্ষমাপ্রার্থন। করে দরখাস্ত পাঠান, তার বদলে আসবে মৃত্তি আর স্বদেশে প্রত্যাবর্তন।

তেরনিশেভদিক উত্তর দিলেন—''ক্ষমাপ্রার্থনা করব কেন সেটাই তো প্রশ্ন!... পূলিশবাহিনীর নেতা শত্বভালভের মন্তিক্ক থেকে আমার মন্তিক্কে পদার্থ কিছু কম আছে বলে কি আমি নির্বাসিত হয়েছি? আর তারই জন্য কি ক্ষমা প্রার্থনা করতে হবে? তোমাকে এই কন্ট করার জন্য অনেক ধন্যবাদ...মৃত্তি ভিক্ষা করতে আমি একেবারেই অস্থীকার করছি!"

আবার দিনগুলোকে টেনে নিয়ে চললেন—দিনের পর দিন, বছরের পর বছর কালের গর্ভে বিলীন হয়ে গেল।

মনে ছিল তাঁর কর্মপ্রেরণা আর সাহস—সৃষ্টি করার জন্য ছিল তাঁর উৎসাহ, দ্র ভবিষাৎ দেখার ছিল ক্ষমতা। রুশ কৃষকদের প্রতি ষে ভাববেগপূর্ণ ঘোষণাপত লেখা হয় তা তাঁরই হাতে লেখা। তাঁরই কঠে ধ্বনিত হয়েছিল হাটজেন-এর প্রতি নিষেধাজ্ঞা, তিনি তাঁর 'কলোকলে' প্রার্থনার আহ্বান না জানিয়ে যেন রুশিয়াকে কুঠার হল্তে লড়াই করার আহ্বান জানান। তাঁর সারাটা জীবন তিনি একই লক্ষ্যের উদ্দেশ্যে নিয়োজিত করেছেন—শোষিত সমাজের মুক্তি। তাঁর নববিবাহিতা বধ্কে পর্যন্ত তিনি বলেছিলেন একবার, "আমার জীবন আমার নিজের নয়। আমি এমন একটি পথ বেছে নিয়েছি হাতে জেল অথবা নির্বাসনের ভয় আমার সর্বদাই থাকবে।"

আর এই কোকটিই কিন। তারে সবথেকে পীড়াদারক যন্ত্রণা—কর্মহীনভাবে জীবন কাটাতে বাধ্য হয়েছিলেন! এমন কি ত°ার মুম্বু বন্ধুর শব্যাপার্মে গিয়ে একবার দাঁড়াতেও ত°াকে অনুমতি দেওয়া হয়নি।

নেকাসভ মৃত্যুশযার—চেরনিশেভ্ িকর কাছে এই খবর যেন শক্তিশেলের মত বাজল। পিপিন-এর কাছে তিনি লিখলেন—''ঘখন তুমি আমার এই চিঠি পাবে তখনও যদি নেকাসভ বে'চে থাকে তাহলে তাকে বলবে—আমি তাকে মানুষ হিসাবে অত্যন্ত ভালবাসি, আমার প্রতি ত'ার অনুরাগের জন্য ধন্যবাদ জানাই, তার যশ বিশ্বে বিস্তৃতি লাভ করবে এই দৃঢ় ধারণা নিয়ে আমি তার জন্য পাঠালাম আমার চুখন, রাশিয়ার জন্য তার ভালবাসা, রাশিয়ার কবিশ্রেষ্ঠ নেকাসভ-এর নাম পৃথিবীতে চিরক্ষরণীয় হয়ে থাকবে—আমি তার জন্য দীর্ঘনিশ্বাস ফেলে ভাবছি…''

তিনমাস পরে যখন এই চিঠি নেক্লাসভের কাছে গিয়ে পৌছায়, তখনও তিনি জীবিত, মুমূর্ব কবি জানালেন—''নিকোলাই গাদ্রিলোভিচ্কে জানিও—ভার প্রতি আমার কৃতজ্ঞতার সীমা নেই. তার চিঠির মূল্য আমার কাছে অন্য যে কারোর কথার চেয়ে মূল্যবান্, আমি এখন তৃপ্ত।"

কুড়ি বছর অক্লান্ত পরিশ্রমে নির্বাসনে কাটাবার পর চেরনিশেভ্স্থি অবশেষে মাতৃভূমিতে ফিরে এলেন। প্রচণ্ড অথৈর্যে ভরা ত'ার মন। কোপাও না নেমে একেবারে একদমে তিনি বন্ধুর পথ অতিক্রম করে চলে এলেন। 'আস্ত্রাখান'-এ এসে পৌছলেন। আর একটি নিষ্ঠুর আঘাত ত'ার জন্য অপেক্ষা করছিল এখানেও, দাগী সরকারী আসামীর লেখা কাগজে ছাপবার দায়িত্ব কে নেবে? চেরনিশেভ্স্কিজাবার কাজ থেকে বণিত হলেন, আবার কর্মহীনতা, নিঃশব্দতা আর চারণিকে অনস্ত খুন্যতা!

তিরনিশেভ্স্পির মৃত্যুর অশপ কিছুদিন আগে লেখক কোরোলেছে। তণর সঙ্গেদেখা করতে বান। তিনি লিখে গিয়েছেন—"নিকোলাই গাদ্রিলোভিচ্ দয়া নিতে অস্বীকার করতেন, তণর নিজের উপর সম্পূর্ণ দখল ছিল, যেখানে তণর নিষ্ঠুরভাবে যম্বণা পাওয়ার কথা, সেখানে তিনি সে দুঃখ যম্বণাকেও কারও সঙ্গে ভাগাভাগি নাকরে মাধা উণ্ট করে সহ্য করতেন।"

জর। রচনাটি আমাদের পড়ে শোনাল। শুরা আর আমি দুজনেই যা মনে হল বললাম—"ভারী সুন্দর।"

শুরা ঘরের মধ্যে ঘুরে বেড়াতে বেড়াতে বলল—''আমি ভেবেছিলাম একটা মস্ত বড় ছবি আঁকব। এটার নাম দেব—'চেরনিশেভস্কির বেসামরিক হও্যাকাণ্ড'।"

জরা তাড়াতাড়ি বলল—''হাটজেনও একথা বলেছেন, তিনি লিখেছেন— 'চেরনিশেজ্ফি কাঠের মঞ্চে দাঁড়িরে' এই ছবিটা কি কেউ আঁকবে না? তিনি বলেছেন, এই ছবি থেকেই প্রকাশ পাবে মানুষের চিন্তাধারাকে বস্থা। দিরে হত্যা করত ঐ জনতার শহরে।"

জয়াকে শেষ করতে না দিয়েই শুরা বলে চলল—"আমি স্পর্ক দেখতে পাছিছ

মেরে দুটি চেরনিশেভ ্ছিকে ফুল ছুক্ত দিছে, পাশে দাঁড়ান কর্মচারী চেচিরে উঠল—
'বিদার'। সেই মুহুর্তে যথন চেরনিশেভছির মাধার ঘাতকের থকা উদাত হল, তার তখনকার মুথের চেহারাও দেখতে পাছি...চেরনিশেভ ফিককে হাঁটু গেড়ে বসতে বাধা করলেও ত'ার অন্তরকে সে জয় করতে পারেনি, পারবেওনা, তা তার মুখের চেহারা দেখেই বোঝা যাছে।''

পরেরদিন আমি ঘরের দরজায় পা দিতেই শুরা চেঁচিয়ে উঠল, "মা ভেরা সাজি'য়েভনা জয়াকে ভেকে পাঠিয়ে চেরনিশেভ্নিকর জীবন ও কাজ সম্বন্ধে প্রশ্ন করতে থাকেন—"

''তাই নাকি ?''

''চমংকার মা চমংকার! গোটা ক্লাস যেন হাঁ। হরে সব শুনল, আমি ত আগে থেকেই সব জানতাম, তবুও আমি আবার শুনলাম, ভের। সাজি রেভনা ত বেজার খুসী হরেছেন।''

জয়া রচনাতেও 'চমৎকার' পেয়েছে।

আমি বললাম-"'ওর এটা প্রাপা।"

শারা চেচিয়ে উঠন—"নিশ্চয়ই !"

অনেকেই হয়ত ভাবতে পারে এই 'চমংকার' বিশেষণ পেয়ে জয়া কাজকম' একেবারে বন্ধ করে দেবে, কিন্তু আসলে তা নয়। চেরনিশেড্স্পির জীবন, তার বই, তার কাজকর্ম জয়াকে আকর্ষণ করেছিল, তার কাজকর্মের আদর্শকে মনেপ্রাণে গ্রহণ করেছিল। রচনা লেখার ফলে জ্বয়ার এটাই সবচেয়ে বড় লাভ হয়েছিল।

কেমিষ্ট্রিভেও চমৎকার

কতগুলো বিষয় কঠিন লাগলেও জয়া খুব ভাল পড়াশোনা করত, কখনও অংক আর ফিজিক্স নিয়ে অনেক রাত পর্যন্ত খাটত, শ্রোকে সাহাষ্য করতে দিতনা।

একটা পরিচিত ছবি দিছি। সন্ধ্যা হয়েছে। অনেকক্ষণ আগেই শ্রার পড়া শেখা হয়ে গিয়েছে, কিন্তু জয়া এখনও পড়ার টেবিলে বসে আছে।

"কি করছ ?"

''এলজেৱা, কিছুতেই অংকটা হচ্ছেনা।''

"দাও আমি দেখিয়ে দিচ্ছি।"

''না, আমি নিজেই করব।''

আধবণ্টা---একবণ্টা কেটে গেল।

শ্বা রেগে বলল—"আমি শ্তে যাচ্ছি, এই নাও তোমার জবাব, আমি করে ডোমার টেবিলে রেখে দিলাম।" জরা তার মাথাটা ঘোরাপনা পর্যন্ত । শ্রো কাঁধ বাঁকিরে রেগে শ্রেত চলে গেল। জয়া অনেক রাত পর্যন্ত বলে অংক কষতে লাগল। স্বুমে চোথ জড়িয়ে এলে সে ঠাঙা জল দিয়ে চোথম্থ ধ্রে এসে আবার বদল। প্রশেনর জবাব তার হাতের কাছে তৈরী, হাতটা বাড়ালেই হয়। ...কিন্তু জয়া সেদিকে তাকিরেই দেখল না।

পরের দিন 'এলজেরা'র জয়া 'চমংকার' পেল, ওর ক্লাশের কেউ মোটেই আশ্চর্য হলনা। শুধু আমি আর শুরাই জানতাম এই 'চমংকার' পাবার জন্য তাকে কি মৃল্য দিতে হরেছে।

শুরা সব জিনিস তাড়াতাড়ি বুঝতে পারত, সেজন্য প্রায়ই অসাবধান ভাবে পড়া তৈরী করে 'মোটামূটি ভাল' নম্বর নিয়ে বাড়ী আসত। আর শ্রোর প্রত্যেকটা 'মোটামূটি ভাল' তার নিজের চেয়েও জয়াকে ব্যথা দিত বেশী।

''তোমার কাঞ্চ তুমি অবহেলা করছ ? তুমি জাননা কি তোমার কাজ তোমাকেই করতে হবে ?''

শরো শুধুমার ভুরু কাঁচকে নিশ্বাস ফেলত, কথনও বা রেগেমেগে বলত—"তুমি কি মনে কর এই সব গভীর জ্ঞানের কথা আমি কিছুই বুঝিনা?"

"তা যদি বোঝ, প্রমাণ করনা কেন? থালি একটা বই একবার দেখে ফেলে দিলেই ত আর হলনা! একবার আরম্ভ করলে শেষ অবধি পড়, তথনই না বোঝা যাবে তোমার কত ক্ষমতা! কেউ যদি কোন কাল্প যে কোনরকম করে শেষ করে, তাতে আমার ভারী বিরক্তি বোধ হয়!"

"জ্বয়া, এত মেজাজ খারাপ দেখাচ্ছো কেন ?"

জরা অনিচ্ছাসত্ত্বেও উত্তর দিল—'আমি কেমিখিতে 'চমংকার' পেয়েছি।'' বিষ্ময়ে আমার মুখের চেহারা এমনি হল যে শ্রা সশব্দে হেসে ফেলল। নিজের কানকে আমি যেন বিশ্বাস করতে পারলাম না, জিজ্ঞেস করলাম—''তুমি কি বলতে শ্রুইছ যে 'চমংকার' পাওয়াতে তোমার দুঃখ হয়েছে ?''

জয়া অবাধ্য ভঙ্গীতে চুপ করে রইল। "দেখ না জয়ার ধারণা ও কেমিছি ভাল জানেনা, তাই 'চমংকার' পাওয়া ওর উচিত হয়নি।" শুরা বিরন্তির সূরে বলল। কন্যের উপর ভর করে দেওয়া হাতদুটোর উপর চিবুক রেখে বিমর্ব চোখে জয়া এক-বার আমার দিকে, একবার শুরার দিকে তাকাতে লাগল।

জরা বলল "শুরা ঠিক কথাই বলেছে মা, এই 'চমংকার' পেরে আমার মোটেই আনন্দ হয়নি। অনেক ভেবে ভেবে শেষে আমি গিয়ে ভেরা আলেকজান্তোভনার কাছে বললাম, 'আমি তে। ঐ বিষয়টা অত ভাল জানিনা।' তিনি আমার দিকে তাকিয়ে বললেন, 'এরকম যে তুমি বলতে পেরেছ তার মানে হল তুমি শীগগিরই বিষয়টা ভাল বুঝতে পারবে, তাই ভোমাকে ঐ 'চমংকার' নন্দ্রটা আমি আগেভাগেই দিয়ে রাখলাম।"

শুরা রেগেমেগে বলল, ''আর তিনি হরত ভাবছেন, তুমি চালাকি করছ।'' জরার চোথমুখ লাল হয়ে উঠল, ''তিনি তা ভাবেননি।'' শুরার ক্থাগুলো জনাকে আহত করেছে বুবতে পেরে আমি বললাম, "ভেরা আলেক্জান্তাভন। তো বেশ জ্ঞানী আর ন্যারবান, তিনি যদি বুঝে থাকেন তাঁর ছাহছাহীর। কি ধরনের লোক, তাহলে জরার মন্বকে তিনি কথনও এরকম ভাববেন না।"

জরা কোন কাজে বেরিয়ে গেলে শরের আবার কেমিখির নন্বর নিয়ে পড়ল। অস্বাভাবিক গন্ডীর সূরে শরে। বলল, 'ঝা আমি আজ জরাকে খামাখা দোষ দিই নি।'' জানলার দিকে পিছন ফিরে দাঁড়িয়ে ছিল শরেরা, হাতের তালু দুটো ছিল জানালার তাকের উপর, ভূরুগুলো কু'চকানো। ভাতে রাগের চিহ্ন বেশ পরিস্কার ফ্টেউছে।

বেশ অবাক হয়েই আমি কি ঘটবে তার জন্য অপেক্ষা করে রইলাম।

"জান মা, জয়া কথনো কথনো এমন বাৰহার করবে যা কেউ বুবতে পারেনা। ধর এই নম্বরের ব্যাপারটাই। আমাদের ক্লাসে এমন কোন ছাত্র নেই যে এই 'চমংকার' পেরে খুসী না হয়, তারা কেউ ভাববেওনা এই 'চমংকারটা' পাবার সে ঠিক উপযুক্ত কিনা। কেমিয়ির মান্টারমশাই দিয়েছেন, বাস্ তাহলেই হল। জয়া নিজেকে খুব কঠিন ভাবে বিচার করছে। ধর না এক দুদিন আগের কথা। বেরিয়া ফোমেনভক বেশ ভাল একটি রচনা লিখেছে, ও জানে ও বিস্তর ভূল করে, তাই শেষে প্শাকিন থেকে কয়েকটি লাইন তুলে দিয়েছে—হাস্যবিহীন প্রবালরক্তিম ওঠের মত ব্যাকরণের ভূল না থাকলে আমি আমার মাতৃভাষা পছন্দ করিনা। স্বাই হেসে উঠল, শ্রেছ জয়া হাসল তো নাই-ই, আবার ওকে শাসন করে বলল, এটা তার কর্তব্যকাঞ্জ, এটা নিয়ে ঠাট্রাতামাসা করা মেটেই উচিত নয়……'

খুব গরম সূরে শ্রা বলতে লাগল, "আমার রাগ হয় কেন জান? ঠাট্টাতামাস। জয়া বেশ পছন্দই করে, কিন্তু শ্কুলে জয়া ঠাট্টাতামাসার কথা ভাবতেই পারেনা। কারোর খালি একবার মজা করতে আরুল্ড করার অপেক্ষা"...আমার চোখের দিকে চেয়ে ভাষাটা বদলে নিল শ্রা—"একটু ঠাট্টা করা আর কি, এতে আর এমন কি দোষ বল—জয়া অমনি তাকে লখ্বা এক বন্ধৃতা ঝেড়ে বসল। গতকাল ক্লাসে কি গোলমাল, যদি শ্নতে! কাল, শ্রুতিলিপি ছিল, একটি মেয়ে জয়াকে একটা শন্ত বানান জিজ্ঞাসা করল, ভাব দেখি—জয়া তাকে বলে দিতে অখীকার করল; ঘন্টা বেজে গেলে পর গোটা ক্লাশ আর্থেক করে দ্টো ভাগ হয়ে গেল কেউ জয়াকে দোষ দিল—জয়া সাথী হিসাবে অন্তালত মন্দ। অন্যরা চেচাতে লাগল—জয়া আদশ কাজ করেছে। দ্বশলে দার্ব ঝগড়া লাগে আর কি।"

"তুমি কোন পক্ষ নিলে?"

"হার হার, আমি কোন পক্ষই বা নেব। কিন্তু জান, আমি যদি জরা হতাম ভাহলে, একজন সহপাঠীকে বলে দিতে ককনে। আপত্তি করতাম না।"

একমিনিট চূপ করে থেকে আমি বললাম—''শোন শ্রা, অনেকদিন আগে জয়। যখন অংক করতে পারত না, তখন কি ও তোমার সাহায্য নিত? তুমি কিস্তু অনেক আগেই শেষ করে ফেলতে।" "না, ও আমাকে কখনও কিছু জিজ্ঞেদ করত না। মনে আছে এলজেরার সেই কঠিন অন্ধটা করার জন্য জয়া ভোর চারটে পর্যন্ত বর্গোছল সেরাহে?"

"তাই কি ?"

"তাহলে আমার মনে হয় নিজের উপর যে এত বেশী কড়া সে অন্যের সম্বন্ধেও তাই হবে। আমি জানি, অনেক ছেলেমেয়েই বলে দেওয়াকে তাদের পবিত্র কর্তব্য বলে মনে করে। আমরা যখন স্কুলে পড়তাম তখনও এই রকম ছিল। কিন্তু এই নিয়মটা প্রানো আর যারা বলে দেওয়া আর ম্খন্থ করার উপর নির্ভর করে তাদের আমি দেখতে পারিনা, আর এজনাই জয়া নিজের মত সাহসের সঙগে প্রকাশ করতে পারে দেখে আমার বেশ ভাল লেগেছে।"

"কতক ছেলেমেয়ে এ কথাই বলল। তারা বলল, কোনকিছু বুঝতে না পারলে জয়া বুঝিয়ে দিতে কথনও অস্বীকার করবে না, কিন্তু পরীক্ষার সময় বলে দেওয়। অসাধুতা। তাহলেও....."

"তাহলেও!"

"তাহলেও এটা বন্ধুত্বের পরিচারক নর।"

''জ্লয়। যদি বুঝিয়ে দিতে বা সাহায্য করতে আপত্তি করত, সেটাই বন্ধুম্বের পরিচায়ক হত না, কিন্তু পরীক্ষার সময় কাউকে বলে দিতে আপত্তি করাটাই সামার মতে বন্ধুম্বের পরিচারক। নির্ভীক এবং দৃষ্টাস্ত।''

বুঝলাম শ্রে। তার সিদ্ধান্ত বদলারনি, জানলার কাছে দাঁড়িরে অনেককণ ধরে খালি তার বইএর পাত। ওল্টাতে লাগল, মনে হ'ল নিজের মনের সঙ্গে তার দশ্ব তথনও চলছে।

তা হলেও শ্রার কথাগ্লোয় ভাবনা হল।

জন্না বেশ হাসিখনে প্রাণচণ্ডল মেয়ে, ও থিয়েটার দেখতে খন ভালবাসত। বদি কখনও আমাদের বাদ দিয়েই থিয়েটার দেখতে যেত, ফিরে এসে বা দেখেছে শুনেছে তা এমন গভীরভাবে, অন্ভাতি দিয়ে বর্ণনা করত যে আমার আর শ্রার মনে হত আমরা নিজেরাই দেখছি ঐ নাটকটা। জয়ার তামাসা করবার ক্ষমতা ছিল বরাবর। স্বাভাবিক গাম্ভীর্বের ভিতর থেকে হঠাৎ সরস তামাসা ঝলকানি দিয়ে উঠত। তার বাবার কাছ থেকে সে এটা পেয়েছে উত্তর্যাধকার সূত্রে। এক এক সন্ধ্যার আমরা তার তামাসা বা রিসকতায় এমন হেসে উঠতাম যে সায়াসন্ধ্যায় আমাদের সে হাসি আর থামতনা। ...হয়ত জয়া বেশ শ্বাভাবিক সন্বেই কথাবার্তা বলে বাচ্ছে...হঠাৎ মুথে হাসির ভাব মোটেই না এনে, জয়া গলার সন্ব বদলে ফেলল, মুথের চেহারার পর্যন্ত পরিবর্তন এসে গেল...কাকে অন্বরণ করছে তথান বৃথে ফেলে আমি আর শন্রা এমন হাসতে লাগলাম যে চোখে জল না আসা পর্যন্ত আর সে হাসি থামল না।

দেখছি পিঠটা একটু বাঁকিয়ে, ঠোটদুটো একটু চেপে বেশ শাশ্ত স্বরে থেমে খেমে হয়। বলতে লাগল—''বাছারা, দোষ নিওনা, কিম্পু এই বলে দিচ্ছি…ভোমরা ছেলেমান্ব, তোমরা তো বিশ্বাস করবে না, কিচ্ছু বেড়াল বদি রাস্তা পার হর— ভাহলে নিষ্টরই কোন বিপদ হবে...'

চোখের সামনে ভেসে উঠল, আমাদের পাশের স্থাটের বৃদ্ধা ভদ্দমহিলার আবক্ষ মুর্তি—শুরা চে'চিয়ে উঠল—"আকুলিনা বোরিসোভ্না।"

এবার জয়া ফাপাগলায় কঠোর সুরে বলল—''কি হচ্ছে এসব? থামাও বলছি শীগগির! না হলে আমি কিঙ্কু কড়া ব্যবঙ্গা করতে বাধ্য হব।''

আদেশন বনের দ্বলে পাহারাদারকে দেখতে পেয়ে আমরা হেসে উঠলাম। লোকজন বেড়াতে এলো তাদের যেমন জয়। ভালবাসত, বড়দের সঙ্গে সহজে মিশতেও পারত তেমনি। সাজি মামা, কি ওল্গা মাসী, নয়ত বা আমার কোন সহকমী আমাদের সঙ্গে দেখা করতে আসত, জয়। তো ভেবেই পেতনা কোথায় তাদের বসাবে, কি তাদের থেতে দেবে? উত্তেজিত হয়ে ঘুরে বেড়াত, নিজের রায়া খাবার ওদের খেতে দিত, আর যদি তাদের বসার সময় না থাকত তাহলে ভাষণ দুঃখিত হত।

কিম্তু স্কুলে তার সমবয়সীদের সঙ্গে জয়ার ব্যবহার বড় গ**দ্ধা**র, অসামাজিক, ভাতেই আমাকে ভাবিয়ে তুলত।

একবার তাকে আমি জিজ্ঞাসা করলাম—''আচ্ছা তোমার কোন বন্ধ নেই কেন ?'' জয়া জবাব দিল—''তুমি বৃঝি আমার বন্ধ নও? শুরা বৃঝি আমার বন্ধ নয়? ইরার সঙ্গে আমার ভাব নেই বৃঝি?'' একটু থেমে একটু হেসে বলল— "শ্বার তো ক্লাশের অধে ক ছেলেমেয়ের সঙ্গে বন্ধ । আমার ওসব আসেনা।"

नित्रिविनि

"জয়া, কি লিখছ?"

"বিশেষ কিছু নয়!"

তার মানে মোটা বাঁধান চৌকো একখানা খাতায়—তার ডায়েরীর উপর ঝুকে লিখছে।

আজকাল জয়া ভায়েরীতে বেশী লেখেটেখে না।

শ্র। বলল—"দেখি একবার।"

জরা মাথা নাড়ল।

"তাহলে তুমি তোমার আপনার ভাইকেও দেখাতে চাওনা এটা? আছে। বেশ।"

শ্বরার রাগ আর ভর-দেখানো সূরটা অবশ্য ঠাট্টা, কিন্তু ওতে কিছুট অভিমানও ছিল।

"আমার আপনার ভাই এটা পড়ে হাসতে আরম্ভ করবে", বলল বটে জয়া, আবার একটু পরেই বেশ শাস্ত ছরে আমাকে বলল, "ইচ্ছে করলে দেখতে পার।" ভারেরীটা বড় অন্ত, পার বছরের জয়ার ভারেরীর মত কিছুই নয়। কোন ব্যক্তিগত ঘটনা নেই তাতে, হয়ত একটা পুটে। কথা, কিংবা কোন বইরের একআধটা উদ্ধৃতি, না হয় কবিতার এক লাইন। কিন্তু এই কথা বা লাইনের ভিতর দিয়েই আমি আমার মেয়ের তথনকার মনের অবস্থা, চিন্তাধারা বেশ স্পন্ট ব্রুবতে পারলাম।

অন্যগুলোর সঙ্গে এটাও ছিল:

"বন্ধরের মানে সব কিছুর ভাগ নেওয়া, এমন কি চিন্তা বা কর্মপন্থ। পর্যন্ত এক থাকা, দুঃখ আনন্দের ভাগ নেওয়া। তাতে মনে হয় বইয়ে যে লেথে বিপরীত-ধর্মী লোকেদের মধ্যে প্রগাঢ় বন্ধুত্ব হয়, এটা ভূল। যত বেশী মিলা থাকে ততই ভাল। এমন বন্ধুই লোকে চায়, যাকে বিশ্বাস করা যায় সব গোপন কথা বলে। আমার তো ইরার সঙ্গে বেশ ভাব আছে, আমরা বয়সেও সমান, কিন্তু তবু যেন মনে হয় ও আমার চেয়ে ছোট।"

নিকলাই অস্ত্রভাঙ্গিক থেকে এই উদ্ধৃতিট। ছিলঃ "মানুষের সবচেয়ে মনুল্যবান সম্পত্তি হল জীবন আর এই জীবন মানুষ মাত্র একবারই পায়, কাজেই তার এমন-ভাবে জীবন কাটানো উচিত যাতে ভুলপথে কাটানো অতীতের জন্য কথনো অনুতাপ না করতে হয়: এমনভাবে কাজ করবে যাতে মরার সময় বলতে পায়—'আমার সারাজীবন, সমস্ত শত্তি আমি বায় করেছি পৃথিবীতে সব্দ্রেষ্ঠ কর্তব্য সম্পাদনে, মানবজাতির মৃত্তির জন্য'।"

আবার এই কথাগুলোও ছিল—এগুলো জয়ার লেখা না উদ্ধৃতি, তা আমার জানবার কোন উপায় ছিল নাঃ

"যে নিজের কথা খুব বেশী ভাবে ন।—সে নিজে যা মনে করে তার চেয়ে অনেক ভাল।"

আরও ছিল ঃ

"নিজেকে প্রদা করবে, কিন্তু নিজের সম্বন্ধে বেশী উ°চু ধারণা পোষণ করবে না। শামুকের মত নিজের থোলের মধ্যেই ঢুকে থেকো না, আবার একতরফা হয়ো না। লোকে তোমাকে সম্মান দেয় নাবা তোমার বথার্থ মূল্য বোঝেনা বলে না চে°চিয়ে, আরও কঠোর পরিপ্রমে নিজেকে নিশুত কর, তাতে তুমি আরও বেশী আত্মবিশ্বাস পাবে।"

কি রকম এক অভ্যুত ছাটল অনুভূতি নিয়ে আমি খাতাটা বন্ধ করলাম। এর থেকে আমার মনে হল, কেউ বেন রাস্তা খু'জে কখনও সঠিক পথের সন্ধান পেয়েছে, আবার পেয়ে হারিয়ে আবার খু'জছে। মন আর প্রাণের প্রতিটি চিন্তাধারা বেন এই আয়নার মত খাতার বুকে প্রতিফলিত হয়েছে।

আমি ঠিক করলাম—জয়ার ভারেরী আর পড়ব না। থানিকটা সমর নিজের চিন্তাধারা নিয়ে নাড়াচাড়া করা, নিজের দিকে তাকিয়ে দেখা—অন্যের সম্ধানী চোখ— হোক না সে চোখ মায়ের—এড়িয়ে নিজের কাজকর্ম নিয়ে মনে মনে আলোচনা করা—এটা ভালই।

জরাকে বললাম — "আমাকে বিশ্বাস করে দেখতে দিয়েছ বলে তোমাকে ধন্যবাদ দিছিল, কিন্তু তোমার ডায়েরী অনোর পড়া চলবে না।"

নেতৃত্বের শপথ

১৯৩৮ সালের গ্রীব্যের শেষে জয়। যুবসন্দে প্রবেশ করার জন্য তৈরী হতে লাগল। নিরমকানুনগুলি বারেবারেই পড়ে, শ্রোকে বলত তার পড়াগ্লো ঠিকমত মুখন্থ হয়েছে কিনা দেখবার জন্য।

এই সমরের সঙ্গে আমার ভারী একটা স্মরণীয় ঘটনা জড়িত আছে।

একদিন শ্রো বলল, '⁸মা দেখ, কি পুরনো একখানা খবরের কাগজ, একেবারে হলদে হয়ে গিয়েছে। দেখ তারিখটা, ১৯২৪ সাল।''

খবরের কাগজ্ঞটা হল প্রাভ্দা—তারিখ ১৯২৪ সালের ৩০শে জানুরারী।
নিঃশব্দে আমি কাগজ্ঞটা তুলে নিলাম, বিদুণ্ডমকের মত আমার মনে পড়ল সেদিনের
কথা, কুরাশাচ্ছ্র ফ্রেব্রুরারীর একটি দিন, গ্লামের পাঠাগার লোকে লোকারণা,
পরিপূর্ণ নিশুক্বতার মধ্যে আনাতোলি পের্টোভিচ্ গ্রামের কৃষকদের কাছে স্তালিনের
শপথবাণী পড়ে শোনাচ্ছেন।

खिरखान कत्रमाम—"(काथात (भरम कागख**ो**। ?"

''তুমি যে বললে বাবার ভ্রয়ারে আমি আমার প্রুলের বইপত্ত রাখতে পারি, ভ্রয়ারটা খুলে একটা ভাজ করা কাগজ দেখতে পেলাম, ভাজ খুলে দেখি...''

"হাঁন, তখন আমি এটা লুকিয়ে রেখেছিলাম। জয়া তখনও ছয়মাসের হয়নি, আমি চেয়েছিলাম জয়া বড় হয়ে পড়বে।"

জয়া বলল—"তাহলে এটা আমার কাগজ ?"

সময়ের সঙ্গে সঙ্গে এত পুরনে। হয়ে গিয়েছে যে হাত দিলে ছি'ড়ে যাবার সম্ভাবনা। সাবধানে ছড়িয়ে এটার উপর নীচু হয়ে জয়া পড়তে আরম্ভ করল। শুরা বলল—"ঠেচিয়ে পড়।"

সেই সৃদ্র অতীতের কথাগুলো আমার এত পরিষ্কার মনে ছিল—তারা আবার কানের কাছে গুনগুনিরে উঠল।

"মহাসাগরে অবস্থিত প্রকাণ্ড পাহাড়ের মত, চারদিকে বুর্জোরা রাজ্ম-পুঞ্জ দিয়ে ঘেরা আমাদের দেশ দাঁড়িরে আছে। তরক্ষের পর তরঙ্গ এসে তার গারে ধাক্কা দিচ্ছে, মনে হচ্ছে একেবাবে অতলে ডুবিরে দেবে, কিন্তু পাহাড় দাঁড়িয়ে আছে অটুট দৈথর্যে, এত শক্তি ও পেল কোথায় ?"

জয়ার এ বাণীটা মুখন্থ ছিল। কিন্তু এখন ধেন নতুন অর্থ নিয়ে জয়ার কাছে এরা ধরা দিল, পুরানো দিনের সাক্ষী এই হলদে খবরের কাগজের পাতাটা সেই সময়কার গাড়ীর্য আর মাধুর্য সেই শব্দসভার নিয়ে এল বয়ে। জয়া ধীরে ধীরে পড়ল—''কমরেড লেনিন, আমরা শপথ করছি, বে এই প্রতিজ্ঞাও আমরা সার্থকভাবে পরিপূরণ করব।"

পরের দিন ক্রেমলিন সামরিক বিদ্যালয়ে একটি স্মৃতিস্ভায় জাে্সফ স্তালিনের বক্তা—জয়া লাইবেরী থেকে বাড়ী নিয়ে এল। মনে আছে এমনি করে জয়া ঠিক এইভাবে স্তালিনের লেথার সঙ্গে পরিচিত হতে লাগল দেখে আমার বেশ ভাল লেগেছিল। স্তালিনের বক্তাগুলাের ভাব আর দৃ্টান্তগুলাে এমনি স্বচ্ছ আর বিশ্বাসযোগ্য, ছােট ছােট নতুন পড়্য়ার কাছে তাে এগুলাে এত সহজ্ব যে আমাদের এই নেতার চিস্তাধারা৷ আমার পনেরাে বছরের মেয়ের মনে গেথে গেল।

আমাদের অবিষ্মরণীয় এই হলদে খবরের কাগজটি যে বিরাট লয়। এক বইরের তালিকার মধ্যে কি কি নাম জুগিয়েছিল ত। আমার ঠিক মনে নেই। সোবিয়েত ইউনিয়নের বলশেভিক পাটির অভটাদশ কংগ্রেসে স্থালিনের রিপোট জয়া পড়ে ফেলল, সোবিয়েত রাশিয়ার বিশেষ অভটম কংগ্রেসে গঠনতম্বের উপরে স্থালিনের বল্তাও পড়া হল তারপর। যা পড়েছে তা সত্যি সে বুঝেছে কিনা যাচাই করে নেওয়াটা জয়ার পক্ষে অত্যন্ত গুরুত্বপূর্ণ_এবার আমি বেশ পরিষ্কার বৃথতে পেরেছি,—এটা বলাই ছিল তার উদ্দেশ্য।

ভায়েরীতে আবার নতুন অ¹চড় পড়ল, জয়। এবার আম।কে দেখাল___ হেনরি বারবুসের ''স্তালিন" বই থেকে কিছু উদ্ধৃতি।

"কাল' মাক'স আর লেনিনের মুখের পাশে, যে মানুষটির মুখের চেহারা আ'ক। হয় লাল পতাকায়, তিনি প্রত্যেকটা জিনিস এবং প্রত্যেকটি লোকের বিশেষ ষত্ম নিচ্ছেন, আজ যা হয়েছে তাও যেমন তিনি সৃষ্টি করেছেন, কাল যা হবে তাও তেমনি তিনি সৃষ্টি করবেন। তুমি যে কেউ হও না কেন, তার বন্ধুত্ব তোমার প্রয়োজন। যেই হও না তুমি, এই মানুষ্টির হাতেই তোমার জীবনের শ্রেষ্ঠ আশাভ্রসা নির্ভর করছে, পোশাকে সাধারণ সৈনিক, চেহারায় শ্রমিক, মেধাবী বিদ্বান্ এই মহামানব প্রহয়া দিছেন সকলকে আর কাজ করে যাছেন সকলের জন্য।"

या ना वनत्न ७ हतन

শরংকালে আবার স্কুল সুরু হতে শ্রা আমাকে বলল, ''এখন আমি দেখছি আমাদের ক্লাশের সবাই জয়াকে শ্রদা করে, আরও কয়েকজন যুবসংঘের সদস্য হবার জন্য তৈরী হয়েছে; তারাও আলোচনা করার জন্য তার কাছে আসত। যুব-সংঘের সদস্যপদে তার আর বেশী কি উন্নতি হবে, ন্যায়পরায়ণ, বিশ্বাসী, দায়িঘসস্পাল, সব গুণই জয়ার আছে। সাধারণ সভায় জয়া তার জীবনী পড়ল, বেশ পবিত্র আর গুরুগজ্ঞীর সে সভা। তারা অনেক ধরনের প্রশ্ন করেছিল, তার জবাব পেয়ে তারা জরার দর্শান্ত সয়দ্ধে বিবেচনা করছে। প্রত্যেকটি সভ্য বললেন—''জয়া সং, স্পর্কবাদী,

আদর্শ কমরেড, সামাজিক কাজকর্মও করে, পিছিয়ে যারা পড়ে থাকে, তাদের সাহাষ্য করে...'

মনে পড়ল, জয়। বখন তার আত্মজীবনী লিখতে বসে একপাতারই সব শেষ করে ফেলে, বড় চিন্তিত দেখাছিল তাকে। বলেছিল—''কিছুই তে৷ আমার লেখার নেই, জন্মেছি, স্কুলে ভর্তি হয়েছি, এখন পড়াশোনা করছি…আমি বিশেষ কি করেছি? কিছুই না।''

সেদিন জয়ার চেরে শুরার উৎসাহ বিন্দুমায় কম ছিল না। এরকম অবস্থার আমি ওকে আগে কথনো দেখিনি। জেলা কমিটির বাইরে অপেক্ষা করছিল শুরা। অনেক দরখান্ত পড়েছিল, প্রার্থাদের প্রায় সকলের শেষে জয়ার ভাক পড়েছিল। শ্রা পরে বলেছিল—''আমি ভো অপেক্ষা করে করে অধৈর্য হয়ে পড়েছিলাম।''

আমিও আর অপেক্ষা করতে পারছিলাম না। জানলা দিয়ে বারেবারেই তাকিরে দেখছিলাম ওরা আসছে কিনা। রাত হয়ে আসছে আমি তো কিছুই বৃষতে পারছি না কি হল!

ভারপর আমি রান্তার বেরিরে জেল। কামটির দিকে পা বাড়িরে দিলাম। করেক পা বেতে না বেতেই ওরা হাঁপাতে হাঁপাতে বেশ উর্জেজত হরেই আমাকে এসে জড়িরে ধরল। সমন্থরে চেঁচিরে উঠল—''গ্হীত হরেছে। সব প্রশ্নের জবাব দিরেছি।''

সুখের লক্ষার লাল হয়ে ওঠা জয়াকে নিয়ে আমরা বাড়ী ফিরে এলাম, কি কি ঘটেছে তা সব এইবার বলতে সুরু করল।

"জেলা কমিটির সভাপতি এত ছেলেমানুষ আর এত হাসিখুসী মা! আমাকে তিনি এত এত প্রশ্ন জিল্জেস করলেন—কমসোমল (বুবসংঘ) কি? স্পেনের ঘটনাবলী সমস্কে কি জান? মার্কসের কি বই পড়েছি? আমি বললাম শুধু "সামাবাদীর ফতোয়া" পড়েছি। প্রায় শেষের দিকে জিজ্ঞাসা করলেন—'নিয়মাবলীর মধ্যে তোমার মতে কোন বিষয়টা সবচেরে গুরুত্বপূর্ণ?" 'আমি ভেবে বললাম, সবচেরে গুরুত্বপূর্ণ হল যুবসংঘের সভ্যের তার দেশের জন্য সমস্ত শক্তি নিয়োগ প্রয়েজন, নয় কি?' কিন্তু তিনি বললেন—'আর পড়াশোনা করে যুবসংঘের কাজকে এগিয়ে নিয়ে যাওয়াটা তাহলে কি?' আমি তো অবাক—বললাম—'তা তো আর বলে দিতে হবে না'—তখন তিনি পদা সরিয়ে দিয়ে আকাশের দিকে আঙ্লে দেখিয়ে বললেন—'ওখানে কি?' আমি আবার আশ্চর্য হয়ে বললাম—'কিছু না!' 'কিন্তু দেখছ কি কত সুন্দর সুন্দর তারা আছে আকাশে? প্রথমে তাদের দিকে চোথ পড়ে না কেন জান—কারণ ওরা কভাবতই ওখানে থাকে বলে। আর একটা কথা মনে রেখো, জীবনে বা কিছু মহৎ, বা কিছু বৃহৎ, সবিকছুর সৃন্ধি হয়েছে ছোট ছোট তুছে জিনিসের উপর ভিত্তি করে। কথনও যেন একখাটা ভূলো না!' বড় চমৎকার করে বলেছেন কথাটা, না মা?''

শুরা আর আমি সমন্বরে বললাম—''খুব''।

জয়। বলে চলল—''তারপর—তিনি আমাকে বললেন, বুবসংবের তৃতীর কংগ্রেসে লেনিনের বক্তা আমি পড়েছি কিনা ? আমি বললাম—''নিশ্চরই পড়েছি।"

''মনে আছে কিছু ?"

''মুখন্থ আছে।''

"মুখস্থ থাকলে, সবথেকে স্মরণীয় জায়গাটা শোনাও তো ?"

আমি বলশাম, কাঞ্চেই, আজ যাদের পনের বছর বরস, যারা আগামী দশ বিশ বছরে সামাবাদী সমাজে বাস করবে, তারা শিক্ষার দায়িত্ব এমনিভাবে পালন করবে বে গ্রামে গ্রামে, নগরে নগরে, দিনের পর দিন তরুপসমাজ যৌপশ্রমের সমস্যার বাস্তব সমাধান করতে থাকবে, তা সে শ্রম যতই সামান্য, যতই সাধারণ হোক না কেন।"

আমার প্রশ্নের উত্তর জয়া দিতে পারবে না জেনেই আমি প্রশ্ন করলাম—''ক্বে তুমি ভ্লাদিমির ইলিচ্-এর তৃতীয় কংগ্রেসের বক্তার কথা প্রথম শোন, মনে আছে জয়া ?''

কিন্তু আমার ভুল হয়েছিল।

জর। একটুও ইতস্তত না করে বলল—"তখন আমি গ্রীম্বাশিবিরে, আগুনের পাশে বঙ্গে..."

আমর। চা থেতে বসলাম—জয়। সেদিনের আরও খুণ্টিনাটি সব ঘটনা মনে করে বলতে লাগল, শুতে যাবার সময় বলল—"মনে হচ্ছে আমার জীবনে যেন কিছু পরিবর্তন এসেছে—আমি যেন এখন নতুন মানুষ।"

হাসি চাপতে না পেরে আমি বললাম—''এস ডাহলে ডোমার সঙ্গে পরিচয় করে নিই''—কিন্তু জরার চোথের দিকে তাকিয়ে দেখলাম, ঠাটু। করার সময় এ নম্ন, তখন আমি বললাম—''আমি বেশ বুঝতে পার্রাছ, জয়া।''

স্তারোপেত্রোভন্ধি ষ্ট্রাটের বাড়ী

আলেকজান্দার হার্টজেন একবার বর্লোছলেন—''মানবতার প্রতি গভীর অনুরাগ জাগ্রত হলে তরুণকে বেমন মহৎ করতে পারে এমন আর কিছুই পারে না।'' যথন ভাবি আমার সাথী আর ছেলেমেরেরা কিভাবে বেড়ে উঠেছে তথন মনে হয়ঃ সতিাই, এই জিনিসই তাদের মনের তারুণাকে অনুপ্রাণিত করে সুন্দরতর করে তুলেছিল। আমাদের দেশের ভিতরে ও সীমানার বাইরে যা কিছু ঘটেছে—সবই ওদের মনকে নাড়া দিয়োছল, ওদের একান্ড নিজেদের বিষয় হয়েছিল।

জরা আর শ্রো দেশের উল্লাতির সঙ্গে বড়ে হরেছে—শ্রুথ দর্শকের মত ওরা চেরে থাকেনি, প্রত্যেকটি কাজে নিজেরাও যোগ দিয়েছে। নতুন তৈরী কারখানা, সোবিয়েত বিজ্ঞানীদের অসমসাহসী পরিকম্পনা, আন্তর্জাতিক সংগীত প্রতিযোগিতার সোবিয়েত সঙ্গীতজ্ঞাদের সাফল্য—সবই ওদের জীবনের সঙ্গে অসাঙ্গীভাবে জড়িত ছিল। এগুলো নিরে ওরা এত ভাবত; ওদের ক্রেল,

বাড়ীতে, প্রার সবসমরই এইগুলো ওদের মনের মত আলোচনার বিষর ছিল, আর এইভাবে ওরা শিক্ষা পেরেছিল।

জেলা কমিটির সেকেটারীর সংগে কথাবার্তা জয়ার শা্ধু যে মনে ছিল ভাই নয়, স্মৃতিতে সেটা গাঁথা হয়ে গিয়েছিল, জয়ায় নতুন জয়য়য়ৼৄতে সেকেটারীর প্রতিটি কথা তার জীবনে বেদবাকো পরিণত হয়েছিল।

কর্তব্য পালনে জয়া চিরদিনই আশ্চর্যভাবে নিখুত, দায়িছশীল ছিল। কিন্তু এখন তার প্রতি বিন্দু শক্তি-সামর্থ্য সারা মন প্রাণ দিয়ে, তাকে যে দায়িছ দেওয়া হয়েছিল সে তা পালন করত, কারণ এখন তার স্থির বিশ্বাস ছিল, তাকে যা কাজ দেওয়া হয়েছে, ভ্লাদিমির ইলিচ্ উলিয়ানভ্ সর্বসাধারণের হিভার্থে সকলকে যা কাজ দিয়েছেন, এটা তারই অংশমার।

কমসোমলের সভ্যপদে ভাঁত হওরার খুব অপ্পদিনের মধ্যেই জয়। একটি কমসোমল দলের ব্যবস্থাপক পদে নির্বাচিত হল। সে তৎক্ষণাৎ কমসোমলের নির্দিষ্ট কর্ডবাগুলোর তালিক। তৈরী করতে লেগে গেল, তার নীতি ছিল—নিজেকে যারা কমসোমল সভ্য বলে পরিচয় দেবে তাদের প্রত্যেকেরই কিছু না কিছু কমসোমল-এর কাজ করতে হবে, প্রত্যেকহেই সে জিজ্ঞাসা করত কি কাজ করতে তার ইচ্ছা আর কি কাজে তার উৎসাহ। আমাকে বলেছিল "তাহলে কাজ বেশ ভাল চলবে।" ক্লাশের বন্ধুদের সে বেশ ভাল করে নজরে রেখেছে, কাজেই কে কি জবাব দেবে তা জয়ার প্রায় জানাই ছিল। কর্ডব্যের তালিকা ছিল বেশ লম্বা—আর খুণ্টনাটিতে ভরা—কেউ স্কুলের কাজের জন্য দারী, কেউ শারীরিক ব্যায়ামচর্চা, আরেকজন দেয়াল পরিকার জন্য দারী। প্রত্যেকের জন্যই কিছু না কিছু কাজ ছিল। জয়া আর অন্য ক্রেকজন সভ্যের কাজে ছিল গতারোপেরোভন্তিক স্থীটের একটি বাড়ীর নিরক্ষর মহিলাদের পড়ানো।

আমি জয়াকে বললাম—''এটা কঠিন কাজ, বাড়ীটা বেশ দ্রে—আর তুমি তো একবার ধরলে আর ছেড়ে দিতে পারবে না—সেকথা ভেবেছ কি ?',

জন্না লাফিরে উঠল—"ভূমি বলছ কি মা, ছেড়ে দেব, কাজটা একবার আরম্ভ কবে···"

ভার প্রথম কর্মহীন সম্পার জয়। স্তারেরপেলোভজ্ঞ স্ফ্রীটের উদ্দেশ্যে রওরানা হল। ফিরে এসে আমাদের বলল, তার ছাত্রী একটি বয়স্কা স্ত্রীলোক, লিখতে বা পড়তে মোটেই জানে না, কিন্তু লেখাপড়া শেখার আগ্রহ আছে।

জন্ম বলল—"ভেবে দেখ দেখি, নিজের নামটাও ভাল করে লিখতে পারে না, ঘরকনার কাল, ছেলেমেরের কাল ইত্যাদিতে তার গলা পর্যন্ত ঠাসা, কিন্তু আমি জানি সে পড়াশোনা করবে। আমাকে দেখে সে ভারী খুসী হয়েছে। আমাকে বলে 'আমার সোনা লক্ষ্মী'।"

আমার কাছ থেকে বড়দের পড়া আর লেখা শেখাবার বই ধার করে নিয়ে জয়া অনেক রাত অবধি জেগে পড়াশোনা করল, সপ্তাহে দুদিন করে ছান্তীর বাড়ী বেতে লাগল—তা সে বড়বৃত্তি, তুবারপাত, ক্লান্তি সব কিছু উপেক্ষা করে। শ্রে। বগল—"ভূমিকশ হলেও জয়া ঠিক যাবে, আগুন লাগলেও হয়ত বলবে তার ছালীকে অবহেলা করতে পারে না।" যদিও শুরার গলায়, মাঝে মাঝে ঠাটু। ভামাসার সুব থাকত, প্রায়ই জয়ার পড়ানোর পর বাড়ী ফেরার সময় ও যেত তাকে এগিয়ে আনতে। সেবারের শরংকালটা বড় বিশ্রী স্যাত্সৈতে ছিল, জলে কাদায় ভিজে, জয়াকে অন্ধকারে একলা বাড়ী আসতে হবে বলে আময়া বেশ চিস্তিত হয়ে পড়তাম, শুরা তো জয়ার সঙ্গে দেখা করে তাকে সঙ্গে করে বাড়ী নিয়ে আসতে ভালবাসত। ভাবথানা—জয়া দেখুক একবার—ভাই থাকার মানেটা কি,—ভাই তার রক্ষাকর্তা, কাজের সহায়, পরিবারের য়ীতিমত একজন পুরুষ!

শ্ররার চওড়া কাঁধ, শন্তসমর্থ চেহারা, লম্বারও সে জয়ার চেয়ে বড়। প্রায়ই বলত—''দেখ তো কী রকম পেশীগুলো আমার।"

জরাও খুসীমেশানে। গর্ব নিয়ে আশ্চর্ষের সুরে বলত—''সত্যি মা দেখ তে। কি চমংকার ওর পেশীগুলো, যেন পেটানো লোহার তৈরী।"

একদিন কনজারভেটরির গ্লেট হলে এক জলসার যাব বলে তিনখানা টিকিট কিনে নিরে এলাম। চাইকভ্সিকর ''পঞ্চম সিক্ষনি'' বাজানো হবে, জরার এটা বিশেষ প্রিয় ছিল, বলত যতবারই সে এটা শোনে, সুরটা যেন ততই নতুন নতুন আনন্দের শিহরণ জাগার।

একবার আমাকে বলেছিল—''সুরটা যত চেনা হবে, ততই তোমার উপর তার প্রভাব পড়বে, আমি কতবার যে এর প্রমাণ পেয়েছি !''

টিকিট নিয়ে আসার জয়। তে। প্রথমে ভারী খুসী হয়ে উঠল, তারপরই হঠাৎ এমন মুখের চেহার। করল যেন মনে ভারী দুঃখ হয়েছে, হাতের তর্জনীটাকে বার-কয়েক কামড়াল, কোন কিছু ভূলে যাওয়া জিনিস মনে পড়লে ও প্রায়ই এরকম কয়ত।

চেঁচিয়ে বলে উঠল—''কিন্তু মা, আমি তে। যেতে পারব না। কনসার্ট বে বৃহস্পতিবার, লিদিয়া ইভানোভ্নাকে যে পড়াতে যাই আমি সেদিন।''

শ্বা বিদ্রপের ভঙ্গীতে বলে উঠল—''একবার মাত্র না গেলে কি এমন কালা-কাটি পড়ে যাবে শ্বনি !''

''না, তা হর না, আমার জন্য সে অপেক্ষা করে থাকবে এ আমি ভাবতেই পারি না।''

"আমি গিয়ে বলে আসব যে তুমি যাবে না সেদিন।"

"একবার একটা কাজ আরম্ভ করলে তা শেষ করতে হয়, আমি পড়াতে ধাব বলে ও অপেক্ষা করে থাকবে, আর আমি কিনা কনসাট' শ্নতে ধাব। না তা হবে না।"

জন্না সত্যিই চাইকভ্সিক কনসাটে গেল না।

দিদির উপরে সহজাত প্রস্কার সঙ্গে নিজের রাগ মিশিরে বারেবারেই শ্রের। বলতে লাগল—''তুমি একটা আৰুর্ব লোক বটে!''

ब्यवर्य

नवर्वातंत्र त्रकाा, ১৯৩৯ त्राम ।

ন্দুল থেকে ফিরে জয়। আমাকে বলল, ওদের ক্লাশের মেরেরা প্রত্যেকে প্রত্যেককে নববর্ষের শুভকামনা জানিয়ে একটা কাগজ লিখছে। কাগজটা পুড়িয়ে ক্রেমলিনের ঘড়িতে ঢং ঢং করে রাত বারটা বাজার সঙ্গে সঙ্গেই ছাইগুলো খেয়ে ফেলতে হবে।

শ্রা তো বিদ্রুপ করে উঠলো, ''মেয়েগুলোও যেমন !''

জয়া হেসে বলন—''মনে হচ্ছে ওগুলোর খুব মিষ্টি বাদ হবে না—তাই আমি ওগুলো খাব না—কিন্তু শড়তে আমার আপত্তি নেই।"

পকেট থেকে সধত্বে ভাজ করা খামে অণটা এক টুকরো কাগজ বার করে জয়া জোরে জোরে পড়তে লাগল—"জয়া, মানুষকে অত কঠোর ভাবে বিচার করতে নেই। সব ব্যাপারকেই খুব তলিয়ে দেখে। না, জেনে রেখো—অশ্পবিশুর প্রায় সব মানুষই নিজেকে নিয়ে বাস্তু, খোসামুদে ও কপট, তাদের উপর নির্ভর করতে পার না, তাদের কথায় কান দিও না, নববর্ধের এই রইল তোমার প্রতি আমার শুভেছা।"

পড়তে পড়তে জয়ার ভূরু কু'চকে এল, শেষ হবার সঙ্গে সঙ্গে দলা পাকিয়ে রাগের সঙ্গে ফেলে দিল কাগজখানা। বলল—"মানুষের সম্বন্ধে যদি এরকম ধারণাই করতে হয় তাহলে বাঁচতে চাও কেন ?"

নববর্ষের রক্মারি খেরালমত পোষাক পরে নাচের উৎসবের জন্য তৈরী হওয়ার জ্বয়া শীগগিরই ভূবে গেল। সোবিয়েত ইউনিয়নের বিভিন্ন রাশ্বের জাতীর পোষাকে ওরা নাচবে ঠিক হয়েছে। জ্বয়াকে কি সাজে সাজাব, আমরা অনেক সময় ধরে ভাবতে লাগলাম।

শ্বা জানাল,—''উক্তেনিয়ানদের মত জয়ার চোথ আর ভুরুগুলো দেখতে, তাহলে কালোভুরুওয়ালা উক্তেনীয় মেয়ে সাজ্বক না কেন! কাজ করা রাউজ আর স্কাট তো ওর আছেই, পুণিতর মালা আর ফিতে হলেই ব্যাস্থ

পরে সন্ধ্যাবেলা যখন খালি শরো আর আমি ছিলাম—ডখন শরো আমাকে বলল—''শোন মা, জ্বয়াকে নতুন জ্বতো কিনে দেওয়া দরকার, ক্লাশের সব মেরেরই বিশেষ ধরনের হীলওয়ালা জ্বতো আছে—হীল বেশী উ'চু নয়, কিন্তু...'' ''মাঝারি রক্মের...'' বলে দিলাম।

''ঠিক তাই, আর জয়া ছেলেদের মত জ্বতোই পরে।"

"এ মাসে তো আমরা কিনতে পারব না শুরা।"

''কিন্তু আমার তে। নতুন সাট দরকার নেই, আর আমার টুপীটার সত্যিই প্রয়োজন নেই।''

"তোমার টুপীটার দিকে যে আর তাকান যায় না।"

"কিন্তু মা, আমি হলাম ছেলে আর জ্বা মেরে, তার উপর বড় হয়েছে—ওর তো ওসব দরকার-ই।' সত্যিই ওসব দরকার বেশীই ওর পক্ষে—

মনে পড়ে একবার বাড়ী ফিরে জয়া আয়নার সামনে দাঁড়িয়ে আমার একটা জামা গায়ে দিচ্ছে দেখতে পাই, আমার পায়ের শব্দ শুনে একটু লজ্জার হাসি হেসে বলল—"কেমন দেখাজে আমাকে ?"

আমার জামাকাপড় পরতে ও খুব ভালবাসত, নতুন কোন কিছু কেনায় ওর ভারী আনন্দ হত। কখনও ও আমাকে বলেনি ওকে কিছু কিনে দিতে, আমি বা দিতাম তাতেই ও খুসী থাকত। তাহলেও শ্বরা ঠিক কথাই বলেছে—নিজের উপরে থানিকটা নজর পড়বে এটা তো খুব স্বাভাবিক।

আমরা কুড়িয়ে বাড়িয়ে টাকাটা জোগাড় করলাম—আর অনেক তর্কবিতর্কের পর জয়া গিয়ে নিজের জন্য মাঝারি হীলওয়ালা একজোড়া জুতো নিয়ে এল।

ফিতে আর পুণতি মিলিয়ে নববর্ষের পোষাক তৈরী করলাম। শ্রার সাটটা কেচে ইস্ট্রী করে একটা নতুন টাই ওর গলায় বেণধে দিলাম। বেশ কেতাদ্রস্ত হয়ে আমার ছেলেমেয়ের। উৎসাহের সঙ্গে স্কুলে চলে গেল, অনেকক্ষণ ধরে জানালার দাঁতিয়ে আমি ওদের যেতে দেখলাম।

সন্ধ্যাটা ভারী আশ্চর্য শান্ত আর কর্মহীন লাগছিল। বাইরে হালকা ফোলা ফোলা তুষার করে পড়ছে। জয়া আর শ্রো এই তুষার-ভিনদ্ধ নিস্তর্জতার মধ্য দিরে যাবে, রঙ্গীন আলোকলমল আনন্দ-উচ্ছল তরুণ জনতার মধ্যে ঝ'াপিয়ে পড়বে, অন্তরের অন্তঃস্থল থেকে আমি কামনা করলাম, সারা বছরটাই যেন এমনি উজ্জল, আনন্দমুখর হয়ে ওঠে ওদের জীবনে।

ভোর হব-হব সময়ে ওরা ফিরে এল। বেশ ভাল পার্টি হয়েছিল। শ্রোর কথায় বলতে গেলে, "গান আর নাচ, নাচতে নাচতে পা ভেলে না পড়া পর্যন্ত নাচো ।"

"আমরা পোস্ট অফিস খেলা খেলছিলাম, একটাছেলে তো জয়ার চোধ বেশ সুন্দর বলে চিঠি লিখতে আর•ভ করে দিল, সতিটে তাই, আর শেষ পর্যন্ত তার কবিতা উথলে উঠল, এই যে শোন না—"

শ্রা উঠে দাঁড়িয়ে অভিনয়ের ঢং করল, হাসি চাপবার চেন্টা করতে করতে পড়তে লাগল---

> "বচ্ছ নরন। বালিকা তোমাতে হদর আমার মরিতে চার, মহান গভীর অন্তর তোমার অণ্থিমাকে তব প্রকাশ পার।"

আমরা তিনজনেই সশব্দে হেসে উঠলাম।

শীতের শেষে একটা ঘটনা ঘটল। যে মেরেটি নববর্ষের শুভকামনার জ্বরাকে জানিরেছিল মানুষ নিজেকে নিরেই ব্যুস্ত, মানুষের উপর নির্ভর করা যায় না, সেই মেরেটাই ভার গৃহিনীছাট্রীকে পড়ানো বন্ধ করে দিল । তার দলের সংগঠক জয়াকে সে জানাল—"অনেক দ্রের রান্তা, বাড়ীর পড়া এত থাকছে যে পড়াতে যাবার সময়ই করে উঠতে পারি না, আমার উপর থেকে এ দায়িত্ব তুলে নাও।"

আমাকে এই কথা বলতে বলতে জন্নার চোখদুটো রাগে কালো হরে উঠল।
"এ আমি কিছুতেই ব্রুতে পারি না, কাজের ভার নিরে শেষে ছেড়ে দিল, তার
মাধারও এল না বে এরকম দৃষ্টাঙ্ক দেখিরে সে শ্রুধু নিজেরই নর অন্য সকলেরই
মাধা হেণ্ট করছে। এই কি 'কমসোমল বালিকার' পরিচর? মনে কর রাস্তার
সেই মহিলার সঙ্গে তার দেখা হল, সে কি করে তার সামনে মুখে তুলে দাঁড়াবে,
ক্লাণের অন্য মেরেদেরই বা কি করে মুখ দেখাবে?"

জয়া নিজে একবারও তার পড়ানো বন্ধ করেনি। এক বৃহৎপতিবারে জয়ার খুব মাধা ধরেছিল কিন্তু সেটা কাটিয়ে উঠে রোজকার মতই পড়াতে গেল।

জরার ছাত্রীর যে কোনরকম উল্লভির খবরই আমি আর শ্রো পেরে যেতাম্ তংক্ষণাং।

''লিদিয়া ইভানোভ্না সব অক্ষর চিনে ফেলেছে...''

''লিদিয়া ইভানোভ্না গড়গড় করে পড়তে শিথেছে…''

অবশেষে জয়া বিজয়ীর ভঙ্গীতে এসে আমাদের জানালো. "মনে আছে, সে তার নিজের নাম সই করতে পারত না? আর এখন হাতের লেখা বেশ সুন্দর হয়েছে।" সে রাত্রে ঘুমোতে যাবার সময় জয়া বলল—"জান মা, সায়া সপ্তাহ ধরে ভেবেছি, আমার কি যেন একটা শভে ঘটনা ঘটেছে, হঠাং মনে পড়ল লিদিয়া ইভানোভ্না পড়তে শিখেছে। এখন আমি বুঝতে পারছি, তুমি কেন শিক্ষিকা হয়েছ।"

ष्ट्रः एवत किम

১৯৪০ সালের শরংকালটা নিতান্ত আকম্মিকভাবেই বেদনাণায়ক হয়ে উঠল আমাদের কাছে।

জয়। ঘর মুছে ণিচ্ছিল। বালতির মধ্যে ন্যাকড়া ভ্রবিয়ে, নীচু হতে গিরেছে বেই, হঠাৎ মৃছিত হয়ে পড়ল, কাজ থেকে ফিরে এসে আমি ওকে এই অবস্থায় মৃতের মত বিবর্ণ দেখতে পেলাম; শুরাও ঠিক এই সময়েই ঘরে চুকেছিল, দৌড়ে আয়ের্লেন্স আনতে গেল, আয়ের্লেন্স এনে জয়াকে বোংকিন হাসপাতালে নিয়ে গেল। রোগ নিগর হল—"মেনিনজাইটিস।"

শুরা আর আমার জীবন অসহ্য হরে উঠল। সারা দিনরাত আমরা শুধু একটা কথাই ভাবতাম, জরা বাঁচবে কি? জীবন তার সঙ্কটাপল্ল, আমার সঙ্গে কথা বলার সময় ভাঙার, বিনি ওর দায়িত্ব নিরেছেন, স্বস্ময় কিরক্ম গঙ্কীর হরে থাক্তেন। মনে হত কোন আশাই নেই। শুরা অনেকবার হাসপাতালে ষেত প্রতিদিন। ভাবনাহীন সরল মুখবানা ওর দিনে দিনে চিস্তাকুল অন্ধকারময় হয়ে উঠেছিল।

জন্মার রোগটা বেঁকে দাঁড়াল, মেরুদণ্ডে ইন্জেকশন দিতে হল। এখানে ইজেকশন বড় বেদনাদায়ক।

একবার এরকম ইনজেকশনের পরে শুরা আর আমি জয়া কিরকম আছে দেখতে গেলাম। নার্স আমাদের দিকে তীক্ষ দৃষ্টিতে তাকিরে থেকে বলল—"এক্ষ্ণি ভাষার এসে তোমাকে সব বলবেন।"

ভরে আমার সর্বাঙ্গ হিম হয়ে এল।

"কি হরেছে ওর ?" আমার গলার সুরটা নিশ্চরই ভরার্ড শোনাছিল—কারণ সেই মুহুর্তেই প্রফেসর তাড়াতাড়ি আমার দিকে এগিরে এসে বললেন—"ভর পাবেন না, খবর সব ভাল। আপনার মেরে সেরে উঠবার দিকে এগিরে চলেছে। বেশ তাড়াতাড়ি সব ঠিক হরে আসছে। আপনার মেরে কিন্তু খুব সাহসী আর কন্টসহিন্ধু—আশ্চর্য ভার সহ্য করার ক্ষমতা, একটু কাঁদেও না কাংরায়ও না," শুরার দিকে এক নজর তাকিরে বললেন—"তুমিও কি এরকম ভাল ?"

সেদিনই জয়ার সঙ্গে আমাকে প্রথম দেখা করতে দিল, একেবারে চুপচাপ শুরে ছিল, তার মাধা তোলার পর্যন্ত ক্ষমতা ছিলনা, ওর পাশে বসে হাতটা ধরলাম। চোখ থেকে যে জলের ধারা গড়িয়ে পড়ছিল, সে দিকে আমার কোন খেয়ালই ছিলনা।

জয়া চেতা করে শান্তভাবে বলল—''কেঁদোনা, আমি অনেক ভাল আছি।" ওর অবস্থা এখন ভালর দিকেই যাছিল, শুরা আর আমি শান্তি পেলাম। মনে হল এডদিন ধরে যে দুর্ভাবনা আমাদের পেরে বর্সেছিল, তার থেকে হঠাং মুক্তি আমাদের চরম অবসমতা এনে দিল। জয়ার অসুখের সময় আমরা যত ক্লান্ত হরেছিলাম, তত আমরা আগে কখনও হইনি। অনেক দিন ধরে অসহা বোঝা আমাদের বুকের উপর জগদ্দল পাধরের মত চেপেছিল, তা থেকে হঠাং মুক্তি পেলাম বটে, তবে আমাদের পিঠ সোজা করে নিশ্বাস নেবার ক্ষমতাটা সেই মুহুতেই ফিরে এলনা।

কয়েক দিন পরেই জয়া বলল—''আমাকে কিছু বই এনে দাওনা।"

আরও কতকদিন পরে ডাক্তার ওকে বই পড়তে দিলেন, জয়াও খুশী হল। কথা বলতে তখনও ওর খুব কন্ট হত, খুব তাড়াতাড়ি ক্লাস্ত হয়ে পড়ত, তবুও সে পড়ত।

গাইদার-এর "দি রু কাপ" আর "দি ফেট্ অব দি ভ্রামার" এনে দিলাম।

"দি রু কাপ" পড়ে বলল—"কি চমংকার গণ্পটা, কোন উত্তেজক ঘটনা ঘটছে না, তবুও পড়া ছেড়ে উঠুতে পারা যায়না।"

জন্মা সার্দ্ধিস খুব ধীরে ধীরে, প্রথমে তাকে বসতে দিল, আরও কতদিন পরে হণ্টবার অনুমতি পেল। ওয়াডে সকলের সঙ্গেই জয়া ভাব করে নিয়েছিল, জয়ার পাশের বিছানার ব্রা ভদ্রমহিলা একবার আমাকে বলেছিলেন, "তোমার মেয়েকে বিদার দিতে আমাদের কঠ হবে, এত সুন্দর মেয়েটি, খুব খারাপ রোগীকেও ও চাঙ্গা করে দিতে পারে।"

আর জরার ডাক্টার তো প্রারই ঠাট্টা করে বলতেন—"জরাকে পুষ্টি নিতে পারলে আমি খুব খুশী হতাম।"

নাস'রাও জরার সঙ্গে বেশ বঙ্গুড় পাতিরেছিল, তাকে বই এনে দিত পড়তে। প্রফেসর যথন জয়াকে একট্ সবল হলে পর খবরের কাগজ পড়তে এনে দিতেন, সে ওয়ার্ডের রোগীদের জোরে জোরে পড়ে শোনাত।

খুব শীগগিরই শ্রেরর সঙ্গে জয়াকে দেখা করতে দেওরা হল। ওদের দুজনের অনেকদিন দেখা হরনি, ভাইকে দেখামাত্রই জয়া বিছানার উপর উঠে বসল উত্তেজনার তার মাথার চুল পর্যন্ত খাড়া হয়ে উঠল। আর শ্রেরা সব সময়ে বেমন এখনও তেমনি ওয়াডের অপরিচিতদের সামনে অপ্রতি বোধ করতে লাগল, জয়ার চারদিকে প্রতিবেশীদের দিকে তাকিয়ের কেমন যেন ভয় পেয়ে গেল, মুখচোখ লাল হয়ে কপালে ঘাম জয়ে উঠল, রুমাল দিয়ে মুখমুছে নিল একবার আর শেষে কোন্দিকে পালাবে ব্রুতে না পেরে ওয়াডের মাঝখানে দাঁড়িয়ের পড়ল।

জয়া বলতে লাগল—''আর শ্রা, এখানে বসে চট্পট বল দেখি শ্রুলের সব খবরাখবর। গুরুকম বোকার মত তাকাস্না তে। !'' তারপর চুপিচুপি বলল—"তোকে কেউ দেখছে না রে!''

কোনরকমে নিজেকে সামলে নিয়ে জয়ার বারবার "দকুলের কথা বল দিগগির"এর উত্তরে শরো ব্রুপকেট থেকে একটা ছোট বই বার করে দেখাল, তার উপরে
কোননের ম্তির ছাপ, ১৯৩৯ সালের ফ্রেব্রারীতে জয়া যেরকম পেয়েছিল এও
ঠিক সেই জিনিস।

জরা চেঁচিরে উঠল—"কমসোমল কার্ড'!"

"তোমাকে আগে বলিনি চমকে দেব বলে । জানতাম তুমি খশিই হবে ।" শ্রাবলা ।

এবার চারদিকে অস্থাভাবিক পরিবেশের কথা ভূলে শরো সাধারণ সভার পু'টিনাটি বিবরণ দেওয়ার মেতে গেল, তাকে কি কি প্রশ্ন জিজ্ঞাসা করেছিল, জিলা কমিটিতে কি বলল, সেকেটারী কি ভাবে তাকে জিজ্ঞাসা করলেন "তুমি কি জয়। কসমোদেমিয়ান কায়ার ভাই ? ওকে আমার মনে আছে, তাকে আমার প্রীতি জানিও।"

আবার বাড়িতে

জন্নার অসুখের সমর শ্বা অনেক ড্রন্থিরের কাজ করত। রাত জেগে ডুইং তো করভই, কখনে। কখনো স্কুলের আগে ভোরবেলাও অণকত। ডুইংগুলো দিরে টাকা নিরে আসত, কিন্তু আগের মত এবারে টাকা আর আমাকে দিত না। টাকাগুলো দিয়ে ও কি করতে চায় তা সময়মত বলবে, জানতাম, তাই আমি আর এসময়ে কোন প্রশ্ন করতাম না। আমার অনুমানে ভূল হয়নি, জয়াকে হাস-পাতাল থেকে আনতে যাবার আগের দিন শ্রো আমাকে বলব—"এই বে মা, জয়ার একটা নতুন পোষাক কেনার টাকা। ভেবেছিলাম আমিই কাপড়টা কিনে আনব, থাকগে, ওকেই কিনতে দাও, ওর পছনদমত ও কিনে নিক।"

রোগা, দুর্বল দেহে জয়। ওয়ার্ড থেকে এসে আমাদের সঙ্গে মিলল, চোখগুলো ওর জলজল করছে, আমাকে আর শ্রাকে জড়িয়ে ধরল, শ্রা চারদিকে একবার তাকিয়ে দেখে নিল কেউ দেখছে কিনা।

জরা তাড়াতাড়ি বলগ—''এস তাড়াতাড়ি, আমার বাড়ী বেতে ইচ্ছা করছে—'' ওর যেন ভয় ওরা আবার তাকে নিয়ে ওরাডে পুরবে।

আমর। খুব আঙ্গেত চলতে লাগলাম, একট্ব পরে পরে দাঁড়াতে লাগলাম, পাছে জয়া ক্লান্ত হয়ে পড়ে। জয়। কিন্তু খুব তাড়াতাড়ি বেতে চাইছিল, প্রভ্যেকটা জিনিসের দিকে ও এমন ক্ষৃথিত দৃষ্টিতে তাকাছিল যেন অনেকদিন ধরে ওকে ঘরে বন্ধ করে রাখা হয়েছে। উজ্জল শীতের সূর্বের দিকে তাকিয়ে জয়। একট্ব হাসল। বেশ বৃঝতে পারছি জয়ার পায়ের নীচে বরফ মড়মড়িয়ে গুণডো হওয়ার শব্দে ও খুব খুশী হয়ে উঠছে, পৌজ। তুলোর মত হাজ্বা বয়ফে ঢাকা গাছগুলো, হাওয়াতে নাচা ছোট্ট ছোট্ট তুষারবিন্দু, সবই ওকে আনন্দ দিছে—ফিকে গোলাপী আভা ফুটে উঠল তার গালে।

বাড়ী এসে ধাঁরে ধাঁরে ঘরের চারদিকে ঘ্রের বেড়াল, প্রত্যেকটা জিনিসকে ছু'রে ছু'রে দেখল. বালিশটা সমান করল, টোবল্যাকনাটা একটা পালিশ করে দিল, আলমারীর মাধায় একবার হাত বালিয়ে নিল, একটা দ্টো বইয়ের পাতাগুলো একটা খুলে দেখালো, সবার সঙ্গে যেন নতুন করে ওর পরিচয় হচ্ছে। শ্রা এবার কাছে এসে দাঁড়াল, ভাবধানা ওর বেশ গঙাঁর অধচ লাজুক।

টাকাটা বার করে জয়ার সামনে ধরে বলল—"এই যে তোমার একটা নতুন পোষাক কেনার টাকা।"

জরাও গভীরভাবে জবাব দিল—"অনেক ধন্যবাদ।" বরাবরের মত এবার আর সে তর্কবিতর্ক স্বা করে দিলনা। ওর জন্য নতুন কিছু কেনার কথা উঠলেই ও নানারকম তর্ক আরম্ভ করে দিত, কিন্তু এবার মনে হোল জ্বরা বেশ খাশী হরেছে, অভিভূতও হরেছে খানিকটা।

শ্রা আদেশ করল—"এবার শ্রে পড়, তুমি ক্লান্ত হয়েছে।।" জরাও লক্ষ্মী মেরের মত কৃতন্ত হরে শ্রে পড়ল।

জয়াকে স্যানটোরিয়ামে পাঠাবার ব্যবস্থা করছিলাম, ও আর স্কুলে গেলনা, আমি সাবধানে বললাম—"এখনও জোর দিরে পড়ার সমর হরনি ডোমার।"

জরা অবাধ্য মেরের মত মাথা ঝাকিরে বলল—"না কোন মতেই নর। কিন্তু স্যানাটোরিরাম থেকে ফেরার পর আমি বাষের মত গোগ্লাসে পড়তে শ্রহ করব। (জরা একট্ হাসল, এই 'বাবের মড গোগ্রাসে' কথাটা শ্রার একটা বুলি) গরমের ছুটিতেও কিন্তু আমি খ্ব পড়ব—ক্লাশের সঙ্গে সমান হবে। তো। না হলে শ্রা আমার চেরে ছোট হরে আমার আগে স্কুল শেষ করে বেরিয়ে যাবে, কি চমৎকারই না হবে! আমি কিছুতেই সে হতে দিতে পারি না।''

প্রাণের আশঙ্কা থেকে সদা মৃক্ত হয়ে জয়া বেঁচে থাকার আনন্দে ভরপুর হয়ে উঠেছে।

সকাল থেকে রাত পর্যন্ত সোন করত—আয়নার সামনে চুল অণচড়াতে অণচড়াতে, ঘর মৃছতে মৃছতে, সেলাই করতে করতে...

প্রায়ই বেটোফেনের 'ক্ল্যারখনের গান' গাইত, এটা তার বড় প্রিয়।

দামামা বাজছে দামামা বাঁশীতে তান ধরেছে—
প্রির আমার চলেছে রণাঙ্গনে
তার নির্দেশে আগ্রান সেনাদল
আমারও হদর আগ্রহে চণ্ডল
শিরস্থাণ আর বর্ম আমি যদি পেতাম,
আমার জম্মভূমিকে রক্ষার আমিও যেতাম
যেখানেই ওরা যাক, ওদের পিছনে পিছনে অগ্রসর হতাম
দেখ, শ্রন্থাহিনীর বৃহে ভেঙ্কে পড়ছে
সাহসী সেনা হওয়া কি গোরবের কথা!

বাঁচার আনন্দে জ্বরার কট ধ্বনিত হরে উঠত, ওর গলার, এমন কি "মাউণ্টেন হাইট"-এর বিষাদময় সুরগুলো পর্যন্ত যেন আনন্দে আর আশার ভরপুর হয়ে উঠত।

> ধ্লিবিহীন পথ একটি পাতাও নড়ছে না উপত্যকার দাঁড়োও ক্লেকে, কর প্রার্থনা, বিশ্রাম নাও ক্লিকের তরে।

শ্রা জয়াকে জানালার কাছে বসিয়ে এইসময় তার ছবি অ°াকত। একবার চিন্তিতভাবে বলেছিল—''জান আমি একবার পড়েছিলাম, ছোটবেলা থেকে স্বিক্ত মানুষের মুথের রেখা ভালভাবে নজর করতেন, কি করে কোন জায়গায় চোথ-গুলো বসান আছে. তাদের আকৃতির বৈশিন্টা কোথায়, কিভাবে গড়ে উঠেছে? এভাবে তিনি আবিৎকার করেন যেখানে সব আকৃতি গঠনগুলি তার নিজের নিজের জায়গায় মানানসই হয়েছে সেথানেই প্রকৃত সৌন্দর্য ফুটে উঠেছে। এজনাই খণাদানাক আর উপ্রভারাল নিয়েও মুখের চেহায়া যেখানেই মানানসই হয়েছে সেখানেই সেমুখ সুন্দের হয়ে উঠেছে।"

জন্না হেসে উঠল—"আমার বুঝি খাদা নাক? তুমি কি তারই সন্ধান করছ?"
পুরা তার দ্বভাববিবৃদ্ধ কোমল তামাসার সূরে লক্ষিত হরে বলল—"না, আমি
বলতে চাইছি তোমার চেহারার সামঞ্জস্যের কথা, তোমার কণাল চোথ মুখ প্রভাক—
টার সঙ্গে কেমন মিলে গিরেছে…।"

আৰু দি পেত্ৰোভিচ্

শীগগিরই জর। স্যানাটোরিয়ামে চলে গেল। এই স্বাস্থ্যনিবাসটা হল সোকোলনিকিতে—মস্কে। থেকে বেশী দ্রে নয়। প্রথম বেদিন ছুটি পেলাম ওকে দেখতে গেলাম।

দৌড়ে আমার দিকে এসে কুশল জিজ্ঞাস। করবার আগেই শুরু করল ''মা, জান এখানে কে বিশ্রাম নিভে এসেছেন ?"

"কে রে ?"

''গাইদার, লেথক গাইদার এই যে আসছেন।'' হাসিথুশী ভরা লয়া, চওড়া কাঁধওয়ালা, ছেলেমানুষের মত মুখ, এক ভদ্রলোক এগিয়ে আসছিল পার্কের ভিতর থেকে।

জর। ডাকল—''আর্কাদি পেরোভিচ্, এদিকে এসে আমার মার সঙ্গে আলাপ করন।''

ওর বড় বড় শক্ত হাত ধরে করমর্দন করে আমি ওর কোতুকোচ্ছল হাস্যমর চোখদুটোর দিকে তাকালাম, আর সেই মুহুর্তেই মনে হল 'দি রু কাপ', 'তাইমুর এণ্ড
হিল্প স্কোয়াড'-এর লেখকের আমি ঠিক এই চেহারাই কম্পনা করেছিলাম।

বললাম—''অনেকদিন আগে আমি ও আমার ছেলেমেরে আপনার প্রথম বই যখন পড়ি, তথন জরা বারেবারেই জিজ্জেস করত—আপনি কেমন লোক, কোথার থাকেন, ও আপনাকে দেখতে পাবে কিনা এইসব।''

"পুব একটা কিছু দেখবার নেই, তাই ন। ? থাকি আমি মঙ্গেতে, সোকোল-নিকিতে আসি বিশ্রাম নিতে, সারাদিন ধরেই ও আমাকে দেখতে পারে ইচ্ছা করলে।" হাসতে হাসতে জানালেন গাইদার।

এমন সময় কেউ এসে ভাকতে তিনি আমাদের দিকে একটু হেসে তাদের সঙ্গে চলে গেলেন।

বরফে ঢাকা রাস্তার উপর দিয়ে আমাকে নিয়ে যেতে যেতে জয়া বলল—"জান কি করে আমাদের পরিচয় হল? একদিন পার্কের ভিতর বেড়াতে বেড়াতে হঠাং আমার নজরে পড়ল একজন মন্ত বড় লোক বরফ দিয়ে একটা মানুষ তৈরী করছে, আমার মনে হল, এই ভদ্রলোক সত্যিকার জন্ভূতি নিয়ে আন্তরিক ভাবে ছোট ছেলের মত নিশ্ঠার সঙ্গে এটা করছেন। পিছনে দু'য়েক পা হঠে গিয়ে চেয়ে দেখে তারিফ করছেন নিজের কাজের. আমি সাহস করে সোজা তার কাছে গিয়ে বললাম—'আমি আপনাকে চিনি, আপনি গাইদার, লেথক, আপনার সব বইগুলোর সঙ্গেই আমার পরিচয় আছে।' আর তিনি জবাব দিলেন—'আমিও তোমাকে চিনি, আর তোমার সব বইগুলোও—কিসেলেড-এর এলজেয়া, সকোলোড-এর ফিজিজ, রিবকিন-এর ট্রিগনোমেটি!"

আমি হেসে ফেললাম—কিসেলেড, সকোলোড, রিবকিন এ'রা সব জয়ার স্কুলের বইয়ের লেখক। তারপর জয়া বলল—"এস আর একটু হাঁটি, তিনি কি তৈরী করেছেন তোমাকে দেখাই এসো। গোটা দুগ একটা।"

আর সভিটে এটা একটা দুর্গের মত। পার্কের মাঝখানে বরফে তৈরী সাতটা মানুষ। দাঁড়িয়ে আছে একই লাইনে, প্রথমটি সতিট দৈতোরই মত বড়, তারপর ক্রমণ ছোট হতে হতে একেবারে ছোটি একটি চৌকে। উ'চু মঞ্চের পিছনে বসে আছে, তার সামনে পড়ে আছে ঝাউএর ভাল, আর পাখীর পালক।

জয়া হাসতে হাসতে বুঝিয়ে দিল—''এটা শাহুর দ্গ'। আর্কেদি পেরোভিচ্ বরফকীলক দিয়ে বোমা ফেলেন ওদের ওপর। আমরা সবাই তাঁকে সাহায্য করি, জান সব এত মজার খেলা কিছুতেই ছেড়ে থাকা বায় না।'' হঠাং জয়া তার বস্তব্য শেষ করে ফেলল—''আমি প্রায়ই ভাবতাম বে-লোক এমন চমংকার গশ্প লিখতে পারে, সে নিজেও নিশ্চয়ই খুব চমংকার হবে। আর এখন দেখছি সতিয়ই তাই।''

আর্কাদি গাইদার আর জয়া দুজনের বন্ধ হল। দুজনে একসঙ্গে ক্ষেটিং, ফিকইং করতে যেত, সন্ধাবেলা একসংগ গান গাইত, নিজেদের পড়া বইয়ের সমালোচনা করত, জয়া তার মনের মত কবিতা আবৃত্তি করত। আবার বংন তার সঙ্গে আমার দেখা হল তিনি বললেন তোমার মেরে গোটের কবিত। ভারী সুন্দর পড়ে।

জরা কতকটা আশ্চর্যভাবেই বলল—''জান গোটে পড়ার সময় তিনি আমাকে বলতেন, 'মতে' নেমে এস, মর্ত্যভূমিতে অবতরণ কর'; আছে। এতে তিনি কি বোঝাতে চাইতেন ?''

স্যানাটোরিরাম ছাড়বার অপপ কিছ্বদিন আগে জরা আমাকে বলেছিল, ''জান মা, কাল আমি বলেছিলাম, 'আর্কাদি পের্রোভিচ্ন, সুথ কাকে বলে? আপনার ''চুক আর গেক'' বইরে বেমন লিখেছেন, যার যার অভিরুচি মত সুথের মানে করে নের, তা বলেই যেন আমাকে বিদায় করবেন না। প্রত্যেকের জনাই মহন্তর কোন সুথ আছে পৃথিবীতে, তাই না?' তিনি চিন্তিত হয়ে পড়লেন, বললেন—'নিল্চরই আছে। সেরকম সুথ তা হলে এমন কিছু একটা জিনিস যার জনাই মানুষ বেঁচে থাকে, যার জন্য প্রাণ দের। কিন্তু সারা পৃথিবীতে সেটা প্রতিষ্ঠিত হতে এখনও কিছু দেরী হতে পারে।' তথন আমি বললাম, 'যদি প্রতিষ্ঠিত হয় তবেই তো।' তিনি বললেন, 'নিল্চরই হবে'।

কিছু দিন পর আমি জয়াকে বাড়ী নিতে এলাম, গাইদার আমাদের গেট পর্বস্ত এগিয়ে এলেন। হাতে হাত মিলিয়ে তিনি আমাদের বিদার দিয়ে জয়াকে একটি বই দিলেন।

''এটা আমার লেখা—স্মারক হিসাবে দিলাম।'' মলাটের উপরে দুটো ছেলে ক্যাড়া করছে, একজন নীল পোষাকপরা রোগা, আর একজন মোটাসোটা ধুসর রুংরের পোষাক পরা। ওরা হল চুক আর গেক! খুসীতে ডগমগ হরে জয়া তাকে ধনাবাদ দিল, আমরা গেট দিয়ে বেরিয়ে এলাম, গাইদার দাঁড়িয়ে আমাদের দিকে তাকিরে হাত নাড়তে লাগলেন। শেষ বারের মত পিছন ফিরে তাকিরে দেখলাম, ধীরে ধীরে তিনি বাড়ীর দিকে হেঁটে যাচ্ছেন।

হঠাৎ জয়া থেমে গেল—''মা তিনি বোধহর আমাকে কিছু লিখে দিয়েছেন।''
খুলবে কি খুলবেনা খানিক ইতন্তত করে জয়া শেষে খুলল বইটা। মলাটের
বিতীয় পাতায় বড় বড় পরিষ্কার করে আমাদের আঁতপরিচিত শব্দ কয়টি
লেখা—

"সুখ কাকে বলে?—প্রত্যেকে বার যার বুচি অনুযায়ী সুখের মানে করে নিল। কিন্তু প্রত্যেকেই জানত যে তার। সসম্মানে বাস করবে, কঠোর পরিপ্রম করবে, প্রিয় মাতৃভূমি সোবিয়েত দেশকে ভালবাসবে, শ্রন্ধা করবে—তাহলেই সুখের সন্ধান পাবে।"

জরা ধীরে ধীরে বলল—''আমার প্রশ্নের জবাব।'' স্বাস্থ্যনিবাস থেকে ক্ষিরে আসার কিছুদিন পর ও স্কুলে বেতে আরম্ভ করল, আরও একবংসর বিশ্রাম করার কথা সে মোটেই শুনল না।

ক্লাশের বন্ধু

জরা বলল—''ওরা আমাকে স্কুলে যেতে দেখে ভারী খুসী হরেছে। ওরা এমন দরদী—আমাকে যেভাবে দেখতে লাগল তাতে মনে হল আমি যেন কাঁচের তৈরী, হাত দিলেই ভেঙ্গে যাব, তবুও এত সাবধানী হতে দেখলে ভালই লাগে।"

একদিন জয়া কাতিয়া আব্দিয়েডনা নামে ওদের একটি ক্লাসের পড়ৄয়াকে নিয়ে এল আমাদের বাড়ী। মুখটা তার গোলগাল, গালদুটো গোলাপী, সর্বাঙ্গে স্থান্থ্যের প্রাচুর্য।

হেসে আমার হাত নাড়া দিয়ে সে বলল—"এই বে কেমন আছেন ?" জরা বলল—'কাতিরা আমাকে অঙ্ক শিথিয়ে দেবে।"

"শুরা কি পারত ন।? কেন কাতিয়াকে কর্ট দেবে শুধু শুধু।"

কাতির। গাড়ীর ভাবে বলল — "দেখন লিউবোচ তিমোফিরেভ্না, শ্রোর শেখাবার ক্ষমতা নেই, জরার অনুপশ্ছিতিতে আমরা এত বেশী পড়ে ফেলেছি, সেগুলো পরপর জরাকে বুঝিরে দিতে হবে আন্তে আন্তে। কিন্তু শ্রাকে পড়াতে আমি শ্নেছি.....এক, দুই, তিন—এইরকম হল বাাপারটা। এভাবে তো চলবেনা।"

"তা, শ্রো যথন পড়াতে পারেই না....."

"হেসোনা মা, শ্রা সত্যিই ভাল করে বোঝাতে পারে না।" জরা বলল, "কিন্তু দেখে। কাতিয়া কি সুন্দর পারে....."

শীগগিরই বৃষতে পারলাম কাতিরা সতিটে বোঝানোতে খুব পট্ব। বতক্ষণ পর্বন্ত না সে নিশ্চিত বৃষতে পারছে যে ব্যাপারটা জয়ার মাধার ঢুকেছে, ততক্ষণ সে বুঝিরে দিত, ভাড়াহুড়ো করত না। একবার শনেতে পেলাম জরা বলছে, "আমার জন্য এত সময় কেন যে নন্ট করছ...."

কাতিয়া রেগে জবাব দিল—"কি বলছ তুমি! তোমার কাছে ব্যাপারটা পরিব্দার করে ব্যাখ্যা করতে গিরে আমারও এত ভাল শেখা হয়ে যায় যে আমাকে আবার বাড়ী গিরে করতে হয় না। ব্যাপারটা একই তো দাঁড়াছে।"

জরা খ্ব তাড়াতাড়ি ক্লান্ত হয়ে পড়ত, এটা কাতিয়ার চোখ এড়ায়নি। ও বইগুলো একপাশে সরিয়ে রেখে বলত, "আমার বড় একঘেরে লাগছে, চল খানিকক্ষণ অন্য কিছু গম্প করি।"

কথনও বা ওর। বাইরে বেরিয়ে খেড, একটু হেঁটে আবার এসে পড়াশোন। করতে বসত।

শ্বরা একদিন ঠাট্টা করে বলল—"তুমি কি শিক্ষিকা হবে বলে ঠিক করেছ?" কাতির। গছীর ভাবে বলল—"ঠিক তাই।"

কেবল মাত্র কাতিরাই যে আমার ছেলেমেরেদের সঙ্গে আমাদের বাড়ী আসত তা নর, ইরা আসত, ছেলেরাও আসত, বিনরী লাজুক ভানিরা নোসেনকভ্, পেতিরা সিমোনোভ্, ফুটবল খেলা আর তর্কাভর্কির বিষর পেলে তার কিছুই আর লাগতনা; খুসী আর উৎসাহে ভরপুর। ওলেগ বালাসোভ্, ভারী সুন্দর দেখতে, বিশেষ করে ওর কপালটা ছিল বেশ চওড়া। মাঝে মাঝে আসত রুবা বাউদো। ও ছিল ওদের পাশা পাশি ক্লাশের ছাত্র, লখা রোগা ছেলেটি, মুখে তার একটু ষেন বিদ্রুপের ভাব। আর আমাদের ঘরটা তথন শক্ষে আর হাসিতে ভরে ষেত, মেরেরা পড়ার বই গুছিরে রাথত আর একসঙ্গে সব্কিছু বিষয়ে আলাপ চলত।

"জান তোমরা, কেবলমাত্র তারাসোভাই যে 'আানা কারেনিনা'র ভূমিকায় অভিনয় করে তা নয়, ইলানস্কায়া বলে আরও একজন অভিনেত্রী আছে," বলে হয়ত ইয়া সুরুকরল আর লেগে গেল তুম্ল তর্কবিত্তক, কোন্ অভিনেত্রীর ভাব বেশী, কার টলস্টয়ের মর্মকথা বুঝবার ক্ষমতা বেশী, এই সব।

একবার ওলেগ—তার বল্প ছিল সে বিমানচালক হবে, সিনেমা থেকে সোজ। আমাদের এখানে এসে উপস্থিত, সেখানে চ্কালভের সম্বন্ধে একটা ছবি দেখে সে একেবারে উচ্চুসিত হরে উঠেছে।

বারবারই বলতে লাগল—"একটা মানুষ বটে! শুধুমান্ন অসাধারণ বিমানচালক নর, সভিজারের আশ্চর্য মানুষ! কি সুন্দর তার রসিকতা-জ্ঞান। শোন, ১৯৩৭ সালে বখন সুমের অভিক্রম করে আমেরিক। গিরে পৌছন, সাংবাদিকরা তাঁকে প্রশ্ন করে—"আছে। চ্কালন্ড, আপনি কি ধনী?" "হাঁা, ভরানক বড়লোক, আমার আছে একণত সত্তর লক্ষ।" মার্কিনীরা ত একেবারে হাঁা, "একণো সত্তর লক্ষ?" কি—রুবল, না ভলার? চ্কালন্ড নিতান্ত ঠান্তা মেজাজে বললেন—"বেমনি করে আমি আমার দেশবাসীর জন্য কাজ করে বাছি ঠিক তেমনি করে একশো সত্তর লক্ষ দেশবাসী আছে আমার সহারভা করতে-।"

ছেলেমেয়ের। হেসে উঠল।

আরেকবার ভানির৷ "দি জেনারেল" নামে একটা কবিতা পড়েছিল— শ্পেনের বুদ্ধে নিহত মাতে জালকার স্মৃতিতে এই কবিতাটি লেখা—সে সন্ধাটা আমার বেশ মনে আছে, ভানিয়ার মুখ ভাবগভীর, সে বসেছিল টেবিলের কাছে, অন্য স্বাই কেউবা ছিল বিছানায় বসে, কেউ বা জানালার তাকে—

পাহাড়ে আজ দ্বেন্ত শীত,
বহুদিনের প্রহারর পরিপ্রান্ত
শীতার্ড, ক্লান্ত হাত দুখানি
শিবির বহিশিখার গরম করে নিচ্ছিল
ধীরে ধীরে উগবগ করছে কফির পাত্র
ক্লান্ত সেনানীরা অচেতন নিরার
আরগা বনানী ঝকমক করে—
বিমন্ত পত্রগুচ্ছ মর্মর ধ্বনি করে।
হঠাৎ তন্তাভঙ্গ হল অধিনারকের
বনানীর সীমারেখা হল বিশ্তৃত
প্রির মাতৃভূমি হাঙ্গেরীর লেবুগাছগুলো যেন
তার মাথার পরে ফিস ফিস করে।

ভানিয়া পড়ছিল সহজ, সুন্দর করে, যথাসাধ্য বেদনার ছায়া চেপে রেখেছিল সে, কিন্তু আমাদের প্রত্যেকেরই মনে হচ্ছিল ঐ সংযত কবিতাটির মধ্যে বয়ে চলেছে হদরের তীর স্পন্দন! ভানিয়ার দৃষ্টি অস্বাভাবিক রকম গভীর আর দৃঢ় হয়ে এল— তার মধ্য দিয়ে দৃর আরাগ° রাত্তির দিকে গর্বেণদ্ধত দৃঃখের সঙ্গে তাকিরে থাকা বালকটির চেহার। ফুটে উঠল—

> `মাতৃভূমি তার সুদূরে ষেখানেই থাকনা কেন সে হাঙ্গেরীর আকাশ থাকে তার মাথার 'পরে--হাঙ্গেরীর মাটি তার পায়ের নীচে। হাঙেগরীর গৈরিক পতাকা জল জল করছে তার হাতে থেখানেই সে লড়াই করক তার লড়াই সবই হল মাতৃভূমি হাঙ্গেরীর জনা। আর এই সামান্য কিছু দিন মাত্র পূর্বে শোনা গেল মঙ্কোর অনেকের মুখে ক্লার্মান বোমার আঘাতে ওয়ে কার যুদ্ধে সে বীর হয়েছে নিহত। সে গুজবে বিশ্বাস করি না আমি জানি আমি সে লডছে শেপনে আর মত্যুর পূর্বে ভাকে সাদরে বরণ করবে তার দেশবাসী, আবার বৃদাপেন্তে

তার দেশবাসী, আবার বুদাপেশেত।
সে বেঁচে আছে ওয়েশ্বার কাছকাছি কোথাও
যেখানে ক্লান্ত সৈনিকেরা নিদ্রা যার,
তার মাথার উপরে লরেল পত্রগুচ্ছ চকচক করে
আর বিমন্ত পাতার খস খস ধর্বনি শোনা যার।
তাই হঠাৎ চমক দিয়ে অধিনায়কের মনে হর
বনানীর সীমারেখা হল বিশ্তৃততর,
প্রিয় মাড্ভূমি হাঙ্গেরীর লেবুগাছগুলি যেন
তার মাথার পরে ফিস ফিস করে।

ভানিয়া থামল। কেউই একটি কথাও বলল না। নড়ল না পর্যন্ত, বেদিন "মাদ্রিদ", "গুরাদালাজারা", "ওয়েদ্রু" এ সব নাম লোকের মুখে মুখে ফিরত, দৃর সীমান্তের প্রতিটি খবর বেদিন আমাদের হংম্পন্দন করত দ্রুততর, প্রতিটি ঘটনা আমাদের মনপ্রাণকে করত আন্দোলিত সেদিনের ঘটনাপ্রবাহ যেন আমাদের চোখের সামনে এসে উপস্থিত হল, ঐ করুণ সুর যেন আমাদের উড়িয়ে নিয়ে গেল।

নীরবতা ভঙ্গ করে শ্রা বলগ—"আঃ কি চমৎকার!" তক্ষুণি চারদিক থেকে প্রশের পর প্রশ্ন বর্ষিত হতে লাগল—"কে লিথেছে, কোথায় পেলে?"

"১৯৩৭ সালে লেখা হয়েছে এটা, কিন্তু অস্প কিছুদিন আগে মাত্র একটা কাগজে পেরেছি, বেশ ভাল, নয় ?"

সকলে সমস্বরে বলে উঠল ''আমর। ট্রকে নেব।''

ভানির। মত্তব্য করল—"শ্রেপন…শেনের মত এরকম বিপর্যর আর একটাই ঘটেছে—সে হল প্যারীর পতন।"

জয়া বলন—"হঁগে, গ্রীডেমর দেদিনটার কথা আমার বেশ মনে আছে, খবরের কাগন্ধ এল—আর তাতে লেখা—প্যারীর পতন হরেছে, কি ভীষণ, কি লক্ষা।"

ধীরে ধীরে ভানিরা বলল—''আমার সেদিনটার কথা মনে আছে—ফ্যাশিশ্টরা প্যারীর রাজপথে সবুট পদক্ষেপে মার্চ করে বেড়াছে, এ কি সহজে বিশ্বাস করা বার! ক্যানার্ডদের প্যারী, নাৎসীপদানত প্যারী...।''

পেতিরা সিমোনোভ শাশ্তস্থরে বলল—''আমি যদি সেথানে থাকতাম—আমাদের লোকেরা যেমন করে স্পেনে লড়েছে—তেমনি করে আমার শেষ রক্তবিন্দু দিরে আমি লড়তাম প্যারীর জন্য ।" কেউই বিশ্বিত হল ন। তার কথার ।

শর্রা দীর্ঘনিশ্বাস ফেলে—"আমিও এরকম স্বপ্ন দেখেছি, প্রথমে স্পেনে, পরে হোরাইট ফিনদের বিবুদ্ধে-—কিন্তু কোনটাই পারিনি।"

আমি ওদের কথা শুনতে শুনতে ভাবতাম, কি চমৎকার সব মানুষই তৈরী হচ্ছে।
সেবারে শীতে আমি জয়া আর শ্রোর বন্ধুদের বেশ ভাল করে চিনে ফেললাম,
আমার ছেলেমেরেদের যে বে চরিত্রগুণ লক্ষ্য করতাম সেই সব ওদেরও মধ্যে লক্ষ্য

করে আমি ভাবতাম—এরকমই ত হওয়া উচিত, পরিবার ত আ**র তালাবন্ধ** বাক্স নর, স্কুলও তা নর। স্কুল, পরিবার, ছেলেমেয়ে স্বারই জীবন দেশের উত্থান পতন, ভাবনা চিম্তা, আশা নিরাশার সঙ্গে মিলিয়ে। চারদিকের ঘটনাপ্রবাহও আমাদের ছেলেমেয়েদের শিক্ষা দিতে সাহাষ্য করে।

ধর ষেমন, অতীতের কত বিখ্যাত বিখ্যাত জিনিসের আবিৎকারকদের নাম পর্যন্ত অঙ্গানা রয়ে গিয়েছে। কিন্তু এখন বে কেউ কঠোর পরিশ্রম করলে. কোন বিদ্যা-বৃদ্ধির কাজ দেখাঙ্গে বিখাত হয়ে উঠতে পারে। প্রত্যেক আবিষ্কর্তাদের দেশের লোকে শ্রদ্ধা ও ভালবাস। দিয়ে অভিনান্দত করে তোলে। এই ধর যে মেয়েটি অনেক গুণ বেশী শব্ত, সুন্দর কাপড় তৈরী করার নতুন যন্ত্রটি আবিৎকার করেছে, তার দৃষ্টাষ্টেত সারা দেশের শ্রমিকরা অনুপ্রাণিত। এই ট্রাক্টরচালক মেয়েটি এত নিপুণতার সঙ্গে কাজ করে যে আগে তার নাম লোকে না জানলেও এখন সে পায় সবারই শ্রদ্ধা ও ভালবাসা। এই যে ছেলেমেয়েদের নত্তন বই ''তাইমুর এয়াণ্ড হিজ কেরায়াড"—এ তো সম্মান, বন্ধুত্বের অনুভূতি, মানবিক মর্যাদার প্রতি শ্রন্ধা নিয়েই রচিত হয়েছে। নতুন ছবি "দি ডন অব প্যারী"-র বিষয়বঙ্কু ফ্রাঞ্সের জনগণ, পোলিশ দেশপ্রেমিক ডমরেম্কি যিনি নিজের দেশের স্বাধীনত। ও সুখের জন্য প্যারীর ব্যারিকেডে দাঁড়িয়ে লড়াই করেছিলেন। আমাদের ছেলেমেয়েরা এই সব সং, সাহসী, বীরত্বপূর্ণ সহদয় আদর্শে ভরা এই সব ছবি দেখে, বই পড়ে। তারা এ সব পড়ার জন্য এতই উম্মুখ হয়ে থাকে যেন পাওয়া মাত্র গিলে ফেলতে চায়। এও দেখেছি ষে, আমার ছেলেদের এবং তাদের বন্ধুদের কাছে যদিও তাদের জ্মভূমির চেয়ে প্রিয় আর কিছুই নেই, তবুও এই বিশাল প্রথিবীটাও তাদের প্রিয়। তাদের কাছে ফ্রান্স পোতাণার আর লাভাল-এর দেশ নয়, ক্যানার্ডদের ফ্রান্স, প্ত'দাল আর বালজ্ঞাক-এর দেশ ফ্রাম্স। তাদের চোখে ইংরেজরা শেকস্পীয়রের বংশধর, আমেরিকানরা লিক্কন্ আর ওয়াশিংটন, মার্ক টোয়েইন আর জ্যাক লগুনদের জাতভাই মাত্র। আর তারা যদিও জানে জার্মানী বর্বরের মত লড়াই করেছে —পৃথিবীতে যুদ্ধ বাধিয়েছে, ফ্রাম্স, চেকোশেলাভাকিয়া, নরওয়ে দথল করেছে,— তবুও তাদের কাছে সত্যিকারের জার্মানীর পরিচয় হিটলার, গোয়েবলসের জন্মদাত্রী হিসেবে নর, তাদের জার্মানী বেঠোফেন-এর দেশ, গোটে আর হেইনের দেশ, কার্ল মার্কসের মাতৃভূমি জার্মানী। তাদের মনে নিজের দেশের প্রতি এক তীর জলস্ত ভালবাসা বিকাশের সংগ্যাসঙ্গে অন্য লোকের প্রতি শ্রন্ধা, পৃথিবীর অন্যাসব জ্বাতির বেখানে বা কিছু সুন্দর, যা কিছু ভাল তার প্রতি ওদের জাগ্রত সন্মানবোধের বিকাশ र्का

ছেলেমেরেরা চারণিকে বা দেখেছে, স্কুলে বা শিক্ষা পেরেছে, তাতে তাদের মনে জাগিরেছে প্রকৃত মনুব্যথের প্রতি শ্রদ্ধা আর জাগিরেছে গড়ে তোলার জন্য তীর আকাশকা—ধ্বংস করার জন্য নর ।

আমি ভাদের ভবিষ্যতে বিশ্বাস করি, আশা রাখি তারা সকলেই স্থী ও উচ্চল জীবন গড়ে তুলবে।

যৌৰনের রং সবুজ

দিন কেটে বার । জরা স্বাস্থ্য ফিরে পেল, আমরাও খুব খুসী হলাম । আবার সে বেশ শন্তদমর্থ হরে উঠেছে, এখন আর অত তাড়াতাড়ি ক্লান্ত হরে পড়ে না । ক্লমশ —তার বন্ধুদের ধন্যবাদ—ও ক্লাশের বাকী পড়াগুলো শিখে ফেলেছে। যে কোন রক্ম দরা বা বন্ধুদের নিদর্শনকে জয়া বিশেষ মূল্য দিত, বন্ধুদের প্রতি ওর কৃতজ্ঞতার সীমানেই।

মনে আছে একবার জয়। আমাকে বলেছিল, "জান মা আমি বরাবরই স্কুলে বেতে খুব ভালবাসতাম কিন্তু এখন..."

ও নীরব হয়ে রইল কিন্তু সে নীরবভার মধ্যে কথার চেয়েও বেশী অনুভূতি প্রকাশ পেল। একট্ পরে আবার বলল—''জানো—নিনা দেমলিওনোভার সঙ্গে আমার বঙ্গুর হয়েছে, সে আমাদের সমান ক্লাশের ছাত্রী। মেয়েটি আমার একেবারে মনের মতন, বেশ গভ়ীর-হদয় আর দপত্বৈতা। একদিন আমরা লাইতেরীতে আমাদের প্রিয় বই, প্রিয় বঙ্গুদের সম্বন্ধে খুব আলোচনা করছিলাম, দেখলাম প্রভ্যেক ব্যাপারেই আমরা একমত। খুব শীর্গাগরই আমি তোমাকে তার সঙ্গে পরিচয় করিয়ে দেব।

করেকদিন পরে ভোরা সাজিরভিনা নভোসেলোভার সঙ্গে দেখা হল রাস্তায়। আমি জিজ্ঞেস করলাম—"জয়া কিরকম পড়াশোনা করছে?"

"আমার বিষয় সে অনেকদিন আগেই সব শিখে নিয়েছে, ও এত পড়াশোন। করেছে…ও যে ক্রমণ ভাল হয়ে উঠেছে, আগের থেকে বল পেয়েছে দেখে আমর। বেণ খুসী হয়েছি, ওর বন্ধুবান্ধবদের সঙ্গে প্রায়ই আমি ওকে দেখি। মনে হচ্ছে নিনার সঙ্গে ওর বেশ বন্ধুত্ব হয়েছে, তার। দুজনেই এক স্বভাবের। মান্ত্র সম্বন্ধে অথবা পড়ার বিষয়ে ওদের দুজনের মতামত প্রায় একই রকম, সব কিছুই গভীরভাবে দেখে।"

ভের। সার্জিরেভ্নার সঙ্গে শকুল পর্যন্ত গেলাম, বাড়ী ফেরার পথে আমি ভাবলাম
—"কি ভাল করেই তিনি তাঁর ছাত্র ছাত্রীদের চেনেন।"

বসস্ত এল সেবার—হঠাৎ তার সবৃদ্ধ রং নিরে। আমার ঠিক মনে নেই, সেবার নবমশ্রেণীর ছাত্রেরা কি একটা খারাপ কাজ করেছিল—তবে এট্কু মনে আছে গোটা ক্লাসের ছাত্রছাত্রীরা অন্তপ্ত হরে অধ্যক্ষের কাছে আবেদন জানিরেছিল ভাদের শাত্তি না দিরে, দ্কুল বাগানের সব চেরে শক্ত জারগায় চারা লাগাবার কাজ দেওরা হোক।

নিকোলাই ভাসিলিরেভিচ্ রাজি হলেন, তবে তিনি কোনই দয়া দেখালেন না, সতিয় সভিয়েই সব চেয়ে শক্ত জান্নগান্ন তিনি তাদের কাজ দিলেন, যেখানে স্কুলের লাগোরা নতুন তিনভলা বাড়ীটা সবেমাত্র মাধাচাড়া দিয়ে উঠেছে, ইণ্টের কুচিডে জান্নগাটা একেবারে ঠাসা।

জর। আর শুরা সেদিন দেরী করে বাড়ী ফিরল। ওদের সারাদিনের কাচ্চ সম্বন্ধে বলতে গিয়ে রীতিমত প্রতিযোগিতা লাগিয়ে দিল। কোদাশ আর ঝুড়ি নিয়ে নবমশ্রেণী 'ক' বিভাগ লেগে গেল জ্বাম পরিজ্কার আর সমান করতে, জ্ঞাল বয়ে নিয়ে যাওয়া। গঠ খে'ড়ে। আরুত্ত হুরে গেল। অধ্যক্ষ নিকোলাই কিরিক্ড, ওদের সঙ্গে কাজ করছিলেন—পাথরকুচি বয়ে নিয়ে যাচ্ছিলেন, মাটি খু'ড়ে গর্ড করছিলেন। হঠাং একজন রোগা লখামতন লোক ছেলেদের সামনে এসে উপস্থিত। 'হালো'—বলে উঠলেন তিনি।

''र्गाला''—वनन ছात्रहातीया नभवत्य ।

''অধ্যক্ষকে কোথায় পাওয়া যাবে বলতে পার ?"

কিরিকন্ত আগস্তুকের দিকে ফিরে, ময়ল। হাতদুটো ঝাড়তে ঝাড়তে বললেন—
"এই যে আমি !"

জরা হাসতে হাসতে বলে উঠল—''তিনি দাঁড়ালেন সর্বাঙ্গে কাদামাথা, হাতে একটা কোদাল, যেন এইই নিতান্ত স্বাভাবিক, যেন অধ্যক্ষের কাঞ্চই হল ছাত্রদের সঙ্গে মিশে গাছ লাগান।''

দেখা গেল রোগা লোকটি শিশু-সাহিত্যিক, আর 'প্রান্ডদার' সংবাদদাতা। প্রথমে ত তিনি অবাক হয়ে গিয়েছিলেন যে এই চওড়া ক'।ধওয়ালা লোকটিই ২০১নং স্কুলের অধ্যক্ষ; তারপ্র তিনি হাসলেন, তিনি যে অন্য কোন বিশেষ কাজে এসেছিলেন স্কুলে, সে কথা ভূলে সারা বিকালটা সে জায়গা ছেড়ে আর উঠলেন না। ছেলেমেরেদের তৈরী নতুন ফলের বাগানটার দিকে তাকিয়ে রইলেন। রাস্পবেরীর ঝোপ, গোলাপের চারা দেখে দেখে তিনি বললেন বল্লালু চোখে—"আচর্ব…মনে কর মাঝামাঝি ক্লাশে থাকতে একটা আপেলগাছ লাগালে ডোমরা, স্কুলবাগানে নিজ্বাতে। তোমাদের বড় হবার সলো সঙ্গে এটাও বড় হলঃ টিফিনের ফণকে ফণকে একবার করে তার দিকে নজর করে যাছে, মাটি খ্ণুড়, জল দিয়ে, পোকামাকড় নদ্ট করে এর বত্ব করছ, এখন যখন তোমার স্কুল ছাড়ার সময় হল, আপেলগাছে তার আগেই ফল ধরতে শুরু করেছে…চমংকার…।"

জয়াও বলল আবার স্বপ্নাল, চোখে—"চমংকার, এখন নবম গ্রেণীতে পড়ছি আমি, আজ একটা লিণ্ডেন গাছ লাগিরেছি। আমি আর আমার গাছ একই সঙ্গে বেড়ে উঠব...তৃতীয় গাছটা হল আমার পোঁতা, মনে রেখে। মা আর চতুর্থ গাছটা কাতিয়া আন্তিয়েন্ডনার।"

করেকদিন পর "প্রান্তদা'র প্রকাশিত হল কি করে ২০১ নং স্কুলের নবম শ্রেণী বিভাগের ছাত্রছাত্রীরা তাদের নিজয় বাগান তৈরী করেছে, উপসংহারে সাংবাদিক বলছেনঃ

'প্রকৃলের শেষ পরীক্ষা হয়ে এল। তরুণ ছাত্রছাত্রীরা স্কুল শেষ করে নতুন জীবনে প্রবেশ করেছে, তাদেব শিক্ষার ভিত্তি দৃঢ়, উন্নত; স্কুলে থোলামাঠের তুষার, ঝড়ঝান্টা তারা সহ্য করতে শিথেছে। এই স্কুলের ছাত্রেরা কাজ করতে, উচ্চ শিক্ষা নিতে, লালফৌজে যোগ দিতে শুরু করবে,—নেক্লাসভ-এর গানে বেমন পাই বনানীর শ্যামল গতি, এরাও তেমনি অরণ্যের সবুজের মত হবে অপরাজের।" ২৯শে জুন দশম শ্রেণীকে বিদার অভিনন্দন জানাবার জন্য একটি পার্টির ব্যবস্থা হল। নবম শ্রেণী ক বিজ্ঞাগের সবাই এতে যোগ দেবে স্থির করল।

শুরা বলল—''প্রথমত তার। আমাদের বন্ধু, তাদের মধ্যে ভাল ভাল অনেকে আছে, ভানির। বেলিখ একাই ত এক ভলনের সমান।''

কাতিয়া বলল—"আর দ্বিতীয়ত ওদের ব্যাপারটা কি রক্ম **উৎরোর** দেখবো, পরের বছর হয়ত আমরা আরও নতুন রকম করে করব।"

নাচের জন্য, অতিথি হিসাবে, দর্শক হিসাবে, অংশগ্রহণকারী হিসাবে, আর প্রতিবন্ধী হিসাবেও বটে ওরা তৈরী হল, মনে মনে ওদের ইচ্ছা আগামী বছর ওরা এমন চমংকার নাচের আয়োজন করবে যে কোন স্কুল কোনদিন, এমন চমংকার নাচের কথা ভাবেইনি, শোনা ত দুরের কথা।

ভুইং মাস্টার নিকোলাই ইভানোভিচ স্কুল সাঞ্চানোর সাহায্য করলেন। ২০১ নং স্কুলের যা বিশেষ প্রয়োজন সেই নিপুণ করিংকর্মা। হাতদুটির জন্য তিনি প্রসিদ্ধ ছিলেন। প্রত্যেকবারই তিনি নতুন নতুন ঢং-এ স্কুল সাজিরে দিতেন অক্টোবর বিপ্লববার্থিকীর দিনে, নববর্ষে, মে-দিবঙ্গে, প্রত্যেক বারই নতুন, অসাধারণ কিছু ভেবে বার করতেন। তার কথামত কাজ করতে বাচ্চারা দারুণ উৎসাহ বোধ করত।

শুরা বলল—"এবার তিনি যথাসাধ্য করবেন।"

সন্ধাটো বেশ ঝরঝরে আর গরম ছিল, আমি দেরী করে প্রায় দশটার সময় বাড়ী ফিরলাম। ছেলেমেয়ের। আরও আগেই নাচের পার্টিতে বেরিয়ে গিয়েছে। একটু পরে আমি আবার বাইরে গেলাম, বাইরের বারান্দায় নিশ্চিন্তে অনেকক্ষণ বসে রইলাম, নিন্তর রাগ্রিতে সতেজ পাতার গন্ধে অভিভূত হয়ে আনন্দিত মনে আমি বসেছিলাম, ঠিক কোন কিছু ভাবছিলাম না। এবার আমি উঠে দাঁড়িয়ে খীরে ফুলের দিকে এগিয়ে গেলাম, আমার ইছে ছিল কেবলমান্ত দূরে থেকেও যদি একবার দেখতে পেতাম নিকোলাই ইভানোভিচ্ তার নিজের ক্ষমতাকে হার মানিয়ে কি রকম করে ফুল সাজিয়েছেন, ছেলেমেয়ের। কি রকম আনন্দ পাছে, প্রকৃতপক্ষে কেন যে গেলাম তা আমি জানি না। হাঁটতে হাঁটতে চলে গেলাম—এই পর্যন্ত হানি।

মেরেলি গলার শোনা গেল—''২০১ নং স্কুলটা কোথার বলতে পারেন ?'' আমি ঘুরে দাঁড়াবার আগেই মোটা গলার দরদীভাবে কে যেন জবাব দিল— ''কিরিকভের স্কুল? সোজা গিরে বশক ঘুরলেই কোণার দেখতে পাবেন। ঐ যে গান শুনতে পাছেন না ?"

স্বামিও গান শ্নতে পাচ্ছিলাম, মোড় বুরতেই দেখালাম গোটা বাড়ীটা স্বালোর কলমল করছে। জানালাগুলো খোলা। আমি ভিতরে ঢুকে চারদিকে তাকিরে ধীরে ধীরে সিণ্ডর দিকে নজর দিলাম। হাঁা, নিকোলাই ইভানোভিচ্ খুবই চমংকার সাজিরেছেন, সাজানোর গুণে মনে হচ্ছে যেন গ্রীংম ঋতুর আবিশুনি হয়েছে স্কুলে। সর্বন্তই ফুল আর সবুজের মেলা। ফুলদানীতে, টবে, পাত্রে, মেঝেতে, জানলার, প্রতিটি কোণার, প্রতিটি সিণ্ডিতে, গোলাপের তোড়া, গাঢ় সবুজ ফারের মালা, লাইলাকের বড় বড় গোছা, বার্চের কেসের মত কারকার্য্যয় শাখা, ফুল আর সর্ব্য ...।

গান, হাদি আর হল্লার দিকে এগোলাম, হলের বিরাট খোলা দরজাটার থামলাম, এত আলো, এত সব তর্ণ উজ্জল মুখ, চোখ আমার ঝলসে গেল। শ্রা যার কথা বলেছিল, সেই ভানিয়াকে চিনতে পারলাম। ও ছিল ছাত্ত-সমিতির সভাপতি, চমংকার কমসোমল-সভা, লেখাপড়ার চমংকার। রাজমিস্ত্রীর ছেলে, নিজেও চুণবালির কাজে ওস্থাদ, বেশ বুদ্ধিমান আর নিপ্রণ হাত দুখানা তার...। নীচের শ্রেণীতে জয়া আর শ্রাকে যিনি পড়াতেন, সেই লিদিয়া নিকোলাইভে্নার ছেলে ভলোদিয়া য়্রিরেংকেও দেখলাম। ছেলেটির উজ্জল চোখ, উ'চু ভুরু, মুধের গভীর পবিত্র ভাব আমাকে চিরকাল অবাক করেছে, এখন কিস্তু সে নাচতে নাচতে ঘুরে যাওয়া জোড়া জোড়া ছেলেমেয়েদের উপর রঙীন কাগজের কুচি ছু'ড়ে ফেলছে। ছোট বাচচার মত হেসে গড়িয়ে পড়ছে...এইবার আমি শ্রাকে চিনতে পারলাম. দেয়ালের দিকে পিঠ দিয়ে দাঁড়িয়ে আছে—সোনালী চুলওয়ালা একটি মেয়ে তার সঙ্গে ওয়াল্জ্ নাচার জন্য শ্রাকে ডাকছে, ছেলে আমার সলজ্জ হেসে আস্তে আসে মাথা নাড়ছে।

ঐ বে জয়া, কালো ফুটকিওয়ালা লাল টুকটুকে একটা জামা গায়, শ্রেরর দেওয়া টাকাটা দিয়ে সে এই জামাটা কিনেছে। তারও জামাটা ভারী মানিয়েছে, প্রথমবার দেখে শ্রো খুব খুসী হয়ে বলেছিল—''জামাটা তোমায় খুব মানাছে।''

লয়া কালো একটি ছেলের সঙ্গে জয়া গম্প করছে, ওর নাম আমি জানি না। হাসিতে ভরা উজ্জল চোখ, গালদুটো লাল।

ওরাল্জ্ শেব হওরার জোড়া ভেঙ্গে সবাই আলাদা হরে এল, কিন্তু সেই মুহুতেই আনন্দচণ্ডল কঠে কে বেন আদেশ দিল, ''সবাই গোল হয়ে দাঁড়াও।''

আবার নীল, গোলাপী, সাদা জামাগুলো ঝলমল করে উঠল, হাসিমাখা মুখগুলো ঝিলিক দিয়ে উঠলো।

প্রকৃল থেকে বেরিয়ে যাবার সময়ও কৌতৃকমর হাসির ফোয়ারা ভেপো পড়-ছিল, রাতের ঠাও। হাওয়ায় বেড়াতে বেড়াতে আমি ধীরে ধীরে রাস্তা দিয়ে হাঁটছিলাম। জয়া আর শ্রোকে প্রথম জুলে নিয়ে যাবার দিনটি আমার মনে এল—িক রকম বড় হয়ে উঠেছে ওয়া, ওদের বাবা যদি দেখতে পেতেন!

মক্ষোতে গরমের দিনের রাতগুলি খ্ব ছোট। রাচির নিস্তন্ধতা ভাঙে না, মাঝে মাঝে শোনা যার পথিকের পদশব্দ, হঠাৎ হরত গাড়ী আসে কোথা থেকে, আবার কোথার মিলিরে বার। কেমলিনের ঘন্টার ধ্বনি রেশ তোলে ঘুমন্ত নগরীর উপরে। কিন্তু ছুনের সেই রাডটাকে কোনমতেই নিন্তক বলা চলে না। সশব্দ হাসি, কণ্ঠকর, দুত্পারে চলার হাজা শব্দ অককারের ভিতর থেকে শোনা যাছিল, হয়ত একটা গানেরই কলি শোনা গেল। মানুষ এই অনভাস্ত সময়ে হঠাং জেগে উঠে জানালায় একটা উকি মারল, মৃদু হাসি খেলে গেল তাদের ঠেগটে। কেউ জিল্ডাস করল না কেন এই রাত্রে এত তরুণ তরুণী রাস্তায় চলাফেলা করছে, কেন ছেলেমেয়েয়া দশ পনেরজন মিলে কাঁধে কাঁধ মিলিয়ে ঘুরে বেড়াছে, কেনই বা তারা হাসি আর গান চাপতে না পেরে উচ্ছল হয় উঠছে, কেনই বা ফুটপাথ ছেড়ে রাস্তার মাঝখনে দিয়ে কলরব করতে করতে চলেছে। সবাই জানত তরুণ মজ্বো আজ ডিপ্রোমা পাবার দিনটিতে উৎসবে মত্ত।

জানাল। দিরে নবীন স্থের প্রভাতর িম উ'কি মারার সংগ্যে সংগ্যে আমি চোথ খুললাম, রাতটা এত ছোট, ২২শে জুন ছিল সেদিন।

শ্রা তার বিছানার কাছে দাঁড়িয়েছিল, ওর সাবধানী টিপে টিপে চলা পায়ের শব্দেই নিশ্চয় আমার ঘুম ভেঙেছে।

জিজ্ঞাসা করলাম—"জয়া কোথায় ?"

"ইরার সঙ্গে একটু বেড়াতে গিয়েছে।"

"বেশ ভাল পার্টি' হয়েছে শ্বা ?"

''ওঃ, চমংকার! আমেরা আগেই চলে গিয়েছিলাম বিদায়ী ছাত্রর। বাতে শিক্ষকদের সঙ্গে নিরিবিলিতে কথাবার্ত। বলতে পারে। একটু ভদ্রত। করেই আর কি বুঝলে না—শিক্ষকদের কাছ থেকে যাতে ভাঙ্গ করে বিদায় নিতে পারে তাই।"

শ্বরা বিছানায় ঢ্বক্স। আমরা খানিকক্ষণ চুপ করে চেয়ে থাক্সাম। হঠাৎ খোলা জানালা দিয়ে গলার আওয়াজ ভেসে এল।

শ্রা চুপি চুপি বলল—"জয়া আর ইরা।"

মেরেপুটি জানালার নীচে এসে সোজা দাঁড়াল, কোন কিছু নিয়ে খ্বে তক' হচ্ছিল তাদের—

ইরার গলা ভেসে এল... "নিজেকে সে সময় মনে হবে পৃথিবীতে সবচেয়ে সুখী।"

"তা ঠিক, কিন্তু আমি বুঝতে পারছি না যাকে শ্রদ্ধা করি না তাকে কি করে, ভালবাসতে পারি ।" জয়া প্রতিবাদ করে উঠল ।

ইর৷ আহত হয়ে বলে উঠল—"তুমি কি করে এ রকম বলতে পার…এত বই পড়ার পরেও!"

"সেই জনাই ত বলছি —যাকে শ্রদ্ধা করি না, তাকে ভালও বাসি না "

"কিন্তু বইরে ত প্রেম সম্বন্ধে এ রকম লেখে না, বইরে লেখে প্রেমই হল সূথ… এ এক বিশেষ ধরনের অনুভূতি…"

''তাত নিশ্চয়ই, কিন্তু…।"

গলার সুর আন্তে আন্তে মিলিরে গেল।

শুরা আন্তে আন্তে বলল—''ইরাকে বাড়ী দিয়ে আসতে গিরেছে।" তারপর বড় ভাইরের মত উদ্বিগ্ন সুরে বলন—''দ্বীবন ওর কঠিন হবে মা, সব কিছুই ও বিশেষ এক দৃষ্টিকোণ থেকে দেখে।''

আমি বললাম—⁹'ভেবে। না, এখনো ও অনেক ছোট। সব কিছুই ঠিক হয়ে ষাবে শ্রো।''

সি'ড়িতে জয়ার সতর্ক পায়ের শব্দ শোন। গেল, আশ্তে দরজাটি খুলে ভিতরে এসে জিজ্ঞাসা করল—''তোমরা ঘূমিয়ে পড়েছো ?''

আমরা জবাব দিলাম না, নিঃশব্দে জরা জানালার কাছে গিয়ে অনেকক্ষণ দাঁড়িয়ে প্রভাতের আলোয়-ধোয়া আকাশের দিকে চেয়ে রইল।

২২শে জুন

সেদিনের প্রতিটি ঘটনা আমার কি পরিত্কার মনে আছে।

২২:শ জুন রবিবার, সামরিক বিদ্যালয়ের শেষ পরীক্ষায় আমি দেখাশোনার ভার নিরেছিলাম। পরিক্লার—রোদে ঝলমল সকলে, আমি দ্রাম ধরবার জন্য তাড়াতাড়ি যাচ্ছিলাম। জয়া আমাকে বিদায় দিতে এসেছিল, আমার পাশে পাশে হ'াটছিল, ও বেশ বেড়ে উঠেছে। লম্বা, পাতলা চেহারা,—গালে হাজা গোলাপী আভা, সুন্দর হাসির ঝিলিক দিয়ে যায় ওর ঠে'টে, স্র্বের কিরণের দিকে তাকিয়ে, চারদিকের সতেজ চেহারায় মৃকুলে ভরা লেবুগাছের দিকে চেয়ে ও মৃদ্ধ চোখে হাসছিল।

আমি ট্রামে উঠলাম, আমাকে হাত নেড়ে বিদায় দিয়ে এক সেকেণ্ডটাক দাঁড়িয়ে থেকে পিছন ফিরে বাড়ীর পথ ধরল।

প্রায় এক ঘন্টা লাগল সামরিক বিদ্যালয়ে গিয়ে পেণছতে। সাধারণত আমি ট্রামে কিছু পড়ি, কিন্তু সে সকালটা এত সুন্দর ছিল যে আমি প্ল্যাটফরমে দাঁড়িরেও নতুন গ্রীন্মের মধুর বাতাস প্রাণভরে নিজ্ঞিলায় নিশ্বাসের সঙ্গে। পথচলার সব রকম বাধা অগ্রাহ্য করেও চলস্ত ট্রাম-বাসের ভিতরে বইছে এই হাওয়া, প্লাটফরমে ভাঁড় করা ছেলেমেয়েদেরও সোনালা চূলগুলো। উড়িয়ে দিছে, আমার পাশের যারীরা ওঠানামা করছে, তিমিরিয়াজেন্ড একাডেমির স্টপে এসে ছাত্ররা নেমে পড়ে যার যার পথে পা বাড়াল। পরীক্ষার ভাঁড় রবিবার মানে না। তিমিরিয়াজেন্ড-এর মৃতির পাশে, রঙিন ফ্লের রাশির মাঝে মাঝে, বেণ্ডের উপর রসে থাকা দলবদ্ধ ছেলেমেয়েদের উপর চোথ বুলিয়ে নিলাম। মনে হল পড়ছে ওরা। হয়ত এদের মধ্যে পরীক্ষা পাশকরা ভাগ্যবানের দলও খুঁজলে পাওয়া যাবে। শরের দটপ-এ প্ল্যাটফরম এবং ট্রেনে চমংকার পোষাক আর লাল টাইপরা ছেলেমেয়ের ভিড়। খ্রুব অম্প বয়সী চশমা চোথে শিক্ষিকা একজন নজর রাখছে ওদের উপর, কেউ যেন বেশী গোলমাল না করে, সি'ড়িতে না দাঁড়ার, জানালা গলিয়ে বাইরের দিকে মাধা না বাড়ার।

চওড়া কাঁধওরালা এক তরুণ জিজ্ঞাসা করল—"আছে৷ মতলবটা কি মারিরা ভাসিলিরেন্ড্না? ক্লাশেও চুপ করে থাকব, এখানেও কথা বলব না—আমরা ত এখন ছুটিতে বাছিছ!"

শিক্ষিকার জবাব দেবার আগ্রহ নেই মোটেই। তার বদলে এমনভাবে তার দিকে তাকালেন যে সে বেচারার চোখ আপনা হতে নীচু হয়ে এল, নিশ্বাস ফেলে বেচারা চুপ করে গেল।

তারপর কিছুক্ষণ ধরে গাড়ীতে নেমে এল পবিত্র নীরবতা। তারপর একটি উজ্জল সোনালী চুলওরালা মেরে, তার চোখে দৃষ্ট্মির হাসি, সারা মুখে তার কৌতুকের ছটা, তার সঙ্গিনীকে কনুরের খেশচা দিয়ে ফিসফিস করে কি বলল—আর শ্রুর হয়ে গেল পরের মূহুতেই সকলের চাপা হাসি আর ফিসফিসানি। গাড়ীর মধ্যে এক-প্রাশত থেকে আর এক প্রান্ত পর্যন্ত শোনা যেতে লাগল মৌমাছির চাকের মত মৃদু গুঞ্জন।

ট্রাম থেকে নামলাম। পরীক্ষা আরম্ভ হতে আরও আধ বন্টা বাকী ছিল, চওড়া রাস্তা ধরে আমি ধীরে ধীরে হণ্টতে লাগলাম বইয়ের দোকানের জানালা-গুলোর দিকে তাকিয়ে তাকিয়ে দেখছি—শ্রাকে বলতে হবে, এখানে এসে দশম শ্রেণীর জন্য মান্চিত্র আর পড়ার বইগুলো কিনে নেবে। স্কুলের শেষ পরীক্ষার জন্য আমাদের আর্গেই প্রস্তৃত হওয়া ভাল। আর এই যে শিশ্প প্রদর্শনী যেখানে আসবার জন্য আমরা জম্পনা কম্পনা করছি...

⇒কুলে পেণছৈ আমি তিনতলায় উঠলাম, এত খালি দেখাছে যে পরীক্ষার সময় বলে মোটেই মনে হচ্ছে না। শিক্ষক-শিক্ষিকাদের বসবার ঘরে অধ্যক্ষের সঙ্গে দেখা হল।

তিনি বললেন—''লিউবোভ তিমোফিরেডনা, আজকের মত পরীক্ষা বাতিল করে দেওরা হয়েছে—কেন জানি না ছাত্রছাত্রীরা এখনও কেউ এসে পেণছাৈরনি ।''

তবুও কিছুই সন্দেহ না করলেও আমার মনে হল যেন হাত পা ঠাও। হয়ে আসছে, আমার ছাতেরা সৈন্যের মত কঠোর নিয়মশৃব্ধলার ভক্ত, তবে তারা কেন ঠিক পরীক্ষার দিনটিতে অনুপশ্থিত? ব্যাপার কি? কেউ ত বলতে পারে না।

রাস্তার আবার বেরিরে গিয়েও যেন আমার দমবন্ধ হয়ে আসতে লাগল, পথিকদের—সকলেরই যেন মুখে চোখে চিন্তার ছারা, কোথার গেল সেই সকালের সতেজ প্রসমতা, কোথার সেই আনন্দচণ্ডল ছুটির নেশার পাওয়া মন্ধার জনতা! প্রত্যেকেই যেন কোন কিছুর প্রতীক্ষা করছে—ধৈর্ম ধরা ক্রমশই অসম্ভব হয়ে উঠছে

—যেন ঝড়ের পূর্বাভাস পাছিছ —

ঘড় ঘড় শব্দে লোকভাঁত ট্রাম চলেছে—প্রায় সমস্ত রান্তাটাই আমাকে হেঁটে আসতে হল, বাড়ীর কাছাকাছি এসে একটা ট্রামে উঠে পড়ায় কমরেড মলোডভের বন্ধুতাটা শুনতে পেলাম না। কিন্তু বাড়ী পৌছনোর পরমূহ,তেঁ বে কথাগুলো কানে এল, তাতে সেই স্মরণীয় সকালের দমবন্ধকরা ঝড়ো আবহাওয়া ভেঙে খান খান হয়ে গেল।

আমার দিকে দৌড়ে আসতে আসতে আমার ছেলেমেরের।, ঠেচিরে উঠল— "যুদ্ধ, মা, যুদ্ধ!" দুজনেই তার। একসঙ্গে কথা বলতে লাগল—''যুদ্ধ লেগেছে —জার্মানী আমাদের আক্রমণ করেছে—সরাসরি যুদ্ধ খোষণা না করে তারা সীমান্ত লন্দন করে আক্রমণ সূরু করেছে।"

জয়ার মুখ রাগে লাল, রাগ চাপবার চেষ্টা মার না করে রাশ ছেড়ে দিয়ে বলে চলেছে জয়া, শুরা নিজেকে শাস্ত সংযত করার জন্য প্রাণপণ চেষ্টা করছে।

চিন্তামগ্নভাবে বলল—''এ রকম ঘটবে আশঙ্কাই করা হয়েছিল, ফ্যাশিস্ত জার্মানী কিসের পিছনে ধাওয়া করছে তা ত আম্বা জানতামই।"

ক্ষণেক নিস্তন্ধতা এল।

জরা যেন আপনার মনে বলার ভঙ্গীতে চাপা সুরে বলল—"হাঁ।, জীবনের গতি ঘুরে গেল।"

শুরা চমকে ওর দিকে ফিরে বলল—"তুমি বোলো না যেন, তুমি সীমান্তে যাবার ফন্দী অণ্টছ।"

খাব রাগতভাবে আগেরই মত কাউকে সম্বোধন ন। করেই বলল জয়া—"ঠিক তাই আমি করব ভাবছি।" নিতাস্ত আকস্মিকভাবে, পাক খেয়ে বর ছেড়ে চলে গেল সে।

আমরা জানতাম, युक्त लक्ष लक्ष लारकत कौरन निर्देश, युक्त मारिने धर्म, पृःथ, বেদনা। কিন্তু তথনকার সেই দুদি'নে আমাদের সত্যিকার বীভংসতার সঙ্গে পরিচয় ছিল না বিশেষ। বিমান আক্রমণ কাকে বলে, বিমান আক্রমণের সময়ে আশ্রমন্থান কি, শ্রেণ্ড কাকে বলে—আমরা কিছুই জানতাম না,— শীগগির আমাদের এসব তৈরী করতে হবে। এখনও পর্যন্ত আমরা বোমার শব্দ, বোমা ফাটার শব্দও শুনিনি। আমরা এত জানতাম না যে বোমার টুকরো জানলার শাসি চুরমার করে ভেঙে দিতে পারে, তালাবন্ধ দরজাকে হাওয়ায় উড়িয়ে দিতে পারে। বাসস্থান ত্যাগ করে যাওয়া কাকে বলে, ছেলেমেয়ে নিয়ে গাড়ী বোঝাই করে যাওয়া, সেই ট্রেন যাকে শত্রেরা বেশ ঠাণ্ডামাধার বোমার আঘাতে চুরমার করে দিতে পারে, মাটিতে মিশিয়ে যাওয়া গ্রামের কথা, ভাঙা ই'টের স্তুপে পরিণত সহরের কথা আমরা তখনও শুনিনি! ফাসীর মঞ্চ, তদস্ত, অত্যাচার, ভয়াবহ গর্ড আর কবর, যেখানে শত শত মানুষকে হত্যা করা বায়—হোক সে ছেলে বুড়ো, ছেলেকোলে মা-এসব কিছুরই হণিশ আমর। জানতাম না । হাজার হাজার, লক্ষ লক্ষ লোককে পুড়িয়ে মারার চুল্লীর কথাও শুনিনি তথনও। মৃত্যুশকট, . মানুষের চুলে তৈরী জাল, মানুষের চামড়ায় বাঁধানে। বই-এর কথা স্বপ্লেও শুনিনি কখনো, আরও কত কিছুর নাম যে জানতাম না! মানুবের প্রতি প্রস্কা, ছেলেমেরের প্রতি ভালবাসা, ওরাই আমাদের ভবিষাৎ এমনি সব ধারণা নিম্নে আমরা বড় হরেছি

তথনও আমরা জানতাম না, মানুষের দেহধারী পশুরা মারের স্থন থেকে সম্ভানকৈ ছিনিয়ে নিয়ে আগুনে ছুণ্ড় ফেলতে পারে, কতদিন যে এই যুদ্ধ চলবে সে সম্বন্ধে আমাদের কোন ধারণা ছিল না।

হাা, আরও কতকিছু আছে যা আমরা জানতাম না।

যুদ্ধের দিনগুলি

আমাদের বাড়ী থেকে প্রথম যুদ্ধে গেল রুরা ইসাইয়েভ। তার যাত্রা আমি দেখলাম। স্ত্রীর সঙ্গে হাঁটছিল সে, একটু পিছনে কখনও রুমাল দিয়ে কখনো এপ্রন দিয়ে চোখ মুছতে মুছতে আসছিলেন তার মা। কয়েক পা এগিয়ে গিয়ে য়ৢয়া পিছন ফিরে দেখল। প্রত্যেক বাড়ী থেকেই কেউ না কেউ নিশ্চয়ই আমাদের মত ওর দিকে তাকিয়ে দেখছিল। ঘন সবুজ ঝোপের আড়ালে আমাদের ছোটু দোতলা বাড়ীটা, তার বাসিন্দারা, নিশ্চয়ই ওর মনে বেদনা জাগিয়ে তুলেছিল। এত ঘনিষ্ঠ, এত প্রিয় এই পিছনে ফেলে-যাওয়া স্মৃতি.....। জানালায় আমাকে আর জয়াকে দেখে হেসে টুপী নেড়ে সম্ভাষণ জানাল—চেচিয়ে বলল—'কল্যাণ হোক তোমাদের।'

জরা জবাব দিল—"সোভাগ্য বিরে থাকুক তোমাকে"—মুরা পিছনে তাকাতে তাকাতে চলল, যেন পিছনে ফেলে রাখা সব কিছুতেই সে স্মৃতিতে গোঁথে রাখতে চায়—বাড়ীর প্রতিটি থাম, খোলা জানালা, চারদিকের সবুজ ঝোপ—সবই প্রিয়বদ্ধর মত তাকে টানছে...

বেশীদিন হয়নি সাজি নিকোলিনকে যেতে হল। তার স্থা ফ্যাইরীতে কাজে ছিল, বিদায় দিতে আসতে পারেনি, তাই তাকে একলাই যেতে হল। একটু দুরে গিয়ে সাজিও য়ুরার মত পিছন ফিরে তাকাল। কত রকম লোক, বাইরে দেখতে একের অনোর সঙ্গে বিন্দুমারই মিল কোথাও, কিন্তু এই বিদায়ের মূহ্ুর্ভে তাদের সকলের চোখই দেখাল একই রকম। ভালবাসা আর উদ্বেগ-মাখানো সৈ চোখে ছিল তৃষ্ণার্ড দ্গিট, ষত্টুকু সম্ভব, এই চোখ ভরেই নিয়ে যেতে হবে দ্রে—আর কোন উপায় নেই মনে রাথার।

জীবনের গতি একেবারেই বদলে গেল, কঠোর আর বিপর্যন্ত হয়ে উঠল আমাদের জীবন্যানা, ওলটপালট হয়ে গেল সব। জানালার পাটগুলোতে কাগজ লাগিরে রাখা হল। সব জানালার একই প্যাটান দাঁড়িরে গেল—কোণাকুণি সাঁটা দুই সারি কাগজ দেখাত গুণচিক্রে মত, দোকানে জানালাগুলো তিমপিস কাঠ দিরে মুড়ে বালির বস্তা দিরে আড়াল করা হল, বাড়ীগুলো বেন পাহারার ঘেরা নিরানন্দ মুর্জিতে কটমট করে চেয়ে রইল আমাদের দিকে।

আমাদের বাড়ীর উঠোনে আমরা একটা শ্লেও খুড়িতে আরম্ভ করে দিলাম, নিজের নিজের চাল থেকে কাঠের টুকরো এনে দেয়াল করা হল তার ৷ আমাদের একজন প্রতিবেশী অন্যদের চেয়ে জার গলায় চেঁচাতে লাগলেন এই বলে যে জনগণের স্বার্থে সব কিছুই ত্যাগ করা উচিত, কিন্তু মজা এই যে নিজের বাড়ী থেকে তিনি একট্বকরো কাঠও আনেননি, বোধহয় ভূলেই গিয়েছিলেন। উপরস্থু একটি নাচ্চা ছেলে আর মেয়ে (ওদের বাবা গিয়েছেন যুদ্ধে, মা গিয়েছেন কাজে) থেলা করছিল বলে ওদের উপর চড়াও হয়ে বললেন শাগগির যেন ওরা বাড়া গিয়ে তক্তা নিয়ে আসে। জয়া তার প্রতিবাদ করে শাস্তভাবে স্পন্ট গলায় বলল—"শূন্ন একটা কথা, আপনার গুদাম খূলে এখনি আমাদের কিছু তক্তা দিন, ওগুলো দিয়ে কাজ করতে করতে ওদের মা এসে পড়বেন, আর যা যা দরকার সবই তিনি করবেন, তার জন্য আপনার মাথা ঘামাবার দরকার নেই। ছেলেমেয়েরে উপর তিষি করা খুব সহজ।

যুদ্ধের প্রথম দিকেই আমার ভাইপো খ্লাভা বিদায় নিতে এসেছিল আমাদের কাছে, বিমানবাহিনীর পোষাক পরা, সাটের হাতায় বসানো বিমানের পাথা।

আমাদের জানাল—"চললাম যুদ্ধ করতে, দরা করে মনে রেখো।" মুখ চোখে ওর সে কি উল্লাস, যেন বনভোজন করতে চলেছে।

আমরা পরস্পরকে আলিঙ্গন করলাম দৃঢ়ভাবে, আধ্বন্টাটাক আমাদের সঙ্গে থেকে চলে গেল শ্লাভা।

ওর চলে-যাওয়। পথের দিকে তাকিয়ে জয়। বলল— "কি দুঃথের কথা—ওর। মেরেদের নেয় না সৈনাদলে।" ওর কথার তিক্ততা আর স্থির প্রতিজ্ঞা এত বেশী পরিমাণে ফুটে উঠল যে শুরা পর্যন্ত ওর বরাবরের অভ্যাস মত এই নিয়ে একটু মজা করা, ঠাট্টা করা বা তর্ক করার সাহস পেল না।

সোভিয়েত সংবাদসরবরাহ প্রতিষ্ঠানের বেতার ঘোষণা না শুনে আমরা কথনও শুতে যেতাম না । প্রথম কর সপ্তাহে সেগুলি মোটেই আনন্দদায়ক হত না, জয়া দাঁত ভূরু কুঁচকে সে সব শুনত, আর কথনও বা আমাদের ফেলে রেখে উঠে চলে যেত, কিন্তু একবার ও চেঁচিয়ে উঠল—"আমাদের পবিত্রভূমিকে হতভাগারা অপবিত্র করেছে!"

সেই একবার মাত্র জয়ার দুংখের কালা আমি শুনেছি।

বিদায়

১লা জুলাই সন্ধার দিকে আমাদের দরজার ঘা পড়ল । পিছন থেকে ভেসে এল— "আমি কি শুরার সঙ্গে কথা বলতে পারি ?"

জরা টেবিল থেকে লাফিরে উঠে দরজা খুলে বিস্ময়ের সুরে জিজ্ঞাসা করল— "পেতিরা সিমোনেভ? শুরাকে চাই কেন ?"

রহস্যজনক সুরে পেতির। বলল—''তাকে আমাদের দরকার।"

ঠিক এই মুহুর্তে শ্রম বাইরে বেরিরে কমরেভের দিকে চেয়ে সদ্ভাষণ জানাল, কোন কথা না বলে নীরবে বেরিয়ে গেল তার সঙ্গে, আমরা জানালা দিয়ে তাকিয়ে দেখলাম শ্রমর সমবরসী ক্লাশের বন্ধুরা, ক্রেকজন নীচে অপেক্ষা করছে। তাড়াতাড়ি খানিকটা তর্কবিতর্ক হল নীচুগলায়, তারপর তারা দল বেঁধে চলে গেল— জয়া চিব্রিভভাবে আপন মনে বলল—"স্কুলের দিকে গেল! ভাবছি কি ভাদের এমন গোপন কথা।"

শ্রো অনেক রাভ করে ফিরল, সকালবেলার পেতিয়ার মতই ওর মুখ গছীর, দুশ্চিতাগ্রন্ত।

জরা জিজেন করল, "কি ব্যাপার ; এত গোপনতাই বা কেন? তোমাকে ডেকেছিল কেন?

শুরা স্থির গলায় জ্বাব দিল, "আমার বলার অধিকার নেই।"

জর। কাঁধঝণকানি দিয়ে সোজা হয়ে নিল। পরের দিন অন্ধকার থাকতে থাকতেই জয়া দৌড়ে স্কুলে গেল, ফিরে এল বিরম্ভ চেহারা নিয়ে, আমাকে বলল—

"ছেলের। চলে যাচ্ছে, কোথায় বা কেন কিছুতেই বললন। ওরা, মেয়েদের নেবেনা ওরা কিছুতেই, আমি এত করে বললাম, আমি ত গুলি চালাতে পারি, আমার গারে ত বেশ জোর আছে, তা ওরা শানুবনা, বলল শা্ব ছেলেরাই বাবে।"

জয়ার মুখচোখের চেহার। দেখে বোঝা গোল কত ককে আর কত বাধায় সে ওদের কাছে অনুগ্রহ প্রার্থনা করেছে।

শ্রা দেরী করে ফিরে এসে নিতান্ত স্থাভাবিকসুরে যেন, অসাধারণ কিছুই ঘটেনি এমনভাবে বলল—'মা আমায় কিছু গোলি প্যান্ট গুছিরে দাও, আর কিছু খাবার, খুব বেশী চাইনা।''

কিন্তু তারা কোথার বাচ্ছে, কেন বাচ্ছে, সে নিজেও সে সম্বন্ধে কিছু জানে কিনা, তা কিছুই ওর কাছ থেকে বার করতে পারলাম না।

বলল—"বদি আমার মগজ থেকে সবকথা তোমাদের বার করে দিরে কাজ কর। আরম্ভ করি, তাহলে আমি কি ধরনের সৈনিক বলে পরিচিত হব বল দেখি ?"

क्या नौत्रद हल शन ।

বাধাছাদা করতে বেশী সময় লাগল না। পথে থাবার জন্য বিস্কৃট, মি**ন্টি আর** সমেজ এনে দিল জয়া। আমি ওর বিছানার চাদর-টাদর সব নিয়ে একটা পৌটল। করে দিলাম, বিকেলে শ্রাকে বিদার দিতে গেলাম আমরা।

তিমিরিয়াজেন্ত পার্কে নানা স্কুল থেকে অনেক ছেলেমেরে জড়ো হয়েছে, প্রথমে সবাই একসঙ্গেই গণ্পগৃত্বব করছিল, তারপর ওদের স্কুল অনুসারে ভাগ করা হল। মা আর বোনেরা একদিকে পোঁটলাপুটলৈ, সুটকেশ, পিছনদিকে স্ট্রাপ দিয়ে কোলানো ব্যাগের মত রাকস্যাক নিরে দাঁড়িয়ে আছে। যারা যাছে তাদের প্রায় সবার চওড়া কাধ লয়া চেহারা, কিন্তু মুখের চেহারা কোড়কোছেল বালসুলভ, ভাবখানা দেখাছে যেন বাড়ীঘর মা-বোন ছেড়ে চলে যাওয়াটা নিতান্তই একটা স্বাভাবিক ব্যাপার। কেউ কেউ সময় পেয়ে পুকুরে একটা ভ্ব দিতে গিয়েছে, কেউ বা আইসক্রীম খাছে, ঠাট্টাভামাসা করছে, নিভান্ত অনিছারও যেন ঘড়ির দিকে ভাকাছিল বারবার। যাদের মা-বোনেরা এখনও বাড়ী ফিরে বারনি তারা বেন অস্বন্তিবোধ করাছল, কিজীবল প্রয়োজনে তারা বাছে—আর ওয়া কিনা বাচা ছেলের মত মারের জাঁচল ধরে

দাঁড়িয়ে আছে! আমাদের উপন্থিতি শ্রাকে বিরম্ভ করবে ভেবে আমি আর জ্বরা গাছের ছারায় একটা বেণ্ডে একটু দূরে বসে রইলাম।

প্রায় চারটের সময় করেকটা খালি ট্রাম এসে দাঁড়াল চম্বরে। তাড়াতাড়ি খুব সোরগোল করতে করতে ছেলের। আপনার জনদের কাছ থেকে বিদায় নিয়ে ট্রামে উঠতে লাগল। মায়ের কাছ থেকে যারা বিদায় নিচ্ছিল, তাদের বিষয় গদ্ধীর সুখ, আমি আমাদের শেষ মুহুর্ভকটি কেঁদে নন্ট করতে চাইনি, বুকের কাছে জড়িয়ে ধরে শ্রার হাতদুটোতে জোরে চাপ দিলাম, মনের ব্যথা লুকোতে চাইলেও শ্রা বে কি রকম অভিভূত হয়েছে তা বেশ বুঝতে পারছিলাম।

"আমাদের গাড়ী ছাড়া পর্যন্ত অপেক্ষা কোরো না তোমরা, জরা মাকে দেখো।" বলতে বলতে শ্রা লাফিয়ে গাড়ীতে উঠল—জানালা দিয়ে হাত নাড়তে নাড়তে যেন বলতে চাইল—"তাড়াতাড়ি বাড়ী যাও, আর দাঁড়িয়ে থেকো না।"

কিন্তু শুরাকে সেথানে রেখে চলে যেতে আমাদের মন সরছিল না, দ্র থেকে আমরা ট্রামের কম্পন, আওয়াজ আর ঘর্ষার শব্দ করে যাত্রা করতে দেখলাম। শেষ ট্রামটা আমাদের চোখের বাইরে না যাওয়া পর্যন্ত আমরা যায়গা থেকে নড়তে পারলাম না।

যে পার্কে এত শব্দ এত কোলাহল ছিল, তা যেন এক নিমেষে শুদ্ধ হয়ে গিয়েছে, বিশাল ওকগাছগুলির তলায় বেঞ্চ পাতা, তাতে কেউ বসেনি, হাসির শব্দ বা দুত্ত পদক্ষেপের শব্দ নেই, সব নির্ধান—নীরব…

আমর। ধীরে ধীরে গলিপথ ধরলাম, ওপরের ঘন পাতার আড়াল দিয়ে সূর্বের করেকটি রন্মি উ'কি দিচ্ছিল। নিজের নিজের ব্যথাভারে বিব্রত আমরা পুকুরের পাশে একটা বেঞ্চে গিয়ে বসলাম।

হঠাৎ জয়া বলে উঠল—''কি চমংকার! জানো মা ছবি অ'কেবার জন্য শুরা প্রায়ই এখানে এসে বসত, ঐ ছোট্ট পুলটা শুরা এ'কে রেখেছে।''

আমাকে সম্বোধন করে বললেও মনে হছে জয়া যেন নিজের মনের সঙ্গে কথা বলছে—শাস্তুররে, ধারে ধারে ভাবুকের মত মনে করে বলতে লাগল—'বেশ চওড়া খালটা—তবুও কিন্তু কতবার যে সংক্রেরে পার হয়েছে তার ঠিক নেই! জানো মা একবার কি হয়েছিল, অনেকদিন আগের কথা, শুরার বয়স মাত্র বারে৷ বছর তখন। যেমন সে বয়াবর করে, বসস্তকালে অন্যদের চেয়ে অনেক আগে সংতার কাটতে সুরু করেছিল। জল ছিল ভয়ানক ঠাগু৷, হঠাং তার পায়ে ধয়ল খিল, পারের কাছে আসতে তখনও অনেক দেরী। একপায়ে সংতিরাতে লাগল, অনায়া ভ ভয়ে বোবা হয়ে গেল একদম। কোনমতে ও পারে এসে উঠল, তোমাকে যাতে না বলে দিই শুরা আমাকে অনেক করে বলেছিল, তখন আর বলিনি। এখন ত আর বলতে কোন বাখা নেই।

আমি জিজ্ঞেস করণাম—"আর পরের দিন আবার গিয়ে জলে নামল...না?"

"নিশ্চরই, ও ত সকাল-সন্ধার সণতরাত, শীত না আসা পর্যন্ত বৃটি-বাদলেও খামত না। আর ঐ যে ঝোপটার পাশে শীতকালে সব সময়ই বরফের চণাইরেরর ভিতরও গর্ড আছে একটা, মনে আছে মা? আমরা মাছ ধরতাম ওখানে, প্রথমেটিন দিরে, পরে জাল দিরে। মনে আছে তোমাকে কি রকম মাছভাজা খাইরেছিলাম?"

জবাব দেবার জন্য ওর রোদেপোড়া হাতের উপর চাপ দিতে দিতে আমি বল্লাম —''লক্ষী মেয়ে।"

হঠাৎ আমার হাতের তলায় জয়ার হাতের শক্ত সরু আঙ্বলগুলো মুঠো হয়ে পাকিয়ে এল—

"লক্ষ্মী মেয়ে! কি রক্ম ভাল মেয়ে বল দেখি?" লাফিয়ে দাঁড়িয়ে পড়ল জয়া। এতক্ষণ ধরে কি দুঃসহ বেদনায় জয়ার অন্তর জলছিল তা সে-মুহুর্তে আমি বুঝে ফেললাম—"পড়ে রইলাম পিছনে, কি করে কাজের হলাম শুনি? ছেলেরা গেল বুদ্ধ করতেই বোধ হয়, আমি কিছু না করে কি করে থাকি?"

''প্রিয় বন্ধুগণ, আমার বাণা ভোমাদের লক্ষ্য করেই বলছি"

''মা মা তাড়াতাড়ি, ওঠ !"

আমি চোথ খুললাম, আমার সামনে থালি পারে কাঁধে একটা তোয়ালে জড়িয়ে জয়া দাঁড়িয়ে আছে।

আমার ভীতিবিহ্বল চোখের দিকে তাকিয়ে জয়া বলল—''কিছু বিপদ হয়নি, কমরেড স্তালিন বেতারে বস্তৃতা—শীগগির করবেন—ঐ শোন…"

লাউড়স্পীকারে মা্দু খস্খস্ শব্দের পরই নিস্তন্ধ—তারপর হঠাৎ শোন। গেল—

''বন্ধুগ্ণ! দেশবাসিগণ! ভাইবোনের।! আমাদের বিমান ও সৈন্যবাহিনীর লোকের।! হে প্রির বন্ধুগণ, আমার এই কথাগুলো ভোমাদের সম্বোধন করেই বলছি...।"

আমরা সবক্রিছু ভূলে নিশ্বাস বন্ধ করে রইলাম। জরা কঠিন ঋজা হরে দাঁড়িরে রইল, মুঠি তার দৃঢ়বন্ধ, চোখের দৃষ্টি রেডিওর উপর নিবন্ধ, মনে হচ্ছে বেন ঐ বস্তুটার ভিতরে দিরে সে বস্তাকে দেখতে পাছে—তার সুসংযত বেদনা, প্রেম আর বিশ্বাস, শক্তি আর বিরাগ সবই যেন মূর্ত হরে উঠেছে জয়ার কাছে।

"আমাদের স্বদেশ সব চেয়ে হীন, সব চেয়ে ধৃষ্ঠ শাত্রর কবলে পড়েছে, জার্মান ফ্যাশিস্টদের মৃত্যুবেক্টনীতে আক্লান্ত, শাত্রপক্ষ নির্মম, দুর্ধর্ব...।"

আমাদের নেতা জার্মান শহুদের উদ্দেশ্য সম্বন্ধে বস্তৃতা করলেন, তাদের উদ্দেশ্য আমাদের মাতৃভূমিকে দথল করে আমাদের অক্লান্ত পরিপ্রমের ফল গ্রাস করে জমিণারী-শাসন কারেম করা, সোভিরেত দেশের সাধীন মৃত মানুষকে জার্মান শাসনাধীন করা...

তিনি বললেন—"কান্তেই এখন জীবন মরণের প্রশ্ন, সোভিয়েঁত রাণ্ট্রসমূহের মরণবাঁচনের সমস্যা, সোভিয়েত দেশের মানুষ মুক্ত হবে, না দাসত্ব শৃল্থলে আবদ্ধ হবে—
সোভিয়েতের মানুষকে এই কথাটা হাদরক্ষম করতে হবে—আমাদের সব কান্তই
বুদ্ধের ছ'চেচ ঢেলে নিতে হবে। যুদ্ধক্ষেত্রের প্রয়োজনের কাছে আর সব
প্রয়োজনকেই খব করতে হবে—সালফোজ, লাল নো-বাহিনী প্রত্যেককেই সোভিয়েতভূমির প্রতিটি ইণ্ডি জমিকে রক্ষা করতে হবে—আমাদের গ্রাম শহরকে ব'াচাবার
জন্য শেষ রক্তবিন্দুটি থাকা পর্যন্ত লাভাই চালিয়ে বেতে হবে…।"

আমাদের নেতা আরও বললেন—" শার্-অধ্যিত জেলায় জেলায় গেরিলাবাহিনী গড়ে তুলতে হবে, যেথানেই আমাদের দেশের মাটি শার্র পায়ের তলায় পড়েছে সেথানেই বিক্ষোরণ ঘটাতে হবে—জালিয়ে দিতে হবে।

তার শান্ত দৃঢ় ক'সমর আমাদের অন্তঃকরণে প্রবেশ করল। প্রতিটি মানুষ, প্রতিটি সোভিয়েত দেশবাসীর কাছে কি বিশ্বাস নিয়ে এল! তিনি আরও বলেছেন এটা কেবলমাত্র দুই শত্র্দলের মধ্যে সাধারণ একটা যুদ্ধ নয়, আমাদের তিনি স্মরণ করিয়ে দিলেন কেবলমাত্র আমাদের দেশের ভাবী বিপদকেই দৃর করা নয়, জার্মান ফার্শিন্ট-কবলগ্রন্থত গোটা ইউরোপের দেশগুলিকে সাহাষ্য করাও আমাদের কাজ হবে।

বেতারবস্থ নীরব হয়ে যাবার পরও আমর। নড়লাম না, একটাও কথা বললাম না, যেন ঠিক সেই মুহ্তের্ড আমাদের মনের ভাবটাকে একবিন্দৃও নন্ট করতে চাইনি।

ব'কে আমরা আমাদেরই একজন, আমাদের বুদ্ধিদাতা বলে মনে করি, তিনিই এইমার আমাদের কাছে বঙ্গুতা করলেন, সব বিষয়ে, সব কাজেই আমরা তার উপর নির্ভর করি । আমরা জানি তিনি যা যা বললেন সবই নিতাশ্ত প্রয়োজনীয়, আর তার এই অনুরোধ আমাদের প্রত্যেকেরই কাছে । আমাদের মাতৃভূমিকে কি বিপদ এসে ঘিরেছে, কি করে তার থেকে উদ্ধার পাওয়া যায় ভাই তিনি বুঝিয়ে দিলেন, আমাদের শক্তিকে এক উপায়ে অনুভব করালেন তিনি, মুক্তিকামী একতাবদ্ধ জনতার শক্তিতে তিনি জানালেন আম্থা—

আমি বললাম—''ভাবছি শুরা শুনেছে কিনা—''

জন্না ছিরবিশ্বাসের সুরে বলল—''সারা দেশজুড়ে সকলেই শুনেছে তণার বাণী,'' চুপি চুপি প্রগাঢ় অনুভূতি মাথনো সুরে বলল জন্না—''প্রিয় বন্ধুগণ—আমার এই কথা-গুলো তোমাদেরই লক্ষ্য করে বলছি!"

প্রথম বোমা

জন্ম আর আমি টেবিলের কাছে বসেছিলাম, আমাদের সামনে পড়েছিল একটুকরে৷

মোটা সবৃক্ত কাপড়, যুদ্ধক্ষেত্রের জন্য আমরা ব্যাগ তৈরী করছি, সৈন্যদের জন্য, কলারও তৈরী করছি। হরত কাজটা খুব সাধারণ, সাংঘাতিক কিছু প্ররোজনীর নাও হতে পারে, কিন্তু রণক্ষেত্রের জন্য কিছু করছি আমরা আর এমন একজনের প্ররোজনে এগুলো লাগবে, যারা আমাদের দেশেকে রক্ষা করবার জন্য লড়ছে। ব্যাগটাও সৈন্যদের জন্য। জিনিসপত্র রাথবে সৈন্যরা তার মধ্যে, ওদের প্রয়োজনে লাগবে, মার্চ করবার সমর কাজে লাগবে জিনিসটা...

আমরা না থেমে নীরবে কাজ করে যাচ্ছিলাম, কখনও কখনও আমি সেলাই নামিরে রেখে পিঠটা সোজা করে নিচ্ছিলাম, একটু বাথা হর পিঠে। জয়ার দিকে তাকিরে দেখি তার সর্ম সর্ম রোদে-পোড়া আঙ্গুলগুলো ক্লান্তিহীন, কাজগুলো বেন শ্বে নিচ্ছে। তার নিজের অংশের কাজটা করতে পারছে এই ভেবে যদি তার তীর অস্তর্পাহ কিছুটা নাও কমে থাকে তবু কতকটা শাস্ত বোধ করবে। তার বাইরের চেহারায়ও সামান্য পরিবর্তন ঘটছে। তার চোধগুলো আর আগের মত বিষন্ধ, অন্ধকার নয়, বরং মাঝে মাঝে সামান্য হাসির বিশিক্ত থেলে বার।

একদিন আমরা এমনি করে বসে সেলাই করছি। দরজাটা খালে গেল, শুরা এসে উপস্থিত। আশ্চর্য রকম শাস্ত চেহারা শুরার, যেন এইমাত্র স্কুল থেকে এল। ও শ্রমিকবাহিনীর কাজের ক্ষেত্রে গিয়েছিল তা আমরা জানতাম, কিন্তু ও ফিরে এলেও, যাবার সময়ও যেমন এখনও তেমনি, আমাদের কিছুই বলল না।

আমরা ওকে প্রশ্ন করতে যেতেই ও দৃঢ্ভাবে বলল—"তোমাদের কাছে এসেছি এই তো যথেক। বলবার তো বিশেষ কিছু নেইও, অনেক কাজ করেছি আমরা .. ব্যস্...।" চোখদুটো ধ্র্তের মত ঘুরিয়ে বলল—"আমার জন্মদিন পালন করতে এলাম ৰাড়ীতে, আশা করি তোমরা ২৭শে জুলাই তারিখটা ভূলে যাওনি, যোল বছর বরস হবে আমার এবার।"

হাত-পা ধ্রের টেবিলের কাছে এসে বসে জয়াকে বলল—''তোমাতে আমাতে মিলে কি করতে পারি জান ? বোরেট ওয়ার্কশপে গিয়ে কুন্দকার মিল্ফী হবার জন্য শিক্ষানবিশী করতে পারি। কি বল ?"

জরা সেলাই নামিয়ে রেখে ভাইরের মুখের দিকে একবার তাকাল, তারপর আবার তার কাজটা হাতে তুলে নিরে বলল—"বেশ, সত্যিকারের কিছু একটা কর। হবে তাহলে।" ২২শে জুলাই শ্রা ফিরে এসেছিল, সে-রাতেই মঙ্গোতে শত্রবিমানের প্রথম আক্রমণ হয়। প্রথম রাজধানীর মাটিতে জার্মান বোমা পড়ে। শ্রা বেশ ঠাণ্ডা মাথার কাজ করতে লাগল—সমস্ত স্টালোক আর শিশুদের আপ্ররুশকলে পাঠানোর ব্যবস্থা ঠিকঠাক করে অভিযোগের স্বরে বলল—"শ্র্য আমার বাড়ীর মেরেদেরই আমি পাঠাতে পারছি না।" বিমান আক্রমণের সমর সারাক্ষণই শ্রোছিল রাস্তার, জরা একবারও তার পাশ ছেড়ে বারনি।

সে রাত্রে আমারা বুমোতে পারলাম না, সকালবেলা আমাদের বাড়ীর আলেপালে গুলব ছড়ালো ছুলের উপর বোমা পড়েছে।

জরা আর শুরা সমন্বরে ঠেচিরে উঠল—"২০১নং অল ?" আমি কিছু বলবার

আগেই ওরা লাফিরে উঠে স্কুলের দিকে রওনা হরে গেল। আমিও আর ঘরে থাকতে পারলাম না, আমরা নীরবে রাগ্তার হাঁটতে লাগলাম। ওদের সঙ্গে আমি তাল রাথতে পারছিলাম না। দ্র থেকে স্কুলবাড়ীটি নজরে পড়ার পর আমরা ছান্তর নিশ্বাস ফেললাম, অক্কত অবস্থার দাড়িরে আছে গোটা বাড়ীটি।

কিন্তু কাছে এসে দেখলাম, রাষ্চার বোমা পড়ার দর্ণ, আঘাতের কম্পনে জানালার সমস্ত কাঁচ উড়ে গিরেছে...সর্বা ভাঙ্গা কাঁচের ছড়াছড়ি। জল জল করা কাঁচের ট্করো আমাদের পারের তলায় গু'ড়িরে যেতে লাগল। বিরাট বাড়ীটির সর্বা কেমন যেমন অসহায় ভাবের ছায়া, যেন শঙ্কসমর্থ জোয়ান একটি লোকের চোখদ্টো হঠাং অন্ধ হয়ে গেছে। নিজেদের অজাস্তে আমরা থামলাম, তারপর সি'ড়ি বেয়ে বারান্দা দিয়ে চলতে লাগলাম। মাত্র একমাস আগে বিদায়ী ছাত্রদের সম্বর্ধন নাচের সন্ধায় কি চেহারা দেখে গিয়েছি। তখন গান আর আহ্লাদে, সঙ্গীতে হাস্যানের মুখরিত ঐ বাড়ীর প্রতিটি কোণ এখন কাঁচের টুকরো, প্লাস্টারে ঠাসা, দরজান গুলো কজা থেকে খুলে এসেছে—সে-এক কর্ণ বীভংস দৃশ্য...।

উণ্টু ক্লাশের আরও করেকজন ছাত্রের সঙ্গে দেখা হতেই শ্রা তাদের সঙ্গে ছুটল, বোধ হয় মাটির নীচের ঘরের দিকে যয়চালিতের মত আমি জয়াকে অন্সরণ করে লাইরেরীর দরজার গিয়ে উপস্থিত হলাম। শ্না তাকগুলো দেয়ালের পাশে নির্বাক দণাড়িয়ে আছে—বিশাল এক শকুনির থাবার মত বোমার গঞ্জান বইগুলি ধরে টান মেরেছে, আর তারা অসহায়ভাবে গড়াগড়ি যাছেে মেঝেতে, টোবলে, সর্বত। এই অরাজকভার মধ্যে থেকে ইছা করলেই বে-কেউ ফিকে হলুদ কাপড়ে বাধান প্শাকন-এর "একাডেমিয়া"-খানা, কি নীল মলাটওয়ালা চেকড-এর গ্রন্থাবলীখানা তুলে নিতে সারে... আমি ত আর একটু হলেই তুর্গোনড-এর বিরাট এক ভলুম-এর উপর পাদিয়ে ফেলেছিলাম, নীচু হয়ে সেটা তুলতে গিয়ে দেখলাম পাশে ধ্লো আর পলেবারার ভিতর থেকে উণিক মারছে শীলারের একখণ্ড গ্রন্থাবলী—একটা বিরাট বই-এর খোলা পাতার ভিতর থেকে অবাক হয়ে ডন কুইস্কোটের একটি ছবি তাকিয়ে দেখছে—হয়ত ভাবছে কি ব্যাপার!

ভাঙাচোরা ন্থপের মাঝখানে একটি বরুক। স্ত্রীলোক বসে কাঁদছিল, জরা নীচু হরে তাকে বলল, "মারিয়া গ্রিগোরিয়েভ্না, উঠ্ন, কাঁদবেন না।" তার নিজের ঠোট- দুটো বিষম, ফ্যাকাশে।

জনেক বারই লাইরেরী থেকে নতুন কোন চিন্তাকর্ষক বই নিয়ে বাড়ী এসে জয়া আমাকে ভাদের লাইরেরিয়ানের কথা বলত, তিনি তার সমন্ত জীবন উৎসর্গ করেছেন বই-এর সেবায়, বই তিনি চেনেন, বই তার প্রাণের চেয়েও প্রিয় । যে-বইগুলো অতি সাবধানে, অতি আদরের সঙ্গে নাড়াচাড়া করতেন সেই তারাই চারদিকে ছড়িয়ে ছিয়ভিয় হয়ে এলোমেলো হয়ে পড়েছে আর তারই মধ্যে মেকের উপর তিনি বসে আছেন—।

মারিরা গ্রিগোরিরেন্ড্নাকে পাঁড়াতে সাহাব্য করতে করতে করা বেশ কোর পিরে বলল—''আসুন, আমরা সব তুলে গুছিরে রাখি।'' আমি আবার নীচু হয়ে বই তুলতে লাগলাম। হঠাং শুনলাম—"মা দেখ দেখ"—

অবাক হরে আমি মাথাটা বুরিয়ে নিলাম। অশুপ্লোবিত মুখে মারিয়া গ্রিগোরি-রায়েভ্নাও বইয়ের মাঝে মাঝে পা দিতে দিতে এলেন আমাদের কাছে। জয়ার ক'ঠম্বর বিজয়ী বীরের মত সোল্লাস বিস্ময়ে ভরপুর। পুশকিনের একথানি খোলা বই তুলে ধরল আমাদের সামনে।

তথনো সেই বিস্ময়, আনন্দ আর বিজয়-মিগ্রিড অপ্ব'স্রে জয়। বলল—
''দেখ''।

হাতের তীর আন্দোলনে ধুলো ঝেড়ে নিল লাইনক'টার উপর থেকে, পড়লাম হে পবিত্র সূর্ব, রশ্মি বিকীরণ কর । সম্পায়ন দীপশিখা হয় যেমন নিল্প্রভ প্রভাষের নবাগত কিরলপরশে, কপট জ্ঞানালোক শিখা হয় গভীর চিন্তাম্পশে দ্রে ধাবমান, ম্বাগত হে অরুণদেব, তমোরাশি দ্রে যাক্।

"রণক্ষেত্রের জন্য কি করেছ?"

২৭শে জুলাই তার ষোড়শ জন্মবার্ষিকীতে শুরা ঘোষণা করল—''মা এবার তুমি দুটো কুন্দমিস্ক্রীর জননী হয়েছ।''

ভোর হবার আগে ঘুম থেকে উঠে কাজে যায় ওরা দুজনে, আর রাতে ফিরে আসে, ভরুও কথনও বলে না যে আমর। ক্লান্ত। রাত্রের ভিউটি থেকে ফিরে এসে ওরা তক্ষুণি শ্বতে যার না। বাড়ী ফিরে এসে আমি দেখতে পাই ঘর দরজা পরিষ্কার পরিষ্কার আর ওরা ঘুমে অচেতন।

মস্ক্রোতে বিমান আক্রমণ চলতেই থাকল। সন্ধ্যার দিকে শন্নতে পেতাম ঘোষকের শাস্ত কণ্ঠ—'সাবধান, শনুন সবাই বিমান আক্রমণের প্রস্থৃতি।' সঙ্গে সঙ্গেই সাইরেনের চীংকার আর এঞ্জিন-কারখানার তীর ব'াশীর শব্দ।

ছরা আর শ্রে। একবারও বিদ আশ্রমন্থলে বেত! তাদের সহকর্মী, শেলব এরমোশকিন, ভানিরা স্কোরোদুমভ, আর ভানিরা সেরোভ—তিনজনই বেশ শন্ত সমর্থ চেহারার ভরুণ, তারা আসত আর সকলে মিলে ছাতের চিলেকোঠা থেকে চারদিকে নজর রাখত। বাচ্চারা, বড়রং সবাই এই নড়ুন বিভীষিকামর ঘটন। বা ভাদের জীবনকে ভারাক্রান্ত করে ভূলেছে, তা ছাড়া আর কিছু ভাবতে পারভ না।

শরংকালে উ'চু ক্লাশের ছাত্রেরা—তার মধ্যে জয়াও ছিল, শ্বেক্লাশ্রম-উদ্যোগের

ক্ষেত্রে গেল, একটা সরকারী ক্ষেতের আলু তুলতে হবে তাড়াতাড়ি, না হলে শিশির পড়ে সব নন্ট হরে বাবে।

ঝড় বৃষ্টি সুর হরে গিরেছে—এরমধ্যেই কয়েকবার তুষার পাত হরে গিরেছে, জয়ার বাদ্য সম্বন্ধ আমার ভাবনা হল। কিন্তু বাইরে বেতে পারায় ও খুব খুসী হল। জয়। সঙ্গে নিল একপ্রন্থ সৃতীর জামা, সাদা নোটবই একখানা আর কয়েকখানা বই।

কর্মদিন পরে ওর কাছ থেকে একটা চিঠি পেলাম, তারপরে আরও একটা।

"ফসল তুলতে আমরা সাহায্য করছি। ১০০ কিলো দৈনিক তোলার পরিমাণ। ২রা অক্টোবর আমি ৮০ কিলোগ্রাম তুলেছি, মোটেই বথেক নর, আমি ১০০ কিলোগ্রাম তুলবই।

"কেমন আছ তুমি? তোমার কথা ভেবে আমি একটু চিন্তিত আছি, বাড়ীর জন্য আমার খুব মন কেমন করে। শীগগিরই আমি ফিরে যাব—এই আলু তোল। শেষ হয়ে গেলেই।

"মা আমার গ্যালোশ দুটো ছি'ড়ে গিরেছে। কাজটা বড় ময়লা, আর সহজ্ব নয় মোটেই। ভেবো না কিন্তু। নিরাপদে আর সুস্থদেহেই ফিরে আসছি আমি।

''তোমার কথা খালি মনে পড়ছে আর ভাবছিঃ আমি তোমার মত নই মোটেই, তোমার মতন আমার ধৈর্য নেই। ভালবাসা নিও—জয়া।''

চিঠিটা নিয়ে অনেকক্ষণ ভাবলাম, শেষ কথাগুলো বিশেষ ভাবিয়ে তুলল। কি আছে এর পেছনে? কেন জয়া হঠাৎ ধৈর্যের অভাব বলে নিজের উপর বিরক্ত হয়ে উঠেছে? এর ভিতরে আরও কিছু ব্যাপার আছে নিশ্চয়ই। সয়্যাবেলা শ্রা চিঠিটা পড়ে যেন জানে এমনিভাবে বলল—"বুঝতে পেরেছি অন্যদের সঙ্গে ঠিকমত খাপ থাওয়াতে পারছে না। ও প্রায়ই বলত তোমার মত ধৈর্যের অভাব আছে ওর মধ্যে, মানুয়ের প্রতি ওর সহনশীলতা নেই। ও বলত, লোকের সঙ্গে কথা বলার ক্ষমতা থাকা চাই, প্রথমেই রেগে ওঠা উচিত নয়, আমি এ রক্ষম পারি না।"

একবার পোস্টকার্ডে জয়। লিখেছিল—"তোমাকে বার কথা বলেছিলাম, সেই নীনার সঙ্গে আমার বঙ্গুছ হরেছে।" আমি ভাবলাম—ভেরা সাজিরিনা ঠিকই বলেছিলেন।

অক্টোবরের শেষে এক সন্ধায়ে আমি অন্যাদনের চেরে একটু দেরী করে বাড়ী ফিরলাম, দরজাটা খুলতে আমার বুকটা একটু কেঁপে উঠল—জন্না আর শরে। পুজনে টেবিলের ধারে বসে আছে। অবশেষে আমার ছেলেমেরে আমার কাছে ফিরে এসেছে, আবার আমরা সবাই একত হরেছি।

জর। দৌড়ে দরজার কাছে এসে আমাকে জড়িরে ধরল।

শুরা বেন আমার মনের কথা জেনে ফেলে বলগ—''আবার আমরা মিলেছি।'' অমরা একসকে চা খেতে বসলাম, জয়া সরকারী কেত সমকে গুপ্রা বলতে লাগল। ওর চিঠির অস্কৃত কথাগুলোর মানে জিস্তেস করার আগেই ও আমাকে এইসব বলতে লাগল—

''वड़ भार काम । इसम, कामा । वर्षात्र खुर्छ। कामात्र डूरव वात्र, भारत या इरह रामा, চেরে দেখি তিনটি ছেলে আমার চেরেও তাড়াতাড়ি কাজ করে যাচছে। একই জারগার আমি বারেবারে খু'ড়ছি আর ওরা তাড়াতাড়ি শেষ করে চলে বাচ্ছে। তখন আমি ঠিক করলাম দেখতে হবে ব্যাপারখানা কি? আমি ওদের কাছ থেকে সরে গেলাম, নিজে একটুকরে। জমি নিয়ে কাজ করতে লাগলাম। ওরা অসমুষ্ট হয়ে আমাকে বারিঃবাতস্থাবাদী বলল—। আমি বললাম—হয়ত আমি সতি।ই বারিস্বাতস্থাবাদী, কিন্তু তোমরা ঠিক সাধুভাবে কান্ত কর না। জান কি হচ্ছিল: ওরা কেবল উপরের দিকের আলুগুলো তুলছিল, তাতে ওদের কাজ অবশা খুব তাড়াতাড়ি এগোচ্ছিল কিন্তু মাটির নীচে অনেক আলু পড়ে থাকছিল, অথচ মাটির অনেক নীচে যে আলুগুলো থাকে সেগুলো অনেক বড় আর ভাল। আমি খুণ্ড-ছিলাম গভীর করে, যাতে কিছুই নীচেন। পড়ে থাকে। আর তাই আমি তাদের বলছিলাম ওরা ভাল করে কাজ করছে না। ওরা আমাকে বলল—''তুমি আগে বললে না কেন? চলে এলে কেন?" আমি বললাম—"আমি নিজেকে পরীক্ষা করছিলাম।" ওরা বলল—"আমাদের তোমার বিশ্বাস করা উচিত ছিল, তক্ষুনি বলা উচিত ছিল...' আর নীনা বলল—"তুমি ভূল করেছ।' মেলা গোলমাল তর্কাতকি হল।" জয়া বিরন্তির সঙ্গে মাথা নেড়ে তারপর শান্ত বরে বলল-''জান মা, আমি তখন বুঝলাম, ঠিকমত কাজ করলেও আমার বৃদ্ধির অভাব ছিল। ছেলেদের সঙ্গে আগে আলাপ-আলোচন। করে ওদের বৃঝিয়ে দেওয়। উচিত ছিল, সেই মুহুর্তেই আমার চলে আস। উচিত হয়নি।"

শুর। আমার দিকে একবার তাকাল, সে-চোখে ইঙ্গিত ছিল, ''আমি তোমায় বলেছিলাম।''

প্রতিদিনই মন্কোর অবস্থা সঙ্গীন হরে উঠতে লাগল, বাড়ীগুলো ছদ্মবেশের আড়ালো আত্মগোপন করতে লাগল, রাস্তা দিরে সৈন্যবাহিনী টহল দিতে লাগল। তাদের মুখের চেঁহারা দেখার মতন, শক্ত অণটা ঠেশট, কেণচকানো ভূরুর নীচে তীক্ষ্ণ গভীর দৃষ্টি। অটুট অধ্যবসায়, জাগ্রত সক্রোধ সংকম্প অণকা ছিল তাদের মুখে চোখে।

दाहात जाब्दलम बूखे व्यक्तात, हेगा हल यात्र वर्षत्र मन करत ।

সন্ধ্যার নিক্ষকালো অন্ধকারে পথিককে পথ চলতে হয় কারোর জানালা দিয়ে গলে-আসা নিশ্প্রভ আলোর, না হয় রাভার মৃদু আলোতে, কিংবা কোন দুত ধাবমান মোটরগাড়ীর চকিত আলোকে, সে-চলাও খুব তাড়াড়াড়ি শেষ করতে হয়, তেমনি দুত্তভালে। বাদের মুখ দেখা বায় না তায়াও হেঁটে বায়। বিমান আক্রমণের সাবধানবাণী, অন্ধিনির্বাপক বাহিনী, আকাশের নিত্তরতা ভক্ষারী তীক্ষ শক্ষ,

অন্ধকার বিদার্গ করে সন্ধানী আলোর বিজলীরেখা, দূরবতী আলোর বেগুনী রশ্মিতে জলে-ওঠা আকাশ—সবই কেমন যেন অস্বাচ্চাবিক।

সময়টা মোটেই স্বাভাবিক নয়, শত্রপক্ষ মন্কোর দিকে এগিয়ে আসছে।

একদিন জরা আর আমি রাস্তা দিয়ে হাঁটতে হাঁটতে একটা বাড়ীর দেরালে একটি সৈন্যের ছবি দেখতে পেলাম। সৈন্যটি তীরদ্লিটতে তাকিয়ে আছে আমাদের দিকে, সৃতীক্ষ মম ভেদী দ্লিট দিয়ে আমাদের দেখছে আর নীচে লেখা আছে—''আপনি যুদ্ধক্ষেত্রের জন্য কি করেছেন—'' কথাগুলোর এমনি শক্তি যেন মনে হল আমাদের কানের কাছে ঝন্ঝন্ করে বেজে উঠল—

জয়। পুরে দাঁড়াল। তিক্তপরে বলল, "এমনি শাস্তভাবে আমি ছবিটার কথাগুলো। এডিয়ে যেতে পারছি না।"

"তুমি তো এখনও অনেক ছোট। তাছাড়া তুমি তো শ্রম এলাকার গিয়েছিলে। তাও তো দেশের কান্ধ, সৈন্যবাহিনীরই কান্ধ।"

তবও আবার বলল জয়া—"তা যথেষ্ট নয়।"

করেক মিনিট আমরা নিঃশব্দে চললাম—আর হঠাৎ জয়। সম্পূর্ণ আলাদা ধরনে, আনন্দের সঙ্গে বলল—''আমার ভাগ্য ভাল, আমি যা যা চাই সবই সত্যে পরিণত হয়।''

জিল্পেস করতে চাইলাম—"কি ভেবে একথা বলছ ?" থেমে গেলাম। কিন্তু ভবিষাং ভেবে আমার হদয় কেঁপে উঠল।

বিদায়, জয়া

জয়া বলল—''মা, আমি মনন্দ্র করে ফেলেছি, আমি নাসিং শিখতে যাব।'' ''আর কারখানার কি হবে ?''

"ওর। আমাকে বেতে দেবে! এটা যুদ্ধক্ষেত্রের জন্য। নর কি?"

দু'দিনের মধ্যেই দরকারী দলিলপত্র তৈরী হয়ে এল। এখন সে বেশ প্রাণবন্ত, আনন্দমুখর, নিজের ভবিষ্যতের কম্পনা ঠিক হয়ে গেলে পর সে সব সময়ই এরকম হত।

ইতিমধ্যে আমর। দুজনে, ব্যাগ, দস্তানা, শিরস্থাণ এইসব সেলাই করেছিলাম। বিমান আক্রমণের সময় বাড়ীর ছাদে চিলেকোঠায় ও সব সময়ই নজর রাখত, শুরা কয়েকটা আগুনে বোমা কারখানা থেকে বার করেছে বলে শুরার উপর ওর রীতিমত হিংসা হত।

জরা নতুন শিক্ষা নেবার আগের দিন খ্ব সকালে বাড়ী থেকে বেরিয়ে গেল, সন্ধার অন্ধনার না হওয়া পূর্বন্ত ফিরল না। ওকে বাদ দিয়েই আমরা থাওরা শেষ করলাম। আমার ছেলে আজকাল রাত্রের পালায় কাজ করছে, বাইরে যাবার সময় ও আমার বেন কি বলল আমি শূনতেও পেলাম না। কি এক ভারাবহ উদ্বেগ হঠাং আমাকে পেরে বসেছিল, কিছুতেই তার হাত থেকে আমি মৃত্তি পাছিছ না।

শুরা তিরস্কারের সুরে বলল—"মা তুমি শুনছ নামোটে!"

"আমি দুঃথিত, শুরা, জয়া যে কোথায় গিয়েছে কিছুতেই বুঝতে পারছি না বলে আমি মন দিতে পারছি না।"

ও চলে গেল। আমি দরজা জানালার আলোগুলো ভাল করে ঢাকা আছে কিনা দেখে আবার এসে টেবিলের কাছে বসে রইলাম। কিছু কাজ করতে পারছি না, শুধু অপেক্ষাই করে রইলাম।

জয়া রীতিমত উত্তেজিত হয়ে ফিরে এল, ওর গালদুটে। লাল হয়ে উঠেছে। কাছে এসে আমাকে জড়িয়ে ধরে—আমার চোথের দিকে ডাকিয়ে বলল—''মা ভারী গোপন কথা। শার্-এলাকায় তাদের পিছনে য়েতে হবে আমাকে। কাউকে বোলো না, শুরাকেও না। বলে দিও আমি গ্রামে দাদুকে দেখতে গিয়েছি।''

আমি নীরবে চোখের জল অনেক কণ্টে চেপে রাখলাম। কিন্তু কিছু বলতে হবে, জয়া যে উজ্জল, আশান্তরা আনন্দশুরা চোখে ডাকিয়ে আছে আমার দিকে।

শেষ পর্যন্ত বললাম—"তোমার কি এত শক্তি আছে, তুমি ত আর ছেলে নও।"

বইয়ের তাকের কাছে সরে গেল জয়া, সেখান থেকে তীক্ষ্ন সোজা দৃষ্টি দিয়ে দেখতে লাগল আমাকে।

চেপে রাখবার চেন্টা সত্ত্বেও বেরিয়ে এল আমার মুখ দিয়ে, "ভোমাকে কেন যেতে হবে? ওরা যদি এখন ভোমাকে ডেকে থাকে…"

জয়। আমার কাছে ফিরে এসে আমার হাতদুটো ধরে বলল—"শোন মা, আমি নিশ্চিত জানি, যদি সম্ভব হত তাহলে তুমিও আমি যা করছি তাই করতে, আমি এখানে থাকতে পারি না, পারছি না কিছুতেই ।" ধীরে ধীরে আরও বলল—"তুমিই ত বলেছ মানুষকে সাহসী, সং হতে হবে জীবনে । শানুসৈন্য এত কাছে এসে পড়েছে আমি এ ছাড়া আর কি করতে পারতাম । ওরা যদি এখানে আসত তাহলে আমার বেঁচে থাকাটাই অসহ্য হয়ে উঠত ।...আমাকে ত তুমি জান, আমার আর কোন পথ নেই।"

আমি জবাবে কিছু বলতে বাচ্ছিলাম, কিন্তু সে আবার বেশ সহজ গলায় বলল—

"দু'দিনের মধ্যেই আমি চলে যাব। আমাকে একটা লালফৌজের ম্যাপের বাক্স, আর আমাদের একটা রসদ রাথবার থলে দিও। আর একপ্রস্থ সৃতীর পোষাক, একটা তোয়ালে, সাবান, টুথরাল, পেন্সিল, কাগজ, ব্যাস আর কিছু চাই না। বাকিটা আমিই চালিয়ে নিতে পারব।"

জরা শুতে গেল, আমি বুমোতে বা পড়তে পারব না জেনে চুপ করে টেবিলের পাশেই বসে রইলাম। এই কাজের থেকে এখন সে আর পিছিরে আসতে পারে না, তা আমি-জানি, কিন্তু এর পরিপতি কোধার? এত ছোট মেরে... ছোট মেরের সঙ্গে কথা বলতে আমাকে কখনও কথা খুব্দতে হরনি, আমরা পরম্পুরের মনের ভাব বেশ ভাল বুঝতে পারতাম, কিন্তু এখন আমার মনে হচ্ছে ধেন খাড়া দেরালের পাশে দাঁড়িয়ে আছি, উপরে বেয়ে উঠার শক্তি নেই ! হার, যদি আজ্ঞ আনাতোলি পেরোভিচ বেঁচে থাকতেন...

কিন্ত; না, যাই বলি না কেন, সবই ব্যর্থ হত। না আমি, না তার পিতা, বদি তিনি বেঁচেও থাকতেন, ভাতে তার স্থিরসিদ্ধান্ত থেকে ঠেকিয়ে রাথতে পারতেন না।

পরের দিন এই সপ্তাহে এই প্রথম শুরা সকালের পালায় কাজ করতে গেল। ক্লান্ত বিষম্ন চেহারা নিয়ে ও ফিরে এল, থিদে না থাকায় কোন রক্মে একটু কিছু মুখে দিল মাত্র।

ও বলল—"জয়। কি সত্যিই আস্পেন বনে যাবার জন্য মনশ্হির করে ফেলেছে?" আমি সংক্ষেপে বললাম—"হাা।"

শুরা চিন্তিত সুরে বলল—"বেশ, চলে যাওয়াটা ওর পক্ষে ভালই হল, ওর বয়সী মেয়েদের পক্ষে মহ্মো এখন আর প্রশস্ত জায়গা নয়।"

ওর গলায় অনি িচতের সুর—একটু থেমে আবার বলল—"হয়ত একদিন তুমিও বাবে। ওখানটা তোমার কাছে নির্দ্ধন, নীরব মনে হবে।"

আমি নীরবে মাথা নাড়লাম। শুরা দীর্ঘনিশ্বাস ফেলে টেবিলের পাশ থেকে উঠে পড়ল হঠাৎ, বলল—"আমি শুতে বাই। আজ যেন ক্লান্ত মনে হচ্ছে।"

আমি খবরের কাগজ দিয়ে আলোটা ঢাকা দিলাম, শুরা কতক্ষণ নীরবে শুরে রইল, মনে হল ভয়ানকভাবে কিছু ভাবছে, তারপর দেয়ালের দিকে ফিরে শীগ্রিরই খুমিয়ে পডল।

জরা দেরী করে ফিরে এল।

শান্তব্যর চুপি চুপি বলল সে—''আমি জ্ঞানতাম তুমি জ্ঞোগে থাকবে। আমি কাল চলে যাব।'' আঘাতটা সইবার মত করার জনাই যেন সে আমার হাতে হাত বুলোতে লাগল।

জিনিসপত্র ব্যাগে ভরে নেবার জন্য সময় নন্ট না করে তাড়াতাড়ি গুছিরে নিল, আমিও নীরবে ওকে সাহায্য করলাম। এই গোছান খুবই সোজা, সাদাসিধে ব্যাপার
—একটু জারগা করে এখানে ওখানে একটুকরো সাবান কি একজোড়া বাড়তি মোজা
ঢুকিরে দেওরার কাজ আর কি । তা হলেও এই-ই আমাদের একত্রে থাকার শেষ
সময়টুকু। আমরা কি অনেকদিনের মত বিদার নিচ্ছি? বিপদ এবং কন্ট, বা
পুরুষ মানুষ এমন-কি সৈন্যদেরও পক্ষেও কঠোর, তাই কি অপেক্ষা করে আছে আমার
জরার জন্য? আমার কথা বন্ধ হয়ে আসছে, কাঁদবার আমার অধিকার নেই, তা
জানি, কিন্তু, সারাক্ষণই কারার আমার গলা বন্ধ হয়ে আসছে। কি বেন একটা
আটকে আছে গলার।

জ্বরা বলল—"এই বে ব্যস্, এই-ই সব মনে হচ্ছে।" তারপর ড্ররারটা খুলে তার ডারেরীখান। বার করে ব্যাগে পুরতে গেল—

আমি কভেস্ভে বললাম—''ওটা নেওয়া উচিত নয়।"

"ঠিকই বলেছ তুমি।"

আমি কিছু বলবার আগেই জয়। স্টোভের কাছে গিরে নোটবইটা আগুনে ফেলে দিল।

ভারপর একটা নীচু বেঞ্চে বসে চাপা গলায় বাচ্চা ছেলেদের মত আবদারমাথা সূরে বলল—"আমার কাছ এসে বস।"

আমি ওর পাশে বসলাম, অনেক বছর আগের মত আমরা দুইজনে আগুনের শিখার দিকে চেয়ে বসে রইলাম। কিন্ত; তখন আমি জয়া আর শুরাকে গম্প শোনাতাম, আর ওরা আগুনের আঁচে লাল হয়ে-ওঠা মুখ নিয়ে বসে শুনত। এখন আমি নীরব, আমি জানি একটি কথাও উচ্চারণ করার আমার ক্ষমতা নেই।

জয়া ঘুরে ঘুমন্ত শ্রার দিকে একবার নজর দিয়ে থ্ব নীচু গলায়, যেন আমিও ভাল শ্বাতে পাছি না, এমনি করে বলতে লাগল—''কি করে এটা ঘটল ভোমাকে বলছি শোন—তুমি শ্বুধু কারোকে বলতে পারবে না, শ্রাকেও না। আমি রণক্ষেতে যেতে চাই বলে জেলা যুবসমিতির কাছে আমি একটা দরখান্ত পাঠাই। জান এরকম কত দরখান্ত ওরা পেয়েছে? হাজার হাজার। আমি যখন জবাব আনতে গেলাম ওরা আমাকে বলল—'কমসোমল-এর মজো কমিটির সেক্টোরীর কাছে যাও।"

"গেলাম দেখানে, দরজাটা যেই খ্ললাম, সেক্রেটারী আমাকে খ্র তীক্ষাদ্ ভিতে দেখলেন। আমরা কথা বলছিলাম। তিনি আমার হাতদুটের দিকে চেরের দেখছিলেন। প্রথমে আমি একটা বোত্তাম বোরাচ্ছিলাম, কিন্তু তারপরে হাতদুটো হাঁটুর উপর পেতে রাখলাম, যাতে তিনি মনে না করতে পারেন যে আমি ভর পেয়েছি। প্রথমে তো আমার জীবনের বিষর জিল্পের করলেন, কোথার আমার বাড়ী, কোন্ কোন্ জেলা আমার জানা? কি কি ভাষা জানি? আমি বললাম—জার্মান। আরপর আমার পা, হাঁটু, নার্ভ এইসবের কথা, ভূপরিচর সম্বন্ধে কি জানি, দিগন্তরেথা সম্পর্কে আমার কিরকম জ্ঞান, কি করে এর সাহায্যে দিক্নির্ণর করতে হয়, নক্ষয় দেখে কি করে দিক ঠিক করতে হয়—আমি সব কিছুরই জবাব দিলাম। তারপর বললেন—'বকুক ছুণ্ডতে জান?'

'জানি।'

'লক্ষ্যভেদ করেছ কথনও ?'

'र्रा।'

'সণতার কাটতে পার ?'

'शा।'

'উঁচু থেকে জলে ঝর্ণাপরে পড়তে ভর পাও ন। ?'

'ना।'

'প্যারাশটে থেকে লাফিরে পড়তে ভয় পাও না—'

'না, পাই না।'

'ভোমার ইচ্ছাশতি প্রবল ?'

"আমি বললাম আমার নার্ভগুলো বেশ শন্ত, আমার ধৈর্য আছে।"

'তিনি বললেন—'আচ্ছা, যুদ্ধ বেধেছে, লোকের দরকার, ধর তোমাকে আমরা বিদি বৃদ্ধে পাঠাই।'

'পাঠান না দরা করে।'

'কি•তু এ ত অফিসে বসে কাজ করার মত ব্যাপার নয়⋯ভাল কথা, তুমি বিমান আক্রমণের সময় কোথায় ধাক ?'

'ছাদে, আমি ওতে ভর পাই না, সাইরেন শন্নলে আমার ভর করে না, বোমাকেও আমি ভর করি না।'

তিনি ৰললেন—'বেশ, বারান্দায় গিয়ে বস। আর একজন বন্ধুর সঙ্গে একটু আলাপ করে আমর। টুসিনোতে গিয়ে বিমান থেকে লাফিয়ে পড়ার মহড়া দেব কয়েকটা।'

"আমি বারান্দার গেলাম। মিথ্যে বলব না—আমি বিমান থেকে 'লাফিরে-পড়া সম্বন্ধে ভাবছিলাম। তিনি আবার আমাকে ডাকলেন—'প্রস্তুত?' 'প্রস্তুত।' এবার তিনি আমাকে ভর দেখাতে লাগলেন।" জয়া আমার হাত আরও জোরে চেপে ধরল, "তিনি বললেন—সেখানকার অবস্থা ভয়াবহ, আশঙ্কাজনক, যে কোনকিছুই ঘটতে পারে। তারপর তিনি বললেন—'বাড়ী গিয়ে আবার ভেবে দেখ। দুদিন পরে আবার এস।' তথন আমি বুঝলাম বিমান থেকে লাফ দেবার কথাটা শুরু আমাকে পরীক্ষা করার জন্যই বলেছিলোন।

"আমি দুদিন পর আবার গেলাম, তথন তিনি বললেন—'তোমাকে নেব না বলেই আমরা স্থির করেছি।' আমি তো প্রায় কে'দেই ফেললাম—হঠাং ঠেচিয়ে উঠলাম—'কি বলছেন, নেবেন না, কেন নেবেন না?'

"তখন তিনি হেসে বললেন—'বস, তুমি শন্ত্পক্ষের এলাকার পিছনে থাকার কাজে বাবে।' অমি বুঝলাম এটাও একটা পরীক্ষা, আমার মনে হচ্ছে তিনি যদি আমাকে স্বন্থির নিশ্বাস ফেলতে দেখতেন, তাহলে কিছুতেই নিতেন না। এই পর্যন্তই, আমার প্রথম পরীক্ষা শেষ হল।"

উন্নে ফট্ করে কঠিফাটার শব্দ হল। জয়ার মূথের উপর আগুনের আভা পড়ে উজ্জল দেখাছিল। ঘরে আর কোনও আলো নেই। নীরবে আমরা অনেকক্ষণ ধরে আগুনের দিকে চেরে বসে রইলাম। অবশেষে অনেকক্ষণ চিন্তার পর জয়া বলল—''বড় দুঃখের কথা যে সাজিন্মামা এখানে নেই, তিনি এখানে থাকলে তোমার এ দুঃসময়ে অনেক সাহায্য হত, ত'ার উপদেশমত চললে—''

জরা আগুনটা নিভিরে দিরে, বিছানা করে শুরে পড়ল। একটু পরে আমিও শ্বতে গোলাম কিন্তু খুমোতে পারলাম না। ভাবতে লাগলাম—আর কতদিন পরে জন্মা আবার নিজের বিছানায় নিজের ধরে ঘুমোতে আসবে ? ও কি ঘুমিয়ে পড়েছে ? আমি আন্তে আন্তে ওর কাছে গেলাম, ও তক্ষুণি নড়েচড়ে উঠল—

"তুমি এখনও বুমোওনি কেন?" গলার সুরে বোঝা গেল ও হাসছিল।

আমি জবাব দিলাম—''ঘুম থেকে উঠতে দেরী হয়েছে কিনা জ্ঞানবার জনা ঘড়ি দেখতে এসেছিলাম—তুমি ঘুমোও।"

আমি আবার শ্রের পড়লাম, কিন্তু ঘুম এল না। ইচ্ছা হল ওর কাছে গিরে জিল্জেস করি ওর সিদ্ধান্তের পুনবিবেচনা করেছে কি না। বোধহর সকলের উপদেশ মত মন্কো থেকে চলে গেলেই ভাল হত। আমার যেন নিশ্বাস বন্ধ হয়ে আসছে, নিশ্বাস নিতে আমার দন্ত্রমত কন্ট হচ্ছে...রাত শেষ হয়ে এসেছে, এই শেষবারের মত আমি তাকে থাকবার জন্য অনুরোধ করতে পারি। না হলে বড় দেরী হয়ে যাবে। আবার আমি উঠগাম। প্রভাতের অস্পন্ট আলোর জয়ার ঘুমন্ত মুখের দিকে তাকিয়ে দেখলাম, শাল্ড মুখ্লী, দৃঢ়চাপবদ্ধ ওচবুগল। শেষবারের মত আমি বুঝলাম—জয়া তার মত বদলাবে না।

শ্বরা কারখানার যাবার জন্য উঠল ভোরে। হ্যাট কোট পরে বেরোবার সময় বলল জয়া—"বিদায় শ্বরা।"

শ্রা ওর করমর্দন করে বলল-

"দাদু আর দিদাকে আমার ভালবাস। দিও, তোমার বারা শত্ত হোক, তোমার জন্য আমাদের বড় মন খারাপ লাগবে জানো জরা। কিন্তু তোমার জন্য আমি নিশ্চিম্ত হলাম, আন্পেন বনে গোলমাল অনেক কম।"

জয়া হেসে ওর ভাইকে জড়িয়ে ধরল।

জয়া আর আমি একসঙ্গে চা খেলাম। জয়া জামাকাপড় পরতে সুরু করল। আমি তাকে আমার নিজহাতে বোনা কালো পাড় দেওয়া গরম সবুজ দন্তানাদুটো দিলাম, আর আমার পশমের জামাটাও দিলাম।

জরা আপত্তি করে বলল—''না না আমার লাগবে না, গরম কিছু না থাকলে তুমি তাহলে কি করে শীত কাটাবে ?''

আমি শাস্তস্বরে বললাম_''এগুলো নাও।''

জরা আমার দিকে তাকিয়ে আর কিছু না বলে ওগুলো নিয়ে নিল। আমর।
দু**জনে একসঙ্গে** বার হলাম। সকালটা বড় মেঘলা। হাওয়ার ঝাণ্টা লাগছিল
চোথেমূথে।

আমি বললাম—"তোমার ব্যাগটা আমার হাতে দাও।" জরা একমূহুর্ত দাঁড়াল।

"আছো মা, আমার দিকে তাকাও ত…তুমি কাঁদছ, চোখে জল নিয়ে আমাকে বিদায় দিতে এসো না, আবায় তাকাও দেখি।"

আমি তাকিয়ে দেখি জয়া আনন্দিত মুখে হাসছে, আমিও হাসতে চাইলাম। "এই ত বেশ।" আমাকে গাঢ় আলিঙ্গন আর চুখন করে জয়। চলন্ত একটি ট্রামের পাদানীতে লাফিয়ে উঠল।

নোট-খাত৷

বাড়ী ফিরেও মনে হল সব জিনিসে জয়ার হাতের ছে'ায়া লেগে আছে। যেমন করে জয়া সাজিয়ে রেখেছে, তেমনি করে তারা দ'াড়িয়ে আছে। তারই হাতে সাজিয়ে রেখেছে স্তার জামাকাপড় আলনায়, খাতাপত্র টেবিলে। শীতের জন্য জানালার কাঁচে পর্নাডং অ'াটা, লয়া য়াশে রাখা শরতের শ্কনো ঝরা পাতায়ভরা একটা শাখা। ছোট-খাটো সব কিছুই ওকে মনে করিয়ে দিছিল।

দিন দশেক পরে করেকটি কথালেখা একখানা পোষ্টকার্ড এল। "প্রির মা, আমি সুস্থ শরীরে বে'চে আছি। বেশ ভাল লাগছে। আশা করি তুমিও ভাল আছ। ভালবাসা আর আদর নিও—তোমার জয়া।"

শ্রা অনেকক্ষণ ধরে পোপ্টকার্ডটার দিকে তাকিয়ে রইল। বারবার যুদ্ধক্ষেত্রের পোষ্ট অফিসের নম্বরটা পড়তে লাগল—যেন মুখন্থ করছে।

কেবলমাত্র বলল—''মা ?''—কিন্তু এই একটি অক্ষরের মধ্যেই ওর মনের বিশ্মর, ভংগনা আর তিক্ত অভিমান প্রকাশ পেল। অহন্ধারী আর আত্মপ্রতারী শুরা আমাকে কিছু জিজ্ঞাসা করল না। জরা যে তার গোপনকথা না বলে, তাকে একবারও না জানিয়ে এমন করে চলে গেল, তাতে শ্রা ভরানক দ্বংথিত হয়েছে, ব্যথা পেয়েছে।

"তুমি যখন জুলাইমাসে চলে যাও, তখন ত জয়াকে কিছু বলে যাওনি। তোমার বলার অধিকার ছিল না, ওর বেলায়ও ঠিক তেমনি।"

শুরা আমাকে যা জবাব দিল কোনদিন ওর কাছে এ রক্ষম কথা শুনিনি। আমি ভাবতেও পারতাম না যে শুরা এ রক্ষম কথা বলতে পারে। "জয়া আর আমি ছিলাম এক," একটু থেমে আবার বলল—"আমাদের দুজনের একসঙ্গে বাওয়া উচিত ছিল।"

এ নিয়ে আমরা আর কিছু আলোচনা করলাম না।

আমার জীবন থেকে সবটুকু আলে। চলে গিয়েছিল। অনেক রাত জেগে সৈনিকদের পোষাক তৈরী করতে করতে ভাবতাম—''কোথার আছ এখন ? কি করছ ? তুমি কি আমাদের কথা ভাবছ ?''

একদিন একট্ সমর পেরে টেবিলের ডারার গাছিরে রাখছিলাম, জরার খাতা-গুলোর বাতে ধ্লো না জমে সেজনা সেগুলো ডারারের মধ্যে রাখার জন্য একট্ জারগা করছিলাম। প্রথমে আমি জরার হাতের লেখার টানা দিন্তা দিশ্তা কাগজ পেলাম। ইলিরা ম্রোমেত-এর সম্বন্ধে জরার রচনার খসড়া করা পাতাগুলো আরম্ভটা এই রক্ম— "রুশভ্নির সীমাহীন বিস্তার। এই ভূমির শান্তিরক্ষক তিন অতিকার প্রহরী, মারাধানে একটি যোড়ার উপর বসে ইলির। মুরোমেত, হাতের গদা শচ্বর উপর পড়তে উদ্যত। তার পাশে দ'ড়িরে আছে তার বিশ্বস্ত বন্ধরা, চোখ মিটমিটিরে আলিউশা পোপোভিচ, আর রূপবান্ দোরিনিয়া।"

মনে পড়ল সেইদিনের কথা, জয়া ধেদিন ইলিয়া ম্রোমেত-এর সম্বন্ধে পোরাণিক কাহিনী পড়ছিল, ভাসনেংসোভ-এর বিখ্যাত চিরের একটি প্রতিলিপি এনে তার দিকে তাকিয়েছিল অনেকক্ষণ ধরে, এই ছবিটির কথা দিরেই জয়া তার রচনা আরম্ভ করে-ছিল।

আর এক পাতায় ঃ

''মান্য তাকে ভালবাসা আর শ্রন্ধা দিয়ে বিরে রেখেছিল। বুদ্ধে আহত হলে স্বাই কেঁদেছিল, 'দৃদেশ্য নাঙ্গ্রিক' যখন তাকে হারিয়ে দিল, রুশভূমিই তাকে দিয়েছিল শব্ধিঃ

''ইলিয়া মাটিতে পড়ে যেতেই তার শক্তি তিনগুণ বেড়ে যায়।'' পরের প্ঠায়ঃ

''এখন বহু শতাব্দী পর মান্ধের আকাক্ষা আর আশা সত্যে পরিণত হরেছে। আমাদের দেশ তার সন্তানদের মধ্যে থেকেই তৈরী করেছে তার রক্ষক লালফোজ। 'কিংবদন্তীকে সত্যে রুপায়িত করতে জন্মেছি আমরা' গানটা কিছু মিথোই গাওয়া হয়নি, আমরা এক অপ্বে কাহিনীতে রুপায়িত করতে চলেছি, এককালে লোকে বেমনি করে ইলিয়া মুরোমেতের কাহিনী গান করতো, তেমনি গভীর ভালবাসার সঙ্গে গাইছে আজ লোকে তাদের বীর যোদ্ধাদের সম্বন্ধে।''

আমি জয়ার রচনা থাতার ভিতরে এই টুকরে। পাতাগুলো যত্ন করে রাখতে গিয়ে দেখলাম ইলিয়া মুরোমেত সয়দ্ধে রচনাট। পরিষ্কার করে নকল হয়েছে আর তার পাশে ভের। সান্ধিরেভ্নার পরিষ্কার হস্তাক্ষরে "একসেলেট" মস্তব্য রয়েছে। সবগুলো কাগজ ভ্রারের ভিতরে রাখতে গিয়ে হাতে যেন এককোণার কি একটা ঠেকল, সেটা বার করে আনলাম। একটা ছোট্ট নোটবই, খুললাম—

প্রথম পাতার লেখকদের নাম আর তাদের বইয়ের নাম। অনেক নামের পাশেই ঢেরাচিক্ বৃঝিয়ে দিছে যে সেগুলো পড়া হয়েছে। তার মধ্যে আছে জুকোড্ছি, কারামজিন, পুশকিন, লেরমোনটোড, টলঊর, ডিকেন্স, বাররন, মলেরার, শের-পীয়ার...তারপর কভগুলো পাতার পেনিলের লেখার টানা,—অর্ধেক মোছা, প্রায় অস্পত্ত লেখা। তারপর হঠাৎ পাওয়া গেল ছোট ছোট কালির অক্ষরে জরার স্পত্ত হাতের লেখার,—

'মানুষের সব কিছু হবে সূন্দর—তার মুখ, তার পরিচ্ছণ, তার আছা এমন কি তার চিচ্চাধারা পর্কত' (শেকফ)

''সামাবাদী হওরার মানে হল নিভীক হওরা, চিতা করতে পারা, জানবার আকাশ্কা, আর অভিযান করা'' (মারাকভাঁস্ক) পরের পাতার পেন্সিলে হিজিবিজিকাটা ক্ষিপ্ত হাতে ট্রকে নেওর। একটা নোট পোলাম—"সত্যের উচ্চ আদর্শন, নৈতিক পবিত্রতা আর গন্তীরতার জন্য মানুষের সংগ্রাম ব্যক্ত হয়েছে 'ওথেলো' নাটকে। ওথেলোর বিষয়বস্তু হলা উচ্চ অকৃত্রিম মানবতাবোধের অনুভূতি।"

"শেরপীয়ারের নাটকে নায়কের মৃত্যুতে উচ্চ নৈতিক আদর্শ জয়লাভ করে।"

ছোট্ট, নিত্যব্যবহারে সামান্য ময়লা নোটবইটার পাতা উপ্টোতে উপ্টোতে আমি বেন জয়ার কণ্ঠম্বর, তার সন্ধানীচোথের গভীর দৃষ্টি, সলজ্জ হাসি অনুভব করতে লাগলাম ।

এই যে "আনা কারেনিনার" একট্ব অংশ—আনার ছেলে সেরিওঝা সম্বন্ধে ঃ

''এর বয়স নয় বছর, শিশ্মোত্র বয়স ; কিন্তু নিজের আত্মাকে জানত ও ভালবাসত। চোথের পাতা যেমন চোথের মণিকে সযত্নে পালন করে তেমনি করে সে আত্মার সমাদর করে। ভালবাসার সোনার চাবি ছাড়া সে আর কাউকেই সেখানে প্রবেশ করতে দেয় না।''

মনে হল এই কথাগুলো জন্নার সম্বন্ধেই যেন বলা হয়েছে। পড়তে পড়তে যেন আমি প্রতি ছত্তে তাকে দেখতে পাচ্ছি।

''মায়াকভ্দ্ধি মহং, মেজাজী, সরলহদর আর ক্পন্টবন্ধ। ব্যক্তি । মায়াকভদ্ধি কবিতায় নৃতন জীবন সঞ্চার করেছেন । তিনি কবি-নাগরিক, কবি-বন্ধ। ।'

"সাতিন । শ্রম বধন মাত্তিমান আনন্দ, জীবন তথন পরম রমণীর। শ্রম বধন কর্তব্য, জীবন তথন দাসত্বমাত্র।" 'সত্য কি ? হে মানুষ—এই তোমার সত্য! মিথা হল গোলাম আর মনিবদের ধর্ম…সত্যই হল মুক্ত মানবের জগবান্! মানুষ! কি আশ্চর্ষ কথা—কি গরিমমর না কথাটা—মানুষ! মানুষকে শ্রদ্ধা করতে হবে, কুপা নর…কুপা হীনতা সৃষ্টি করে। যারা কেবলমাত্র নিজের ভর্মণ-পোষণের কথাই সারাক্ষণ ভাবে তাদের আমি কথনোই দেখতে পারিনা। এটাই তো একমাত্র কথা নর—মানুষ তার থেকে অনেক বড়, মানুবের উদরের চেরে মানুবের আদর্শ অনেক উচ্চ।" (গোর্কি—দি লোরার ভেপ্থস্)।

পাতার পর পাতা উণ্টিয়ে পড়তে লাগলাম:

"মিগুরেল দ্য সারভেনটস ঃ সাভেদ্রা—ডন কুইন্মোট্ । ডন কুইন্মোট্ হল ইচ্ছাশতি, আত্মত্যাগ ও বৃদ্ধির মূর্তিমান রূপ ।"

"জীবনের বাত্রাপথে মানুষ যত বিস্মর সৃষ্টি করেছে আর ভবিষয়তেও করবে
—তার মধ্যে সবচেরে বড় বিস্মর আর সবথেকে নিপুণ সৃষ্টি হল বই ।" (গোর্কি)।

"প্রথমবারের মত একটি সত্যিকার ভাল বই পড়ার সঙ্গে গভীরহ্বদর পুরানে। বন্ধুর সাক্ষাং পাওরাকে তুলনা করা চলে। পড়া জিনিস আবার পড়া মানে পুরনো বন্ধুর সঙ্গে আবার সাক্ষাং হওরা। ভাল বই পড়ে শেব করা মানে পুরনো বন্ধুর সঙ্গে বিচ্ছেদ হওরা—আবার কবে দেখা হবে কে জানে!" (চীনের প্রবাদ) " যে ভ্রমণ করে, সে পথের শেষে পেশছার।"

"र्চात्रत्व, वावहारत्न, ठामठनरन, সर्वाकन्नुराज সामा त्रिमा किनिमरे सव स्थरक मृत्यत्र।" (नरफ्ला)

আবার একবার, সেই জ্বরার ভারেরী পড়ার দিনটির মত আমার মনে হতে লাগল আমার হাতের মুঠোর কাঁপছে আমার হদর—বে হদর তীব্রভাবে ভালবাসবার জন্য, বিশ্বাস করবার জন্য উন্মুখ।

সবটা বই পড়তে পড়তে, প্রত্যেকটা পাতার উপর চোথ বুলোতে বুলোতে মনে হল জরা আমার পাশে বসে আছে, আমরা আবার একসঙ্গে বসে কথা বলছি।

১৪ই অক্টোবর ভারিখের লেখা শেষ পাতাটি---

"মস্কো কমিটির সেক্রেটারী বেশ বিনরী সাদাসিধা লোক। তিনি কথা বলেন সংক্ষেপে কিন্তু পরিষ্কার করে। তার টেলিফোন নম্বর কে ০-২৭-০০ এক্সটেনশন 3-38 I"

তারপর "ফাউস্ট" থেকে অনেকথানি উদ্ধৃত করা হয়েছে: ইউফোরিয়ান-এর প্রশংসামুখর সেই গানটার পুরোটাই ভোলা হয়েছে—

''আমার স্লোগান এখন

যুদ্ধ---জর।

ধ্বনি....

.....হাঁ, পক্ষপুটে ভর ক'রে— সেখানে যাব উড়ে যুদ্ধের আগুনে ঝাপ দেব রণভাগুবে হব মন্ত।"

"আমি ভালবাসি রুশভূমিকে, আমার হৃদর বেদনার রক্তান্ত হরে ওঠে রুশভূমির জন্য'' (সন্তিকোভ শ্চেদ্রিন) ।

হঠাৎ শেষ পাতার দুরন্ত আঘাতের মত এল, 'হ্যামলেটের' কয়েকটি কথা— "विमात्र, विमात्र, विमात्र—कृत्माना आमात्र।"

ভানিয়া

এই বইটা লেৰায় আমি আনন্দ ও দুঃখ দুইই পেয়েছি। লিখতে লিখতে আমার মনে হরেছে—আবার আমি ছোট্ট জয়ার দোলনা দুলিয়ে দিচ্ছি, আবার ভিনবছরের শুরাকে কোলে নিয়ে প্রাণ ও আশায় ভরপুর দু'জনকে একসজে দেখাশোনা করছি। বলবার কথা বত কম হরে আসছে, অবশাস্থাবী পরিণাম যত কাছে আসছে, দরকারী কথা খুল্লে পাওয়া আমার পক্ষে ততই কঠিন হছে।

জন্তার বিদায়ের পরবর্তী দিনগুলো আমি পরিষ্কার মনে রাখতে পারি, তার খুণ্টিনাটিগুলো পর্যস্ত ।

ও চলে গেল—আমাদের দিনগুলো এক দীর্ঘ প্রতীক্ষায় পরিবত হল। আগে শুরা বাড়ী ফিরে জরাকে না দেখতে পেলে জিজ্ঞেস করত—"জয়া কোথায় ?" এথন তার প্রথম কথা হল—''কোন থবর আছে ?'' কিছুদিন হল সে প্রশ্ন করত না আর। কিন্তু তার চোখে প্রশ্ন ফুটে উঠ্ত।

একদিন বেশ উত্তেক্ষিত ও আনন্দিত মুখে শুরা দৌড়ে এসে ঘরে ঢুকল, আরু আগে কোনদিন যা করেনি, তাই করল—আমাকে এসে জড়িয়ে ধরল শস্ত করে।

আমি তক্ষুনি অনুমান করলাম—"চিঠি"!

শুরা বলে উঠল—"কি চিঠি জান? শোন, 'মা, তুমি কেমন আছ, তোমার স্বাস্থ্য কেমন আছে! তুমি কি ভাল আছ? মাগো, যদি পার তো আমাকে করেকটা লাইন লিখে জানিও, আমার জীবনের উদ্দেশ্য সফল করে ফিরে এসে বাড়ী যাব তোমাকে দেখতে। তোমার জয়া।""

আমি জিজ্ঞেস করলাম—"কবেকার তারিথ?"

"সতেরোই নভেম্বর। তার মানে ফেরার আশা করতে পারি আমরা শীগগিরই।"
আর একবার সূরু হল আমাদের প্রতীক্ষা, তত উদ্বেগ নেই আর, এবার আছে
আশা আর আনন্দ। দিনরাত্তির প্রতিটি মুহুর্তের তীর প্রতীক্ষা, যেন দরজায় শব্দ
হওয়ামাত্ত লাফিয়ে উঠে দরজাটা খুলে দিতে পারি, প্রতি মৃহুর্তেই আমরা ওর আগমন
আশা করছি.....

"কিন্তু নভেম্বর গেল, ডিসেম্বর গেল, জানুরারীও প্রার শেষ হয়ে এল।...না চিঠিপত্র না কোন খবর।

শুরা আর আমি দুজনেই কান্ধ করছিলাম। সংসারের সব কান্ধ শুরা করত।
বুঝতে পারতাম, জয়ার মত সব ভার নিয়ে ও আমাকে ভূলিয়ে রাখতে চায়। ও বিদি
আগে বাড়ী আসত, তাড়াতাড়ি উন্ন জেলে আমার জন্য খাবার গরম করতে লেগে খেত। রায়ে আমার গায়ে গরম কিছু দিয়ে ঢাকা দেবার জন্য ও উঠত, আমি বৃঝতে পারতাম। আমাদের জালানী কাঠ কম ছিল, তার মধ্যেও বতটা সম্ভব আমরা বাঁচাবার চেকী করতাম।

একদিন জান্রারীর শেষে আমি দেরী করে ফিরছিলাম। বেশী ক্লান্ত হলে বেমন সাধারণত হয়ে থাকে, অন্যমনস্কের মত আমি পাশের লোকের কথাবার্তাঃ শ্নাছলাম। সে সন্ধ্যার রাস্তার ক্রমাগতই একটা কথা শ্নাছলাম—''আছকের প্রাভদা দেখেছ ?'' "লিদোভ্-এর প্রবন্ধটা পড়েছ ?''

দ্বীমে একটি অম্পবরসী বড় বড় চোগওরালা রোগা মেরেকে তার সঙ্গীকে বলতে শ্নেলাম—"কি করুণ প্রবন্ধ! সাবাস মেয়ে বটে!"

বুঝলাম নিশ্চরই আজকের কাগজে অসাধারণ কিছু লেখা উঠেছে।

বাড়ী ফিরে আমি শ্রাকে বললাম—"তুমি কি আন্তকের প্রান্তন্য পড়েছ শ্রা? লোকেরা বলাবলি করছে ভারী চমংকার প্রবন্ধ বেরিরেছে একটা !'

भारता नौरूनलाम प्राधित पिटक ट्याथ दरस्य वलल-"है॥।"

"কি বিষয় নিয়ে ?"

"তানিয়া নামে একটি তরুণ মেয়ে গেরিলা সম্বন্ধে। জাম'নিরা তাকে ফ'াসী দিয়েছে।"

ঘরের ভিতরটা ঠাণ্ডা। যদিও এটা আমাদের অভ্যাস হয়ে গিয়েছে তব্ও একথা শোনার সঙ্গে সঙ্গে যেন আমার শরীরের ভিতর দিয়ে বরফের স্রোত বয়ে গেল। আমি ভাবলাম—''কোন্ মায়ের বাছারে! ওর মাও হয়ত বাড়ীতে ওর জন্য অপেক্ষা করছে, ওর জন্য ভাবছে।''

একট্র পরে আমি রেডিও খুলে দিলাম। যুদ্ধের খবর। রণক্ষেত্রের খবরাখবর। হঠাৎ লাউডস্পীকারে শোনা গেল—'আজ ২৭শে জান্মারী প্রকাশিত লিদোভ্-এর প্রবংধ "তানিয়া" প্রচার করছি।

ক্রোধ আর করুণামাখান স্বরে কাহিনীটা স্বুরু হল, কেমন করে গত ডিসেম্বরের প্রথমে তানিয়া নামে তরুণ গেরিলা মেয়েকে জার্মানরা পেরিশ্চেভো গ্রামে ফ°াসিতে লটকার।

হঠাৎ শরো বলে উঠল, ''মা রেডিওটা বন্ধ করে দেব ? কাল আমাকে সকাল বেলাই কাজে বেতে হবে।

আশ্চর্য কিন্তু! শ্রোর ঘুম খুব গাঢ়, সাধারণত জোরে কথাবার্তা বলা বা রেডিও চালানোতে তার ঘুম ভাঙ্গে না।

পরের দিন আমি কমসোমল জেলা কমিটিতে গেলাম, ভাবলাম তারা হয়ত জয়া সমুন্ধে কিছু বলতে পারবে।

"কাজটা গোপনীয়। চিঠিপত্র আসতে হয়ত অনেক দেরী হবে''—বললেন সেকেটারী।

আরও করেকদিন কেটে গেল ভরার্ড উদ্বেগ নিয়ে, তারপর এল এই ফেব্রুয়ারী।
দিনটা আমি কোনদিন ভূলব না—বাড়ী এসে ছোটু একটি চিঠিপেলাম। শুরা
লিখেছে, ''মাগো—কমসোমল জেলা কমিটি থেকে তোমার সঙ্গে দেখা করতে
চেয়েছে।"

আমি খুব খুশী হরে ভাবলাম—''শেষ পর্যন্ত এল তাহলে! জ্লয়ার খবর নিশ্চরই, হয়ত চিটি।'

আমি যেন পাথার ভর করে উড়ে গেলাম জেলা কমিটিতে। অন্ধকার, কড়ের রাত, ট্রামের জন্য অপেক্ষা করতেও পারলাম না। আমি হোঁচট থেতে থেতে, পড়তে পড়তে দোড়ে গেলাম। কোন অশ্ভ চিন্তাই এল না আমার মাথার। আমি তো খারাপ খবরের কথা ভাবিই নি, শুরু ভাবছিলাম কথন জয়াকে দেখতে পাব, ও কি শীর্গাগরই ফিরে আসবে?

জেলা কমিটিতে আমাকে বলল—''বাড়ী ফিরে বান, কমসোমলের মঙ্কো কমিটি থেকে কয়েকজন আপনার বাসায় আপনার সঙ্গে দেখা করতে গিয়েছেন।''

"শীর্গাগর, শীর্গাগর, তাড়াতাড়ি চালাও পা, জয়। কথন ,আসছে আমাকে জানতেই হবে"—আবারও আমি হাঁটতে না পেরে দৌডতে লাগলাম।

দরজাটা ধারা দিয়ে খুলেই আমি প্রবেশপথে থম্কে দাঁড়ালাম। টোকলের কাছে বসা দুজন লোক আমাকে দেখে উঠে দাঁড়ালেন, তাঁদের একজন তিমিরিরাজেভ জেলার গণশিকা পরিষদের কর্ডা—আর একজন অপরিচিত, গঞ্জীর, বিষম মুখ তাঁর। দাঁর্ঘনিশ্বাস বেরিয়ে আসছে তার মুখ থেকে স্পন্ট দেখতে পেলাম। ঘরের মধ্যে বেশ ঠাঙা, তাঁদের কেউই কোট খোলেন নি।

শ্রা ন্তর হয়ে জানলার কাছে দাঁড়িরেছিল—আমি তার দিকে তাকালাম। চোখে চোখ মিলল, হঠাং আমি বুঝতে পারলাম…শ্রা আমার দিকে দোঁড়ে এল, ওর পা লেগে কি যেন পড়ে গেল—কিন্তু আমি নড়তে পারলাম না, আমার পা দুটো বেন মাটিতে আটকে গিয়েছে।

"লিউবোভ তিমোফিয়েভ্ন। প্রাভদার তানিয়। মেয়েটি..." কে যেন বলল, "আপনার জয়। অবার ক্ষেকদিনের মধ্যেই আমরা পেচিন্চেভো গ্রামে যাব।"

কে যেন একটা চেরার এনে দিল—আমি তাতে বসে পড়লাম। চোথে আমার জল ছিল না। ঘরে যেন হাওয়া নেই—একলা থাকার জন্য আমি ব্যাকুল হয়ে পড়েছিলাম।আমার কানে একটানা বাজতে লাগল—''মারা গিয়েছে…মারা গিয়েছে।''

শুরা আমাকে বিছানায় শুইয়ে আমার পাশে সারারাত বসে রইল। ও কাঁদল না, শুকনো চোখে সামনের দিকে তাকিয়ে রইল, আমার হাত ওর হাতে জ্ঞাের চেপে ধরে রইল।

অধশেষে আমি জিজ্ঞাসা করলাম—"শুরা এখন আমরা কি করব ?''

এবার শুরা নিজেকে সামলাবার বার্থ চেন্টা সত্ত্বেও বিছানার ঝাপিরে পড়ে ফুলে ফুলে চীংকার করে হতাশার কালা কাদতে লাগল।

ভাঙ্গা মোটা গলার বলতে লাগল শ্রো—"আমি আগে থেকেই জানতাম... সবই...গলার দড়িবাঁধা অবস্থায় একটা ছবি প্রান্তণার বেরিরেছে...নামটা আলাদা কিন্তু আমি জানতাম এটা তারই...তোমাকে আমি বলতে চাইনি, আশা ছিল হরত আমি ভূল করেছি। নিজেকে বোঝাতে চেয়েছি আমি ভূল করেছি...আমার বিশ্বাস হয়নি...কিন্তু আমি জানতাম, এ আমি জানতাম....."

বললাম__''আমাকে দেখাও।"

চোথের জলে ভেসে বলল শ্রা—"না।"

বলগাম—''শ্বেয়া আমাকে এখনও অনেক কিছু দেখতে হবে, তাকে আমার দেখা এখনও বাকী। আমি বলছি…"

শর্রা জামার ভিতরকার পকেট থেকে তার নোটবই টেনে বার করল। পরিষ্কার পাতার খবরের কাগজের একটা টুকরে।। আঘাতে আঘাতে ক্ষডবিক্ষত আমার মেরের মুথের চেহার। আমি চিনতে পারলাম।

শ্রা বেন আমাকে কিছু বলছিল—অনেক দ্র থেকে বেন আমার কানে ভেসে এল, "বুঝতে পারছ কেন ও নিজেকে তানিয়া বলে পরিচর দিয়েছিল? তানিয়া সলোমাধার গণ্প মনে আছে?"

বেশ মনে আছে। সবই আমার কাছে পরিন্কার হয়ে গেল। নিশ্চরই অনেক-দিন আগে নিহত সেই মেয়েটির কথা ভেবেই সে নিচ্ছের নাম তানিয়া রেখেছিল...

পেত্রিশ্চেভোতে

১৫ই ফেরুরারী আমি পেরিশ্চেভো গ্রামে গেলাম। কি করে গেলাম তা আর ভাল মনে নেই, কেবল মনে আছে পীচের রাস্তা পেরিশ্চেভো অবধি ধারনি। প্রার পাঁচ কিলোমিটার রাস্তা আমাদের গাড়ী ঠেলে নিয়ে যেতে হয়েছিল। গ্রামে যখন গিয়ে পৌছলাম, শীতে আমরা অসাড় হয়ে গিয়েছি। ওরা আমাকে একটা কু'ড়েবরে নিয়ে গেল কিস্তু তবুও আমার শীত গেল না। আমরা তারপর জয়ার কবরের কাছে গেলাম। ওরা আগেই খু'ড়ে আমার মেয়েকে বার করেছিল। আমি দেখলাম তাকে.....

হাতপুটো দুপাশে লয়। করে ছড়িরে জয়। শুয়ে আছে। গলার ফাসীর দড়ি, মাথাটা পিছন দিকে ঝ্লে পড়েছে। প্রশান্ত মুখে তার নিদর্শকভাবে আঘাতের দাগ, গালে একটি গভীর বড় ক্ষত, তার শরীরে এখানে সেখানে ক্রমাগত সঙ্গীন দিয়ে খোচান হয়েছে। বুকে জমাট রক্ত শ্লিকরে রয়েছে। ওর পাশে হাঁটু গেড়ে বসে আমি তাকিয়ে রইলাম...ওর পরিশ্বার কপালের উপর থেকে একগোছা চুল সরিয়ে দিলাম। ছিয়ভিয় আঘাতে আঘাতে বিকৃত মুখে গভীর প্রশান্তির আভা। ওর কাছ থেকে নিজেকে আমি আর সরিয়ে নিতে পারছিলাম না। আমার চোখদুটো ফেরানোর ক্ষমতাও ছিল না।

লালফৌজের পোষাক পরা একটি মেয়ে এসে কোমলভাবে অথচ দৃঢ়মুন্টিতে আমার হাত ধরে আমাকে উঠে দাঁড়াতে সাহাষ্য করে বলল—

"চলুন আমরা একটা কৃটিরে যাই।"

"না।"

''চলুন, আমি আর জয়া একই গোরিলাবাহিনীতে ছিলাম, আমি আপনাকে সৰ্বলব।''

আমাকে কৃটিরে নিয়ে, আমার পাশে বসে সে তার কাহিনী সুরু করল। অনেক কন্টে, বেন কুরাশার ভিতর দিয়ে তার কাহিনী শ্নলাম। কিছু কিছু আমি খবরের কাগজ থেকে জানতে পেরেছিলাম। ও বলে গেল, কি করে একদল গেরিলা—কমসোমলের সভ্য তারা—শানুবাহিনীর লাইন অতিক্রম করে গেল। দুই সপ্তাহ তারা জার্মান অধিকৃত এলাকার বনে বনে কাটিয়েছে। রাত্রে তারা তাদের অধিনায়কের আদেশ পালন করত, দিনের বেলা যেখানে সেখানে বরফের উপর ঘুমিয়ে নিত, হয়ত কোথাও আগুনে গা গরম করে নিত। তারা মার্ম পাঁচদিনের মত থাথার সঙ্গে নিয়ে গিয়েছিল, কিন্তু তাই দিয়ে পনের দিন চালিয়ে দিল। শেষ রুটির ট্রক্রোটি, শেষ জলবিন্দুটি তারা ভাগাভাগি করে থেল……। জয়ার বন্ধুর নাম ক্রাভা, ও যা জানে বলতে বলতে ও কাঁদছিল।

ওদের ফিরে যাওয়ার সময় এল, কিন্তু জয়া বারে বারেই বলতে লাগল তারা বিশেষ কিছুই করেনি। দলের অধিনায়কের কাছে পেত্রিশ্চেন্ডো গ্রামে প্রবেশ করার অনুমতি চেয়ে নিল।

সেখানে সে জার্মান অধিকৃত বাড়ীগুলিতে, তাদের সৈন্যদের আস্তাবলৈ আগুন ধরিয়ে দিয়েছিল। পরের রাত্রে গ্রামের সীমানায় আয় একটা আস্তাবলের কাছে বুকে হেঁটে গিয়ে পৌছল। সেখানে ছিল দুশোটা বোড়া। তার ব্যাগ থেকে এক বোতল বেজিন বার করে বাড়ীর গায়ে ছড়িয়ে দিয়ে দেশলাই জ্ঞালাবার জন্য নীচু হতেই পিছন থেকে শাস্ত্রী এসে হাত ধরে ফেলল। শাস্ত্রীকে ঠেলে সরিয়ে দিয়ে রিভলভার বার করল, কিন্তু আগুন জ্ঞালাবার আয় সময় পেলা না। জার্মানটা ধাক্কা মেরে ওর হাত থেকে রিভলজারটা ফেলে দিয়ে বিপদের সঙ্কেত ধর্বনি করল।

ক্লাভা চুপ করল। সে-বাড়ীর গৃহিণী এতক্ষণ ধরে আগুনের দিকে চেয়ে বসেছিল—হঠাৎ বলে উঠল···"তারপর কি ঘটেছিল আমি আপনাকে বলতে পারি... যদি অবশ্য আপনি শুনতে চান।"

তার কথাও আমি শুনেছিলাম, কিন্তু তা আর আমি লিখতে পারব না। এবার পিওতর লিপোভ্-এর কাহিনী শোনা যাকৃ এখন। তিনিই প্রথম জয়ার কথা লিখেছিলেন, তিনিই সর্বপ্রথম তার কথা শুনে পেতিশ্চেভে। গ্রামে এসেছেন, তিনিই সর্বপ্রথম পারে-চলা সরু পথ ধরে এসে আবিব্দার করেছেন কি করে জার্মানর। তাকে বস্থা। দিয়েছে, কি করে জয়া মরেছে...

কি করে ঘটল

"...তানিয়াকে ধরে নিয়ে গেল। একটা বেণে তাকে বসান হল। তার সামনে টেবিলের উপর টেলিফোন, টাইপরাইটার, রেভিও সেট, আর গাদা করা কাগলপত।

"অফিসাররা এসে ছড়ো হতে লাগল। বাড়ীর কর্তাদের (ভোরোনিনদের) চলে বেতে বলা হল। বৃদ্ধা স্থ্রীলোকটি অনিছা প্রকাশ করলে অফিসারটি বকে উঠল—"বেরিয়ে বা বুড়ী"—এবং পিঠে হা মারল।

"৩৩২ পদাতিক্বাহিনীর ১৯৭ ডিভিসনের অধিনায়ক লেফটেনাণ্ট কণে'ল বুডেরের নিজে তানিয়াকে প্রশ্ন করছিল।

"রামান্বরে বসে ভোরোনিনর। ওথরে কি হচ্ছে না হচ্ছে সবই শুনতে পাচ্ছিল। তানিয়া বিন্দুমান ইতন্তত না করে বেশ জোরে উদ্ধতভাবে জবাব দিচ্ছিল।

''লেফটেন্যাণ্ট কণে'ল জিজ্ঞাস। করল—'তুমি কে ?'

- " 'তোমাকে বলব না।'
- " 'তুমিই কি আন্তাবলে আগুন ধরিয়ে দিচ্ছিলে ?'
- " 'হাঁ। আমিই।'
- " 'তোমার উদ্দেশা ?'
- " 'তোমাদের ধ্বংস করা।'
- " নীরবতা ।
- '' 'কবে সীমান্তরেখা পার হরেছ ?'
- '' 'শুকুবার।'
- " 'সে হিসাবে তুমি খুব তাড়াতাড়িই এখানে এসে পড়েছিল !'
- " 'সময় নন্ট করব কেন ?'

"তানিরাকে কে পার্টিরেছে, কারা সঙ্গে এসেছে সবই ওরা জিজ্ঞাসা করল। তার বঙ্গুদের নামধাম বলে দিতে হবে বলে দাবী করল। দরজার ভিতর দিরে আওরাজ ভেসে এল—'না, আমি জানিনা, আমি তোমাকে বলব না।' শ্নেনা চামড়ার বেতের শব্দ, গারের চামড়ার উপর জোরে কেটে বসে যাওয়ার শব্দ এল। করেকমিনিট পর একটি ছোকরামতন অফিসার বর থেকে বেরিরে রালাঘরে এসে হাতের মধ্যে মাথা রেখে প্রশ্ন করা শেষ না হওয়া পর্যন্ত বসে রইল, চোখদুটো জোরে বন্ধ করে, কানদুটো হাত দিরে চেপে রাধল। ফ্যাশিন্তের স্নার্তেও এই নির্যাতন অসহ্য লাগছিল।

''চারজন জোয়ান তাদের চামড়ার বেল্ট খুলে মেরেটিকে মারতে আরম্ভ করল। তানিরার মুখ থেকে একটু শব্দও বার হলনা। বাড়ীর লোকেরা গুলেছিল দু'শ বাড়ির শব্দ। আর তার উপর সে বলে চলেছে—'না, আমি তোমাদের বলব না।' কেবলমাত্র ভার গলার সুর ক্রমণ ক্ষীণ হয়ে আসছিল। সার্জেণ্ট কার্ল বাওয়ার-লাইন (বাকে পরে লালফৌজের দল বন্দী করে) লেফটেনাট কর্ণেল রুডেরের প্রশ্ন করার নামে অত্যাচারের সমর উপন্থিত ছিল। তার কালজপতে সে লিখেছে:—

"তোমাদের ছোট বীররমণী দৃঢ় রইল, বিশ্বাসখাতকতা কথার মানেও সে জানত না…ঠাণ্ডার জমে নীল হরে গেল, ক্ষত খেকে রস্ত করে পড়ছে, কিন্তু তার মুখ দিরে কোন কথা বার হলনা…… ''ভরোনিনদের ঘরে তানিয়াকে দুইঘণ্টা রাখা হল। জিজ্ঞাসাবাদের পর ভাকে নিয়ে যাওয়া হল ভাসিলি কুলিকদের ঘরে।

''পাহারাবেণ্টিত, অর্থনগ্ন, খালি পারে বরফের উপর দিরে সে গেল।

''কুলিকদের ঘরে যখন তাকে নিয়ে এল, কপালে তার গভীর কাল্চে বেগুনী রং-এর একটি বড় ক্ষত, হাতে পায়ে চাবুকের দাগ। নিশ্বাস নিতে কন্ট হছে। চুলগুলো ছড়িয়ে পড়েছে, উ'চু কপালে চুলের গোছা ঘামের সঙ্গে লেপ্টে রয়েছে। মেরেটির হাতপুটো পিছনদিকে বাধা, ঠে'টগুলো রক্তান্ত, ফুলে উঠেছে। বখন ফ্যাশিস্ত বর্বররা তার কাছ থেকে স্বীকৃতি আদায় করার চেন্টা করেছে তখন সে নিশ্চয়ই ঠে'ট কামড়ে সহ্য করেছে সহ্য ব

"একটা বেশ্বের উপর ঝুঁকে পড়ে প্রশান্তভাবে ছির হরে সে বসল। জার্মান শাস্ত্রী দরজার পাহার। দিছিল। মেরেটি জল চাইল। ভার্মিল কুলিক জলের বালতির কাছে যাবার আগেই শাস্ত্রীটা তাড়াতাড়ি কেরোসিন ল্যাম্পটা টেবিলের উপর থেকে নিয়ে তানিয়ার ঠেশটের কাছে ধরল। এতে বোঝাতে চাইল তাকে জলের বদলে কেরোসিন থেতে দেওয়। হবে।

"কুলিক মেরেটির জন্য অনুগ্রহ চাইতে লাগল। শাস্ত্রী খেণিকরে উঠ্ল কিন্তু শেষপর্যস্ত গজগঞ্জ করে রাজী হল। কুলিক মেরেটিকে জল দিল। দারুণ পিপাসার মেরেটি দ্বইমগ জল শেষ করে ফেলল। পাগুলো তার বরফের ঘারে ক্ষতবিক্ষত, নিশ্চরই ভয়ানক যন্ত্রণা হচ্ছিল।

"ঐ খরে জমারেত হওয়া সৈন্যর। মেয়েটির দ্বংখদ্বর্দশা নিয়ে ফ্রাঁত করতে লাগল। কেউ বা তার পাঁজরে ঘূর্ণিয় মারতে লাগল, কেউ বা জ্ঞলন্ত দেশলাইকাঠি তার চিবুকের নীচে এনে ধরতে লাগল। একজন একখানা করাত ওর পিঠের উপর দিয়ে টেনে নিয়ে গেল।

"মনের সুথে যত থুশী যম্বণা দেবার পর ঐ সৈনারা শুতে গেল। তথন শাস্ত্রীটা বন্দুক প্রস্তুত রেখে তানিয়াকে উঠে বাইরে যেতে বলল। রাস্তা দিয়ে তাকে মার্চ করিয়ে আনল, সঙ্গীনের ডগা ওর পিঠ ছুয়ে রইল। তারপর শাস্ত্রীটা ঠেচিয়ে উঠ্ল, "ংস্রুখ!" মেরেটিকে আবার বিপরীত দিকে হাঁটাল। খালি পায়ে, কেবলমার অত্তর্বাস পরা মেরেটি বরফের উপর দিয়ে হেঁটে চলল যতক্ষণ পর্যন্ত না তার নির্যাতনকারী নিজে শাতে কাতর হয়ে পড়ে ভাবল বে এবার কুটিরে ফিরে গিয়ে শরীরটা গরম করে নেওয়া যাক্।

"সেই শাস্ত্রীটা রাত দশটা থেকে সকাল দুইটা পর্যন্ত পাহারায় ছিল ; আর প্রত্যেক ঘণ্টায়ই সে পনের কুড়িমিনিট ধরে ওকে রান্তায় বার করে নিল।"

''অবশেষে একটা নতুন শাস্ত্রী এল, মন্দর্ভাগ্য মেরেটিকে বেঞ্চের উপর শুতে দেওয়া হল।''

"তানিরার সঙ্গে কথা বলতে উৎসূক প্রান্ধোভিয়া কুলিক প্রথম সুযোগ পেরেই ভার সম্বাবহার করলেন।"

- " তিনি বললেন—'তুমি কে ?'
- " 'তাতে তোমার কি দরকার ?'
- " ⁵তুমি কোথা থেকে আসছ ?'
- " 'মস্কো থেকে আসছি।'
- '' 'তোমার বাপমা বেঁচে আছেন ?'
- "মেরেটি কোন জবাব ণিলনা। সকাল পর্যন্ত একটুও না নড়ে, একবারের জনাও কাতরোক্তি না করে জয়। শুমে রইল।
 - ''সকালবেলা সৈন্যরা গ্রামের মাঝখানে একটা ফণাসীর মণ্ড তৈরী করতে লাগল।
- 'প্রাক্ষোভিয়া আবার মেয়েরটির সঙ্গে কথা বললেন ঃ 'তুমিই কি গত পরশুদিন এসেছিলে আগুন লাগাতে ?'
 - ·"'হাঁা, একটাও জার্মান পুড়ে মরেছে কি ?'
 - "'ബ'
 - " 'কি দৃংখের কথা! কি তাহলে পুড়েছে ?'
 - " 'তাদের যোড়া। ওরা বলছে কিছু অস্ত্রশস্ত্রও পুড়েছে।"
- "দশটার সময় আবার কয়েকজন অফিসার এল। তাদের একজন আবার তানিয়াকে জিজ্ঞেস করল—'বল তুমি কে?'
 - " 'তানিয়া জবাব দিলনা।'
 - " 'বল স্থালিন কোথার ?'
- "'প্রালিন তার কর্তবাস্থলে আছেন।' তানিয়া জবাব দিল। গৃহকর্তা আর তার স্থ্রী বাকী প্রশ্নগুলো আর শুনতে পান নি, কারণ তাদের তাড়িরে দেওয়া হয়েছিল। প্রশ্ন করা শেষ হয়ে যাবার পর আবার তাদের আসতে অনুমতি দেওয়া হয়।''

"তার। তানিয়ার জামাকাপড় নিয়ে এল, মোজা, রাউজ আর প্যাণ্ট ছিল তার মধ্যে, তার কিটব্যাগটাও লবণ আর দেশলাইসমেত সেথানে ছিল। তার টুপী, লোমের জামা, নরম পশমের জাম্পার আর বুট উধাও হয়েছিল, বর্বরগুলো সব নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়েছিল, দম্তানাগুলো লাল'লো অফিসারের রাধ্ননীর হাতে গিয়েছে।

"ওরা তানিরাকে জামাকাপড় পরাল, বাড়ীওরালী এসে জরার কালশিরা পড়ে বাওরা পারের উপর হাঁট্ পর্যন্ত মোজা টেনে আনতে সাহাষ্য করল। তার বুকের উপর তার কাছ থেকে কেড়ে নেওরা বেনজিনের বোতল আর "ঘর পোড়ানী" লেখা বোড বুলিরে দিল, এমনি করে তারা তাকে ফণসী মঞ্চের প্রাঙ্গণ পর্যন্ত হাঁটিরে নিয়ে গেল।

বধ্যভূমি দশজন উন্মন্ত কুপাণধারী অন্বারোহী বিরে রেথেছিল, একশতেরও বেশী জার্মান সেনা আর করেকজন অফিসারও ছিল। গ্রামের লোকেদের জড়ো হয়ে ফ'াসী দেখার আদেশ দেওরা হরেছিল, কিন্তু মাত্র করেকজন এসেছিল। তাদের মধ্যেও জনকতক একট্কণ দাঁড়িরে থেকে অলক্ষ্যে সরে পড়েছিল, এই বীভংস দৃশ্য দেখতে চারনি।

"আড়াআড়িভাবে আটকানে। কাঠের ভিতর দিয়ে ঝুলছিল ফণাস, তার তলায় দুটো কাঠের বান্ধ, একটার উপরে আর একটা রাখ। হয়েছে। ঘাতকরা বালিকাটিকে ধরে ঐ কাঠের বান্ধের উপর তুলে দিয়ে ফণাস পরিয়ে দিল গলায়। একজন অফিসার ফণাসীর মঞ্চে দাঁড়ান তানিয়ার ছবি নেবার জন্য কোডাক্ কামেরার লেস ঠিক করছিল, অধিনায়ক ঘাতককে ইসারায় অপেক্ষা করতে বলল।

"তানিয়া এই সুবোগট্কুর সম্বাবহার করার জন্য জমায়েত যৌথক্ষকদের উদ্দেশ করে পরিজ্ঞার চড়া গলায় বলল—'বঙ্গুগণ! এত বিমর্থ হয়েছ কেন? সাহস সঞ্চয় কর, লড়, ধ্বংস কর, পুড়িয়ে ফেল ফ্যাশিস্টদের।'

'কাছে দাঁড়ান একটা জার্ম'নে সৈন্য লাফিরে উঠেওকে আঘাত করে মুখ বন্ধ করে দিতে চাইল। কিন্তু সে আঘাত উপেক্ষা করে বলে চলল—'আমি মরতে ভর পাই না, বন্ধরা, দেশের লোকের জন্য মরতে পারায় মহা গোরব।'

"ফটোগ্রাফার দ্র থৈকে, কাছ থেকে নঞ্চের ছবি তুলে নিল। এখন পাশ থেকে তোলার ডোড়জোড় করতে লাগল। ঘাতক অধিনায়কের দিকে অঙ্গভিতর সঙ্গে তাকাল, সে ফটোগ্রাফারকে তাড়া দিল—"আবের ডক্ শ্লেলার!" (তাড়াতাড়ি কর)।

"তথন তানিয়া অধিনারকের দিকে ফিরে, জার্মান সৈন্যদের উদ্দেশ করে বলতে লাগল, 'আজ তোমরা আমাকে ফ'াসী দেবে, কিন্তু আমি এক। নয়, আমরা কুজি কোটি লোক, সবাইকে তোমরা কিন্তু ফ'াসী দিতে পারবে না। আমার মৃত্যুর প্রতিশোধ নেবে সবাই। সময় আছে এখনো, আত্মসমপ'ণ কর, জয় আমাদের হবেই।'

"ঘাতক দড়ি টেনে ধরল, ফ'াসটা তানিয়ার গলায় আটকে গেল। দুইহাতে
ফ'াসটা টেনে ধরে তানিয়া পায়ের আঙ্গুলে ভর করে দাঁড়িয়ে সমঙ্ক দক্তি দিয়ে
টেচিয়ে উঠল, 'বিদায়, বঙ্কুগণ, বৃদ্ধ করে যাও, ভয় পেয়োনা, স্তালিন আছেন
আমাদের সঙ্গে, স্তালিন আসবেন।'

"ঘাতক এবার তার পেরেকওয়ালা বুটছুতে। দিয়ে নীচের বান্ধটা ধারু। মেরে ফেলে দিল। পিছল শক্ত বরফের উপর দিরে সেটা গড়িয়ে পড়ল। উপরের বান্ধটা ধড়াম করে মাটিতে পড়ল, জনতা সরে দ'ড়াল। একটা চীংকার শোনা গেল, শব্দটা দূর বনানীর প্রাচীরে ধারু। থেরে ফিরে এল...

ক্লাভার কাহিনী

^{&#}x27;'প্রিয় লিউবোভ্ তিমোফিরেভ্না—

^{&#}x27;'বামার নাম ক্লান্ডা। জয়ার সঙ্গে একই গেরিলাবাহিনীতে ছিলাম আমি।

আমি জ্বানতাম পেরিকেভোতে আমার কাহিনী শোনা আপনার পক্ষে কণ্টকর হবে। আর এও জ্বানি আপনার কাছ-ছাড়া হবার পর জ্বয়ার প্রতিটি মুহুর্ত কি ভাবে কেটেছে তা আপনি জ্বানবার জন্য ইচ্ছুক। কানে শোনার চেয়ে পড়া বোধহয় অনেক সহজ। কাজেই আমার যা মনে আছে, আমি যা জ্বানি তা সবই এই চিটিতে লিখছি।

"অক্টোবরের মাঝামাঝি আরও কয়েকজন কমসোমল সভাদের সঙ্গে কমসোমলের মঙ্গের কমিটির বারান্দায় সেকেটারীর ডাকের অপেক্ষায় দাড়িয়েছিলাম। অন্যদের মত আমারও শন্ত্রিসন্যদের পিছনে থেকে কাজ করার জন্য আগ্রহ ছিল। জনতায় মধ্যে চোখে পড়ল একটি মেয়েকে, গাঢ় ধুসর বর্ণের চোখ দুটি। বাদামী রংএর কলারওয়ালা ওভারকোট গায়ে—তেমনি লোমের—কারোর সঙ্গেই সে কথা বলছেনা—তার মানে সে কাউকেই চেনে না সেখানে। সেকেটারীর ঘর থেকে ঝকঝকে খুগাভরা চোখে বেরিয়ে এল, দরজার কাছে অপেক্ষমান জনতার দিকে চেয়ে একট্ হাসল, বাইরে যাবার পথের দিকে ভাড়াভাড়ি চলে গেল, আমি ওর চলে যাওয়া দেশতে লাগলাম স্বর্ধার সঙ্গে। বোঝা গেল পরিজ্বার যে ওকে নেওয়া হয়েছে।

"সেদিন আমারও দেখা করা শেব হল। আর ৩১ শে অক্টোবর—সেদিনটি আমি কথনও ভুলবনা—কলোসিয়াম সিনেমার সামনে এসে দাঁড়ালাম। সেধান থেকে এক বিরাট কমসোমল মেয়ারের দল যার বার কর্মক্ষেত্রে যাবে। গুণড় গুণড় বৃষ্টি পড়ছিল, সা্যতসেতে, ঠাণ্ডা দিনটা।

"কলোসিয়ামএর গেটের সামনে আবার সেই কটা চোখ মেয়েটি। তাকে জিজ্ঞেস করলাম—"দিনেমা দেখতে এসেছ?" চোখ টিপে সে বলল "হাঁ।।" আরও ছেলেমেরে আসতে লাগল, আর একজন আরেকজনকে জিজ্ঞেসা করলাম— "ছবি দেখতে এসেছ?" সবাই জবাব দিল "হাঁ।"। টিকিট ঘরের জানালা খুললে কিন্তু কেউ টিকিট কিনতে গেলনা—আমরা একে অনাের দিকে চেয়ে হেসে উঠলাম। আমি কটাচোখ মেয়েটির কাছে গিয়ে জিজ্ঞেস করলাম—"তােমার নাম কি?" সে জবাব দিল—"জয়া"।

"তথন জয়া আর কাতিয়া নামে আর একটি মেয়ে কিছু কিশমিশ কিনে এনে সবাইকে ভাগ করে দিতে দিতে হেসে বলল—'ছবির সঙ্গে জমবে ভাল।' আমাদের পরিচয় হয়ে গেল শীগগিরই। একটা লয়ী এল একটু পরে, আমরা তাতে চড়ে মঞ্চোর ভিতর দিয়ে মোঝাইক্ষ রাস্তায় এসে পড়লাম। রাস্তায় আসতে আসতে আমরা গৃহযুক্কের সময়কার একটা কমসোমল গান গাইতে গাইতে চললাম।

''মম্কোর সবশেষ বাড়ীটা পার হরে মোঝাইন্ক সড়কে এসে পড়লাম। সেধানে স্ত্রীলোক আর কিশোর কিশোরীরা মিলে প্রতিরোধ-প্রাচীর তৈরী করছিল। আমরা সবাই মিলে বোধহর এককথাই ভাবছিলাম। আমাদের রাজধানী কেউ দখল করতে পারবেনা, প্রতিটি মন্কোবাসী, ছেলেবুড়ো মন্কোকে রক্ষা করতে দৃঢ়সংকশা। "প্রায় সন্ধ্যা ছয়টার সমর আমরা আমাদের কেন্দ্রে এসে পেণছলাম। কুন্ংসেজা সেণুনের কাছে ছিল সেটা। রাতের থাওয়া শেব হওরার সঙ্গে সঙ্গেই শিকা সূর্
হল। ছোটথাট অস্ত্রশস্ত্র সহ আমরা শিখতে আরম্ভ করলাম নাগাণ্ট রিজ্জভার,
মৌসার ইত্যাদি রকমারি অস্ত্র। সেগুলি আলাদা আলাদা অংশে খুললাম, জোড়া
দিলাম, তারপর প্রত্যেকে নিজেদের পরীকা করলাম। আমাদের কাছে যা কিছু
ব্যাখ্যা করা হল জয়া খুব তাড়াতাড়ি সেগুলা শিখে নিল। আমাকে বলল—এটা
আমার ভাইয়ের মনের মত কাজ; ওর ওস্তাদ হাত যে কোন যন্ত্র খুলে টুকরো করে
আবার চোখের পলকে জোড়া লাগিয়ে দিতে পারে, ওকে বুঝিয়ে দেবার দরকার
হয়না।

"খরে আমরা দশটি মেরে ছিলাম। আমর। বোধহর কারোরই নাম জানতাম না, কিন্তু যখন আমাদের মধ্য থেকে একজন প্রধান নির্বাচন করার কথা হল অনেক-গুলো গলা একসঙ্গে চেঁচিয়ে উঠ্ল—"জয়া"। বুঝলাম, অন্যেরাও আমার মত ওকে পছন্দ করে ফেলেছে।

"পরের দিন জাগবার ঘণ্ট। বাজল ভোর ছটায়। শিক্ষা সূরু হবে সাডটার, জয়া আমার বিছানার কাছে এসে বলল—'শীগগির ওঠ বলছি, না হলে ঠাণ্ডা জল ঢেলে দেব।' আরেকটি কু'ড়েধরনের মেয়েকে বলল—'কি রকম সৈনিক তুমি বল দেখি? জাগবার ঘণ্টা বেজে যাওয়ার সঙ্গে সঙ্গেই উঠ্তে হবে।' খাবার সময়ও সে আমাদের তাড়া দিল। কে একজন বলে উঠ্ল—'আমাদের এমনি করে হুকুম কয়ার মানেটা কি?' ভাবলাম এইবার সে বুঝি কড়া কিছু বলবে। জয়া মেয়েটির দিকে সোজা তাকিয়ে বলল 'তোমরা নিজেয়াই আমাকে বেছে নিয়েছ; একবার আমাকে নির্বাচন কয়ার পর আমার কাছ থেকে হুকুম তো শুনতেই হবে।'

এর পর প্রায়ই জরা সম্বন্ধে ওদের বলতে শুনতাম ও কখনোই রাগ করেনা, কিন্তু এমনি করে তাকাবে...আমরা ক্লাশে পড়াশোনা করতাম না, বনের ভিতরে পড়তাম, কম্পাস দেখে মার্চ করতে, মাটিতে শুরে মিশিরে বেতে, গুলি ছুড়তে শিথতাম। আমরা বিষ্ফোরক পদার্থ নিয়ে চলতাম, জিনিষপর উড়িরে দিতে শিথলাম। আমাদের শিক্ষক বলতেন, "গাছ উড়োনো"। আমরা প্রত্যেকদিন বিশ্রাম না নিয়েই প্রায় সারাদিনই শিক্ষা নিভাম।

"ভারপর সমর এল—মেজর গ্রাগস আমাদের এক একজন করে ডেকে পাঠালেন। আবার তিনি বললেন, 'ভোমরা ভর পেয়েছ? সাহস হারাবে না ত এখন? এখনও তোমাদের চলে বাবার সুবোগ আছে, এখনও ছেড়ে দিতে পার। এই তোমাদের শেষ সুবোগ, পরে বেদী দেরী হরে বাবে।' জয়া সবথেকে আগে মেজরের বরে গেল, ফিরেও এল প্রায় তক্ষুনি, ওর জবাব নিশ্চরই খুব দৃঢ় আর— সংক্ষিপ্ত হরেছিল।

''তারপর আমাদের ছোট ছোট দলে ভাগ করে রিভলভার দেওয়া হল।

"চৌঠা নভেষর ভলোকোলাম্স্কের দিকে রওনা হলাম, ওখানে আমাদের সীমানত পার হরে শন্র পশ্চাদ্দেশে আঘাত হানতে হবে। ভলোকোলাম্স্ক্ সড়কে মাইন পেতে রাখা ছিল আমাদের কাছা। দুটো দল রওনা হরেছিল ভলোকোলাম্স্ক-এর দিকে, একদল হল আমাদের, আর একদল কনন্তানতিন পি-এর—আমরা আলাদা আলাদা দিকে চললাম। কনস্তানতিন-এর দলে ছিল শুরা আর ঝেনিয়া নামে দুটি মেয়ে। আমাদের কাছ খেকে বিদায় নেবার সময় তারা বলল—'তাহলে মেয়েরা—আমরা বীরের মত আমাদের কর্তব্য পালন করতে চাই। যদি মরি, তাহলেও যেন বীরের মৃত্যুই বরণ করি'—জয়া বলল—'তা বৈ আর কি?'

"রাগ্রিশেষে আমরা নিঃশব্দে একটিও গুলি না ছুণড়ে সীমান্ত পার হলাম। তথন জরা আর আমি খোজখবরের সন্ধানে বার হলাম। খুব আনন্দের সঙ্গে আমরা রওনা হলাম, কারণ যত তাড়াতাড়ি সম্ভব কাজ আরম্ভ করে দেওয়ার জন্য আমরা বড়ই বাস্ত হরে পড়েছিলাম। কিন্তু করেক পা যেতে না যেতেই কোথা থেকে বেন দুটো মোটরসাইকেল আমাদের নাকের ডগা দিয়ে বেরিয়ে চলে গেল। আমরা ব্রুলাম যে আমাদের অসতর্ক হলে চলবে না। এবার আমরা গুণিড় মেরে চলোম, শরতের ঝরা-পাতাগুলো ভারী আর মৃদ্মুটে। প্রতিটি শব্দই যেন বেশ জোরে হতে লাগল। তা সত্ত্বেও জয়া তাড়াতাড়ি হামাগুড়ি দিয়ে প্রায় নিঃশব্দে, বেশ সহজভাবে এগিয়ে চলল—যেন এতে তার মোটেই কন্ট হচ্ছে না।

"এমনি করে আমরা প্রায় তিন কিলোমিটার রান্ত। হামাগুড়ি দিয়ে দিয়ে গেলাম। তারপর আমরা বনের মধ্যে ফিরে এসে আমাদের দলকে বললাম যে রান্তা পরিকার। ছেলেরা এবার জোড়ায় জোড়ায় এগিয়ে গিয়ে মাইন পাততে লাগল—মাইন পাততে সব সময় দুজন করে লোক লাগে। আমরা চারটি মেয়ে লক্ষ্য রাখতে লাগলাম। প্রায় শেষ করে এনেছে ছেলেরা এমন সময় আমরা অনেক দ্রে মোটরের শব্দ শুনতে পেলাম—প্রথমে খুব অম্পন্ট, প্রায় শোনা বাচ্ছিল না, তারপর ক্রমণ জোরে হতে লাগল। আমরা ছেলেদের সাবধান করে দিলাম, সকলে মিলে উ্ধর্ষাসে বনের দিকে ছুটলাম। আমরা তখনও হাঁফাচ্ছি, এমন সময় একটা বোমা ফাটল। আশেপাশের সবক্ছি মুহ্তের জন্য জলে উঠল। ভারপরই এমন প্রশান্ত নীরবতা, বেন চার্দিকে সব কিছু মরে গিয়েছে। বনানীর মর্মার শব্দ পর্যন্ত থেমে গিয়েছে। তারপর বিভৌর বিস্ফোরণ, তৃতীয়, আর গোলাগুলি এবং চেণ্টামেচি।

'আমরা গভীর বনের ভিতরে চলে গেলাম। বেশ ফর্সা হরে গেলে আমরা থেমে আন্ডা খাড়া করলাম। সেদিন সাতই নভেম্বর, প্রত্যেকে প্রত্যেককে অভিনন্দন জানালাম। দুপূর্বেলা আমি আর জরা একটি লরী-চলা বড় রাস্তার উপর গিরে ধারাল গজাল ছড়িরে রেখে এলাম। শত্রেসেনোর গাড়ীর চাকাগুলো জথম করবে এরা। এমন কিছু আমি সেদিন লক্ষা করলাম বাতে আমি দিন দিন শ্বিরনিশ্চর হচ্ছিলাম—জরার সঙ্গে গেলে ভর করে না, প্রত্যেকটা কাজই ভারী পরিষ্কারভাবে করে, ঠাওা মাধার আর আত্মবিশ্বাসের সঙ্গে করে। বোধহুর এ জন্যই আমরা সকলেই জরার সঙ্গে কাজে যেতে ভালবাসি।

"সে সন্ধ্যায় আমরা আমাদের কেন্দ্রের 'বাড়ী'তে ফিরলাম। পথে খবর দিয়ে এলাম, আমাদের কাজ আমরা সম্পান্ন করেছি। ম্নানের ঘরে গা-হাত-পা ধুতে গেলাম। মনে আছে সেদিনই প্রথম আমি আর জয়া আমাদের ব্যক্তিগত কথাবার্ডা বললাম। আমরা বিছানায় বসে, জয়া হাতদুখানা দিয়ে তার হাঁটু জড়িয়ে আছে। খাটো চুল, গোলাপী গালওয়ালা মেয়েটি য়ানের পরে আমার কাছে খুব বাচা বলে মনে হল। হঠাং সে জিজ্ঞাসা করল—"আছে। আমাকে বল না, তুমি এখানে আসার আগে কিছিলে?"

" 'শ্বুলের শিক্ষিকা।'

" 'তাহলে ত তোমাকে আপনি বলতে হবে—' জয়। বিশ্বয়ের সুরে বলে উঠল।

"আমি আপনাকে বলতে ভূলে গিয়েছি, জরা মেরেদের তুমি বলত, আর ছেলেদের বলত 'আপনি' আর তারাও তাকে 'আপনি' বলে ডাকত। কিন্তু এখন এমনি মজা করে সে একথা বলল যে আমি না হেসে থাকতে পারলাম না। সেই মুহ্তেই আমি বুঝতে পারলাম জর। সতিটে বাচ্চা মেরে, আঠারে। বছরও হবে কিনা সন্দেহ, স্কুল থেকে সোজা এখানে এসেছে।

''আমি বললাম—'ভোমাকে হঠাং 'আগনি' বলা ধরতে হবে কেন? আমি ভোমার থেকে মাত্র তিন বছরের বড়।'

"জরাকে একটু চিস্তিত দেখাল, তারপরে বলল—'আছে।, তুমি কি কমসোমলের সভা ?'

" 'र्रा।'

" 'তাহলে তোমাকে 'তুমিই' বলব। তোমার বাবা-মা আছেন ?'

'' 'আছেন, আর একটি বোন।'

"'আমার একটি ভাই আর মা। আমার দশ বছর বরসে বাবা মারা যান।
মা নিজেই আমাদের মানুষ করেছেন। আমাদের কাঞ্চ যখন সার্থক হবে, তোমাদের
সবাইকে মন্ধো নিরে মার সঙ্গে আলাপ করিরে দেব। তোমরা দেখো তিনি কি রকম
ভাল। আর মা-ও তোমাদের সবাইকে কি রকম ভালবাসবেন। আমি তোমাদের
সকলকার সঙ্গেই বেশ ভাব করে ফেলেছি, যুদ্ধের শেষ পর্যন্ত আমি তোমাদের
সঙ্গে থাকব।'

"এই আমাদের প্রথম খোলাখাল কথাবার্তা।

"পরের দিন আমাদের আর একট। নৃতন কাজ দেওয়া হল। দল অদল-বদল করে দেওয়া হল, কিন্তু মেরেদের দল ঠিকই রইল। জরা, লিদা বুলগিনা. ভেরা ভলোশিনা, আর আমি। আমরা স্বাই খ্ব খনিষ্ঠ হরে উঠলাম। আমাদের নতুন দলপতির নাম হল বোরিস্ ভেইনভ। সে খ্ব শান্ত আর ঠাও। মাধার কাজ করে। কথাবার্তা একটু কড়া, কিম্তু কথনও খারাপ কথা বলে না, কাউকে বলতে দের না। জরা ওর কথাগুলো বারবার আবৃত্তি করতে ভালবাসত ঃ 'তুমি খিত্তি করে করে শেষ করে দিতে পার, তাতে কিম্তু জ্ঞান ভোমার বাড়ে না, আর অন্য কারোরও বাড়ে না।'

"বেনজিনের বোতল আর হাতবোমা কোমরবন্ধে ঝুলিয়ে আমর। শাত্র পশ্চাংদিকে যাত্রা করলাম। এবার আমাদের যদ্ধ করে করে যেতে হয়েছিল, কিন্তু কেউ-ই আহত হয়নি। পরের দিন আমাদের আসল লড়াই সুরু হল। তিনদিক থেকে গোলাগুলি চলতে লাগল, আমরা তার মধ্যে পড়ে গেলাম।

"ভেরা টেচিরে উঠল—'শ্রে পড়।' আমরা মাটি অণকড়ে ধরে শুরে পড়লাম। গুলি ছেণড়া থামলে পর আমরা গুড়ি মেরে মেরে প্রায় আটশ' মিটার দূরে চলে গেলাম, আর কেবল তখনই আমরা বুঝতে পারলাম আমাদের তিনজন বন্ধুকে পাওয়া যাছে না।

"ব্রুয়া অধিনায়ককে বলল—'আমি ফিরে গিয়ে দেখে আসি আহতরা কেউ পড়ে আছে কিনা।

- '' বোরিস জিজ্ঞাসা করল—'কাকে সঙ্গে নেবে ?'
- '' 'আমি একাই যাব।'
- '' 'দাঁড়াও, জার্মানরা একট্র চুপ করুক।'
- " 'না, তাহলে বেশী দেরী হয়ে যাবে।'
- " 'আচ্ছা তাহলে যাও।'
- " জয়া হামাগুড়ি দিতে দিতে চলে গেল। আমরা অপেকা করতে লাগলাম, কিল্তু সে ফিরল না। একবন্টা চলে গেল, আরও একবন্টা—তারপর আরও… আমার মনে সেই ভয়াবহ ধারণা দৃঢ় হতে লাগল বে, জয়া নিহত হয়েছে।

"অবশেষে, প্রায় কাকডাক। ভোরে সে ফিরে এল। দুহাতে বোঝাই তার অস্ত্রশন্ত্র, হাত তার রন্ধমাথা, ক্লান্থিতে মুখ স্লান।

"আমাদের তিনটি সঙ্গীই মারা গিরেছে। জয়। গু°ড়ি মেরে মেরে ওদের কাছে গিরে ওদের সব অস্ত্রশস্ত্রগুলো নিরে এসেছে। ভেরার পকেট থেকে ওর মার একটা ছবি আর কবিতা লেখা একটা নোটবই পেরেছে; কোলিয়ার কাছ থেকে কিছু চিঠিপত্র।

শগভীর বনের ভিতরে শুকনে। ফারের পাতা দিরে আমাদের প্রথম শিবিরবাহন জালালাম, এতে ধেণারা হয় না। এত ছোট সেই আগুনটাকে ইচ্ছে করলে প্রেটে তুলে নেওরা যায়। বড় আগুন জালাতে আমাদের ভয় হচ্ছিল। আমরা হাত পা গরম করে, টিনের খাবারগুলোও গরম করে নিলাম। শীত এসে বাচ্ছে, কিন্তু বর্ফ নেই কোথাও। জল পাওরার উপার নেই, তৃঞ্চার আমাদের ভয়ানক কঠ হচ্ছিল।

"আমাকে পরকা দফা পে বিশ্বস্থবের জন্য পাঠান হল। আমি একটি ফারগাছের চারার উপর গিয়ে দাঁড়িরেছি কি না দাঁড়িরেছি করেকটি হিটলারপছী
কোণেকে আবিভূতি হয়ে আমার খবে কাছে দাঁড়িরে কথা বলতে শুরু করল।
ওরা কথা বলতে বলতে হেঁড়ে-গলার হাসতে লাগল। প্রায় একঘন্টা কেটে গেল,
আমার পা'দুটো অবশ, ঠে'টেদুটো শুকিয়ে উঠল। অবশেষে তারা চলে গেলে
আমি আমার বার্থ অনুসন্ধান থেকে শ্নাহাতে ফিরে এলাম। প্রথমেই জয়া
এল আমার সঙ্গে দেখা করতে, কোন কথা জিল্ঞাসা না করে সে তার চাদরটা
আমার গলার ঘুরিয়ে বে'ধে দিল, তারপর আমাকে আগুনের পাশে বসিয়ে দিল।
তারপর কোথায় যেন চলে গেল, হাতে একটা পার নিয়ে ফিরে এসে বলল—
'তোমার জন্য কিছু বরফের কুচি বাঁচিয়েছিলাম, গলে জল হয়েছে, এই নাও
থেয়ে ফেল।'

''বললাম—'একথা আমি কখনো ভূলব না।'

"জয়। বলল—'খেয়ে ফেল।'

''আমাদের দল আবার এগিয়ে চলল। নিরম অনুষায়ী একশ' মিটার আগে আমি আর জয়। চললাম। আমাদের পিছনে দেড় মিটার তফাং রেখে একজন একজন করে বাকীরা আসতে লাগল। হঠাং জয়। থেমে হাত তুলে দলকে থামতে সক্ষেত করল। দেখা গেল একটি মৃত লালফৌজের সৈনিক জয়ার সামনে রাস্তার পড়ে আছে। আমরা পরীক্ষা করে দেখলাম, ওর পায়ে আর মাথার গুলি করা হয়েছে। তার পকেটে এক টুকরো কাগজে লেখা ছিল, 'ট্যাছপ্রতিরোধবাহিনী রোদিওনোভের অধিনায়কের নিকট থেকে। আমাকে একজন সাম্যবাদী বলে গণ্য করতে অনুরোধ করছি।' জয়া কাগজখানা ভাজ করে ভিতরের জামার ভাজকরা পকেটে তুকিয়ে রাখল। তার মুখ বিষয়, ভুরু কু'চকানো। সেই মুহুর্তে আমার মনে হল তাকে আর মেয়ের মত লাগছে না, দেখাছে শেরুর উপর নির্মম প্রতিশোধ নিতে দৃতৃসংকশ্পে একজন সৈনার মত।

"আমরা পেরিশ্চেভার দিকে যাত্র। করলাম। সেখানে বিস্তর শরুসৈন্য জড়ে। হরেছিল। যাবার পথে আমরা যোগাযোগের তার বিচ্ছিন্ন করে যেতে লাগলাম, রাত্রে আমরা পেরিশ্চেভা গ্রামে পৌছলাম। গ্রামটা গভার জললে যেরা, তার গহনে প্রবেশ করে আমরা বেশ বড় আগুন জাললাম। একটি ছেলেকে অধিনারক পাহারার পাঠালেন। অন্যরা আগুনের ধারে গোল হয়ে বসল। হলুদ, গোল চাদ উঠল। কর্মদিন ধরেই বরফ পড়ছিল, বড় বড় ঘদ পাডার বেরা বরফে-ঢ়াকা ফারগাছ দাঁড়িরেছিল চারদিক খিরে। লিদা বলল—'মজ্যের মানেঝনারা জ্যোরারে এরকম একটা ফারগাছ থাকলে বেশ হত।'

জয়া বলল —'এরকম করে সেজে থাকত যদি আরও ভাল হত।'

"তখন বোরিস আমাদের শেব রেশনগুলে। ভাগ করে দিতে লাগল। আমর। প্রত্যেকে পেলাম আধ্যানা বিষ্কৃট, একটুকরো চিনি, ছোট একটুকরো। শুকনো মাছ। ছেলেরা ত এক গ্রাসেই সব খেরে ফেনল, কিন্তু আমরা ধারে ধারে চিবিরে খেতে লাগলাম—খেন সবট্কু উপভোগ করে নিতে চাই। জন্ম পাশের ছেলেটির দিকে চেরে বলল—'আমি অনেক থেরেছি—ভূমি এটা নাও।'

"সে তাকে বিস্কুট আর চিনি দিল।

"সে-ছেলেটি প্রথমে আপত্তি করে পরে নিল।

"আমরা সবাই চুপচাপ। লিদা বুলগিনা বলল—'আমার ষে বেঁচে থাকতে কিরকম ইচ্ছা করছে!'

"সে-কথাগুলোর আওয়াজ আমি কখনও ভূলব না। সেগুলোর মধ্যে অখণ্ড বিশ্বাস ছিল যে আমাদের সামনে দীর্ঘ, উন্নত জীবন পড়ে আছে। তথন জন্ম মায়াকভদ্ধির কবিতা থেকে আবৃত্তি করতে আরম্ভ করল। আগে কোনদিন তাকে কবিত। আবৃত্তি করতে শ্রিনিন। বড় চমংকার লাগছিল: রাত্তি, তুষারাচ্ছন্ন বনভূমি, জ্ঞানত অগ্নিশিখা, তার সঙ্গে আবেগভ্রা, শাস্তু, পরিজ্কার গলায় জয়ার আবৃত্তি:

আকাশের পরে

ঝড়ের মেখের ধ্বজা ওড়ে

বৃষ্টি ঝরে ঝরঝর

অন্ধকারে।

পুরোনো মালগাড়ী একথানার নীচে জড়াঙ্গড়ি করে ঘুমোয় শ্রমিকের দল।

শোনে তারা

গৰ্বোদ্ধত ফিস্ফিসানি

জলধারার

আশেপাশে আর মাথার উপরে।

এখানে চার বছরের মধ্যে

গড়ে উঠবে এক উদ্যান-নগরী।

"আমিও মায়াভঞ্জির কবিতা ভালবাসি, এই লাইনগুলো জানিও ভাল করে, কিন্তু -সে-সময় আমার মনে হল আমি যেন এই কবিতাটা এই প্রথম শুনছি।

ভূমিতল

ভিজে আর সগাতসে'তে

আরাম

খুব বেশি নয় গোধ্লি আধারে বসে প্রমিকদল আঠাল রুটি চিবোর। কিন্তু ঐ ফিস্ফিসানি

ছাপিরে ওঠে তাদের কুধাকে

প্রতিটি বিন্দু ট্রপটাপ করে করে মাটিতে

এখানে চার বছরের মধ্যে গড়ে উঠবে এক উদ্যান-নগরী।

"আমি চারণিকে চেয়ে দেখলাম, প্রত্যেকেই নিশুর, প্রত্যেকের দৃষ্টিই জ্য়ার উপরে। তার মুখখানা রক্তিম, তার গলার সূর বলিষ্ঠ হতে বলিষ্ঠতর হয়ে চলেছে— জ্ঞান আমি

গড়ে উঠবে সে নগরী

জানি আমি

তার সবুজ উদ্যান হবে অপরুপ

যখন এমন জনগণ

রয়েছে সোবিয়েত দেশে।

''যখন জয়া শেষ করল—আমরা সবাই সমন্বরে বলে উঠলাম—'আবার।'

''জয়া মায়াকভ্শিকর যত কবিতা জানত সব আবৃত্তি করতে লাগল। জানতও সে অনেক। কি আবেগ নিয়ে সে 'য়াট দি টপ অব মাই ভয়েস' (আমার গলায় যত জোর আছে তত জোরে)—কবিতাটির অংশ আবৃত্তি করেছিল বেশ মনে আছে...

> ...আমি তুলে ধরছি বলশেভিক পার্টি⁴-সভ্যের মত।

পুরে৷ একশ খণ্ড গ্রন্থগুলি

আমার পাটি'-সাহিত্যের।

"এমনি করেই শিবিরের আগুন, জয়া, মায়াকভঙ্গির কবিতা সবকিছু মিলিয়ে সে রাতটা আমি মনে রেখেছি।

"বোরিস বলল—'তোমার নিশ্চয়ই তাকে খুব ভাল লাগে।'

"'তা লাগে।' জয়। জবাব দিল। 'ভাল মন্দ নানা রকম কবি আছে, বিস্তৃ মায়াকভাষ্টিক আমার বিশেষ প্রিয় কবিদের মধ্যে একজন।'

''জায়গাটার অবস্থা দেখাশোনা করা হয়ে গেলে পর জয়া আর বোরিসের মধ্যে সংক্ষিপ্ত আলাপ শুনতে পেলাম, 'তুমি এখানে পাহারায় থাক।'

- " 'আমাকে দরা করে বাইরের কাঞ্চে পাঠান।'
- '' 'কেবলমার ছেলেদেরই বাইরের কাজে পাঠান হয়।'
- " 'বিপদ সমান ভাগ করে নিতে হয়—দয়া করে পাঠান ৷'
- "ঐ 'দয়া করে পাঠান' কথাটা অনেকটা আদেশের মত খোনাল । বোরিস রাজি হল । আমি বেরিয়ে গোলাম অনুসন্ধানে, জয়া পেরিখেচভোতে গোল কাজে। বাবার আগে আমাকে বলল—'এস আমরা রিভলবার বদলাই। আমারটা ভোমারটার থেকে ভাল। কিন্তু আমি তোমারটা আর আমারটা দুটোই সমানস্ভাবে ব্যবহার করতে পারি।'

"ও আমার সাধারণ নাগান্ট রিভলভারট। নিরে তার অধ'ন্বরংক্রিয়টা আমাকে দিল। আজও আমার কাছে দেটা আছে, ওটার নম্বর ১২৭১৯, তুলা আরমারী, ১৯৩৫। যুদ্ধের শেষ দিন পর্যস্ত আমি এটাকে হাতছাড়া করব না।

''জয়া তার কাজ খেকে 'নৃতন মান;্য' হয়ে ফিরে এল। আর কোন কথা দিয়ে এটাকে বর্ণনা করা যায় না। একটা আন্তাবল আর একটা বাড়ীতে সে আগুন ধরিয়ে দিয়েছে, আশা করে এফেছে কতকগুলি জার্মান সৈন্য আগুনে পুড়ে মরেছে।

"বলল—'সত্যিকারের কোন কাজ করলে একেবারে যেন নতুন মানুষ বলে মনে হয় নিজেকে…।'

" 'তুমি কি এতদিন ধরে যা করছিলে, তা কাজ নয় ? তুমি অনুসন্ধানে বেতে, যোগাখোগ ব্যবস্থা কেটে দিতে...'

"জরা বাধা দিয়ে বলল—'এটা আর সেটা এক জিনিস নয়। সেটা যথেক নয়।'

"অধিনায়কের অনুমতি নিয়ে বিতীয়বার সে পেরিশ্চেভোতে গেল। আমরা তিন্দিন ধরে অপেক্ষা করলাম, বাদ্বাকী ঘটনা সবই আপনি জ্ঞানেন।

"জয়। আমাকে বলত, আপনি আর আপনার ছেলেমেয়ে বড় সুখে আছেন, আর কচিং কখনে। আলাদ। থেকেছেন। আমি ঠিক করলাম আমার যা বলবার আছে তা যতই অপ্প হোক না কেন আপনার তা শুনতে ভাল লাগবে। যদিও আমার জয়ার সঙ্গে মাত্র এক মাসের পরিচয়, আমাদের দলের আর সবাইয়ের মত আমিও আমাদের পরিচিত মানুষদের মধ্যে তাকে সব চেয়ে পবিচ, সব চেয়ে চমংকার বলে মনে করি।

''আপনি যখন পেরিশ্চেভোতে আসেন, তথন আমি আপনার ছেলেকেও পেথেছি। জয়ার কবরের কাছে আপনার পাশে সেও দাঁড়িয়েছিল। জয়া একবার আমাকে বলেছিল—'আমি আর আমার ভাই কিস্তু মোটেই একরকম নই, আমাদের দুজনের চরিত্র একেবারে আলাদা আলাদা রকম। কিস্তু আমি শুরার দিকে চেয়ে বুঝলাম যে, তা ঠিক নয়। এখনও চোখের সামনে ভাসছে শুকনো চোখে জয়ার দিকে তাকিয়ে ঠে'াট কামড়াছে শুরা দাঁড়িয়ে।

"আপনাকে সাঙ্খনা দেবার ভাষা আমার নেই। কিন্তু কেবল এই কথাই আপনাকে বলতে চাই—জরার স্মৃতি মরবে না কোনদিন, মরতে পারে না। সে আমাদের মধ্যে বেঁচে আছে। অন্যদের যুদ্ধে উৎসাহিত করবে তার স্মৃতি। তার পদচিহ্য আমাদের অনেকের যাত্রাপথ আলোকিত করবে। আমাদের ভালবাসা, আমাদের দেশজুড়ে আপনার সন্তানদের ভালবাসাই, প্রিয় লিউবোভ তিমোফিয়েভ্না, আপনাকে বিরে থাকবে।"

—ক্রাভা মিলোরাদোভা

পেত্রিশ্চেন্ডো থেকে ফিরে আসার কয়েকদিন পরে রেডিওতে ঘোষণা করা হল মৃত জয়াকে 'সোবিয়েত দেশের বীর' খেতাব প্রস্কার দেওয়া হয়েছে।

মার্চের প্রথমদিকের এক ভোরে আমি ক্রেমলিনে জরার ডিপ্রোমা আনতে গেলাম।
ইবদুক বসস্ত বাতাস আমার মুখে হাওয়া দিছিল, ভাবছিলাম আমার আর শুরার
বেদনাদায়ক সেই ভাবনা—জয়া ত আর এসব দেখবে না। ও বসস্তকাল ভালবাসত।
এখন সে মৃত, রেডস্কোয়ারের উপর দিয়ে আর সে কখনও হাঁটবেনা।

আমাকে বেশীক্ষণ অপেক্ষা করতে হল না। একটি বড় উ°চু ঘরে আমাকে নিয়ে যাওয়া হল। কোথায় এসেছি প্রথমে বুঝতে পারিনি, হঠাং দেখলাম একটি ভদ্রলোককে চেরার ছেড়ে উঠে দাঁড়াতে।

"মিখাইল ইভানোভিচ কালিনিন !"—হঠাৎ আমি বুঝতে পারলাম।

হাঁা, মিখাইল ইভানোভিচ্ই আমার দিকে এগিয়ে আসছেন। ছবিতে দেখে তার চেহার। এমন চেনা হয়ে গিয়েছে, স্মৃতিসৌধের ভিতের উপরে কতবার যে তাঁকে দেখেছি! তার রেখাবহুল করুণ চোখদুটো সদাহাস্যময় দেখেছি, আর এখন চোখদুটো দেখাছিল গান্তীর বেদনাময়। তার চুল একেবারে সাদা হয়ে গিয়েছে, মুখখানা এত ক্লান্ত মনে হছে...দুহাত দিয়ে তিনি আমার সঙ্গে করমদনি করলেন, খুব কোমল সুরে আমার হবাস্থ্য আর শক্তির উমতি কামনা করে আমার হাতে ভিপ্রোমাটি তুলে দিলেন।

শুনলাম তিনি বলছেন—"আপনার কন্যার মহৎ কাজের স্মৃতিষরূপ।"

একমাস পরে জয়ার দেহ মশ্বেতাতে এনে নোভোদেভিচি কবরখানার সমাহিত করা হল। কালো মার্বেল পাথরের স্মৃতিসৌধ স্থাপনা করে তার উপর নিকোলাই অক্সভ্সিকর অমর বাণী, যা জয়া একবার জীবনের আদর্শ বলে তার নোটবইতে লিখে রেখেছিল—খোদাই করে রাখা হল—জয়া তার জীবন দিয়ে সেই বাণী সার্থক করেছে

"মানুষের সবচেয়ে প্রিয় সম্পদ হল জীবন। সে জীবনও সে পার মাত্র একবার।

…কাজেই সে তার জীবন এমনিভাবে বায় করবে যেন ময়ার সময় সে বলতে পারে আমার সমস্ত শাক্তসামর্থ্য পৃথিবীর মহত্তম কাজের জন্য দান করেছি,—সে কাজ মানব সমাজের মৃত্তি।"

CP

সেই দিনগুলো ছিল শুরা আর আমার বড় পুরথের । আমরা আর কারও জন্য অপেক্ষা করে থাকতাম না কারণ জানতাম কেউ আর আসবে না; আগে আমাদের জীবন ছিল জয়াকে আবার দেখন, আবার তাকে জড়িয়ে ধরে আদর করব—এই বিশ্বাসে ভরপুর । চিঠির বাজ্মের কাছে তখন আমরা বেতাম এই আশার বে হয়ত জয়ার কোন খবর আসতে পারে—এখন আমরা সেটার দিকে না তাকিরেই চলে বাই,—চিঠির বাজ্মে কিছুই বে নেই তা আমরা জানি, আমাদের আনন্দ দিতে পারে এমন কোনো কিছুই থাকতে পারে না।

আস্পেন বনে আমার বাবার কাছ থেকে বেদনাভরা দীর্ঘ একখানা চিঠি এল। জয়ার মৃত্যু তাঁকে একেবারে অভিভূত করে ফেলেছে, তিনি লিখেছেন—'আমি কিছুতেই বুঝতে পারছিন। কি করে এটা সম্ভব হল, আমার মত বুড়োমানুষ বেঁচে রইল আর জয়া মারা গেল।' এই কটা কথার মধ্যে কী যে হতাশাময়, কী সাম্বনার অতীত দুঃখ মিশে আছে—গোটা চিঠিটা চোখের জলের দাগে ভরা—কভগুলো কথা আমি পড়তেই পারলামনা।

দাদুর চিঠিটা পড়ে শুরা শাস্তস্রে বলগ, ''বুড়োমান্ষটার জন্য আমার ভারী কষ্ট হচ্ছে।''

এখন আমার জীবনে রইল শুধু শুরা। সেই আমার একমাত্র অবলম্বন। শুরা আমার জন্য যতটুকু সদ্ভব সময় দিতে লাগল। যে আগে কোনরকম ভাবাবেগ দেখাতে লজা পেত, সেই শুরা হল এখন খুব কোমল দ্বভাবের স্নেহময় ছেলে। পাঁচ বছর বয়স হবার পর থেকে শুরা আর আমাকে 'মামিণ' বলে ডাকেনি, এখন সে আবার বলতে সুরু করল, 'মামিণ'। আগে যা সে হয়ত লক্ষ্য করত না, আজকাল ভাও লক্ষ্য করতে আরম্ভ করেছে। আমি সিগারেট খাওয়া ধরেছি, ও বুঝতে পারে যে চোখের জল গোপন করার চেন্টায় আমি আজকাল দেশলাই জ্ঞালিয়ে সিগারেট ধরাই। প্যাকেটটা খুব্জতে আরম্ভ করলেই আমার মুখের দিকে তাকিয়ে কাছে এসে বলে—'কি ব্যাপার ? মুখখানা তোল দেখি, সত্যি! মামিণ…..'

রাত্রে আমার ঘুম না আসলে সে বেশ বুঝতে পারে। আমার কাছে এসে বিছানার পাশে বসে নীরবে আমার হাতে হাত বুলোতে থাকে। ও চলে গেলে আমার কেমন যেন নিরাশ্রর, অবলম্বনশ্ন্য মনে হয়। শ্বা এখন পরিবারের কর্তা হরে উঠেছে।

আবার স্থুল সূর্ হয়েছে —পড়ার পর শুরা সোজা বাড়ী আসত, বিমান আক্রমণ ন। হলে বই নিয়ে বসে পড়ত। কিন্তু পড়ার সময়ও সে আমার কথা ভূলত না। কথনও কথনও আন্তে আন্তে ডাকত—'মা'।

'বল শুরা…।"

আবার বইরের মধ্যে ডুবে বেত। বারেবারেই জিজ্ঞাসা করত—'তৃমি ঘূমিরে পড়েছ ? এখানটা একট্ শোন'…ওর ভাললাগা লাইনগুলো আমাকে পড়ে শোনাত।

একবার শিশ্পী ক্লামস্করের চিঠি পড়তে পড়তে সে বলল—''কথাটা বড়ই খণটি 'দিশ্পীর সবচেরে বড় সম্পত্তি হল তার হলয়।' বেশ চমংকার করে বলা হরেছে—
না মা ? আমিও ঠিক এই বৃদ্ধিঃ খালি দেখার চোথ থাকলেই হল না, শা্ধু দেখতে
পারাই সব নয়, মম বোঝা এবং তা অনুভব করতে পারাই আসল।' হঠাৎ সে
টেচিয়ে উঠল—'মা গো, তুমি যদি জানতে, কি ভয়ানক পড়াশোনাই আমি করব
বৃদ্ধটা শেষ হয়ে গেলে।'

আর একবার সে জিজ্ঞেস করল—'তুমি ঘুমোচছ? গেডিওটা খুলে দি? মনে হচ্ছে ভাল গানবাজনা হচ্ছে।'

আমি ঘাড় নাড়লাম। হঠাৎ সারা ঘরে ছড়িয়ে পড়ল চাইকভিদ্কির "পঞ্চম সিন্ফান"। ঐ সময়টায় প্রতিটি ছোটখাট প্রিনিসই আমাদের পক্ষে ধৈর্যের পরীক্ষার মত ছিল, এটাও তাই। জয়া সবচেয়ে বেশী ভালবাসত এই পঞ্চম সিন্ফান। আমরা নীরবে শ্নেন গেলাম, জোরে নিশ্বাস ফেলতেও ভয় পাচ্ছিলাম, পাছে সাইরেনের তীর ধ্বনি এসে এ-প্রশান্তি ভেঙে চ্রমার করে দেয়, আমরা শেষ অবধি শ্নতে না পারি।

যখন শেষ সুরটি আন্তে আন্তে মিলিয়ে গেল, শুরা বলল—'আমার নিশ্চয় মনে হচ্ছে—বিজ্ঞার দিনে পঞ্চম সিম্ফানর অণ্ডরাটি বাজান হবে। তোমার কি মনে হয়?'

দিন চলে যেতে লাগল। মন্দেলা থেকে শহুংসৈন্য হটিয়ে দেওয়া হল, কিন্তু শহুংস প্রতিরোধ ক্ষমতা তথনও খুব প্রবল ছিল। জার্মানরা বেইলোরুশিরা, উক্লাইনএর প্রায় সবটা দখল করেছে। লেনিনগ্রাদ অবরোধ করে রেখেছে—স্তালিনগ্রাদএর দিকে এগিয়ে আসছে। পথে তারা হত্যা করেছে, আগুন দিয়ে জালিয়েছে।
তারা অত্যাচার করেছে, আঘাত করেছে, ফাসী দিয়েছে, কুশবিদ্ধ করেছে। এই
যুদ্ধে আমরা যা দেখেছি তাতে আগেকার দিনের অত্যাচার আর নিষ্ঠ্রতার কাহিনীও
কান হয়ে গিয়েছে। খবরের কাগজের সংবাদে মনপ্রাণ ব্যাথিত হয়েছে, রেডিওর
খবরে দমবদ্ধ হয়ে যাবার উপক্রম হয়েছে।

সোবিয়েত সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানের বুলেটিন পড়ে শ্রু দাঁতে দাঁত ঘষে, সারাঘরে অনেকক্ষণ ধরে পায়চারি করত, ভুরু তার কোঁচকানো, হাত তার মৃষ্টিবদ্ধ।

মাঝে মাঝে তার সাথীরা দেখা করতে আসত। পাতলা ভলোদিয়া য়ৄরিয়েভ,
—সে জয়া আর শ্রার পঞ্চম শ্রেণীর দিদিমণি লিদিয়া নিকোলাইয়েভনার ছেলে
আমার পরিচিত য়ৢয়া রাউদে।, ভলোদিয়া তিতভ; আরও একটা ছেলে আসত তার
নামটা মনে নেই কিন্তু পদবীটা হল নেদেলকো। ক্রমশ তারা ঘন ঘন আসতে লাগল,
কিন্তু যথনই আমি এসে পড়তাম তারা চুপ হয়ে গিয়ে তাড়াতাড়ি বিদার নেওয়ার
জন্য বাসত হয়ে পড়ত।

''আমি আসা মাত্রই ছেলেরা চলে বার কেন ?''

"ওর। তোমাকে বিরক্ত করতে চায় না"—শ্রো জবাব দিত।

দেশের চারদিক থেকে

একদিন চিঠির বাস্ত্র থেকে খবরের কাগজ নেবার সময় আমার হাতে অনেক-গুলো চিঠি পড়ঙ্গ। হাতে নিয়ে প্রথম বেটা ঠেকল সেটাই খুগলাম—সীমান্ত থেকে একটি ভিনকোনা খামের চিঠি, স্ট্যাম্প নেই ভাতে, ধারগুলো সামান্য দুমড়ানো। "প্রিয় মা....."পড়তে পড়তে আমার চোখ দিয়ে জল গড়িয়ে পড়তে লাগল। আমার অপরিচিত লোক সব—কৃষ্ণসাগর নো-বাহিনীর নাবিকেরা লিখেছে। ওরা আমার দুঃথে সান্তুনা দিতে চেয়েছে, জয়াকে নিজেদের বোন বলে শীকার করে নিয়ে প্রতিজ্ঞা করেছে তারা তার মৃত্যুর প্রতিশোধ নেবে।

সেদিন থেকে প্রত্যেকদিনের ডাকেই মেলা চিঠি আসতে লাগল। কোথা থেকে যে না এসেছে! সব রণাঙ্গন থেকে, দেশের সর্বত্য হতে। এত সহদর বন্ধুরা শুরা আর আমার প্রতি হাত বাড়িরেছে, এত সব হৃদর আমাদের নিয়েছে আপন করে। চিঠি এল বাচ্চাদের কাছ থেকে, এল বড়দের কাছ থেকে। যাদের বাবা মারা গিয়েছে যুদ্ধে তারা, যাদের ছেলেথেয়ে যুদ্ধে নিহত হ্থেছে সেইসব মায়েরা, যারা যুদ্ধক্লেলেল্ডাই করছে সেইসব সৈনারা স্বাই আমাদের দুঃখ ভাগাভাগি করে নিতে চাইল।

শুরা আর আমি খুব বড় ঘা থেয়েছি। পৃথিবীতে এমন কিছু নেই যাতে সেই ক্ষত সারাতে পারে, কিন্তু আমরা যে সব চিঠিপত্র পেয়েছি সেগুলি বে কতখানি আরাম দিয়েছে তা ভাষায় প্রকাশ করতে পারব না। আমাদের দুঃথ শুধু আমাদের একারই নয় কত লোক যে আমাদের দুঃখের ভাগ নিয়ে বোঝা হাল্কা করতে চেয়েছে—তাতে অনেকটাই আরাম, অনেকটাই সহায়তা দিয়েছে আমাদের—বেদনা ভোলার পক্ষে।

প্রথম করেকটা চিঠি পাওয়ার অপপ কিছুদিন পরই আমাদের দরজার মৃদু টোকা দিরে একটি অপরিচিত মেয়ে এসে প্রবেশ করল। পাতলা, লম্বা, বাদামী মুখের চেহাবা, ছোট চুল, বড় বড় টানা টানা চোখদুটি—ধ্সর রঙের নয়, নীল—জয়ার কথা মনে করিয়ে দিল আমাকে। আমার সামনে লজ্জিত মুখে রুমালের কোনটা জড়াতে লাগল আঙ্বলে।

"আমি একটি অস্ত্রশস্ত্র তৈরীর কারখানা থেকে আগছি" একটু ইতন্তত করে কাজ্জিতভাবে তার চোখের পাত। নুইয়ে সে বলল—"আমি…মানে আমাদের তরুণ-সজ্জের ছেলেমেয়েরা...চাই যে আপনি আমাদের এখানে আসুন। আমাদের তরুণ সংঘের কোন একটা মিটিংএ এসে জয়া সম্বন্ধে কিছু বলুন আমাদের—আমি বেশ বুবতে পারছি আপনার পক্ষে বেশ কন্টকর হবে—তবু বলছি ..!"

আমি বললাম—আমি কোন বস্তা দিতে পারব না, তবে আমি ওদের মিটিং-এ আসব।

পরের দিন সন্ধায় আমি ওদের কারখানায় গেলাম। মস্কোর শহরতলীতে সেটা, আশেপাশের অনেক বাড়ী বিধবস্তপ্রায় হয়েছে। আমার নীরব জিজ্ঞাসার জবাবে আমার গাইড বলল বোমা পড়ে আগুন লেগেছিল।

কারখানার ক্লাবে যথন আমরা প্রবেশ কঃলাম, মিটিং তখন আরম্ভ হয়ে গিয়েছে। প্রথমেই চোখে পড়ল সভাপতির পিছনেব টেবিল থেকে জয়ার মুখ চেয়ে আছে আমার দিকে। আমি একদিকে চুপচাপ শুনতে বসে পড়লাম।

একটি কিশোব বন্ধৃতা করছিল। সে বলছিল এই বিতীর মাসেও প্ল্যান অনুবারী কাজ হরনি। সে রেগে উত্তেজিত হয়ে কথা বলছিল। তারপক্ষ আর একটি আরে। একটু বড় ছেলে বলতে উঠল। এ ছেলেটি বলল, কারখানায় অভিজ্ঞ কর্মীর ক্রমশই অভাব ঘটছে, এবার তাদের বাণিজ্যের জন্য বিশেষ বিদ্যালয়ের ছাত্রদের উপর নির্ভর করতে হবে।

"কিন্তু কি ভীষণ জমে যাওয়ার মত ঠাণ্ডা! কারখান। যেন মাটির তলায় ঘরের মত। ধাতুর উপরে হাত রাখলে তাও জমে যেতে চায়।" ঘরের পিছন থেকে ভেসে এল একটা গলা।

চকিতে ঘরে দাঁড়িয়ে আমার সঙ্গী বলে উঠল—"ছিঃ!"

মৃহ্তের প্রেরণায় আমি উঠে দাঁড়িয়ে বলতে চাইলাম। তারা আমাকে নীচু একটি বেদীর দিকে যাবার জন্য আনন্ত্রণ জানাল। যেতে যেতে জয়ার চোথের সঙ্গে আমার দৃষ্টি বিনিময় হল। এখন জয়ার ছবি আমার পিছন দিকে। একটু পাশে হেলানো, যেন আমার কনুইয়ে ভর দিয়ে আমায় উৎসাহ দিছে। কিন্তু আমি তার সম্বন্ধে একটি কথাও বললাম না।

আমি বললায— 'প্রতিদিন প্রতিমৃহ্তে তোমাদের ভাইবোনের। রণক্ষেতে তাদের জীবন বিসর্জন দিছে। ভূখা লেনিনগ্রাদ...প্রত্যেকদিনই শত্র বোমার আঘাতে লোক নিহত হচ্ছে..."

সেদিন আমি কি বলেছিলাম আজ আর তা মনে করার চেণ্টা করব না, কথাগুলো পরিংকার মনে নেই, আমার দিকে নিবদ্ধদৃষ্টি তরুণতরুণীদের চোখগুলো জানিয়ে দিচ্ছিল আমি সত্যি কথাই বলছি।

তখন তারা সংক্ষেপে দৃঢ়প্রতিজ্ঞ হয়ে জবাব দিল— "আমরা আরও কঠোর প্রিশ্রম করব।" যে প্রথমে কথা বলেছিল সেই বলল।

আরেকজন বলল- "আমাদের বাহিনীর নাম হবে জয়া।"

একমাস পরে—কারখান। থেকে তারা আমায় টেলিফোন করে জানাল—
"লিউবোভ তিমোফিয়েভনা—আমরা আমাদের নিদি'ই কাজের থেকে বেশী করছি
এখন"।

বুঝলাম শোকে অভিভূত হওয়া মানে জয়ার স্মৃতির প্রতি বিশ্বাস্বাতকতা করা।
হার মানলে চলবে না. হতাশ হলে চলবে না, হতাশ হবার আমার কোন অধিকার
নেই। আমাকে বাঁচতে হবে, ভবিষাতের জন্য লড়াই করতে হবে, আমার
দেশবাসীর সুথের জন্য আমাকে বাঁচতে হবে। বিরাট জনতার সামনে কথা বলা,
বকুতা দেওয়া আমার পক্ষে বড় শক্ত ছিল. কিন্তু আমাকে ভাকলে আমি না বলতে
পারি না, প্রায়ই ভাক আসত আমার। অসীকার করতে আমার সাহসে কুলোভ না,
কারণ আমি বুঝতে পেরেছিলাম, আমার কথায় যদি ওদের সাহায্য হয়, লোকের
কাছে পৌছোয়, যুবসমাজকে নাড়া দেয়, যদি শাহ্র সঙ্গে মুক্তে যত সামানাই হোক
না কেন কিছু দান করতে পারি—আমার কর্ডবা হল তা পালন করা।

বিদায় শুরা

"কোথায় গিরেছিলে শুরা ? এত দেরী হল কেন তোমার ?"

''মামণি—আমি দুঃখিত কিন্তু ক্ষমা কর তুমি আমায়, আমার অনিচ্ছাকৃত ত্তি।''

দিনের পর দিন শুরা ক্রমশই আরও দেরী করে আসতে লাগল। কোনকিছু তাকে ভাবিয়ে তুলেছে, সারাক্ষণ ধরে তাই নিয়ে ভেবে চলেছে। কি আছে তার মনে? ও তো আমাকে বলেনি। কারোর জিজ্ঞাসার অপেক্ষা না করেই আমরা বরাবর আমাদের ভাবনা চিন্তা পরস্পরকে জানিয়ে এসেছি। এখন তাহলে কেন্দে এত নীরব? কি ঘটেছে? আর কি আছে ভবিষাতের গর্ভে? হয়ত বা আম্পেন বন থেকে চিঠি এসেছে! সেখানে বুড়োরা ভাল আছে তো? আমি ভাবলাম শুরাকে সব জিজ্ঞাসা করব।

বেদিন এই সিদ্ধান্ত নিই, সেদিন আমি টেবিল পরিপ্কার করতে করতে পঞ্জ পাকা একটা কাগজ নীচ্ হয়ে কুড়িয়ে নিলাম। কাগজটায় শুরার হাতে লেখা কয়েকছত কবিতা—শত্ত্বে পিষে মারার জন্য ক্যাপ্টেন গাসতেলোর মত জ্ঞলন্ত ট্যাংক চালিয়ে নিয়ে যাওয়া ড্রাইভারের সম্বন্ধেই কবিতাটি।

স'ব্দোয়া গাড়ী থাত-কাটা পথ বেয়ে গর্জন করতে করতে ছুটল,

কোন শব্ভিই আজ তাকে আটকাতে পারল না

পিছনে তার দমকে দমকে ধেণয়ার কুণ্ডলী

কালো মালার সাজ পরে চলেছে।

প্রতিশোধপরায়ণ তরবারির মত কখনও এখানে কখনও ওখানে

বিদ্ধ করছে রসদবাহী গাড়ীগুলিকে ধ্বংস করার জন্য

নিহত জার্মান সৈন্যদের মাঝে।

খাদ অতিক্রম করে ছুটে গেল সে

এত দ্রত গতি তার, দৃষ্টিও তাকে অনুসরণ করতে পারে না,

যে ভূমি সে আজ দখল করেছে তার এক গজ মাত্রও সে কাল ছাড়বে না।

যদিও সে ভস্মীভূত হল আগুনে

তার গোরবদীপ্তি বহুদ্র বিশুত,

ভাষ্বর হয়ে থাকবে, ষতদিন সণজোয়া গাড়ীতে আকা

সোভিয়েৎ ভূমির তারকা জল জল করবে।

এই লাইনস্লো পড়তে পড়তে এমন কিছু আমি হঠাৎ ব্ৰুতে পারলাম যা এতকাল ভাবতেও ভর পাছিলাম। শ্রো চলে বাবে। সেও রণক্ষেত্রে বাবে, কোন কিছুই তাকে আটকাতে পারবে না—এখন পর্যন্ত সে আমাকে কিছু বলেনি, একটা কথাও সে আমাকে জানার্যনি; তার এখনও সতের বছর বরস হর্মান, কিন্তু আমি জানি এটা ঘটবে। আমার ভূল হর্মন । এক সন্ধার বাড়ী এসে আমাদের ঘর পেকে গোলমাল আর কথাবার্তার শব্দ শ্নতে পেলাম । দরজাটা খুলতেই চোখে পড়ল শ্রা, ভলোদিয়া, য়ৢরা রাউদো, ভলোদিয়া তিতভ্ আর নেদেলকো এই পাঁচজন বসে আছে, প্রত্যেকের মুখে একটা করে সিগারেট, ঘরটা সিগারেটের ধেণায়ায় অন্ধকার। সেই মুহুর্তের আগে আমি কখনো শ্রাকে সিগারেট খেতে দেখিনি।

জিজ্ঞাসা করলাম—"িক হচ্ছে তোমাদের ?"

শ্রা বিন্দুমাত ইতপতত না করে জবাব দিল, দে মন িহর করে ফেলেছে যেন—
"সেনাধ্যক্ষ নিজে আমাদের খাইয়েছেন—আমরা…উলিয়ানোভ্তক ট্যাংক শিক্ষা
বিদ্যালয়ে ভতি হতে যাচ্ছি—ওরা আমাদের মনোনীত করে ফেলেছে।"

নীরবে আমি একটা চেয়ারে বসে পড়লাম।

শ্রা আমার বিছানার পাশে বসে সে রাত্রে বলল—'' মার্মণি, একট্ ভেবে দেখ —ব্যুতে চেন্টা কর—অপরিচিত লোকেরা তোমার কাছে চিঠি লিখছে—আমরা জরার মৃত্যুর প্রতিশোধ নেব, আর আমি তার নিজের ভাই হয়ে কি করে বাড়ীতে থাকতে পারি ? কি করে তাহলে আমি লোকের মুখের দিকে তাকাব বল দেখি ?"

আমি চুপ করে রইলাম, জয়াকে থামাবার মত কথা যদি আমি না পেরে থাকি, শুরাকে বাধা দেবার মত কথাই বা কোথায় পাব?

১৯৪২ সালের ১লা মে শ্রা চলে গেল।

বন্ধুদের সম্বন্ধে শ্রা বলল—''ওদের কেউ বিদায় দিতে আসবে না, তোমারও আমাকে বিদায় দিতে আসার প্রয়োজন নেই, তারা তাহলে দুঃথ পাবে। কেমন ? শুংখু আমার শুভষাতা কামনা কোরে।।

আমি নীরবে মাথা নাড়লাম। আমার গলা বন্ধ হয়ে আসছিল কালায়। আমার ছেলে আমায় আলিঙ্গন করে চঙ্গো গেলা। তার পিছনে দরজাটা বন্ধ হয়ে পেল, এবার আমি একেবারে একলা হলাম।

করেকদিন পর আস্পেন বন থেকে চিঠি এল, মা মারা গিয়েছেন। ৰাবা লিখেছেন জ্বার মৃত্যুর ধাক্কাটা তিনি সামলাতে পারেন নি।

উলিয়ানোভস্,স্কুল

শুরা প্রার প্রতিদিনই আমাকে চিঠি লিখত। তার বন্ধুদের সঙ্গে একই বিভাগে ওকে রাখা হয়েছে। তামাসা করে সে এর নাম দির্মেছিল ''মঙ্গের ২০১ নং স্কুলের দশম শ্রেণীর উলিয়ানোভঙ্গ শাখা।'

প্রথম দিকে একটা চিঠিতে সে অনুযোগ করেছিল—"আমি একেবারেই কোন কাজের নম্ন, এমন কি আমি লাইন করে চলতেও জানি না। আজও আমি একটা ছেলের পা মাড়িয়ে দিয়েছিলাম। অধিনায়ককে অভিবাদন করভেও ভূলে বাই আর তার জন্যে তার। নিশ্চয়ই আমাকে গাল টিপে আদর করে না।"

দিন বায়। আর একটি চিঠিতে লিখল—''আমি ক্লান্ত হয়ে পড়ছি, ঘূমোতে পারি না ঠিকমত, কিন্তু খাটতে হয় গাধার মত। রাইফেল, হাতবোমা আর রিভলভার চালাতে এর মধোই শিথে ফেলেছি। সেদিন আমরা লক্ষ্যভেদ করতে গিয়ে একটা পুকুর থেকে গুলি ছু'ড়েছি। প্রথম শিক্ষার্থীর পক্ষে আমার নম্বর শ্ব খারাপ নয়। পুকুর থেকে বন্দুকে ৪০০ মিটার আর কামানের ৫০০ মিটার পাল্লায় লক্ষ্যভেদ করে আমি বেশ ভাল নম্বর পেয়েছি। তুমি আর আমাকে চিনতে পারবে না আজকাল, আমি অধ্যক্ষকে অভিবাদন করতে শিথেছি ভাল করে, আর লাইনও আজকাল আমার ভেকে বায় না।"

পরীক্ষার আগে শুরা প্রতিটি চিঠিতে আমার কাছে লিখতে আরম্ভ করল, 'মা, যদি পার আমকে একটা চওড়া বেল্ট, একটা ক'ধের বেল্টও দিও।' আবার করদিন পরে লিখল, 'মা গো! বেশ করে চেন্টা কর, আমার বেল্ট যদি ভাল না হয় তো আমার কি রকম অফিসার যে দেখাবে।' কথাগুলোর ভিতর দিয়ে ছোট শুরার চোথ দুটো ভেসে উঠলো আমার চোখে, ঠিক এমনি করেই সে চাইত ছোটবেলার, যদি খুব ইছে হত তার কোনকিছু নেবার জন্য।

শুরার শতথানেক চিঠি পড়ে আছে আমার সামনে। তার মধ্যে প্রথম ও শেষ চিঠিও আছে—সেগুলি পড়ে আমি যেন আবার দেখতে পাচ্ছি কি করে আমার ছেলে শৈশব থেকে ক্রমশ তরুণ বয়সে পৌছোল।

একদিন শুরার কাছ থেকে চিঠি পেলাম—" মা আমাদের শিক্ষা প্রায় শেষ হরে এল, আগামী ১লা নভেম্বর আমাদের পরীক্ষা। আমি বড় ক্লান্ত, ঘুমোতে পাই নাবেশী, কিন্তু আমি কাজ করে যাচ্ছি ঠিক। আমি এখানে এসেছি অনেরা আসার আধাআধি সময়ের পরে, তাতে অনেক তফাৎ হয়েছে, আমি পিছিয়ে পড়েছি।

"এই পরীক্ষা আমার জীবনের এক বিশেষ অধ্যায়, কারণ আমার সমস্ত শক্তি, সামর্থ্য আর মনোবোগ দিয়ে এটা পাশ করতে চাই, কারণ আমার দেশ আমাকে সার্জেণ্ট হিসাবে কি তবুণ সহকারী হিসাবে চায় না, চায় সৃশিক্ষিত ট্যাংক লেফটেন্যাণ্ট। জানো মা, এটা গর্ব বা বিলাসমান নয়, আমাকে সবকিছু করতেই হবে, র্দেশের প্রয়োজনে লাগবার জন্য। কি করে ফ্যাশিস্ত বর্বরয়া আমার শ্রাম নগর পুড়িয়ে ধ্বংস করছে, কিরকম করে আমাদের মেয়েদের, শিশনের উপর অত্যাচার করছে, কাগজে সব পড়ি; আমার মনে পড়ে কি করে তারা জয়ার উপর অত্যাচার চালিয়েছিল; আমি একটিমান্ত জিনিষ চাই, যত তাড়াভাড়ি সম্ভব রণক্ষেত্তে যেতে।"

আর একটা চিঠিতে লিখেছে—''শোন মা, সরকারী পরীক্ষা হরে গিয়েছে, যন্ত্র-শিক্ষার বিষয়গুলিতে পেয়েছি 'চমংকার,' বন্দকে ছে'ড়োয় 'চমংকার,' রগকৌশল আর ভূতত্ত্ববিদ্যার 'চমংকার'…" সাফল্যের উৎসাহ ও গর্বভর। এই চিঠিখানার শেষে পুনশ্চ দিয়ে লিখেছে
—''দাদুর কাছ থেকে চিঠি এসেছে __ তিনি অসুন্থ, বড় একলা।"

শরতের এক অপপগরম সন্ধার রাস্তার দিকে চেরে আমি জানালার বসেছিলাম, আমার সামনে কতকগুলো চিঠি পড়েছিল, যার উত্তর দিতে হবে; তবুও আমি মেঘশুন্য আকাশের দিক থেকে চোথ ফেরাতে পারছিলাম না। হঠাৎ একজোড়া চওড়া হাত আমার চোথ টিপে ধরল পিছন থেকে—

"শুরা" কেবল এইটুকুই আমি বলতে পারলাম। হাসতে হাসতে বলল—
"আমার দরজা ধারুান বা আসা তুমি কিছুই শুনতে পাওনি। দরজার দাঁড়িরে
আমি তোমার দিকে চেয়েছিলাম, তুমি তো ওখানে বসেই রইলে।" বোধহর বা সে
বলতে চার তা সহজভাবে আমাকে শোনাবার জন্য শুরা আবার আমার চোখ টেকে
ধরে বলল, "তোমার কাছ থেকে বিদার নিতে এলাম মাগো—কাল যে আমি যুদ্ধক্ষেতে চলে যাছিছ।"

সে এখন রীতিমত পূর্ণবয়স্ক যুবক, তার কাঁধগুলো আগের চেয়েও চওড়া, কিন্তু তার নীল্ চে চোথদুটো আগেরই মত শিশ্বে সারল্যে আর আনন্দে ভরপুর।

আর একবার আমার দুঃখের রাত উদ্বেগে আর ভবিষ্যতের ভাবনায় কাটল।
শ্রা গভীর ঘুমে আচ্ছন্ন, এক হাত তার চিবুকের নীচে। আমি বারেবারে উঠে ওর
দিকে তাকাতে লাগলাম, রাতটা শেষ হয়ে যাবে ভাবতে আমার ভয় করতে লাগল।
কিন্তু ঠিক সময়মতই ভারে হল। শ্রা বিছানা থেকে লাফিরে উঠে হাতমূখ ধুয়ে
ভাড়াভাড়ি জামাকাপড় পরল, কোনমতে এক কাপ চা গিলে নিল, আমার কাছে
এসে রোজকার মত বলল, আমাকে বিদায় দিতে বেওন। যেন, শরীরের ষত্ন নিও,
আমার জন্যে ভেবোনা।

আমি কভেস্ভে বললাম—"সংপথে থেকো, সংকশ্পে অট্টে থেকো...চিঠিপত্র দিও..."

যুদ্ধের সংবাদদাভা

শ্রার বাবার পর একমাস চলে গিরেছে, কোন চিঠিপত্র আর্সেনি, পাছে কোন ভরানক খবর পাই, সেই আশঙ্কার আমি চিঠির বাব্দের কাছে যেতে ভর পাছিলাম...। সেই দিনগুলো ছিল ভারী দুঃখের, এত বেদনাদারক অমঙ্গলের কথা সব মনে হতে লাগল যা জ্বা যাবার পরও আমার মনে আর্সেনি। কারণ সন্তান হারানে। বে কী তা তখন আমি জানতাম না, এখন জানি।

সময় সমর আমার এত আত্ম হত যে আমি তার হাত থেকে রেহাই পাবার জন্য পালাতে চাইতাম, যেন নিজের ভাবনার হাত থেকে পালান বায়। রাস্তায় নেমে পড়ে আমি খুব হেঁটে নিজেকে খুব ক্লান্ত করে ফেলতে চাইতাম, বাতে এলেই ঘুনিয়ে পড়তে পারি। কিন্তু আমি তাতে সফল হতাম না, বত রাশ্রাই ঘুরি না কেন, বত মাইলই হাঁটি না কেন, রাগ্রি আমার না ঘুমিয়েই কাটত, চোখদুটো আমার খোলাই থাকত।

প্রায়ই আমি নোভোদেভিচি সমাধিক্ষেত্রে জয়ার সমাধি দেখতে ষেতাম। একবার আমি সমাধির পাশে একজন চওড়া কাঁধওয়ালা সৈনিককে দাঁড়িয়ে থাকতে দেখলাম। আমি কাছে আসতে তিনি ঘুরে দাঁড়ালেন। বয়স তাঁর বছর পায়তিশ, সুন্দর মুখ, পরিষ্কার মর্মভেদী ধুসর তাঁর চোথ দৃটি। মনে হল তিনি আমাকে কিছু বলবেন, আমি জিজ্ঞাসাভরা চোথে তাঁর দিকে তাকালাম, কিস্তু এক মুহূর্ত চিন্তা করে তিনি ফিরে গেলেন। মন থেকে তাকে সরিয়ে দিলাম, কিস্তু বাড়ীর দিকে ফেরার সময় আবার তাঁর সঙ্গে দেখা হল মোড়ের মাধায়; তিনি আমার দিকেই আসছিলেন।

ইতন্ত্রত করে তিনি জিল্পাস। করলেন—"আপনি কি লিউবোভ তিমো-ফিয়েড্ন।?"

আমি বিশ্মিত হয়ে বললাম--''হ'॥।"

তখন তিনি নিজের পরিচয় দিলেন—''আমার নাম লিদভ্।"

নামটা আমি ভুলিনি। লিণভ্ই সেই স্মরণীর প্রবন্ধ লিখেছিলেন প্রাভদার—
তরুণ গেরিলা তানিয়া কি করে মৃত্যু বরণ করেছিল সেই কাহিনী...। আমি
কৃতজ্ঞতার সঙ্গে তার করমদ^রন করলাম। ধারে ধারে আমরা গেটের বাইরে পা
বাজালাম।

আমি উৎসাহভৱে বললাম ''আপনার সঙ্গে দেখা হয়ে ভারী খুনী হলাম। অনেকদিন ধরে আপনার সঙ্গে দেখা করার ইচ্ছা ছিল..."

আমর। এমনভাবে কথা বলতে লাগলাম যেন আমাদের কতকালের পরিচয়। তিনি আমাকে বললেন কি করে প্রথম তিনি জয়ার কথা শোনেন। মোঝাইঙ্ক প্রমের এক ছোট অর্ধভিগ্ন কুটিরে তিনি সে রাত্রে ছিলেন। বথন প্রায় সব দৈনিকরা ঘূমিরে পড়েছে একটি বৃদ্ধ এলে। ঘরে হাত পা গরম করতে, লিদভ্-এর পালে মেঝেতে সে শুরে পড়ল।

লিদভ বললেন—"বৃদ্ধ ঘুমোতে পারছিল না, তার দীর্ঘনিশ্বাসে আর কাতরানিতে মনে হছিল সে ভারী দ্বংথিত হয়েছে'', আমি জিজ্ঞাসা করলাম—''কোথার বাবে ডুমি, কি ফুল্ হছে তোমার ?''

তথনই সেই বৃদ্ধ লিদভকে বলে, পেত্রিশ্চেন্ডে। গ্রামে বে মেরেটিকে হিটলারের চেলারা ফ'াসী দিরেছে, সে মেরেটির কথা সে কি শ্রেনছে, খ্বাটনাটি সব সে জানত না, বারে বারেই সে বলতে লাগল ওরা তাকে বখন ফ'াসী দিচ্ছিল তখন সে বা বক্তা দিরেছিল...

তক্ষুণি লিগভ পোরশ্চেডো গ্রামে গেলেন। সে রাত থেকে দশদিন দশরারি, তানিরা বলে পরিচিত মেরেটির মৃত্যুর প্রতিটি খুণ্টিনাটি খবর না পাওর। পর্যক্ত তিনি মুহুর্তমাত্রও বিশ্রাম নিলেন না। তিনি কেবল সত্য ঘটনাগৃহলিই লিখেছেন, কারণ তার ধারণা সাংবাদিক বা সাহিত্যিকদের নিজের মনগড়া বর্ণনার চেরে সত্য ঘটনাই বেশী হদয়গ্রাহী।

আমি জিভাসা করলাম—''আপনি আমার সঙ্গে দেখা করতে এলেন না কেন?"

তিনি সংক্ষেপে জবাব দিলেন—'আমার ভয় হয়েছিল আপনার পক্ষে খ্ব ক্ষকর হবে।''

''আপনি কি রণক্ষেত্রে অনেকদিন ছিলেন?''

এই প্রথম তিনি হাসলেন, সারা মুখ ত'ার সে স্বচ্ছ স্কুর হাসিতে উদ্থাসিত হয়ে উঠল । বল্লেন—

''বুদ্ধের প্রথম মৃহ্তি থেকেই আমি যুদ্ধক্ষেতে আছি, মঙেকাবাসীর। যথন যুদ্ধের কথা শোনেওনি সেই ২২শে জুন আমি ছিলাম মিনঙেকা প্রাভদার সংবাদ-দাতারুপে।

আবার তিনি হাসলেন, তাঁর মনে পড়ল, একবার খুব বোম। পড়ছে, তিনি টেলিগ্রাফ অফিসের মাটির নীচের বরে আশ্রয় নিয়েছেন। মঙ্গেল থেকে আগের দিনের পাঠানো একটা টেলিগ্রাম দেওয়া হল তাঁকে।

টেলিগ্রামটি বড় ঠাণ্ডা ধরনের ঃ সম্পাদকের। চান লিদভ্ ফসলকাটা অভিযানের প্রস্তৃতি বিষয়ে লিখুন । টেলিগ্রামট। পকেটে পরের গাড়ী নিয়ে বেরিয়ে পড়লেন সেই কেন্দ্রের সন্ধানে, যেখানে আত্মরক্ষার অভিষানের প্রস্তৃতি চলেছে। মিনম্কের রাহতাগ্রেলা এরমধ্যেই আগ্নে ছেয়ে গিয়েছে, চার্নিকে বোমা পড়ছে।

সেদিন লিদভ্ 'প্রাভদায়' একটা প্রবন্ধ পাঠিয়েছিলেন সতি। কিন্তু সেটা ফসলকাটার অভিযান সম্বন্ধে নয়।

সহজভাবে মাত্র করেকটি কথার তিনি এসব আমাকে বুঝিরে দিলেন। চলতে চলতে আমি ভাবলাম, বছরের পর বছর ধরে একটা লোকের সঙ্গে পরিচিত হরেও হরত তার সঠিক পরিচয় জানা যায় না। আমি তো মাত্র এক ঘণ্টারও কম সময় লিদভের সঙ্গে কাটিয়েছি, তার নিজের সময়ে কিছুই তিনি আমাকে বলেননি, তবুও তার অনেক কিছুই আমি জানতে পেরেছি। প্রধান কথাটাই আমি জানি। জানি ধে তিনি সাদাসিধে, স্পত্টবন্ধা, সং, সাহসী আর স্কুষ্থ মিল্ডম্বের লোক, যে কোন অবস্থাতেই হোক তিনি মাথা ঠাপ্তা রেখে, মানিয়ে চলবেন। এও জানি যে, যুক্তকেতে কাজের মধ্য দিয়ে, কথার মধ্যে নয়, তাঁর কর্মবাস্ততার মধ্যে দিয়ে তাঁর চারিপাশের লোককে দৃঢ়প্রতিক্ষ ও শাস্ত থাকতে শিক্ষা দিয়েছেন তিনি।

বিদায় নেবার সময় তিনি বললেন—''আমি কাল আ্বার বাচ্ছি রণক্ষেরে; বৃদ্ধে শেষ হ্বায় পর আমি জয়ার সম্বন্ধে একথানা বই লিখব নিশ্চয়ই।"

পাঁচটি ছবি

১৯৪০ সালের ২৪শে অক্টোবর আমার আর এক পরীক্ষা এল। কাগজে পণচটা ছবি বার হল, দেমালেনদক-এর কাছে পোতাপোডেতে রুশসৈন্যের হাতে নিহত এক হিটলারপন্থী জার্মান কর্মচারীর কাছে সেগুলো পাওয়া গিয়েছে। জার্মানটা জয়ার ফ্রাসি, তার জীবনের শেষ ঘটনার ছবি নিয়েছিল। আমি দেখতে পেলাম চারদিকে বরফে ঘেরা জয়ার ফ্রাসীর মন্ডটা, জার্মানদের ঘিয়ে রাখা আমার মেয়ে জয়াকে, তার বুকে ঝোলান গৃহদাহকারী' লেখা কাঠের টুকরোটা, আর যারা তাকে অত্যাচার করেছে, যম্মণা দিয়েছে দেখলাম তাদেরও।

বেদিন আমি আমার মেয়ের মৃত্যুসংবাদ পেয়েছিলাম সেদিন থেকে দিনে-রাচে একটিমান চিন্তাই আমাকে আছ্রর করে রেখেছিল—শেষ ভরাবহ যানার সময় তার মনোভাব কিরকম ছিল, কি সে ভাবছিল? অসহায় এক কামনা আমাকে পেয়ে বসেছিল—আমাকে যখন তার সবচেয়ে প্রয়েছন, তখনই কেন আমি তার পাশে ছিলাম না, তার শেষমূহ তুর্গুলি কেন আমি দৃষ্টিতে, কথায় ভরিয়ে তুলতে পারলাম না? এখন এই পাঁচখানি ছবি যেন আমাকে জয়ার শেষ যানাপথে নিয়ে গেল। এখন আমি নিজের চোখে দেখতে পাছি—ওরা তাকে হত্যা করছে, আমি সেখানে এবার উপস্থিত হয়েছি, কিন্তু এখন অনেক দেরী হয়ে গিয়েছেঃ ছবিগুলো যেন চাঁংকার করে বলছে—দেখ কিরকম অত্যাচারটাই তার উপর করেছে। তার মৃত্যুর নারব সাক্ষী হয়ে থাকো। তার ও তোমার সব ব্যথা ও যন্ত্রণার ভিতর দিয়ে নবঞ্জ্যুলাভ করে বেণ্ডে ওঠ…।

ঐ বে জয়া হাঁটছে—অভ্যাচারিত, নিরস্ত্র, কিন্তু তবু তার ঈষং-নমিত মুখে কি অপুর্ব শক্তি আর গর্বের চিহ্ন ফুটে উঠেছে। সেই অভিন মুহুর্তগুলিতে সে তার পাশে ঘাতকের উপান্থতি অনুভব করতেই পারেনি নিশ্চয়। কি সে ভাবছিল ? মৃত্যুর জন্য কি সে প্রস্তুত হচ্ছিল ? সে কি তার সংক্ষিপ্ত সুখী জীবনের কথা ভাবছিল ?

নিজে সে বিষয়ে লেখার সাধ্য আমার নেই। বারা এ বই পড়বে তারাই ঐ ভয়াবহ জার্মানগুলোর ছবিগুলো দেখুক আর জয়ার মুখের ভাব লক্ষ্য করুক। তার হত্যাকারীর। তার কাছে তুচ্ছ হয়ে গিয়েছে, তার কাছে এখন পৃথিবীতে বা কিছু মহং, উচ্চ, সুন্দর, পবিত্র, বা কিছু মানবিক, বা মরে না, মরতে পারে না তাই-ই বিরাজ করছে। আর ওরা—ওরা তো মানুষ নর, ওদের মনুষাম্ব নেই, ওরা পশ্বও নয়—ওরা ফ্যাশিস্ত, ওদের ধ্বংস অনিবার্ধ, বেংচ খেকেও ওরা মৃত। আজ হোক, কাল হোক, হাজার বছরে হোক ওদের নাম, এমন কি ওদের সমাধিক্ষেত্র পর্বস্ত লোকের কাছে দুগার বছু হয়ে দাঁড়াবে।

আমি বাঁচতে চাই

শুরার কোন চিঠি এখনও এলো না...কিন্তু ছবি পাঁচেটা পাওয়ার কিছুদিন পর আমি 'প্রাভদা' খুলে তৃতীয় পৃষ্ঠায় একটা খবর পেলামঃ

''রণাঙ্গনে সৈন্যবাহিনী ঃ ২৭শে অক্টোবর (তারযোগে প্রাপ্ত) দশম বাহিনীর সৈন্যদল ভয়ানক যুদ্ধে লিপ্ত, তারা ১৯৭ জার্মান পদাতিক বাহিনীকে ছিল্লভিল্ল ছত্রভঙ্গ করে অবশিষ্ট বা আছে তাওঁ ধ্বংস করতে বাস্ত। এই বাহিনীই ১৯৪১ সালে নভেষর মাসে পেরিশেচাভো গ্রামে আমাদের বীর তরুণী জয়া কসমোদেমিয়ানস্কায়ার উপর অত্যাচার করে ও তাকে শেষ পর্যন্ত হত্যা করে। প্রাভদায় প্রকাশিত তার ফশসীর ছবিগুলি আমাদের সৈন্য ও অফিসারদের ক্রোধের আগুনে নতুন ইন্ধন জুগিয়েছে। জয়ার ভাই, যুবকসজ্মের সভ্য সশজোয়া বাহিনীর অধিনায়ক লেফটেন্যান্ট কসমোদেমিয়ানিন্ধি দিদির মৃত্যুর প্রতিশোধ নেবার চেন্টায় দুর্দান্ত লড়াই করছেন। অধিনায়ক কমরেড কসমোদেমিয়ানন্ধির নেতৃত্বে 'কে, ভি,' ট্যাঙ্ক বাহিনীর সৈনারাই প্রথমে শব্রু অধ্যাবিত জায়গা দখল করে গুলি চালিয়ে হিটলার বাহিনীকে নিম্পেষিত করে তোলে। মেজর জি, ভেরশিনিন।''

শুরা তাহলে বে'চে আছে। তার বোনের মৃত্যুর প্রতিশোধ নিচ্ছে! আর যে সৈন্যগুলো জয়ার উপর অত্যাচার করে করে তাকে মেরে ফেলেছে তাদেরই শুরা ধ্বংস করছে।

আবার আমি চিঠি পেতে লাগলাম—এবার আর শাস্ত উলিয়ানোভম্ব থেকে নয় —একেবারে কোলাহলমত্ত রণক্ষেত্র থেকে।

আর ১৯৪৪ সালের ১লা জানুয়ারী দরজার ঘন্টার শব্দে জেগে উঠলাম।

''কে হতে পারে?" আমি বেশ জোরেই ভাবতে শুরু করে দরজা থুলেই ছটনাটির আকস্মিকতায় সেখানে বেন গেঁথে গেলাম। দরজার চৌকাঠে এ°টে দাঁড়িয়ে আছে আমার ছেলে—শুরা।

আমার তো তাকে রীতিমত বিরাট মনে হচ্ছিল। মন্ত এক কোটপরা, বৃষক্ষণ ঋজুদেহ, কোট থেকে এখনও তুষারকণার গন্ধ মিলিয়ে বার্যান, দুত হাঁটার এবং হাওয়ার দর্ন তার মুখখানা চক্চক্ করছে—তুষারকণাগুলো তার ভূরু আর চোখের পাতায় আন্তে আন্তে গলে জল হয়ে যাছে, চোখদুটো আনন্দে নাচছে।

হাসতে হাসতে বলল—"এমন করে তাকিয়ে আছ কেন? আমাকে চিনতে পারছ না ?"

আমি জবাব দিলাম—"তোমাকে দেখে 'ইলিয়া মুরোমেংস' বলে মনে হল। নববর্ষের সবচেরে ম্লাবান, সবচেরে অভাবনীয় উপহার এটি। বাড়ী আসার শুরার আনন্দও কম নর আমার চেরে। এএকটি মুহুর্তের জনাও সে আমার পাশ ছেড়ে নড়ত না, আর বদিও বা বেতে

চাইত হয়ত বা সিগারেট কিনতে বা একটু বেড়িয়ে আসতে। আর তথন ছোটু ছেলের মত বলত—"মা তুমিও এস না আমার সঙ্গে।"

দিনে কওবার যে একই কথা জিল্পেস করত—"বল না আমাকে তুমি কি করে দিন কাটাও।"

''কিন্তু সবই তো আমি তোমাকে লিখেছি !..."

''তোমার কি এখনও চিঠি আসে? দেখাও না আমাকে…দাও আমি তোমার উত্তর লিখতে সাহায্য করি।''

সাত্যিই আমার সাহায্য দরকার ছিল, অফুরন্ত স্লোতের মত চিঠিপত্র আসছিল।

লোকেরা আমার কাছে, জয়ার স্কুলে, খবরের কাগজের সম্পাদকদের কাছে, যুবসংঘের জেলা কমিটির কাছে চিটি লিখত।

অক্তিয়ারিন। স্মিরনোভা নামে জয়ারই সমবয়সী একটি মেয়ে স্তালিনগ্রাদ থেকে আমার কাছে লিখল —''আমি যখন শাস্ত্রীর পাহারায় থাকি মনে হয় যেন জয়া আমার পাশে পাশে আছে।"

জন্নার বয়সী আর একটি মদেকার মেয়ে সীমান্তে যাবার অনুমতি প্রার্থন। করে যুবসংখের তাগানদিক জেল। কমিটির কাছে লিখল—"আমি শপথ করছি আমি সংভাবে মানুষের সেবা করব—আমি জন্নার মত হব।"

বস্কির অটোনোমাস রিপাবলিক থেকে একটি তরুণী শিক্ষিকা লিখল—''আমার ছাত্রীদের আমি গড়ে তুলব জয়ার মত করে—তোমার বীর মেরেটির মত হতে শেখাব তাদের।''

নভোসিবিরুক-এর একটি প্কুলের ছেলেমেরেরা লিখেছে—"এটা আমাদেরও শোক, সমস্ত জাতির শোক।"

আসতে লাগল চিঠিপত্র, অৰুপট দরদভরা শপথ, কবিতা, এই সব—সাইবে-রিয়া থেকে, বাণ্টিক অঞ্চল থেকে, উরাল অঞ্চল থেকে, তিবলিসি থেকে পর্যন্ত। বিদেশ থেকেও চিঠি আসত—ভারতবর্ষ, অস্মৌলিয়া, আমেরিকা থেকে—

শ্বা সবগুলো পড়ল—ভারপর ইংলণ্ড থেকে আস। একখানা চিঠি পড়তে লাগল আবার। এর অনুবাদটা আমি রেখেছি—

প্রিয় কমরেড লিউলোভ কসমোদেমিয়ানম্কায়া---

আমি আর আমার স্থা লগুনের ঠিক বাইরে ছোটু একটা ফ্রাটে থাকি। এই
মান্ত আমরা তোমার বড় আদরের বীর মেরোটর কথা পড়লাম। মৃত্যুর পূবে সে
কথাগুলি বলেছিল তা পড়ে আমাদের চোথে জল এসেছে—এত ছোটু একটি
মেরের মধ্যে এত বীরক, এত সাহস ছিল। আগামী বছরের প্রথম দিকে আমাদের
প্রথম শিশ্ব জন্মাবে, সে বদি মেরে হর তার নাম রাথব জয়া—প্রথম সমাজতান্তিক
রাজ্মের মহান জনতার বীর কন্যার নাম।

অপরিমিত প্রশংসার সঙ্গে আমার। আপনাদের মহান সংগ্রামের কথা শ্রনি আর পিছি। খালি প্রশংসাই তো আর বড় কথা নর, আমর। আপনার পাশে দীড়িয়ে লড়াই করতে চাই। এখন যা প্রয়োজন তাহল কাজ, কথা নয়: আমরা স্থির জানি, আপনাদের ও আমাদের দ্বারা সমভাবে ঘৃণ্ডি এই নাংসী বর্ধরতার ধ্বংস হ্বার দিন আর দেশী দূরে নয়। আপনার দেশবাসীর নাম ইতিহাসের পাডায় স্বর্ণাক্ষরে লেখা থাকবেই, তাদের সাহস, বীরত্ব আর সহনশীলতা ফ্যাশিস্তদের পরাজিত করার পথে প্রধান সহায়। বৃটিশ জাতি স্বীকার করে যে রাশিয়ার কাছে তাদের ঋণ অপরিশোধনীয়, এখানকার লোকেরা প্রায়ই বলে রাশিয়ানরা না থাকলে আমাদের কি হত বলত!

সিনেমা হলে যখন পদ'ার উপরে স্তালিনকে দেখা যায় হাততালির সঙ্গে সঙ্গে শোনা যায় জনতার স্থাগত ধ্বনি 'হুর্বে!' আমরা এই সদিছা দিয়ে আমাদের চিঠিখানি শেষ করছি—যুদ্ধে কিংবা শাস্তিতে আমাদের বন্ধুত্ব চিরস্থায়ী হোক।

সোবিয়েতের জনগণ ও তাদের অজেয় লালফৌজ জিন্দাবাদ—

দ্রাতৃত্বমূলক আভনন্দন গ্রহণ করুন— মেব্লু আর ডেভিড রীজ।

শুরা জিজ্ঞেস করল—"তুমি এদের জবাব দিয়েছো? বেশ, আমার তো মনে হচ্ছে এটা হদর থেকে লেখা। না মা? দেখা যাচ্ছে যে ওরা বুঝতে পারছে আমরা শুধুমাত আমাদের জনাই নয়, প্রত্যেকের জনাই লড়ছি। আমি শুধু ভাবছি ভারা যেন ভূলে না যায় সেকথা!"

সন্ধ্যাবেলা আমার ভাই সাজি এসে উপস্থিত। শুরা তো ওকে দেখে মহাখুসী। তারা পুজনে টেবিলের কাছে মুখোমুখি বসে অনেক রাত পর্যন্ত কথা বলতে লাগল। আমি খরের কাজ করতে করতে এক-আধ্বার যাওয়া আসা করছিলাম, টুকরো টুকরো কথা কানে আসছিল মাত্র।

"একবার তুমি আমাকে লিখেছিলে না যে নিজের লাইন ছেড়ে তুমি শনুর পিছন-দিকটার গিয়ে আক্রমণ করেছ? কি জন্য? এটা তো বীরত্ব নয়, গোঁয়ার্ভূমি মাত্র। এটা আমার মোটেই পছন্দ হয়নি। তোমাকে সাহসী হতে হবে, তাই বলে এইরকম বেপরোয়া হবার কি মানে ?"

কুছ জবাব এল—"নিজের নিরাপন্তার কথা ভাবতে সুরু করলে আর বীরছের কথা ভাববার সময় থাকে না।"

"তুমি কি তোমার দৈন্যদলের ভালমন্দের জন্য দায়ীন €? তুমি তো ওদের হর্ডাকর্ডা…"

একটু পরে আবার শুনলাম—"আচ্ছা শুরা বলোত, তোমার অধীনে বার। কর্মচারী তাদের সঙ্গে তোমার কিরকম ভাব ? ভূল বুঝোনা আমাকে...সাধারণত তরুপদের নিজেদের সম্বন্ধে খুব বড় ধারণা থাকে..."

"আমার সহকর্মীদের সঙ্গে আমার বেশ ভাব আছে। তুমি যদি জানতে তার। কিরকম লোক…" আবার শোন। পেলে আমার দাদার গলা—''বীরত্ব স্থানে বলছি শোন, আমি তোমাকে বিশেষ করে লৈও তলপ্তরের 'আক্রমণ' গম্পটা আবার পড়তে অনুরোধ করছি, গম্পটা ছোট আর ঠিক নিদিন্ট বিষয় নিয়ে লেখা।"

শুরা তার নিজের সম্বন্ধে বিশেষ কিছু বলসনা, সে আগের থেকে অনেক সংযত ভাষার আর কেশ ওজন করে কথা বলে। এবার তাকে দেখে আমার মনে হল তার বেশ পরিবর্তন এসেছে, কিরকম পরিবর্তন সেটা বলা শত। হয়ত আমার ভূল হরেছে, কিছু আমাব মনে হয়েছে যে একবার যুদ্ধে যোগ দিয়েছে, জীবনমৃত্যুর মাঝখানে সংকীর্ণ পথে একবার যে হেঁটেছে, তার আর যুদ্ধ সম্বন্ধে বেশী কথা বলতে ভাল লাগেনা, যে বিপদ সে অতিক্রম করে এসেছে সে বিপদ নিয়ে আলোচনা করতে চারনা। আমি বুঝতে পেরেছি শুরা অনেক দেখেছে, অনেক সহা করেছে, আর নিশ্চয়ই এজনাই সে কিছুটা উদ্ধত, বুদ্ধিতে পরিণত-বয়ণ্ণক আর আত্মাবির্ণত হয়েছে, আবার সেই সঙ্গে আরও ভন্ন আরও কোমল হয়েছে মনটা তার।

পরের দিন হাসপাতালে একটি আহত বন্ধুকে দেখতে গেল। ফিরে যখন এল তার মুখের চেহারাই বদলে গিরেছে। আগের দিনের সে খুসীভর। পালোয়ান আর নেই, প্রিয় পরিচিত মুখটির দিকে উদ্বেগভরে তাকালাম—কি কচি মুখটি এখনও! সে মুখ এখন বিবর্ণ আর চিন্তাকুল। তার চোয়ালের হাড়গুলো, গাল, কোঁচকানো ভুরু, কপালের রেখা, দৃঢ়বদ্ধ ওষ্ঠাধর হঠাৎ যেন আরও পরিক্কার চোখে পড়ছে।

দাতে দাঁত চেপে সে বলল—"ফ্যালিন্ডগুলে। কি করেছে ওকে। জ্বানা, সে আমার সবচেরে প্রির বন্ধু! একবছর বরস হবার আগেই সে অনাথ হয়, বড় কন্টেই সে মানুব হয়, কিন্তু সে সত্যিকারের মানুব হয়েছে। সামরিক শিক্ষা শেষ করে লেনিনগ্রাদ অবরোধের সময় যুদ্ধ করেছে, ডাক্তাররা তাকে অবসর নিতে উপদেশ দেন, কিন্তু সে তা উপেক্ষা করে আবার যুদ্ধক্ষেত্রে চলে যায়। অম্প কিছুদিন হল সে সবগুলে। আঘাতই একসঙ্গে পায়—ফুস্ফুসে, হংপিণ্ডের কাছে, বাহুতে, আর পাকস্থলীতে বোমার টুকরো ঢুকে ক্ষত সৃষ্টি করেছে, সে কথা বলতে পারেনা, নড়তে পারেনা, শ্নতে পায় না—কি ভয়ানক ব্যাপার! তার নাম কোলিয়া লোপাখো। সে আমাকে দেখে কী যে খুসী হল তা বদি তুমি দেখতে ?"

শর্রা জানালার কাছে চলে গেল—আমার দিকে পিছন ফিরে কঠোর সুরে, দরদভরা গলার বলতে লাগল, "আমি আমার কাজে ফিরে বাব। হাত না থাকুক, পা নাই থাকুক, চোব অব হয়ে বাক্, তবু আমি বেঁচে থাকতে চাই—কি যে ইচ্ছে আমার বেঁচে থাকার জন্য।"

শ্রে। বাড়ী আসার তৃতীর দিনেই বলল—"মাগে। অপরাধ নিওনা, আমাকে কিন্তু নিশিক সমরের আগেই থেতে হবে। এখানে থাকা আমার পক্ষে বড় কভের, বৃদ্ধ-ক্ষেত্রে কত লোক প্রাণ দিচ্ছে—আর এখানে আমি…আমি জ্ঞানি অবশ্য যে, জীবন কেটে বার, কিন্তু আমার পক্ষে বড় বস্থাপারক।"

''আর কদিন থাক সোনা আমার? তোমার তে। বিপ্রাম দরকার...।''

''আমার বিশ্রাম তো মোটেই হচ্ছেনা। এখনও আমি আমার বন্ধুদের... আর বশুকের ছাড়া আর কিছুর কথাই ভাবতে পারছি না। আর শোন মার্মাণ, বদি পার ভবে এবার তাম আমাকে বিদায় দিতে এসো, কেমন? যতক্ষণ সম্ভব আমি তোমার সঙ্গে থাকতে চাই।''

বেইলোরুশিয়া খেশনে আমি তাকে বিদায় দিলাম। নিশুক সকাল, কুয়াশাচ্ছন, রেললাইনের উপরে হরিতাভ আকাশে একটি তারা মিটমিট করে জনছিল। আর মখন আমি আমার ছেলের কাছে বিদায় নিচ্ছিলাম এই নিশুকতা এত অস্তৃত মনে হচ্ছিল, যেন তারা আমার জানিয়ে দিচ্ছিল শীগগিরই সে বিপদ আর আগুনের মধ্যে পড়ে প্রাণ হারাবে…!

একখানা প্রথম শ্রেণীর টিকিট কেনা হল। শ্রো বার্থে সূটকেশ রাখতে ভিতরে চুকল, সঙ্গে সঙ্গে আবার লাফিয়ে বা'র হয়ে এল।

"মা, একজন সেনাধ্যক্ষ ভিতরে"—শিশ্র মত বিমৃচ আর হতভয় হয়ে সে চেঁচিয়ে উঠল।

আমি ঠাট্টা করে বললাম—"চমৎকার যোদ্ধা! বাচ্ছ যুদ্ধক্ষেত্রে, এদিকে নিজেদের সেনাধ্যক্ষের ভরেই অন্থির!"

শেষ মুহ্তটি পর্যন্ত আমি শ্রার পাশে দাঁড়িয়ে রইলাম। গাড়ী দুলে উঠল, আমি গাড়ীর সঙ্গে সঙ্গে হাঁটতে লাগলাম, শুরা সি'ড়িতে দাঁড়িয়ে হাত নাড়তে লাগল। তারপর আমি যথন আর পালা দিতে পারলাম না, এক জারগায় দাঁড়িয়ে ওর দিকে তাকিয়ে রইলাম। চাকার ঘর্ষর শব্দ কানে তালা ধরিয়ে দেয়, হাওয়ায় ঝাপটা আমার পাটাকে ধারা। দিয়ে প্রায় ফেলে দিছে, আমার চোখদুটো জলে ভেজা...তারপর হঠাং প্রাটফর্ম জনশ্না! নিস্তর। কিন্তু তবুও মনে হল সামনেই আমার ছেলের মুখ জলজল করছে, তার হাত বিদায় অভিনন্দন জানাছে।

অন্তরের অন্তঃস্থল থেকে

আর একবার আমি একলা পড়লাম। কিন্তু আগের মত এবার আর এত কন্ট হল না, এত একা লাগত না, কান্তের মধ্যে আমি সান্তুনা পেতাম। আপনারা যারা আমার সেই দুঃসমরে চিঠিপত্র দিরে, সহানুভূতি দিরে, আপনাদের দরা জানিরে আমাকে সুস্থ করে তুলতে সাহায়া করেছেন তাদের আমি আমার অস্তরের অস্তঃস্থল থেকে ধন্যবাদ দিতে চাই। আপনাদের সকলেই যারা আমার কাছে এসে দৃঢ়ভাবে বারবার বলেছেন—"আমাদের কারখানার আসুন, আমাদের কমসোমল সন্ভাদের আপনার কথা শোনান।"

আমি জানি মানুষের যখন ভারী খারাপ লাগে তখন কেবল একটা জিনিষ্ট তাকে সাহায্য করতে পারে—সে হল এই বিশ্বাস বে, তাকে অন্যের প্ররোজন, সংসারে সে অপ্ররোজনীর নর। বধন আমার দুর্ভাগ্য আমাকে পীড়িত করছিল, আপনারাই আমাকে বিশ্বাস করতে সাহাষ্য করেছেন, আপনাদের দরকার আছে আমাকে, শন্ধু শন্ধাই নর, আরও অনেক, অনেক অন্য লোকও এ বিশ্বাস আমার মনে জাগিরেছেন। শন্ধা যখন চলে গেল, আপনারা আমাকে একা থাকতে দেন নি, আমার পক্ষে ষতই বেদনাদায়ক হোক, 'আমি অপরিহার্ধ' এই বোধই আমাকে বাঁচিরে রেখেছিল।

সর্বয়ই কাজের চাহিদা আছে, সদর হাদর আর নিপুণ হাতদুটির প্রয়োজন আছে। জনেক ছেলেমেরেকে বাপমায়ের কোলের আদর থেকে ছিনিয়ে নিয়েছে এই যুদ্ধ। 'জনাথ' বলে যে কথাটার আমরা অন্তিম্ব ভূলে গিয়েছিলাম প্রায়, আজকের এই দুদিনে সে দুঃখের কথাও বারবার উচ্চারণ করতে হয়। আর সেইসব ছেলেমেয়েদের এমন কিছু দিতে হবে যাতে ভারা পিতার অভাবটা না বুঝতে পারে। বা একাকীম্বের বেদনা ভূলে যেতে পারে। তাদের প্রেম ভালবাস। কেবলমাত্র গৃহ বা পরিবারেই পাওয়া সম্ভব, তাও তাদের দিতে হবে।

অমি কাজ করতে আরম্ভ করলাম। বতগুলো সম্ভব শিশ্বনিকেতন তৈরী করতে হবে, সেগুলো সভিগ সাজ্য ভাল, আরামদারক আর সবরকমের সুবিধা হওয়া চাই। বতগুলো সম্ভব প্রকৃত শিক্ষাদাতা চাই, তাদের সাত্য কর্মক্ষম, আর দরদী হতে হবে! ছেলেমেয়েদের জুতো, জামাকাপড়, খাবার সবই চাই, তারও চেয়ে বেশী চাই দরদ, ভালবাসা আর দয়। সর্বহ, কারখানার, যৌধখামারে, শহরে, গ্রামে শিশ্বনিকেতন গড়ে উঠতে লাগল, প্রভাকেই খুদ্ধে নিহত দেশবাসীর সম্ভানদের জন্য কিছু না কিছু করতে ব্যস্ত হরে উঠদ।

আর আমার কাছে এর এত দাম থে আমি এই কাজে অংশ নিতে পেরেছিলাম। সেসব দিনে আমাকে অনেক ভ্রমণ করতে হয়েছে। তামবোড, রিরাজান, কুম্ক, ইভানোড্ পর্যস্ত গিরেছি, সেখান থেকে বেইলোরুশিয়া, উক্লাইন, আলতাই, ভোম্স্ক্, নোভোসিবিরক্ষ, সর্বতই কাজের অস্ত নেই, সর্বতই অনাথ শিশুর ছড়াছড়ি। তাদের জন্য হর কোন শিশ্নিকেতন, না হয় নতুন কোন পরিবারে আশ্রয় খু'জে বার করতে হবে। আর সর্বতই বিশ্বাসভরা ভালবাসান্তরা দৃষ্টি দিয়ে আমাকে অভিনন্দিত করেছে। আমি শিখতে লাগলাম। আমার দেশবাসী আমাকে শেখাতে লাগল সাহস, আর সহিক্ষতা।

১৯৪৪ সালের শেষদিকে রেড্কশ সোসাইটি আমাকে লেনিনগ্নাদে পাঠাল।
তরণ ভাষ্করের হাতে যেখানে ক্রডের আশ্চর্য অশ্বারোহী মৃতিগুলি যত্ত্ব

তরুণ ভাস্করের হাতে যেখানে ক্লডের আশ্চর্য অশারোহী মৃতিগুলি যতে গড়ে উঠেছিল, সেই সব স্বস্থের পাদমূলে আজ ফ্লেরে রাশি সাজান, যাতে অভাস্ত চোখ সেই মৃতিগুলির অভাব টের পেরে দুংখ না পার। দেরালে ঝোলান বিজ্ঞাপনগুলি এখনও পথিককে সাবধান করে দিচ্ছে, "ম্থলবাহিনীর বোমাবর্ষণের সময় এদিকটা জারও বিপজ্জনক।" কিন্তু লেনিনগ্রাদের অধিবাসীরা তারও বহু প্রেই গোটা দেশের সহায়ভার তাদের বাড়ী মেরামত করতে, আবার জানালার কাঁচ অণ্টতে, রান্তার পীচ্ তালতে, সমান করতে সূরু করে দিরেছে।

আমার সঙ্গে একজন বরুষ্ক মহিল। ছিলেন, তিনি এলেকট্রোসিন। কারখানার চালাইরের কাজ করেন। তিনি আমাকে বলেছিলেন অবরোধ্রের সময় তিনি আর তার শামী কি করে পাশাপাশি তাদের কাজ করে গিয়েছেন। তার। কাজ করেছেন শরীরের শেষ শক্তিটি বায় করে, ক্ষুধার্ত থেকে, কেবলমার ইচ্ছাশন্তির জোরে. কেবলমার আত্মসমপ'ল করব না এই পণ নিরে, উপবাস ও সমস্ত দুর্বলতা উপেক্ষা করে তারা কাজ চালিয়ে গিয়েছেন। একদিন, পাশে ফিরে শামীকে দেখতে গিয়ে দেখলেন, তিনি মেঝেতে পড়ে গিয়েছেন, দেহে তার প্রাণ নেই। তিনি মুহুর্তের জনা তার কাছে গেলেন, দাঁড়িয়ে দেখে আবার নিজের কাজে ফিরে এলেন। তিনি কাজ করে চললেন, আর তার পাশে পড়ে রইলেন ত'ার শ্বামী, জীবনের গোড়ায়। কাজ থামান মানে, শার্র কাছে আত্মসমপ'ণ করা। তিনি আত্মসমপ'ণ করতে চানিন, তাই কাজ চালিয়ে ত'াকে যেতে হবেই।

লোননগ্রাদের একটি রাজমিল্লীর কথা শ্নেছি। অত্যন্ত দুংসময়েও, যথন নাকি সমস্ত শহর শত্র দার। অবরুদ্ধ তথনও সে বিজয়তোহণের নক্সা তেরী করে চলেছে। বেসব মায়েদের সম্ভান লোননগ্রাদের আত্মরক্ষায় প্রাণ দিয়েছে, সেসব মেয়েরা অন্যের সন্তানকে উপবাস থেকে ব'চোবার জন্য সমস্ত শক্তি দিয়ে লড়াই করেছেন এমন কথাও আমি শ্নেছি। এসব গশ্প শ্নতে শ্নতে আমি নিজের মনে মনে ভাবলাম—''আমার নিজের দুংথের কাছে আত্মসমপ'ণ করার তো কোন অধিকার নেই। এইসব লোক বাদের দুংথ বিপদ আমারই মত ভ্রাবহ, যারা দারুণ দুংসময়ের ভিতর দিয়ে এসে কাজ করে যাচেছ, বে'চে আছে, আমারও তাদেরই মত বে'চে থাকতে হবে, কাজ করতে হবে।"

আর আমি আর একটা জিনিষ জানতাম—জয়াকে দেশবাসীরা ভালবাসে।
তারই নাম মুখে নিয়ে আমাদের ভাইবোনেরা, তার ব্রুরা, যুদ্ধে গিয়েছে। কারখানার
কাজ করেছে, মাঠে কাজ করেছে। কাসনাদনের একটি ছোট ছেলে ওলেগ কোশেভর
ব্রুদের কাছে জয়ার কথা বলেছে, সকলে মিলে তার কাজ তুলে নিয়েছে নিজেদের
কাঁধে। ভাইবোনের মত, ব্রুর মত, আমার প্রিয় মহান্ মাতৃভূমির সন্তানরা তার
পাশে এসে দাঁভিরেছে!

জরার স্মৃতি অমলিন হরে বেঁচে আছে, সে কেবল আমারই প্রিয় নর দেশবাদী তাকে মনে রেখেছে বীর হিসাবে, সাহসী হিসাবে, অনমনীর হিসাবে।

আর তাই আমার ব'চোর সহারতা করেছে।

চিঠিপার

বুদ্ধের প্রথমদিন থেকেই আমার ভাইপো স্লাভা লড়াই করছিল। সে প্রারই চিঠিপগ্র লিখত আমাকে। প্রার সমাধিকেটে দেখা হাওরার পর থেকে পিওতর্ লিদন্তও চিটি লিখতেন। প্রারই তিনি অভিনন্দন জানিরে করেক কথা লিখতেন, কিন্তু সেগুলো আমার বড় ভাল লাগত। খবরের কাগজ পড়ার সময় প্রারই খোল করতাম লিদত্ত-এর কোন লেখা বেরিরেছে কিনা। তিনি খুব সহজভাবে, ঠান্তামাধায়, সুন্দর করে গুছিরে লিখতেন। এ বিষয়ে তিনি বিশেষ ক্ষমতার মধিকারী। এই সরলতার মধ্যেই লুকিরে থাকত অমানুষিক শন্তি। আর যদি অনেকদিন ধরে তাঁর নামের কোন লেখা না থাকত প্রাভদায়, তাবল আমি চিন্তিত হয়ে পড়তাম। এমন চিন্তা হত যেন তিনি আমার সম্তান বা ভাই।

প্রতি সপ্তাহে শ্রার চিঠি আসত।

"আমর। প্রত্যেকেই বেশ আনন্দে আছি, বিশেষ করে গত আক্রমণটা চালানর পর। সে বৃদ্ধে আমাকে আটচল্লিশ ঘণ্টারও বেশী সমর ট্যাঙ্কের উপর থাকতে হরেছিল। আমাদের চারপাশের সবকিছু জলছে, বোমা ফাটার আওয়াজে কান বধির হয়ে যাচ্ছে, ট্যাঙ্কটা দেশলাইরের থোলের মত ধারা খাচ্ছিল, তার মধ্যে আমরা বে কি করে অক্ষত রইলাম সে এক আক্রর্য ব্যাপার। আমার জন্যে ভেবো না, মা।"

"...এবার আমি একজন নতুন সহকারী আর নতুন একটি 'কে, ভি' ট্যাঙ্ক পাব। তবে এটা হবে আমার তৃতীর টাঙে। একটা যুদ্ধে নত হয়েছে, একটাতে আগুন ধরে গিরেছে, আমারই তার থেকে লাফিরে পড়ার সময় ছিল না প্রার...! আমার পুরোনো সহকারীদের মধ্যে দ্ঝিগিরিস্ মারা গিরেছে, বাকীরা আহত হরেছে...আমি দাদ্র কাছে চিঠি লিখেছি, তুমিও লিখে। তিনি বড় অসুস্থ আর নিঃসঙ্গ।''

"…আমি আহত হয়েছিলাম, কিন্তু যুদ্ধক্ষের ছেড়ে যাইনি। ক্ষতগুলো। বে'ধে আবার কাজে ফিরে যাই, এখন সব সেরে গিয়েছে। একটা ঘটনায় উচ্চপদস্থ অধিনায়ক আহত হয়েছেন। আমি নিজেই কর্তৃত্ব নিয়ে আমার সহকর্মীদের সঙ্গে একবোগে শত্নিদেরে উপর আক্রমণ চালাই, সকালবেলা ওরশা গ্রাম আমাদের হাতে আসে। আমাদের সব যোদ্ধা আর কর্মচারীরা সৃস্থ, অক্ষত আছে…। দাদুর কাছ থেকে চিঠি পেয়েছি, তাঁর বড় দুঃসমর যাক্ষে, তিনি সারাক্ষণ জরা আর দিদার কথা ভাবেন। আমি ত'ার চিঠির জবাব দিয়েছি যতটুক সম্ভব মিন্টি করে।"

"স্থানীর লোকের। আমাদের দেখে খুব খুসী। তাদের সবকিছুতেই উৎসাহ, সবকিছুই তাদের কাছে নতুন মনে হয়। একটা কুটিরে আমি জয়ার সয়কে লেখা একথানা বই দেখিরেছি, তারা আমাকে অনেক প্রশ্ন করেছে। বইটা তাদের কাছে রেখে বেতে বলেছে। আমার তো আর নেই, এই একথানাই মাচ কপি, তাই ডোমাকে বলছি, বদি পার তো ওদের একথানা পাঠিয়ে দিও—৬৯নং পেরেকোপস্কায়া স্ট্রীট, ওরশা।"

"...বেইলোরুশিরাতে বহুপ্রতীক্ষিত মুক্তি দিন এসে পেণচৈছে। লোকের। আমাদের ফুল দিরে অভিনন্দন জানিরে দুধ খেতে দিল। বৃদ্ধরা সজল চোখে বে কন্ট তাদের সহ্য করতে হরেছে তার বিবরণ দিল আমাদের কাছে। কিন্তু সে সবই তো অতীত। বাতাস খেন বিশেষ রকম ঝরঝরে, সূর্য বিশেষভাবে উজ্জেল। মামণি, শীগগিরই জয় হবে আমাদের।"

"…সার্জিমামাকে আমার শনুভেচ্ছ। জানিও। ত'াকে বোলো তিনি যা বলেছেন সবই আমার মনে আছে। দাদু কি তোমার কাছে চিঠি লিখছেন? কতদিন হয়ে গেল ত'ার কাছ থেকে কোন চিঠি পাইনি আমি।"

"...তুমি জানতে চেরেছ আমার পদটা কি, আমি কি কাজ করি। একজন প্রধান অফিসারের কথা উদ্ধৃতি করে আমি তোমার কথার জবাব দিছি—'ও কোন পদের জন্য তৈরী হয়নি, হয়েছে যুদ্ধের জন্য।''

"…অভিনন্দনের জন্য ধন্যবাদ। আমি সত্যিই—'অডার অব দি পেট্রিওটিক ওয়ার', প্রথম প্রেণীর পুরুকার পেরেছি। এটা সোনার পদক। খবর পেরেছি যে 'অডার অব দি রেড ব্যানার'ও পেয়েছি আমি। তোমার কি মনে হয় আমি অনেক বদলে গিয়েছি! আমার চরিত্র ঠিক আগেরই মত আছে, খালি গায়ে জ্বোর বেডেছে, মনে সাহস বেডেছে।"

"...মাগো, পিওত্র লিদভ নিহত হয়েছেন। চৃড়ান্ত জয়ের এত অপপদিন আগে তিনি মারা গেলেন, কি ভরানক, বিজয়মুহ্রে মরে যাওয়। কি দৃঃথের! পোলতাজা বিমানক্ষেরে তিনি নিহত হন: কি করে আমাদের সৈনার। শাল্র বিমানক্রেমণ প্রতিহত করছে দেখবার জন্য তিনি আশ্রয়ভূল থেকে বাইরে বেরিয়ে গিয়েছিলেন। তিনি সেসম্বন্ধে লিখবেন মনে করে নিজের চোখে সব দেখতে গিয়েছিলেন। তিনি প্রকৃত যুদ্ধের সংবাদদাতা, তিনিই খাঁটি মানুষ...।"

"আমরা পশ্চিমদিকে শত্রর রাজ্যের দিকে এগোচছ। গত পনেরদিন ধরে আমি ক্রমাগত যুদ্ধ করে বাচ্ছি বলে চিঠি লিখতে পারিনি। তোমার চিঠি পেরে আমি এত খুসী হয়েছি, চিঠিটা এসেছে আমার জম্মভূমি থেকে, আমার মায়ের কাছ থেকে।...আমি তোমার কাছে চিঠি লিখছি, বাতাসে বর্ষর শব্দ, আমার ট্যাভকটা কাপছে, মাটি বেন বোমাবিস্ফোরণের শব্দে নেচে উঠছে। কয়েকমিনিটের মধোই আমাদের ছেলেরা একেবারে জার্মান রাজত্বের ভিতরে আক্রমণ করতে বাবে।" (এই চিঠিটা কোনরকমে তাড়াতাড়ি অঙ্গব্দী হস্তাক্ষরে পেলিল দিয়ে লেখা, শ্রোপ্ত তাড়াতাড়ি যুদ্ধে বাছে)।

''…হ্যালো মা মণি, প্রার একমাসের উপর হল আমি ভীষণ আক্রমণাত্মক বুদ্ধে লিপ্ত। শুধু যে চিঠি লেখার সমর পাইনি তাই নর, যে-চিঠিগুলো পেরেছি সেগুলো খোলার পর্যন্ত সমর হরনি…। রাতে মার্চ করে যেতে আমরা বাধ্য হয়েছি। ট্যাছ-ব্দ্ধ, শূর্র পশ্চাদভাগে উব্বেগপূর্ণ বিনিদ্র রক্তনী,—জার্মান ট্যাছ থেকে আগুনে বোমার তীক্ষ্ম চীংকারে খান খান হয়েছে রাহির প্রশাস্তি…। আমার সঙ্গীদের মরডে দেখতে হরেছে চোখের সামনে; আমার পাশের ট্যাছ্টা, তার স্বকজন কর্মী, অফিসার সমেত, উড়ে গেল আক্রাশে, আমি শুরু নীরবে দাতে দাতে পিষলাম। দারুশ পরিশ্রম আর অনিস্তার লোকেরা ট্যাছগুলো থেকে বেরিরে আসছে মাতালের মত

টলতে টলতে। কিন্তু তা সত্ত্বেও আমর। বেশ উৎফুল আছি, ছুটির আনন্দে আছি। আমরা এখন শনুর রাজ্যে। আমরা ১৯৪১ সালের প্রতিশোধ নিচ্ছি। ফ্যাশিশ্টরা যে দুঃখ দিয়েছে, চোখের জল বইরেছে আমার দেশবাসীর, তার শোধ নিচ্ছি।"

''শীগগিরই ভোমার আমার দেখা হবে মস্কোর পরিচিত পরিবেশে।''

"—আমি বৃদ্ধ করছিনা, আক্রমণ সুরু করার আদেশের অপেক্ষার আছি। আমরা এখন আত্মরক্ষাত্মক প্রস্তুতি চালাচ্ছি, প্রত্যেকটি দিন বড় বিশ্রীরক্ম একবেরে আর শাস্তা। এই প্রতীক্ষা বেদনাদারক। আমরা জার্মানদের বাড়ীতে বাস করছি। সর্বহাই ধ্সর রঙের বিধবস্ত বাড়ী, বোমার বিরাট বিরাট গর্তগুলোর ফলে পীচের বিষম রাজপথগুলি এড়িরে যেতে হয়। বোমার আগুন জলছে দিবারাহই, আমাদের বাড়ীগুলি নড়ে ওঠে, দোলে। ফ্যাশিশ্তরা মরীরা হয়ে লড়ছে, প্রতিটি ইণ্ডি জমি তারা কামড়ে রয়েছে। এখন তারা নিজেদের গ্রামেই বোমা ফেলতে আরম্ভ করেছে…গত যুদ্ধে আমি সামান্য একটু আঘাত পেয়েছি, সেরে গিয়েছে এখন, আমার বুকে এখনও বাড়া হয় মাঝে মাঝে…"

"...বৃতি, বৃতি। সমৃদ্র ধ্সর রং ধরেছে, ঠাণ্ডা প্ড়েছে, থারাপ আবহাওয়া দেখা দিয়েছে। এখানে বড় মেঘলা আর ঠাণ্ডা। আমি বাড়ী যেতে চাই, শীগগিরই আসছি। তোমার শরীরের ষত্র নিও, স্বান্থ্য ভাল রেখো। আরও শীগগির শীগগির চিঠি লেখে, আমার জন্য ভেবোনা—তোমার চুমো দিছি মাগো...

তোমার একমা**ত ছেলে** "আলেক্সান্দার"

এই চিটিটার উপর ছাপ ছিল—"পূর্ব প্রশিরা"। তারিধ ১লা এপ্রিল, ১৯৪৫। পরের চিটিটার জন্য অপেক্ষা করছিলাম—সেটা এসে পৌছল না। ভাবতেও আমার ভয় করছিল, আমি শুধু প্রতীক্ষার ছিলাম! সর্বনাশের জন্য আমার ভয় করছিল না—আমার ছেলে এত প্রাণ্বস্ত, জীবনের উপরে এত মমতা, এখনও আমি তার কথা শুনতে পাচ্ছি, আত্মপ্রভারভারা সে কথাগুলো—"আমি ফিরে আসব।"

बीद्रित मृजूर

২০শে এপ্রিল চিঠির বাক্সে একটা চিঠি পেলাম । খামের উপর শুরার রণক্ষেরের পোর্শু রাফসের ছাপ, কিন্তু ঠিকানার হাতের লেখাটা তার নর । অনেকক্ষণ ধরে চিঠিটা হাতে নিয়ে দাঁড়িয়ে রইলাম, খুলতে ভর করছিল আমার । তারপর চিঠিটা ছিত্তে প্রথম লাইনটা পড়তেই বরটা আমার চোখের সামনে অন্ধকার হরে উঠল, গভীর নিশ্বাস নিয়ে আমি আবার পড়তে আরম্ভ করলাম। আবার চিঠিটা অম্পর্ক হরে গেল, এবার আমি শক্ত করে—দাঁতে দাঁত চেপে ধরে পড়তে আরম্ভ করলাম শেষ পর্বন্ত পড়লাম—

প্রিয় লিউবোজ্ তিমোফিয়েজ্না—

"আপনার কাছে চিঠি লেখা আমার পক্ষে খ্বই কন্টকর। কিন্তু আপনাকে সমস্ত শক্তি আর সাহস সঞ্জ করতে অনুরোধ করছি। আপনার ছেলে সিনিয়র লেফটেন্যান্ট অব দি গার্ড—আলেক্সান্দার এনাতোলিয়েছিচ্ কসমোদেমিয়ানছিক জার্মান আক্রমণকারীদের সঙ্গে বুদ্ধে বীরের মৃত্যু বরণ করেছে! মাতৃভূমির স্বাধীনতা ও মৃত্তির জন্য সে তার তরুণপ্রাণ বিসর্জন দিয়েছে।

"আমি শুধ্মাত একটি কথাই বলব। আপনার ছেলে বীর, আপনি তার জন্য গর্বিত হবেন। তার দেশরক্ষার কর্তব্য সে ভালভাবেই সম্পন্ন করেছে, প্রমাণ করেছে যে, সে তার বোনের উপযুক্ত ভাই।

"দেশের জন্য আপনার সর্বশ্রেষ্ঠ সম্পদ, আপনার ছেলেয়েদের—আপনি দিয়েছেন।

"৬ই এপ্রিল কোনিংস্বার্গ-এর যুদ্ধে আলেক্সান্দার কসমোদেমিয়ান স্কির স্বরংচালিত কামানই সর্বপ্রথম ৩০ মিটার চওড়া একটি খালের ওপারে শনুসৈনোর উপর অগ্নিবর্ষণ করে, একটি পদাতিকবাহিনী ধ্বংস করে, গোলাবারুদের গুদাম উড়িয়ে দের—প্রার ষাটজন হিট্লারপন্থী সৈন্য ও অফিসারকে নিহত করে।

"৮ই এপ্রিল সে-ই সর্বপ্রথম ক্যোনিগন লুইসেন দুর্গে প্রবেশ করে ৩৫০ জনকে বন্দী করে, নয়টি অক্ষত ট্যাক্ষ, ২০০ লয়ী আর একটি পেট্রলগুদাম দখল করে। বৃদ্ধের সময় আলেক্সান্দার কসমোদেমিয়ানান্দক বয়ংচালিত কামানের অধিকতণ থেকে কামানবাহিনীর অধিনায়কের পদে উল্লীত হয়। বয়সে সে তরুণ হলেও কামানবাহিনীকে সে কৃতিখের সঙ্গে পরিচালনা করে যুদ্ধের সব কাজই সুশৃত্থলভাবে নিশ্পন্ন করে।

''গতকাল আমাদের অধিকৃত ক্যোনিংসবার্গের পশ্চিমে ফিরারন্ত্র্দেনকুগ দখলের সংগ্রাগে সে নিহত হয়। আপনার পুর্বই আরও কয়েকজনের সঙ্গে সর্বপ্রথম ফিয়ারন্ত্র্দেনকুগ-এ প্রবেশ করে প্রায় চল্লিশটি হিটলারপন্থীকৈ নিশ্চিক্ত করে, চারটি ট্যাংকবিধবংশী কামান ধ্বংস করে। শনুর একটি বিক্ফোরক আমাদের প্রিয় সাধী আলেক্সান্দার এনাতোলিভিচ্ কসমোদেমিয়ানিস্কির জীবনকে অকালে শেষ করে দিল।

"ব্দ্ধ আর মৃত্যু অবিচ্ছেদা, কিন্তু বিজয়ের মৃহ্তে মৃত্যুকে মেনে নেওয়া বড় শক্ত।

''সাহস সণ্ডয় করুন, অকৃতিম শ্রন্ধা ও সহানুভূতির সঙ্গে,

—লেগেজ। গার্ডের লেফটেন্যাণ্ট কর্নেল''

তেশে এপ্রিল আমি বিমানে ভিলিনিয়াস-এ উড়ে গেলাম, সেথান থেকে মোটরে কোনিংসবার্গ। চারনিকের স্বকিছুই ভগ্ন, পরিতার। একটি গুদামও আন্ত নেই। আলেপাশে কোথাও কেউ নেই, কতগুলি স্বার্মান ইতন্তত চলাফেরা করছে, ঠেলাগাড়ীতে

করে ধরকলার জিনিষপর বরে নিরে যাচ্ছে, তাদের মাথা তুসতে বা আমাদের চোখের দিকে চাইতে সাহস হচ্ছে না...

এইবার আমরা স্রোতের মত বরে আসা মৃস্ত গ্রাধীন আমাদের দেশবাসীর দেখা পেলাম। তারা এখন দেশে ফিরছে। তারা ঘোড়ার চড়ে, লরীতে করে, পায়ে হেঁটে আসছে। সকলেরই কি হাসিখ্নি মুখগুলি। সবকিছুতেই মনে হচ্ছিল বিজয় সমাগত, আর বেশী দেরী নেই, এই এল বলে।

কতবার যে শুরা জিজের করেছে—''মা তোমার কি মনে হর বিজরের দিনটা কিরকম হবে ? কখন আসবে সেদিন; বোধহর বসস্তকালে। নিশ্চরই বসস্তকালেই আসবে। আর যদি বা শীতকালেই আসে, বরফ গলতে আরম্ভ করবে। ফুল ফুটতে সুরু করবে।"

এখন বিজয় আসছে, এই ত জয়ের মুহ্ত, আনন্দেব সময়, আর আমি বসে আছি আমার ছেলের কফিনের পাশে। ও শুরে আছে যেন জীবিত, মুখটা পরিজ্কার প্রশান্ত। কখনও ভাবিনি যে এমনি করে ওর সঙ্গে আমার দেখা হবে, মানুষের হদর যতটুকু সহ্য করতে পারে তার চেয়েও অনেক বেশী...

শুরার মুখের উপর থেকে চোখ তুলতে আর একটি তর্ণ মুখের উপর আমার দৃষ্টি পড়ল। চেরে চেরে কিছুতেই মনে করতে পারলাম না কোথায় একে দেখেছি, চিস্তা করা—মনে করা বড় শক্ত হরেছিল আমার—

তরুণ যারক শান্তসুরে বলল—'আমি ভলোণিয়া তিতভা।' সেইমুহাতেই আমার মনে পড়ল সেই এপ্রিলের সন্ধ্যা, যেদিন আমি বাড়ী ফিরে শুরাকে তার বন্ধুদের সঙ্গে গভীর আলোচনার বাস্ত দেখতে পাই। আর আবার আমি আমার ছেলের ক্ষ্ঠস্বর শুনতে পেলাম—''অধিনায়ক নিজে আমাদের সিগারেট দিয়েছেন। …আমরা উলিয়ানভা ট্যাক বিদ্যালয়ে যাচিছ্…"

আমি চেন্টা করে উচ্চারণ করলাম—"বাকীরা কোথার ?" ভলোদিয়া বলল, "রুরা ব্রাউদো আর ভলোদিয়া রুরিয়েভ দুজনেই মারা গিরেছে, শ্রার মত বিজয়ের পূর্বমূহতে ...কত তরুণ যে সেই উচ্জন দিনটি দেখতে পেল না!

কোনিংসবার্গ-এ সে দুদিনের বর্ণনা আমি দিতে পারব না। কিন্তু প্রত্যেকেই যে খুব ভালবাসা আর শ্রন্ধার সঙ্গে শুরার নাম উচ্চারণ করত সে কথা আমার বেশ মনে আছে।

শনুনলাম..."সাহসী···বিনয়ী...আর কি চমংকার বন্ধু ! তরুণ, কিন্তু প্রকৃত নেতা ...তাকে কোনদিন ভূলবনা...'

আর তারপর—ফোরার পথ। শ্রার কামানদলের সাশ। ফোসকভ আমার সঙ্গে এল। সে আমাকে এত ষয় করল যেন আমি অসুস্থ। ছেলের মত সে আমার ষয় নিভ—জিজ্ঞেস করার আগেই সে জানত আমি কি চাই।

পাঁচই মে, নোভেদেভিচি কবরখানার শ্রোর দেহ সমাহিত করা হল। জ্বার

সমাধির বিপরীতদিকে আর একটি স্তম্ভ খাড়া হরে উঠল —জীবনেও বেমন, মরণেও তেমনি তারা রইল একসাথে।

ঘটনাটা ঘটে বিজয়ের চারদিন আগে।

নরই মে আনি আমার জানলার পাশে দাঁড়িরে বন্যার স্রোতের মত মানুবের পথচলা দেখছিলাম। আবালবৃদ্ধবনিতা আনন্দ করছে, উৎসব করছে এক পরিবারের লোকের মত। দিনটা এত উজ্জল, এত আশ্চর্য।

আর কখনও আমার সন্তানরা নীল আকাশ দেখবেনা। আর তারা বসস্তের ফুলকে অভিনন্দন জানাবেনা। তারা অন্য ছেলেমেরের জন্য জীবন দিয়েছে, বারা এই বহুপ্রতীক্ষিত মুহূতটিতে বিজয়োংসব করছে।

ওরা ত্বখা হনেই

আমি এখানে আসতে ভালবাসি। এটা আমার ছেলেমেরের স্কুল—প্রির পুরানো সেই দালান দিয়ে আমি হঁ।টি, স্কুলটা এখন জ্বার নামে পরিচিত। আমি ক্লাশঘরগুলো দেখি, চারতলায় যে দরজার উপরে লেখা আছে "সোবিয়েতদেশের বীর সস্তান
জন্মা কসমোদেমিয়ানস্কায়। আর শ্রা কসমোদেমিয়ান্স্কি এই ঘরে পড়াশোনা করত'
—সেইখানেই এসে দাঁড়াই।

ঘরে প্রবেশ করে দেখি, দেয়ালে ঝোলান ছবি থেকে জয়া আর শ্রো আমার দিকে চেয়ে আছে। ঐ যে মাঝের সারিটার দ্বিতীর ডেম্ক—জয়া ঐখানে বসত! এখন আর একটি মেয়ে এখানে বসে, জয়ার মত তারও চোখ দুটি স্বচ্ছ। আর ঐ যে তার পিছনের সারিতে ডেম্কটা, ঐখানে শ্রো বসত। যে মেয়েটি এখন সেখানে বসে সে আমার দিকে তাকাল, একটি সাদা কলারওয়ালা বাদামী রংএর কোট আর কাল বহিবাস পরেছে। তার মুখখানি কি গভীর চিস্তান্বিত।

নীচের তলার ছোটদের ঘরেও যাই । নীচু একটি ডেক্কের পাশে বসে ছোট একটি প্রথমশ্রেণীর বাচার বইটা তুলে ধরি, বইটার মলটে সোনালী ধানের শীব, নীল আকাশ আর পাইন গাছের সারি, আমাদের শান্তিপূর্ণ গ্রামাঞ্জের প্রির ছবি একটি । ছবিখানা যেন গোটা বইয়ের বন্ধবাটা তুলে ধরল । প্রত্যেকটি পাতার আমাদের শান্তিপূর্ণ প্রম, আমাদের মাতৃভূমি, আমাদের বন, আমাদের নদীনালা, আমাদের দেশবাসীর শুকুমার । আমাদের দেশ আবার কাঁধ সোজা করে দাঁভিরেছে, সৃষ্টি আর গঠনের উন্মাদনার মেতেছে, বীজবপন করছে, ইম্পাত তৈরী করছে, ভন্মরাশির ভিতর থেকে শহর গ্রাম গড়ে ভূলছে । আর আশ্বর্ধ সব মানুষ গড়ে ভূলছে ।

. এই যে মেরেটি আমার পাশে বসে আছে, আর তার সব বন্ধুরা সোবিরেতভূমির বত ছেলেমেরেরা, তাদের আজ সবচেরে শ্রেষ্ঠ জ্ঞানের কথা দিক্ষা দেওরা হচ্ছে, মানুষকে ভালবাস, মাতৃভূমিকে ভালবাস। মানুষের শ্রম আর ল্রাভূম্বন্ধনকৈ শ্রন্থা করতে শিখছে এরা, পৃথিবীতে মানুষ যত কিছু সূন্দর, যাকিছু মহান জিনিষ সৃষ্টি করেছে তাদের শ্রন্ধা করতে শেখান হচ্ছে এদের।

তাদের সৃখী করতে হবে, তারা সৃখী হবে।

এত র**রণাত হয়েছে, এত আত্মতাাগ হয়েছে এজনাই যে তারা সুখী** হবে, নতুন আর কোন যান্ধ এদের ভবিষাংকে পকু করবে না।

হাঁ।, অনেক পবিত্র, সং তরুণ জীবন দিয়েছে, জয়। আর শ্রা মারা গিয়েছে, ২০১নং স্কুলের আর একজন ছাত্র চমংকার বৈমানিক ওলেগ বালাশভও বীরের মৃত্যু বরণ করেছে, আমাদের যে মাতে জালকার কবিতা পড়ে শুনিরেছিল সেই জানিয়া নোসেনকভও মারা গিয়েছে। দারুণ তর্কবাগীশ পেতিয়া সিমোনোভাও মৃত। ভলোদিয়া য়ুরিয়েভ আর য়ুরা রাউদো তাদের প্রাণ হারিয়েছে। লেখক আর্কাদি গাইদার যুন্ধের প্রথমদিকেই নিহত হয়েছেন, বিজয়ের মাত্র কয়েকদিন আগে প্রাভদার যুদ্ধমাংবাদিক পিওতর লিদভকে মৃত্যু ভেকে নিয়েছে তারবিষ প্রাণ এত দুঃথ বরণ করা হয়েছে, তাদের কাজ, তাদের সাহস, তাদের মৃত্যু, রণক্ষেত্রে যারা প্রাণ দিয়েছে তারা বিজয় আর আননেশর পথ রচনা কয়েছে।

জীবিত যার। তারা—কাজ কর, গড়, সৃষ্টি কর।

এই বে একটি তর্ণী অমায়িক হাসিভর। মুখ দিয়ে দালান পার হয়ে আমার সঙ্গে দেখা করতে আসছে, সে বা করতে চেয়েছিল তাই সে এখন করছে—তার পুরনো-চ্কুলে যেখানে সে শুরা আর জয়ার সঙ্গে পড়াশোনা করেছে সেখানে সে এখন শিক্ষিক। হয়েছে।

আমার ছেলেথেরের ক্লাশের বন্ধুরা কেউ এখন ইঞ্জিনিয়ার, কেউ ভারার, কেউ শিক্ষাদাতা। যার জন্যে তাদের বন্ধুরা প্রাণ দিয়েছে —সে কাজ তারা চালিয়ে যাছে।

পরিচিত রাস্তা ধরে আমি এগিয়ে যাই, লাইরেরীর দরজাটা থোলা। তাকের পর তাক, দেয়াল পর্যস্ত ঠাসা শুধু বই ।

কাতিয়া বলল—''ব্দ্ধের আগে আমাদের ছিল কুড়ি হাজার বই, এখন আছে চলিশ হাজার।''

বাইরে বেরিরে বাই, প্রুলটা এখন সবুজ গাছে বেরা। ঐ বে গাছগুলো— ছেলেমেরেরা পু'তেছিল – জরার গলা ভেলে এল—

"মনে রেখো মা, তৃতীর গাছটা হল আমার।"

वादकरना द्वेषिग्राम

প্যারী, ১৯৪৯ সালের এপ্রিল মাস। বাফেলো স্টেডিরাম, শাল্ডির সমর্থকদের: স্ভা। শান্তিকংগ্রেসে ফ্রান্সের প্রতিটি জারগা থেকে "শান্তিবাহিনী" আুসতে লাগল। পায়ে হেঁটে, সাইকেল চড়ে, মোটরে করে, নৌকাবোগে নদী দিরে, মানুষ প্যারীতে আসতে লাগল শুধু এইকথা বলার জন্য আমরা শান্তিরক্ষা করব। আমরা যুদ্ধ চাই না। রবিবার, কংগ্রেস শেষ হবার কিছু আগে বিরাট এক জনতা বাফেলো স্টেডিয়াম-এর চারদিকে জড়ে। হল। উপরে ফুলের মেলার উপরে ছেড়ে দেওয়া হল শান্তি পারাবত। শান্তি আর তপ্তির চিহা।

শান্তিযোদ্ধাদের এই অসাধারণ প্যারেডের আশ্চর্য শক্তি। ফরাসী খনিমজুর, মার্সাই-এর নাবিক, লিয়োর ত'তৌ, উত্তর ফ্রান্সের কৃষক সবাই আছে এর মধ্যে। একটি বাহিনী গেল ফরাসী মায়েদের। হাতে তাদের বিরাট এক পোন্টার। তাতে লেখা—'ফরাসী মায়েরা তাদের ছেলেদের বুশিয়ার বিরুদ্ধে যুদ্ধ করতে পাঠাবেনা।'

য'াদের ছেলেমেরেরা ফ্যাশিস্ত জেলে মারা গিরেছে—ত'ারাও এগিরে এলেন, ত'াদের হাতের কাগজে লেথা—''আমরা শাস্তি চাই, আমরা ব'াচতে চাই।''

কে যেন উত্তেজিত হয়ে বলছে শ্নলাম—"পৃথিবীতে সোবিয়েতভূমি আছে বলেই বেণচে থাকা সম্ভব।"

আর একটি বাহিনীর কথা কোনদিন ভুলব না—প্রতিরোধ বাহিনীর সভারা, হিটলারের ভয়াবহ মৃত্যু-শিবিরে এককালে বন্দী ছিল তারা। এই চমংকার দিনটিতে বসন্তের আশ্চর্য ফ্লের মধ্যে লাইলাক্, পিওনি আর গোলাপের সমারোহের মধ্যে তারা বন্দীর লয়ালয়। দাগকাটা পোষাকে এসেছে—যে দিনগুলির কথা তাদের স্মৃতি থেকে কোনদিন মুছে যাবেনা—সেই দিনের স্মৃতি বরে এনেছে এই পোষাকগুলি। বেন বলছে—''মনে রেখা, কি ঘটেছে! মনে রেখা ফ্যাশিবাদ মানুষকে কি লক্ষা, কি নীচতা, কি অসহ্য কন্ট আর দুঃথের মধ্যে নিয়ে যায়। ফ্যাশিবাদ মানে যুক্ত, মনে রেখো কি ঘটেছিল, কি আমাদের সহ্য করতে হয়েছে। আর যেন কখনো এটা ঘটতে দিও না।''

আবার আমি ভাবলাম—''আমাদের উপর দিয়ে কি ঝড় বরে গিরেছে, তা নিজেরাও মনে রাখব, অন্যদেরও মনে করিয়ে দিতে হবে।''

আর সেজনাই, দুঃখকে পরাজিত করে আমি এই বই লিখতে চেন্টা করেছি। বারা কবরে শ্রের আছে তারা মৃত নর; বারা ব্জের বিভীষিক। ভূলে গিরেছে, বারা আবার একটা ব্রুল বাধাতে চার তারাই মৃত। আমাদের ভূলে বাবার অধিকার নেই, আমাদের ভূলে বাবার সাহস নেই, মানবসমাজ বদি ফ্যাশিবাদের রক্তাক নরকবিছি ভূলে না গিরে থাকে, তাহলে তারা আবার ব্রুলে লিপ্ত হরে সে নরকের পথে পা বাড়াবে না। কিন্তু আমার দেশ ছাড়া আর কোন্ দেশ পৃথিবীতে সে কর্তব্যের কথা স্মরণ করিয়ে দিতে পারে? আমার দেশবাসীর কণ্ঠমর ছাড়া আর কার কণ্ঠমর পৃথিবীর প্রতিটি কোণে গভীর সুরে বাজে মানুষের হৃদরে?

ৰারা দৃঢ়ভাবে আমার ক্রমদ'ন করেছিল, কংগ্রেসে দেখা সেইসব লোকের কথা আমার মনে আছে, বাদের চোখে অগম সহানুভূতির, হদর আদানপ্রদানের ভাষা দেখেছিলাম তাদের আমি ভূলিনি। যে নিগ্রো মহিলাটি আমাকে দৃঢ় আলিঙ্গনাবদ্ধ করে কাঁধ চাপড়ে বোঝাতে চেরেছিল সেও আমার সমদৃংখের ভাগী, তার কথাও আমি ভূলিনি। ভারতের যে মহিলা আমার কানের কাছে কেবল আন্তে আন্তে 'জয়া' 'জয়া'…বলেছিলেন তার কথাও আমার মনে আছে, সেই কথাটির মধ্যে কেবল আমার দৃংখের প্রতি সমবেদনাই ছিল না, আমার দেশবাসীর মনোভাবের উপর শ্রদ্ধাও ছিল তার সঙ্গে।

মানবসমাজকে নীচতা, লক্ষা, দাসত্ব থেকে বাঁচাবার জন্য সোবিয়েতভামি তার সোনামার ঢালেনি, দিয়েছে তার শোণিত। তার সন্তানদের রস্তু আর জীবন—এই সর্বেচ্চ মূল্য দিয়ে নিশ্বাস ফেলবার, বাঁচবার অধিকার উদ্ধার করে দিয়েছে মানবসমাজকে।

আর এখন, আগের মত, যা কিছু সূন্দর, যা কিছু মহং, মুক্তিপ্রিয় সবই এক অচ্ছেদ্যবন্ধনে আমাদের মাড়ভ্মির সঙ্গে, স্তালিন নামের সঙ্গে বাঁধা।

আমি জানি লক্ষ লক্ষ সাহসী আর সম্মানিত হদয় হল মহান অপরাজেয়
শাভি। এর কাছে তুচ্ছ হল ভাড়াটে বন্য পশ্দের শতি, যা সারা পৃথিবীকে নতুন
ভয়াবহ যুদ্ধের হুমুকি দেখাছে।

মারেদের আহ্বানে, সারা বিশ্বের গণতান্ত্রিক শকিগুলির আহ্বানে পরলা জুলাইকে আন্তর্জাতিক শিশ্ব-দিবস হিসাবে ধার্য করা হয়েছে। সর্বত্ত সাধারণ মানুষ লড়ে যাচ্ছে শান্তির জন্য। সুখ ও আনন্দের জন্য, তাদের সম্তানদের সুখী জীবনের জন্য। ছেলেমেরেদের রক্ষার, শান্তিরক্ষার পৃথিবীর মানুষের কণ্ঠস্বর আরও জারে ধ্বনিত হোক।

হাঁা, আমাদের সভামণ্ডের উপর থেকে যে সব প্রতিনিধির। এত চমংকার বস্তুতা দিরেছেন তাঁদের কথার গভীর, মহান সত্য আছে। আজকের দিনে প্রতিটি নরনারীকে প্রশ্ন করতে হবে—''শান্তির জন্য আমি কি করেছি", আর যদি প্রত্যেকেই সতিয় শান্তি চান, যদি সকল শভুবন্দ্বিসম্পান মানুষ একচিত হন—আমরা শান্তির প্রহরার নিয়ত্ত থাকব, আমাদের ছেলেমেরেদের জন্য সুথের ভিত্তি দৃঢ় করব, মানবজ্ঞাতির সুথের বনিরাদ দৃঢ়তর হবে।